




আধুনিক যুগের সভ্যতার কাহিনী

শ্রীপ্রভাতাংশু মাইতি


শ্রীধর প্রকাশনী

Written according to the New Syllabus published by the West Bengal Board of Secondary Education, as a Text Book of History for Class VIII for the students of West Bengal and Tripura
[*Vide Circular No. Syll/82/5 Dated 21.9.82*]

আধুনিক যুগের সভ্যতার কাহিনী

[অষ্টম শ্রেণীর পাঠ্য]

Vide submission No. Syll/H/8/82/33 Dated 29. 12. 82.

অধ্যাপক প্রভাতাংশু মাইতি, এম. এ.
ইতিহাস বিভাগের অধ্যাপক, স্কটিশ চার্চ কলেজ, কলিকাতা এবং 'Studies in Ancient India', 'A History of Europe', 'ভারত ইতিহাস পরিক্রমা', 'ইওরোপের ইতিহাসের রূপরেখা', 'আধুনিক ভারত', 'ইওরোপ ও বিশ্ব ইতিহাস পরিক্রমা', 'ভারতের ইতিহাস' প্রভৃতি গ্রন্থ প্রণেতা

অষ্টম সংস্করণ—১৯৮৭

শ্রীধর প্রকাশনী
প্রকাশক ও পুস্তক-বিক্রেতা
২০৬/৪ডি, বিধান সরনী • কলিকাতা-৭০০০০৬

প্রকাশক ঃ
শ্রীধর প্রকাশনীর পক্ষে
শ্রীনীহারেন্দু পান
২০৩/৪ডি, বিধান সরণী
কলিকাতা-৭০০০০৬

প্রথম প্রকাশ ঃ নভেম্বর, ১৯৮১
দ্বিতীয় সংস্করণ ঃ ফেব্রুয়ারী, ১৯৮২
তৃতীয় সংস্করণ ঃ ডিসেম্বর, ১৯৮২
চতুর্থ সংস্করণ ঃ ডিসেম্বর, ১৯৮৩
পঞ্চম সংস্করণ ঃ নভেম্বর, ১৯৮৪
ষষ্ঠ সংস্করণ ঃ অক্টোবর, ১৯৮৫
সপ্তম সংস্করণ ঃ সেপ্টেম্বর, ১৯৮৬
অষ্টম সংস্করণ ঃ এপ্রিল, ১৯৮৭

মূল্য ঃ চৌদ্দ টাকা মাত্র

মুদ্রিত মূল্যের বেশী দিবেন না।

মুদ্রাকর ঃ
শ্রীশক্তিপদ মণ্ডল
মণ্ডল প্রিন্টার্স
২০৯বি, বিধান সরণী
কলিকাতা-৭০০০০৬

ভূমিকা

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের নির্ধারিত পাঠ্য তালিকা অনুসারে আধুনিক যুগের সভ্যতার কাহিনী লেখা হল। এই পুস্তকটি লিখবার সময় আমি বিভিন্ন আকর গ্রন্থের সাহায্য নিয়েছি। পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকার, তাঁদের পরিকল্পিত ইতিহাস পাঠ্যসূচীর সঙ্গে সঙ্গতি রেখে, অষ্টম শ্রেণীর পাঠ্যসূচী রচনা করেছেন। তাঁরা প্রথাসিদ্ধ পাঠ্যসূচী বর্জন করে প্রগতিশীল পাঠ্যসূচী গ্রহণ করায় তাঁদের ধন্যবাদ জানাই। তবে এ সম্পর্কে একমাত্র বক্তব্য এই যে, কোন কোন বিষয়ে নির্দিষ্ট পৃষ্ঠার সংখ্যা অত্যন্ত সীমিত হওয়ায় বিষয়টিকে বোঝাবার জন্য যথেষ্ট পরিসরের অভাব বোধ করা গেছে। অষ্টম শ্রেণীর সুকুমার-মতি ছাত্র-ছাত্রীদের বিষয়গুলি বোঝাবার জন্য আর সামান্য কিছু পৃষ্ঠা বৃদ্ধি করা প্রয়োজনীয় বলে মনে হয়েছে। তথাপি নির্দিষ্ট পরিসরের মধ্যে বক্তব্যকে যথাসম্ভব প্রাঞ্জল করার চেষ্টা করেছি। প্রতি বিষয়ের সমালোচনা-মূলক বিশ্লেষণ অল্প কথায় করা হয়েছে। অষ্টম শ্রেণীর মান স্মরণে রেখে গল্পচ্ছলে কঠিন বিষয়গুলিকে বলবার চেষ্টা করেছি। বিজ্ঞ শিক্ষক-শিক্ষিকারা আমার অন্যান্য পুস্তকের মত এই পুস্তকটিকে উপযুক্ত মনে করলে শ্রম সার্থক মনে করব। তাদের কৃতজ্ঞতা জানাচ্ছি। পুস্তকটির উন্নতির জন্য তাঁদের পরামর্শ সাদরে গৃহীত হবে।

পুস্তকটির দ্রুত-ছাপা ও প্রুফ সংশোধনের জন্য আমার ছাত্র শ্রীঅমলেন্দু পান, এম. এ.-কে ধন্যবাদ জানাই। যদি ছাপার কিছু ত্রুটি তার সতর্ক চোখ এড়িয়ে যায় সে দোষ আমারই। ইতি—

পি ৯০৫ লেক টাউন
কলিকাতা-৭০০০৮৯
২৪শে নভেম্বর, ১৯৮১

গ্রন্থকার

SYLLABUS ON HISTORY FOR CLASS VIII

1. Modern Age :

Changing Economy of Europe : Decay of Feudalism—some improvements in the technique of agricultural production—new crops introduced—some improvements in the sphere of industrial production—impact.

2. Renaissance in Europe :

(a) **Its character :** An evolutionary process since the 12th Century, stimulated by the fall of Constantinople in 1453 ; revival of the learning of the ancient Greeks and Romans, and respect for scientific truth and accuracy ; recovery of the old Greek attitude towards a life not interested in other worldliness or priestly mediation, nor inclined to believe, on traditional authority, that what happened in nature was an act of God ; open-minded critical enquiry into life despite all attempts of the Catholic Church to maintain old beliefs ; a spirit of enquiry guided by reason and broadened by personal experiment and observation since the 13th century.

(b) Early lead in Italy, where merchant princes vied with one another in their support and encouragement of art and literature and science, was taken by Florence, from where it spread to Milan, Rome and other cities and then spilled over the Alps to Europe in Germany, Flanders, the Netherlands, Portugal, Spain, France and England.

(i) **Intellectual Renaissance or Humanism :**

With reference to the development of literature in the refined vernacular languages : Dante, Petrarch, Machiavelli, Boccacio (Italy) ; Sir Francis Bacon, Chaucer, Spenser and Shakespeare (England) ; Erasmus (the Netherlands) ; Cervantes (Spain) ; Rabelais (France).

(No biographical details are wanted ; only their significant contributions towards promoting open-minded, critical enquiry into life and nature guided by reason and human interest in everything around them)

(ii) **Renaissance in art** (painting, sculpture and architecture) specially Leonardo da Vinci, Raphael, Michlangelo, Titian (Italy) ; Bramante (the designer of St. Peter's Church), Giette, Betticelli.

(iii) Renaissance in Science : Roger Bacon Sir Francis Bacon, Leonardo da Vinci, Copernicus, Galileo, Gutenberg (printing press).

3. Europeans Widen their World :

The changing economy and the spirit of Renaissance in Italy led to the discovery of New World by the intrepid navigators of Portugal and Spain with the help of the improved compass and astrolabe : Prince Henry the Navigator, Borthelomew Dias, Albuquerque, Vasco da Gama, Cabral (all for Portugal) ; Columbus Baldoa, Amerigo Vespucei, Magellan (all for Spain).

Results : (i) Widening knowledge of world geography and the ancient civilization of the New Continent ;

(ii) Circumnavigation of the world ;

(iii) The flag followed trade ; colonies and colonial exploitation ; the Spanish conquistadores.

3. a. Formation and rise of nations.

4. Reformation in Europe :

(a) Protest against abuses in the Catholic Church. The teaching and actions of John Wycliffe of Oxford, John Huss of Prague, Martin Luther of Wittemberg. (In narrative form.)

(b) Results : Lutheran or Protestant Church in some states in Germany ; spread of Protestantism in Northern Europe, England and Scotland.

(c) Reform within the Catholic Church :

(i) For internal reform and consolidation—to improve the morals of the clergy : to stamp out heresy by coercive method and trial in the Inquisition Court : the Jesuit Society ; the Council of Trent, 1545-1563 (mere reference only, ignoring dogmas or beliefs of the Catholic Church).

(ii) The Religious Wars in the Holy Roman Empire between the League of Protestant states and Emperor Charles V, 1546-1555 (without details) ; the treaty of Augsburg, 1555 (only reference).

(d) Attempt on the part of Philip II of Spain to stam out Protestant heresy in the Netherlands. His misrule and heavy taxes lead to the Dutch Revolt under William of Orange—its result—the Dutch Republic's independence recognised in 1648 (*later kingdom*) ; Southern Netherlands, later known as the Austrian Netherlands, was called the Kingdom of Belgium, a Catholic State.

(e) Attempt of Philip to bring Protestant England and its Church under his control (in brief)—the Spanish Armada—Philip's failure.

5. The English Revolution in the 17th century :

Central issues in the conflict between King and Parliament. The Civil War (brief story)—Cromwell and the Commonwealth—The Restoration—The Bloodless or Glorious Revolution of 1688—Bill of Rights, 1689 and other results.

6. India :

(A) **The Mughal Empire** : (1) Foundation, wth and expansion from 1526—1707 (in brief, narrative form of cription of battles and war of succession preceding Aurangzeb's thronement may be just touched).

(2) Main features of Mughal rule. Administrat culture, social and economic life, account of foreign travelle nt.

(3) Decline of the Empire 1707-1757, a brief a

(B) (1) Coming of the European traders— th of rivalries (in brief story form).

(2) Rise and expansion of Maratha powe ttles may be touched only without details—in story form

(3) Rise of the Sikhs, their organis (battles may be touched only without details—in story fr

7. **Foundation and growth of the British power in India till 1857 in short narrative form :**

(1) Early phase till 1818.
(2) Later phase till 1857.
(3) The 'Mutiny', causes and nature, reasons for failure.
(4) Results of British Rule : Political and economic discontent.

8. **World in the 18th century : Age of Reason** (no reference to "Enlightened Despotism").

The Three Revolutions :

(A) American war of Independence : causes, reasons for American success, results.

(B) Industrial Revolution in England ; meaning. The agricultural revolution, Inventions—Results.

(C) French Revolution :
(1) Pre-revolutionary thought ; eminent leaders—Rousseau, Voltaire, Mentesquieu—causes and progress (in brief).
(2) Napoleon as 'Soldier of the Revolution' and as Emperor. The Revolt of Europe.
(3) Permanent results of the French Revolution.

9. **Europe since 1815 :**

(A) Forces of nationalism and democracy (liberalism) versus forces of reaction as seen in the principle of legitimacy and working of the Quadruple Alliance and the Metternich system (in brief).

(B) Nationalism and democracy in Europe (Italy and Germany) upto 1871 (in brief).

(C) American Civil War : Central issues ; Abraham Lincoln's role.
(D) Industrialization of Europe (machine civilization) : its results. The Working Class—Marx and Engels.

10. (A) Developments in China till 1911 :

(i) Opium War and the Treaty of Nanking, 1842, and the British Commercial Treaty ; the Tientsin Treaties ; Treaty ports, Foreign Settlements and extra-territorial rights ; rivalry among powers for cutting up the Chinese melon. Hay's Open Door 1901.

(ii) Chinese reaction : The Taiping Rebellion, 1853 ; the Hundred Days Reform 1898 ; the Boxer Rebellion ; Empress Dowager's reaction ; fresh attempt at internal reform 1902—1908 ; overthrow of the last Manchu Emperor in 1911 ; China a republic, 1912 ; Sun Yat-Sen and Yuan Shi-Kai. (All in brief narrative form).

(B) Rise of Japan as a great power till 1914 : Meiji restoration 1867 ; the position of the Crown, Westernization of Japan, politically, economically, socially and militarily ; Japanese Imperialism begins with the Sino-Japanese War, 1894-95 ; the Anglo-Japanese Alliance of 1902 (the sheet-anchor of Japanese power in the Pacific) ; Russo-Japanese War, 1904-1905 ; annexation of Korea, 1910 ; World War I and Japan's 21 demands on feeble China.

(all in brief narrative form)

11. India under the Crown, 1858-1914 :

New Administration—Imperial expansion—Social reform movements in the 19th century—growth of the nationalist sentiment—the Indian National Congress. Extremist movement from 1905-1914.

12. The First World War : Underlying causes, its magnitude—Results. (with special reference to India 1914—18). Ressons for India's aiding the war effort, Economic strings and popular discontent ; work of the revolutionaries in India and abroad. Home Rule Movement, Lucknow pact, Rowlatt Act, Jalianwalahbagh. Proposal for Mont-Ford Reforms, Muslim discontent, Stage set for Non-co-operation. Emergence of Gandhiji as a national leader.

13. The Bolshevik Revolution : Causes—its inpact on Europe and the world.

14. Europe 1919-1939 : Paris Peace Conference and Reconstruction of Europe—Growth of Fascism and Nazism. The League of Nations, its achievements and failure (in brief).

15. The Second World War : its origins and results (Brief outline).

16. India 1919-1947 : Different phases of the Freedom Movement : Non-cooperation movement, Peasant's and Worker's participation ; Civil Disobedience Movement, 'Quit India', 'Azid Hind' and general upsurge, transfer of power and Independence.

17. (A) Revolution in China, 1911-1944 :

The Republic divided between Yuan Shi-Kai and Sun Yat-Sen Yuan dies in 1916 ; China in the grip of Tu Chuns (War lords) ; Sun Yat-Sen's Koumintang (Nationalist Party)—his Three People's Principles May Fourth Movement his death in 1925. K. M. T. and Communist Party of China relations from 1921-1924 ; Chiang's repressive policy—the 6000 mile long March of the Communists from Kiangsi to Shenei (1934) ; the Sian-Fu incident of 1936 to bring Chiang and Mao together in China's united endeavour to oppose Japanese invasion of Chinese territory since 1931—the invasion merges in World War II in 1941 ; the Civil War between the Kuomintang and the Communists begins after the end of World War II in 1945. Chiang and his Kuomintang forces driven out from China to Formoza (Taiwan) the mainland of China united under Mao's control in October 1949 (in brief story form).

18. Revolution in "South-East Asia" after 1945 : Indo-China, Burma, Malayasia, Indonesia.

19. Spread of nationalism and unrest in subject countries during World War II : The Atlantic Charter—Foundation of the U. N. O. its objectives—Triumph of the Socialist forces—growth of socialist movement and the anti-colonial movement.

———

সূচীপত্র

প্রথম অধ্যায়

আধুনিক যুগের সূচনা

প্রথম পাঠঃ ইউরোপের পরিবর্তনশীল অর্থনীতি ঃ মানুষের সভ্যতা খুবই প্রাচীন। গুহাবাসী মানব পাথরের যন্ত্রপাতি ব্যবহার করত এবং বনের ফল ও পশুর মাংসের দ্বারা ক্ষুধা মিটাত। আজ মানুষের সভ্যতার এত অগ্রগতি হয়েছে যে পৃথিবীর সীমা ছাড়িয়ে চাঁদে মানুষ পা রেখেছে, আকাশে উপগ্রহ উৎক্ষেপণ করেছে। মানুষের জীবনযাত্রা আজ আরামবহুল। তার মননশক্তি আজ এতদূর এগিয়েছে যে সাহিত্য, বিজ্ঞানের সাধনায় আজ মানুষ অতীত, বর্তমান ও ভবিষ্যতকে যুক্ত করেছে। মানুষের এই জয়যাত্রার কাহিনী হ'ল ইতিহাস।

ইতিহাসে দেখা যায় যে, সমাজের অন্যান্য পরিবর্তনের সঙ্গে অর্থনৈতিক কাঠামোর পরিবর্তন হ'লে সমাজ ব্যবস্থারও পরিবর্তন ঘটে। সুতরাং অর্থনৈতিক পরিবর্তন একটি প্রধান ঘটনা এতে সন্দেহ নেই।

মধ্যযুগের অর্থনীতি ছিল প্রধানতঃ কৃষির উপর নির্ভরশীল। লোকের প্রধান জীবিকা ছিল কৃষি। সামন্তশ্রেণী ছিল বেশীরভাগ জমির মালিক। তারা কায়িক পরিশ্রমের কাজকে ঘৃণা করত। যদিও এই শ্রেণী জমির মালিক ছিল; চাষের কাজ ভূমিদাস ও কৃষকশ্রেণীই করত। ভূমিদাসদের শ্রমের ফলে যে সম্পদ উৎপাদিত হ'ত তার প্রধান ভাগ সামন্তশ্রেণীই ভোগ করত। তারাই শাসন, বিচার, আইন-শৃংখলা সব কিছুর দায়িত্ব নিত। সামন্তশ্রেণীই ছিল সমাজের প্রভু।

মধ্যযুগের শেষ দিকে সামন্ত প্রথার পতন আরম্ভ হয়। সামন্ত প্রথার পতনের অনেকগুলি কারণ ছিল। ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি দেশে রাজারা সামন্তদের ক্ষমতা দমিয়ে ফেলেন। তাছাড়া ব্যবসায়-বাণিজ্য বৃদ্ধি পেলে লোকে সামন্তদের অধীনে জমি চাষ করা ছাড়া ব্যবসায়কে জীবিকা হিসাবে নেয়। গ্রাম থেকে বহু ভূমিদাস ও কৃষক শহরে ব্যবসা বা কাজকর্মের লোভে চলে আসে। এই কারণে সামন্ত প্রথা ভেঙ্গে পড়ে। শহরের লোকেরা সামন্তদের অধীনে না থেকে স্বাধীনভাবে বাণিজ্য দ্বারা জীবিকা অর্জন করত। শহরে নাগরিকশ্রেণী ছিল আধুনিক যুগের অগ্রদূত। দেশে-বিদেশে বাণিজ্য করে এদের অভিজ্ঞতা ও মনের উদারতা বাড়ে। এই নূতন গজিয়ে ওঠা শহুরে বুর্জোয়ারা ছিল সামন্তশ্রেণীর বড় প্রতিদ্বন্দ্বী।

মধ্যযুগের শেষ দিকে শহরগুলির লোকসংখ্যা বাড়লে বাড়তি লোকের জন্য খাদ্যের চাহিদা বাড়ে। জমিতে বেশী ফলন না হলে খাদ্যের চাহিদা মেটান সম্ভব ছিল না। বাড়তি খাদ্য উৎপাদন করার তাগিদে কৃষি ব্যবস্থার পরিবর্তন ঘটে। ভূমিদাসদের দ্বারা জমি আবাদ করিয়ে বাড়তি ফলন ঘটান সম্ভব ছিল না। নগদ দামে মজুর লাগিয়ে জমি আবাদ লাভজনক দেখে জমির মালিকেরা নগদ মজুর দ্বারা উন্নত প্রথায় চাষ আরম্ভ করে।

ভূমিদাস প্রথায় জমির উর্বরতা বাড়াবার জন্য জমির একভাগ অনাবাদী রাখা হত। খাদ্যদ্রব্যের চাহিদা বাড়লে জমি অনাবাদী না রেখে একই জমিতে বছরে কয়েকবার চাষ করার প্রথা আরম্ভ হয়। দ্বিতীয়তঃ, ইউরোপের বহু অঞ্চল জঙ্গলে ঢাকা ছিল। ১২০০ খ্রীঃ হতে ইউরোপের জঙ্গলগুলি কাটাই করে চাষের জমি বের হয়। হল্যান্ড প্রভৃতি দেশে সমুদ্রকে বাঁধ বা ডাইক দিয়ে বেঁধে চাষের জমি বের করা হয়। এই নূতন হাসিল করা জমিগুলি খাজনায় বন্দোবস্ত দেওয়া হয়। সামন্ত প্রভুদের অধীনস্থ ভূমিদাসরা উন্নতির আশায় এই নূতন অঞ্চলে চলে যেতে আরম্ভ করে। এদিকে সামন্ত প্রভুরা দেখে যে, ভূমিদাসেরা চলে গেলে তাদের জমি লোকের অভাবে পতিত হয়ে যাবে। সুতরাং তারা বাধ্য হয়ে ভূমিদাসদের উপর শোষণ কমায়। এছাড়া আগের গম ও রাই প্রভৃতি শস্য ছাড়া পাট, শন প্রভৃতি নূতন ফসলের উৎপাদন আরম্ভ হয়। এই ফসলগুলি শিল্পের কাঁচামাল হিসাবে ব্যবহার হলে শিল্পের উৎপাদন বাড়ে। এভাবে কৃষি ও শিল্পের উন্নতির ফলে সামন্ত প্রথার পতন ঘটে।

দ্বিতীয় পাঠ : পরিবর্তনশীল অর্থনীতির প্রভাব : মধ্যযুগের শেষ দিকে ইউরোপে শিল্প-বাণিজ্যেরও বিশেষ উন্নতি দেখা যায়। মধ্যযুগের গোড়ার দিকে কৃষিই ছিল প্রধান জীবিকা। কৃষির উন্নতি ছাড়া শিল্প-বাণিজ্য বিকল্প জীবিকা হিসাবে গড়ে উঠলে সমাজের পরিবর্তন ঘটে। ইটালীর ভেনিস, জেনোয়া, পিজা প্রভৃতি শহরগুলি ও ফ্রান্সের মার্সাই প্রভৃতি শহর শিল্প-বাণিজ্যের জন্য সমৃদ্ধ হয়।

এভাবে মধ্যযুগের শেষদিকে কৃষি ও শিল্প-বাণিজ্যের উন্নতির ফলে গ্রামে স্বাধীন কৃষকশ্রেণী ও শহরে বণিকশ্রেণীর উদ্ভব হয়। শহরের অধিবাসীদের জীবনযাত্রা ছিল দ্রুত ও কর্মচঞ্চল। মধ্যযুগের সামন্ত ও পুরোহিতশ্রেণীর প্রভাবমুক্ত শহুরে লোকেরা ছিল আত্মবিশ্বাসী ও যুক্তিবাদী। এরা যেমন স্বাধীনভাবে জীবিকা অর্জন করত, তেমন স্বাধীনভাবে এরা চিন্তা করতে পারতে। মধ্যযুগীয় কুসংস্কার হতে এরা ছিল অনেক পরিমাণে মুক্ত। এদের হাতে নগদ পয়সা বেশি থাকায় এরা স্বচ্ছল, ভোগবহুল জীবনযাপন করতে পারত। শহরের বিশ্ববিদ্যালয়গুলি নাগরিকদের মধ্যে জ্ঞান-বিজ্ঞানের আগ্রহ বাড়ায়। ফলে শহরের লোকেরা অর্থকরী, ধর্মনিরপেক্ষ, যুক্তিবাদী জীবনযাত্রায়

অভ্যস্ত হয়। শহর হ'তে ক্রমে গ্রামেও এই জীবনের ধারণা ছড়িয়ে পড়ে। এভাবে আধুনিক যুগের আরম্ভ হয়। মনে রাখা দরকার যে, সমাজে কৃষি ও শিল্পে উৎপাদন ব্যবস্থার পরিবর্তনের ফলেই এই নূতন ধারার জীবনযাত্রার সূচনা হয়।

কালপঞ্জী ঃ—সামন্ত প্রথার অবক্ষয়ের আনুমানিক সময়—১২শ খ্রীঃ।

দ্বিতীয় অধ্যায়

ইউরোপে নবজাগরণ বা রেনেসাঁস

প্রথম পরিচ্ছেদ ঃ প্রথম পাঠ ঃ ইউরোপের রেনেসাঁসের প্রকৃতি ঃ তোমরা হয়ত রেনেসাঁস কথাটির উল্লেখ কোনখানে দেখেছ। রেনেসাঁস কথাটির আক্ষরিক অর্থ হল নবজাগরণ বা জাগৃতি। প্রাচীন গ্রীক ও রোমান যুগে ইউরোপে যে সভ্যতা ছিল মধ্যযুগে তাহা লোপ পায়। গ্রীক দর্শন, সাহিত্য, বিজ্ঞানের চর্চায় ভাঁটা পড়ে। যুক্তিবাদের স্থলে অন্ধবিশ্বাস ও কুসংস্কার ইউরোপের সমাজকে ছেয়ে ফেলে। মানুষ খ্রীষ্টীয় গীর্জার প্রভাবে ইহলোক অপেক্ষা পরলোকের চিন্তায় ভীত হয়। যাজক বা পাদ্রীদের কথাই লোকে শিরোধার্য করে। খ্রীষ্টীয় গীর্জার প্রভাবে লোকে স্বাধীনভাবে মত প্রকাশ করতে পারত না। মধ্যযুগের সাহিত্য, শিল্পকলা সকল কিছুতেই ধর্মীয় প্রভাব দেখা যায়। গীর্জার মতের বিরুদ্ধে কেহ কিছু বলতে বা করতে সাহস করত না।

পঞ্চদশ শতক হতে গ্রীক ও ল্যাটিন সাহিত্য, দর্শনের চর্চা পুনরায় আরম্ভ হলে লোকে বুঝতে পারে যে, প্রাচীন যুগে গ্রীস বা রোমের লোকেরা স্বাধীনভাবে জীবন যাপন করত। তারা যুক্তির দ্বারা সব কিছুই বিচার করার চেষ্টা করত। বিনা বিচারে তারা কিছু গ্রহণ করত না। গ্রীক ও ল্যাটিন সাহিত্য-দর্শন চর্চার ফলে ষোড়শ শতক হতে ইউরোপে ধর্ম-নিরপেক্ষ, যুক্তিবাদী ধারার উদ্ভব হয়। লোকে প্রমাণ ও যুক্তি ছাড়া কোন কথা বিশ্বাস করতে অরাজী হয়। এই যুক্তিবাদী মনোভাব কেবলমাত্র পণ্ডিতদের মধ্যেই সীমাবদ্ধ ছিল না। সকল লোকের মধ্যেই এই যুক্তিবাদী মনোভাব ছড়িয়ে যায়।

যুক্তিবাদের জাগরণের ফলে মধ্যযুগের অন্ধবিশ্বাস ও তন্দ্রা কাটিয়ে মানুষ তার নিজের বিচার করার শক্তিকে অনুভব করে। রেনেসাঁসের প্রভাবে লোকে ধর্মযাজকের নির্দেশগুলি যুক্তি দিয়ে বিচার করতে শিখে। যুক্তিতে না টিকলে তা অগ্রাহ্য করে।

সপ্তদশ অধ্যায়

চীনে বিপ্লব : সমাজতন্ত্রী চীন

(১৯১১-১৯৪৯ খ্রীঃ)

প্রথম পরিচ্ছেদ : প্রথম পাঠ : প্রজাতন্ত্রী চীন : চীনে ১৯১১ খ্রীঃ প্রজাতন্ত্রী বিপ্লব ও প্রজাতন্ত্র প্রতিষ্ঠার কথা তোমরা দশম অধ্যায়ে (পৃঃ ৯০ দেখ) পড়েছ। মাঞ্চু বা চিং সরকারের সেনাপতি য়ুয়ান-সি-কাইয়ের সহযোগিতায় ডাঃ সান-ইয়াৎ-সেন ১৯১১ খ্রীঃ প্রজাতান্ত্রিক বিপ্লব সফল করেন। কিন্তু সেনাপতি য়ুয়ান-সি-কাই দাবী করেন যে, তাঁকে নূতন রাষ্ট্রের প্রধান হিসাবে ক্ষমতা দিতে হবে। য়ুয়ান-এর হাতে ছিল সামরিক শক্তি। সুতরাং তিনি পূর্ব ও উত্তর চীনে প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি হিসাবে নিজেকে ঘোষণা করেন। চীনা জাতীয়তাবাদের পিতা ডাঃ সান-ইয়াৎ-সেন গৃহযুদ্ধ এড়াবার জন্য স্বেচ্ছায় প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি পদে সেনাপতি য়ুয়ান-সি-কাইকে বসান। য়ুয়ান-সি-কাই বসার পর চীনে গণতন্ত্রের স্থলে সামরিকতন্ত্র দেখা দেয়। চীনে তু-চুন বা যোদ্ধ গোষ্ঠীর প্রাধান্য বাড়ে। ডাঃ সান বুঝতে পারেন যে, চীনে প্রজাগণতন্ত্র আসে নাই। এজন্য দ্বিতীয় বিপ্লবের দরকার হয়। দক্ষিণ চীনে ডাঃ সানের নেতৃত্বে একটি প্রতিবাদী প্রজাতন্ত্র স্থাপিত হয়। ফলে চীন দুইটি প্রজাতন্ত্রে বিভক্ত হয়। ইতিমধ্যে ১৯১৬ খ্রীঃ য়ুয়ান-সি-কাইয়ের মৃত্যু হয়।

ডাঃ সান্ ইয়াৎ সেনের আদর্শ ছিল সান-মিন-চু-আই বা তিনটি নীতি, যথা, জনগণতন্ত্র, গণ-জাতীয়তাবাদ ও জনসাধারণের জীবিকার অধিকার স্থাপন। এই ত্রিবিধ আদর্শ অপূর্ণ থাকে। ডাঃ সানের শিষ্য মার্শাল চিয়াং কাইশেক ঘোষণা করেন যে, ডাঃ সানের আদর্শকে পূর্ণ করা হবে। ১৯২৫ খ্রীঃ ডাঃ সানের মৃত্যুর পর তিনি কুয়ো-মিন-তাং বা চীনের জাতীয়তাবাদী দলের সাহায্যে ক্ষমতালোভী তু-চুন বা সামরিক একনায়কতন্ত্রের দমন করেন। তিনি চীনে কেন্দ্রীয় সরকার গঠন করে রাষ্ট্রপতির পদ লাভ করেন। এই সরকারের নাম হয় কুয়ো-মিন-তাং। প্রজাতন্ত্রী ডাঃ সানের আদর্শের নাম ছিল সান-মিন-চু-আই বা তিনটি নীতি যথা, জনগণের গণতন্ত্র, জনগণের জাতীয়তাবাদ এবং জনগণের জীবিকার অধিকার (বিশদ বিবরণ দশম অধ্যায় পৃঃ ৯১ দেখ)। কিন্তু সানের শিষ্য চিয়াং-কাইশেক



চিয়াং-কাইশেক

ক্ষমতালাভের পর ডঃ সানের আদর্শের কথা ভুলে যান। তিনি চীনা জমিদার ও বুর্জোয়াদের পক্ষ নেন। কৃষকদের হাতে জমি না দিয়ে তিনি জমিদারদের স্বার্থকে সমর্থন জানান। তিনি পুঁজিবাদীদের সমর্থন নিয়ে চীনে বৈদেশিক মূলধনীদের ঢুকতে দেন। এর ফলে চীনের দারিদ্র্য বাড়তে থাকে। ধনীরা মুনাফা বাড়ায়। কিন্তু কৃষক ও সাধারণ লোকের দুঃখ-কষ্ট বাড়ে। এজন্য চীনের কমিউনিষ্ট দলের সঙ্গে কুয়ো-মিন-তাং সরকারের ঘোর মতবিরোধ দেখা দেয়।

দ্বিতীয় পাঠ ঃ ৪ঠা মে আন্দোলন এবং চীনা কমিউনিষ্ট দলের ভূমিকা ঃ প্রথম বিশ্বযুদ্ধের সময় সাম্রাজ্যবাদী জাপান চীনের উপর একুশ দফা দাবী চাপিয়ে দেয়। অসহায় চীন সেই সময় সেই দাবী মেনে নেয়। যুদ্ধ শেষ হলে চীনা জাতীয়তাবাদী, ছাত্র ও যুবশক্তি এই একুশ দফা দাবী নাকচের জন্য জোর দাবী জানায়। কিন্তু প্যারিসের শান্তি বৈঠকে চীনের দাবীকে অগ্রাহ্য করে জাপানের একুশ দফা দাবী স্বীকার করা হয়। এই অন্যায়ের প্রতিবাদে চীনা ছাত্র সমাজ যে বয়কট আন্দোলন গঠন করে তাকে ৪ঠা মের আন্দোলন বলা হয়। ৪ঠা মের বয়কটের ডাকে চীনের আপামর জনসাধারণ সাড়া দেয়। এই আন্দোলন ছিল এক বিরাট গণ-আন্দোলন। কমিউনিষ্টপন্থী ছাত্র সম্প্রদায় ও নেতারা এই আন্দোলনে মুখ্য ভূমিকা নেন। চীনে অপ-সংস্কৃতি দূর করে চীনা জনগণকে প্রকৃত সমাজতন্ত্রের পথে পরিচালনা করার শপথ এই আন্দোলনে নেওয়া হয়। চীনা ছাত্র হিসাবে মাও-সে-তুংও এই আন্দোলনে যোগ দেন। ৪ঠা মের আন্দোলন চীনা কৃষক, শ্রমিক, বুদ্ধিজীবি ও ছাত্র মহলে বিরাট রাজনৈতিক প্রেরণা জাগায়।

ইতিমধ্যে চিয়াং-কাইশেকের কুশাসন ও বুর্জোয়া নীতির বিরুদ্ধে চীনা কমিউনিষ্ট দল সক্রিয় প্রতিবাদ জানায়। মাও-সে-তুং, চু-তে প্রভৃতি কমিউনিষ্ট নেতারা দরিদ্র, ভূমিহীন কৃষকদের জমিদারদের উদ্বৃত্ত জমি দখলে উৎসাহ দেন এবং কৃষক কমিউন স্থাপন করেন। জাপানের আক্রমণের বিরুদ্ধে কুয়ো-মিন-তাং ও কমিউনিষ্টদের ঐক্যবদ্ধ প্রতিরোধের দাবী জানান।

চিয়াং সরকার কমিউনিষ্টদের ভূমি নীতির ঘোর বিরোধিতা করে। চিয়াং তাঁর কুয়ো-মিন-তাং সেনাদলের সহযোগিতায় কমিউনিষ্টদের ধ্বংস করবার চেষ্টা করলে, কমিউনিষ্ট কর্মী ও সেনাদল দক্ষিণ চীন হতে উত্তর-পশ্চিম চীনের দিকে আশ্রয়ের জন্য যাত্রা করে। এই যাত্রাপথ ছিল প্রায় ৬ হাজার মাইল দীর্ঘ। এই যাত্রা পথে কুয়ো-মিন-তাং সরকারী সেনাদল কমিউনিষ্টদের বার বার আক্রমণ করে ধ্বংস করার ব্যর্থ চেষ্টা চালায়। শেষ পর্যন্ত দীর্ঘ ৬ হাজার মাইল অতিক্রম করে কমিউনিষ্টরা উত্তর-পশ্চিম চীনে সেন্সি প্রদেশে উপনীত হয়। সেন্সির পার্বত্য অঞ্চলে আশ্রয় নিয়ে

জীবনের বিভিন্ন দিক, শিল্প, কলা, বিজ্ঞান জানবার এবং নূতন কিছু সৃষ্টি করবার জন্য তাদের মধ্যে আগ্রহ জাগে। ঝড়, বৃষ্টি, ভূমিকম্প, গ্রহণ প্রভৃতি প্রকৃতির ঘটনা-গুলোকে ঈশ্বরের অভিশাপ বলে মেনে না নিয়ে তারা বৈজ্ঞানিক যুক্তির দ্বারা এসবের রহস্য উদ্ধারের চেষ্টা করে। এভাবে আধুনিক যুগের সূচনা হয়। মোট কথা, রেনেসাঁসের প্রভাবে এক যুক্তিবাদী, ধর্ম-নিরপেক্ষ, অনুসন্ধানী ও সৃজনশীল দৃষ্টি লোকের মধ্যে গড়ে ওঠে। একেই বলা হয় রেনেসাঁসের ভাবধারা। এই ভাবধারার ফলেই ইউরোপে নবজাগরণ ঘটে। মধ্যযুগের তন্দ্রা ও অন্ধবিশ্বাস থেকে মুক্ত হয়ে মানুষ জ্ঞান-বিজ্ঞান, শিল্প সকল ক্ষেত্রে নূতন সৃষ্টির জোয়ার বহিয়ে দেয়।

ইউরোপে এই রেনেসাঁসের সূচনা ধরা হয় ১৪৫৩ খ্রীঃ থেকে। এই খ্রীষ্টাব্দে পূর্ব রোমান সাম্রাজ্যের রাজধানী বাইজানটিয়াম বা কনস্টান্টিনোপল শহর অটোমান তুর্কী জাতি অধিকার করে। গ্রীক ও ল্যাটিন সাহিত্যের বহু পণ্ডিত এই শহরে থাকতেন। তুর্কীদের ভয়ে তাঁরা তাঁদের প্রাচীন পুঁথিপত্র নিয়ে বাইজানটিয়াম হতে ইটালীতে চলে আসেন। তাঁদের প্রভাবে ইটালী ও পশ্চিম ইউরোপের অন্যান্য দেশে গ্রীক ও ল্যাটিন সাহিত্যের ব্যাপক চর্চা আরম্ভ হয়। এজন্য ১৪৫৩ খ্রীষ্টাব্দকে অনেকে রেনেসাঁসের সূচনা বর্ষ বলে মনে করেন।

একটু গভীরভাবে দেখলে বুঝা যায় যে, ইউরোপে এই নবজাগরণ হঠাৎ হয় নি। ইউরোপে রেনেসাঁস বা জাগৃতির ক্ষেত্র আগে থেকেই তৈরী হয়েছিল। মধ্যযুগের শেষ দিক হতে এই জাগরণ আরম্ভ হয়। ১২শ শতকে ইউরোপের বিভিন্ন শহরে বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। এই বিশ্ববিদ্যালয়ে গ্রীক দার্শনিক এ্যারিষ্টটলের তর্কশাস্ত্র ও দর্শন চর্চা হ'ত। এছাড়া আরবীয় চিকিৎসা বিদ্যা, গণিত এবং রোমান আইনের চর্চা হ'ত। প্যারিসের বিশ্ববিদ্যালয়ে বিখ্যাত শিক্ষক পিটার এ্যাবেলার্ড, ইটালীর বোলগণা বিশ্ব-বিদ্যালয়ে বিখ্যাত পণ্ডিত ইরনেরিয়াস প্রভৃতি দর্শন ও আইন শাস্ত্রের ব্যাখ্যা দ্বারা সারা ইউরোপে খ্যাতি পান। ইটালীর শহরগুলিতে কোলাহল-মুখর কর্মচঞ্চল জীবন-যাত্রা, ব্যক্তি স্বাধীনতা, স্বাধীন চিন্তা গঠনের সহায়ক ছিল। সামন্ত সমাজে কেবলমাত্র জমিদারীকেই সম্মানের কাজ বলে মনে করা হত। কিন্তু ইটালীর শহরগুলিতে লোকে ব্যবসায়-বাণিজ্যের কাজকে ছোট মনে করত না। এভাবে দ্বাদশ শতক হতে ইউরোপে জ্ঞান-বিজ্ঞানের চর্চা বাড়ে। ১৪৫৩ খ্রীঃ কনস্টান্টিনোপল হতে পণ্ডিতেরা আসার পর তা ব্যাপকভাবে আরম্ভ হয়।

দ্বিতীয় পাঠঃ ইটালীতে রেনেসাঁস বা জাগৃতি এবং ইউরোপে তাহার বিস্তৃতিঃ ইটালীতে সর্বপ্রথম রেনেসাঁস বা জাগৃতির বিকাশ ঘটে। ইটালীতে ইহার প্রথম বিকাশের কারণ ছিল ইটালীর শহরগুলির ধনী বা বুর্জোয়া বণিকদের

শিল্প-সাহিত্যের চর্চার প্রতি উৎসাহ। ইটালীয় শহরের ধনীরা অবসর সময়ে শিল্প-সাহিত্যের চর্চায় সময় কাটাত। এজন্য শিল্প, সাহিত্যের প্রতি তাদের আগ্রহ বাড়ে। এছাড়া কোন একটি শহরের বণিকেরা বিশ্ববিদ্যালয় স্থাপন ও পণ্ডিতদের পৃষ্ঠপোষকতা করলে অন্য শহরের বণিকেরা তাদের নিজ নিজ শহরের সম্মান রক্ষার জন্য শিল্প-চর্চায় উদ্যম দেখায়। ইটালী ছিল প্রাচীন রোমান সভ্যতার জন্মভূমি। ইটালীর লোকের কথ্য ভাষা ছিল ল্যাটিন। সুতরাং ইটালীতে ল্যাটিন ভাষা ও সাহিত্যের চর্চার প্রতি লোকের স্বভাবতই আগ্রহ দেখা দেয়। ক্রুসেড বা ধর্মযুদ্ধের ফলে ইটালীর শহরগুলি আরবীয় সভ্যতার সংস্পর্শে আসে। এর ফলে আরবীয় বিজ্ঞান, গণিত ও চিকিৎসা বিদ্যার চর্চা ইতালীতে দেখা দেয়। হোহেনস্টুফেন সম্রাট দ্বিতীয় ফ্রেডারিক দক্ষিণ ইটালীর সিসিলীতে আরবীয় বিজ্ঞান, জ্যোতিষ প্রভৃতি চর্চার সূচনা করেন। ইটালীর শহরগুলিতে লোকে ভোগবহুল, ধর্মনিরপেক্ষ জীবনযাত্রা নির্বাহ করতে অভ্যস্ত ছিল। এই কারণে ইটালীয় নগরগুলির পক্ষে গ্রীক ও রোমান সভ্যতার ধর্মনিরপেক্ষ, যুক্তিবাদী ভাব গ্রহণ করা সহজ হয়। এই সকল কারণে ইটালীতেই রেনেসাঁসের বা জাগৃতি আন্দোলনের সূচনা হয়।

ইটালীর ফ্লোরেন্স নগর জাগৃতি বা রেনেসাঁস আন্দোলনের প্রধান কেন্দ্রে পরিণত হয়। প্রাচীন গ্রীক সভ্যতার কেন্দ্র ছিল এথেন্স। লোকে ফ্লোরেন্স শহরকে "দ্বিতীয় এথেন্স" বলত। ফ্লোরেন্সের সর্বাপেক্ষা ধনী বুর্জোয়া পরিবার মেডিকি বংশ শিল্প-সাহিত্য চর্চায় উৎসাহ দেয়। লরেঞ্জো ডি মেডিকির চেষ্টায় ফ্লোরেন্স নগরী জ্ঞান ও শিল্পচর্চার প্রধান কেন্দ্রে পরিণত হয়। ফ্লোরেন্স হতে জাগৃতি বা নবজাগরণ আন্দোলন মিলান, রোম ও ভেনিস প্রভৃতি শহরে ছড়িয়ে পড়ে।

ক্রমে ইটালী হতে জাগৃতি আন্দোলন আল্পস পর্বত পার হ'য়ে উত্তর ইউরোপে ছড়িয়ে পড়ে। উত্তর ইউরোপ হ'তে বহু ছাত্র ইটালীয় পণ্ডিতদের নিকট গ্রীক ও ল্যাটিন সাহিত্য-দর্শন পড়ার জন্য আসত। তারা নিজ দেশে ফিরে গিয়ে এই সাহিত্য-দর্শন চর্চা বিস্তার করে। হল্যাণ্ড, ডেনমার্ক হ'তে চিত্রকররা এসে ইটালীতে জাগৃতি যুগের শিল্পকলা শিক্ষা করে। হল্যাণ্ডের লুভ্যাঁ, স্কটল্যাণ্ডের সেণ্ট এ্যাণ্ড্রজ, সুইডেনের উপাসালা, জার্মানীর উইটেনবার্গ প্রভৃতি নূতন বিশ্ববিদ্যালয়গুলি ইউরোপে এই নূতন সংস্কৃতি চর্চার পীঠস্থান হয়ে উঠে। ফ্রান্সের রাজা প্রথম ফ্রান্সিস ইটালী হতে গ্রীক পণ্ডিতদের আহবান করে ফ্রান্সে গ্রীক ও ল্যাটিন সাহিত্য চর্চার বিস্তার ঘটান। ইংলণ্ডের রাজা অষ্টম হেনরী, জার্মানীর রাজা পঞ্চম চার্লস প্রভৃতিও এ বিষয়ে পিছিয়ে থাকেন না। এভাবে ইটালীকে কেন্দ্র করে সারা ইউরোপে যুক্তিবাদী চিন্তা, অনুসন্ধানী মনোবৃত্তি, ধর্মনিরপেক্ষ জীবনযাত্রা, গ্রীক ও রোমান সাহিত্য, দর্শনের চর্চা শুরু হয়।

দ্বিতীয় পরিচ্ছেদ : প্রথম পাঠ : চিন্তার ক্ষেত্রে নবজাগরণ : সাহিত্য ও মানবতাবাদ : মধ্যযুগে লোকে পদে পদে গীর্জার নির্দেশ মেনে চলত। গীর্জার ধর্মযাজকরা সাধারণ লোককে বুঝাত যে, পরলোকে আত্মার মুক্তির জন্য ইহজীবনে ভোগ-বিলাস, আরামের আশা ছেড়ে কৃচ্ছ্র সাধন করতে হবে। গীর্জার নির্দেশে লোকে ধর্মীয় বিষয় ছাড়া আর কোন বিষয়ে তাদের চিন্তাশক্তিকে কাজে লাগাত না।

জাগৃতি আন্দোলনের প্রভাবে গ্রীক ও ল্যাটিন সাহিত্যের চর্চা আরম্ভ হলে লোকে বুঝতে পারে যে, প্রাচীন গ্রীক ও রোমানরা পরলোকের কথা না ভেবে ইহলোককে আনন্দময় করে তুলত। তারা সাহিত্যে কেবলমাত্র ভগবানের গুণ কীর্তন না করে মানুষের সুখ, দুঃখ, ভালবাসা ও নানা সমস্যার কথা লিখত। গ্রীক ও ল্যাটিন সাহিত্যের এই জীবনমুখী ভাবধারা ১৬শ শতকের ইউরোপীয় পণ্ডিতেরা গ্রহণ করেন। এজন্য তাঁদের মানবতাবাদী বা হিউম্যানিষ্ট বলা হয়। মানবতাবাদী পণ্ডিতেরা এই মতে বিশ্বাস করতেন যে, মানব জাতি সম্পর্কে জ্ঞানলাভ করতে হলে মানুষের জীবন, তার সুখ, দুঃখ, ভালবাসা সকল বিষয়ে চর্চা করা দরকার। হিউম্যানিষ্ট বা মানবতাবাদীরা প্রথমে ল্যাটিন ভাষায় সাহিত্য রচনা করতেন। এঁদের প্রভাবে ইউরোপের সকল দেশে ল্যাটিন ভাষা শিক্ষিত লোকের সাহিত্য রচনার ভাষা হয়ে দাঁড়ায়। ক্রমে মাতৃভাষায় সাহিত্য রচনার কাজে তাঁদের প্রতিভা নিয়োজিত হয়। ফ্রান্সে মনতেইন ও রেবেলেয়াস ফরাসী ভাষায় সাহিত্য রচনার সূত্রপাত করেন। এভাবে ল্যাটিন ছাড়াও ইউরোপের বিভিন্ন কথ্য ভাষায় মার্জিত সাহিত্য রচনার কাজ আরম্ভ হয়। কথ্য ভাষাই ছিল লোকের মুখের ভাষা। এই ভাষায় রচিত সাহিত্য জনশিক্ষা বিস্তারের কাজে সহায়ক হয়।

গ্রেব্রিয়েল দান্তে তাঁর বিখ্যাত কাব্যগ্রন্থ ডিভাইন কমেডি রচনার দ্বারা রেনেসাঁস বা জাগৃতি সাহিত্যের সূচনা করেন। ইটালীর রেনেসাঁসের পথিকৃৎ ছিলেন ফ্রান্সিসকো পেত্রার্ক। কেহ কেহ তাঁকে "জাগৃতি আন্দোলনের জনক" বলেন। ১৩০৪ খ্রীঃ ফ্লোরেন্স শহরে তাঁর জন্ম হয়। তিনি ইটালীয় ও ল্যাটিন ভাষায় সাহিত্য রচনা করেন। পেত্রার্ক তার সাহিত্যে মানুষের প্রেম, ভালবাসার কাহিনীকে স্থান দেন। পরলোকের কথা অগ্রাহ্য করে ইহলোককেই তিনি প্রধান মূল্য দেন। গ্রীক ও ল্যাটিন সাহিত্যে মানুষের জীবন নিয়ে যেরূপ রচনা ছিল, তিনিও সেইরূপ মানুষের জীবনের কথাকে সাহিত্যে রূপ দেন। তিনি প্রাচীন গ্রীক ও ল্যাটিন গ্রন্থের পাণ্ডুলিপি এবং মুদ্রা সংগ্রহ করে তার মর্ম ব্যাখ্যা করেন। তিনি রোমান বাগ্মী সিসেরোর পত্রাবলীর অনুবাদ করেন। পেত্রার্ক তাঁর ছাত্রদের মধ্যে যে যুক্তিবাদী ও অনুসন্ধানী মন তৈরী করেন তার ফলে রেনেসাঁসের সূচনা হয়।

পেত্রার্কের শিষ্য বোকাচ্চিও[১] (১৩১৩ খ্রীঃ) বহু প্রাচীন গ্রীক গ্রন্থের পাণ্ডুলিপি সংগ্রহ ও সম্পাদনা করেন। তিনি ট্যাসিটাসের রচনা আবিষ্কার করেন। বোকাচ্চিও ছিলেন কবি ও লেখক। ল্যাটিন ভাষায় তাঁর অনবদ্য গল্পগ্রন্থের নাম ছিল ডেকামেরন। এই গল্পগুচ্ছে ১০টি গল্প আছে। এই গল্পগুলি জীবনের আনন্দ, ভোগ ও ভালবাসার কথায় ভরপুর। মানুষ বাস্তব জীবনে যা ভালবাসে তার কথাই এই গল্পগুলিতে বলা হয়। এভাবে বোকাচ্চিও জীবনকেন্দ্রিক সাহিত্য রচনায় সূত্রপাত করেন।

ম্যাকিয়াভেলীর কথা না বললে ইটালীর জাগৃতি সাহিত্যের পরিচয় সম্পূর্ণ হবে না। ১৪৬৯ খ্রীঃ ফ্লোরেন্স শহরে তাঁর জন্ম হয়। ম্যাকিয়াভেলী "দি প্রিন্স" নামে এক রাষ্ট্রনীতির বই লেখেন। ম্যাকিয়াভেলীর আমলে ইটালী ছিল ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত। প্রতি দেশের রাজা ভাড়াটে সেনার দ্বারা অন্য দেশের সঙ্গে যুদ্ধ-বিগ্রহ চালাতেন। ম্যাকিয়াভেলী ছিলেন দেশপ্রেমিক। তিনি তাঁর জন্মভূমি ফ্লোরেন্স শহরকে কেন্দ্র করে ইটালীতে ঐক্য স্থাপনের কথা ভাবেন। এজন্য তিনি ভাড়াটে সেনা বাদ দিয়ে, শহরের নাগরিকদের নিয়ে সেনাদল গঠন করেন। ম্যাকিয়াভেলী ছিলেন প্রাচীন গ্রীস ও রোমের ইতিহাসে সুপণ্ডিত। তিনি ইতিহাসের একটা কার্যকরী মূল্য আছে বলে মনে করতেন। তিনি বলেন যে, ইতিহাস থেকে আমরা আমাদের ভুলগুলো কেমন করে হয়, তা জানতে পারি। ম্যাকিয়াভেলীর মূল বক্তব্য ছিল কি করে ইটালীতে অরাজকতা দমান যায়। রাজনীতির সঙ্গে ধর্ম ও ন্যায়-নীতির সম্পর্ক নেই বলে তিনি মনে করতেন।

ইংলণ্ডে রেনেসাঁস বা জাগৃতি সাহিত্যের জন্ম হয় জিওফ্রে চসারের (১৩৪০-১৪০০ খ্রীঃ) ইংরাজী ভাষায় লেখা ক্যাণ্টারবেরী টেলস নামক গল্পগুচ্ছ দ্বারা। লোকের মুখের ভাষায় লেখা এই সাহিত্যকে লোকসাহিত্যও বলা যায়। এর পর বিখ্যাত ইংরাজ দার্শনিক ফ্রান্সিস বেকনের নাম করা যায়। তাঁর লেখা নোভাম অর্গানাম ও নিউ এ্যাটলাণ্টিস বিখ্যাত দার্শনিক রচনা। ফ্রান্সিস বেকন এই তত্ত্ব প্রচার করেন যে, সব জিনিষকেই পরীক্ষা ও প্রমাণের দ্বারা তা সত্য কিনা যাচাই করা উচিত। যা মানুষের সমাজের উপকার করবে না, তা নিয়ে বিশেষ ভাবার দরকার নেই। বেকনের চিন্তাধারা ছিল বিজ্ঞানপন্থী। এছাড়া এডমণ্ড স্পেনসারের ফেয়ার কুইন নামে কাব্যগ্রন্থে জাতীয় গৌরব প্রচার করা হয়।

ইংরাজ মনীষার শ্রেষ্ঠ প্রতিনিধি ছিলেন কবি ও নাট্যকার উইলিয়াম শেক্সপীয়ার (১৫৬৪-১৬১৬ খ্রীঃ)। তিনি ছিলেন ইংলণ্ডের রানী প্রথম এলিজাবেথের সমসাময়িক।

১ Boccacio উচ্চারণ বোকাচ্চিও হবে। Vide Myree--Middle Ages--পরিশিষ্টে উচ্চারণ সম্পর্কে নির্দেশ।

শেক্সপীয়ার ইংরাজী ভাষায় ৩৭ খানি নাটক রচনা করেন। তাঁর রচনায় জাগতি-প্রসূত ব্যক্তিত্ববাদ, মানবতাবাদ ও জাতীয়তাবাদের প্রভাব বিশেষভাবে দেখা যায়। তিনি



ফ্রান্সিস বেকন



উইলিয়াম শেক্সপীয়ার

মানুষের জীবন, তার উচ্চাকাঙ্খা, ভালবাসা প্রভৃতিকে তাঁর সাহিত্যে শিল্পীর দৃষ্টি নিয়ে বর্ণনা করেন। রেনেসাঁসের ধর্মনিরপেক্ষ ভাবধারায় শেক্সপীয়ারের চিন্তা প্রভাবিত ছিল।

হল্যাণ্ডের পণ্ডিত ইরাসমাস (১৪৬৬-১৫৩৬ খ্রীঃ) মানবতাবাদী চিন্তাবিদ হিসাবে খ্যাতি পান। তাঁর প্রেইজ অফ ফলি নামক গ্রন্থে তিনি গীর্জা ও ধর্মযাজকদের কাজকর্মের তীব্র সমালোচনা করেন এবং ধর্ম সংস্কারের প্রয়োজনীয়তার কথা বলেন। ইরাসমাস তাঁর ছাত্রমণ্ডলীর মধ্যে যুক্তিবাদের জাগরণ ঘটান। স্পেনের লেখক সার্ভেন্তিস (১৫৪৭-১৬১৬ খ্রীঃ) ডন কুইকজোট নামে এক বিখ্যাত হাস্য ও ব্যঙ্গমূলক গ্রন্থ রচনা করেন। এই রচনায় স্যাংকো পাঞ্জার চরিত্রে তিনি ইউরোপীয় অভিজাতদের ব্যঙ্গ করেন। সার্ভেন্তিস স্পেনীয় ভাষায় তাঁর সাহিত্য রচনা করে মাতৃভাষায় সাহিত্য রচনার পথ দেখান। ফ্রান্সের রাবেলে (১৪৯৪-১৫৯৩ খ্রীঃ) তাঁর স্বাধীন সাহিত্য চিন্তার পরিচয় দেন।

দ্বিতীয় পাঠঃ রেনেসাঁস বা জাগৃতি শিল্প ঃ সাহিত্যের মত শিল্পকলার ক্ষেত্রেও রেনেসাঁসের প্রভাবে সৃষ্টির জোয়ার দেখা যায়। মধ্যযুগে কেবলমাত্র যীশুখ্রীষ্টের জীবনকে কেন্দ্র করে শিল্প, চিত্র বা ভাস্কর্য চর্চা করার রেওয়াজ ছিল। জাগৃতির প্রভাবে মানুষের জীবনকে শিল্পে ও ভাস্কর্যে নানাভাবে প্রকাশ করা হয়। ইটালী ছিল জাগৃতি শিল্পের পীঠস্থান। এই শিল্পীদের মধ্যে লিওনার্দো দা ভিঞ্চির (১৪৫২-১৫১৯ খ্রীঃ) নাম ভুবন-বিখ্যাত। লিওনার্দো ছিলেন একাধারে স্থাপত্য, ভাস্কর্য, চিত্রশিল্পে দক্ষ। এছাড়া দর্শন, গণিত প্রভৃতিতেও তিনি পণ্ডিত ছিলেন। তাঁর আঁকা "মোনালিসা" চিত্রটি পৃথিবী বিখ্যাত। এটি হল একটি সুন্দরী যুবতী নারীর মুখের চিত্র। এই

মুখে যে স্মিত, ম্লান হাসি শিল্পী এঁকেছেন তার তুলনা পাওয়া যায় না। এছাড়া


মোনালিসা


মাইকেল এ্যাঞ্জেলো অঙ্কিত ছবি

মিলান গীর্জার দেওয়ালে আঁকা "শেষ ভোজন" বা লাষ্ট সাপার হল দা ভিঞ্চির অপর বিখ্যাত চিত্র। লিওনার্দো ফ্রান্সের রাজার সম্মানে একটি কলের সিংহ তৈরী করেন যেটি গর্জন করে পিছনের দুই পায়ের উপর বসত। মাইকেল এ্যাঞ্জেলো (১৪৭৫-১৫৬৪ খ্রীঃ) ছিলেন জাগৃতি যুগের অপর এক শ্রেষ্ঠ শিল্পী। তিনিও ছিলেন ভাস্কর্য, অঙ্কন ও স্থাপত্য সকল বিষয়ে দক্ষ। রোমের সেণ্ট পিটার গীর্জার উপরের বড় গম্বুজটি তাঁরই নক্সায় তৈরী হয়। মাইকেল এ্যাঞ্জেলো ভাস্কর্য ও চিত্রশিল্পেও তাঁর চিরস্থায়ী খ্যাতি রেখেছেন। ফ্লোরেন্স শহরে ডেভিডের মস্তকের ভাস্কর্যটি তাঁর কৃতিত্বের পরিচয় দেয়। তিনি "শেষ বিচার" বা লাষ্ট জাজমেণ্ট নামে একটি পৃথিবী-


ম্যাডোনার ছবি


বিখ্যাত চিত্র আঁকেন। রোমের ভাটিক্যান প্রাসাদের ভিতরে অবস্থিত গীর্জার দেওয়ালে তাঁর আঁকা বহু চিত্র দেখা যায়। এছাড়া জাগৃতি যুগের শিল্পী রাফায়েলের আঁকা কুমারী মেরী বা ম্যাডোনার চিত্রগুলিও বিশেষ বিখ্যাত। এই চিত্রগুলিতে পবিত্রতার সাথে সৌন্দর্যের অদ্ভুত যোগ দেখা যায়। এছাড়া বত্তিচেল্লী প্রভৃতি শিল্পী বার্থ অফ ভেনাস বা ভেনাসের জন্ম প্রভৃতি বিখ্যাত চিত্র এঁকে জাগৃতি শিল্পকে সমৃদ্ধ করেন।

তৃতীয় পাঠ ঃ রেনেসাঁস বা জাগৃতি যুগে বিজ্ঞানের অগ্রগতি ঃ সাহিত্য ও শিল্পের মত বিজ্ঞানের ক্ষেত্রেও জাগৃতির যুগে বিশেষ উন্নতি ঘটে। রোজার বেকন ছিলেন এই যুগের বৈজ্ঞানিক চিন্তার মুখপাত্র। ১২১৪ খ্রীঃ তাঁর জন্ম হয় প্রকৃতির রহস্য বুঝবার জন্য তিনি বৈজ্ঞানিক গবেষণা ও যুক্তির প্রয়োগের উপর জোর দেন। আলোক বিজ্ঞানে তাঁর বিশেষ দখল ছিল। কারও কারও মতে, তিনি চশমার কাঁচ আবিষ্কার করেন।[১] এছাড়া হোহেনস্টুফেন বংশীয় সম্রাট দ্বিতীয় ফ্রেডারিক ছিলেন বিজ্ঞান চর্চায় বিশেষ উৎসাহী। তিনি নিজে প্রাচীন পাণ্ডুলিপি সংগ্রহ, গণিত ও জীব-বিজ্ঞান চর্চায় উৎসাহী ছিলেন। ফ্রেডারিক সম্পর্কে গল্প আছে যে, তিনি একজন মানুষকে এক মদের জারে ঢুকিয়ে রেখে প্রমাণ করেন যে মৃত্যুর পর আর কিছুই থাকে না।



কোপারনিকাস

ফ্রেডারিকের আমলে যে বিজ্ঞান চর্চার সূচনা হয় রেনেসাঁসের যুগে তার বিশেষ উন্নতি ঘটে। এই যুগের বিজ্ঞানী কোপারনিকাস (১৪৭৩-১৫৪৩ খ্রীঃ) এই তত্ত্ব আবিষ্কার করেন যে, পৃথিবী বিশ্বের কেন্দ্র নয়। কারণ পৃথিবী সূর্যের চারিদিকে ঘোরে। কোপারনিকাসের এই মত এই যুগের অন্ধ-বিশ্বাসী লোকেদের কুসংস্কারে আঘাত করে। অন্ধবিশ্বাসীরা মনে করত পৃথিবী হল বিশ্বের মূল কেন্দ্র। কোপারনিকাসের পর গ্যালিলিও (১৫৬৪—১৬৪২ খ্রীঃ) নামে এক



গ্যালিলিও

১. Henri Pirenne—Middle Ages.

ইটালীয় বিজ্ঞানী অঙ্ক দ্বারা কোপারনিকাসের তত্ত্ব সত্য বলে প্রমাণ করেন। তিনি দূরবীক্ষণ যন্ত্র আবিষ্কার করেন। এই যন্ত্রের দ্বারা তিনি সূর্যের চারদিকে পৃথিবী ঘোরে এই তত্ত্ব নিশ্চিতভাবে প্রমাণ করেন। গ্যালিলিওর এই মত, ধর্মগুরু পোপ অগ্রাহ্য করেন। তিনি গ্যালিলিওকে খ্রীষ্ট-বিরোধী বলে দোষী সাব্যস্ত করেন। কিন্তু গ্যালিলিও তাঁর মত পরিবর্তন করেন নাই। পোপের আদেশে বিজ্ঞানী বাকী জীবন কারাগারে বন্দী থাকেন। এর ফলে তিনি অন্ধ হয়ে যান। কোপারনিকাস ও গ্যালিলিওর আবিষ্কারের ফলে মানুষের মনে পৃথিবী ও জীবন সম্পর্কে যুক্তিবাদী ধারণা গড়ে উঠে। আগে লোকে প্রকৃতির রহস্যকে ভগবানের ইচ্ছা বলে মনে করত। এখন তারা বুঝতে পারে যে, প্রকৃতির রহস্যগুলিকে বিজ্ঞানের দ্বারা ব্যাখ্যা করা যায়।

তোমরা আগেই স্যার ফ্রান্সিস বেকনের কথা পড়েছ (পৃঃ ৮ দেখ)। তিনি ছিলেন একাধারে দার্শনিক ও বিজ্ঞানী। তিনি ফলিত বিজ্ঞানের অনুরাগী ছিলেন। প্রকৃতি বিজ্ঞান চর্চায় তাঁর বিশেষ উৎসাহ ছিল। তাঁর রচিত নোভাম অর্গানাম গ্রন্থ বিশেষ বিখ্যাত। বিখ্যাত ভাস্কর ও চিত্রকর লিওনার্দো-দা-ভিঞ্চি শারীরতত্ত্ব, যন্ত্রবিদ্যা ও



জন গুটেনবার্গের মুদ্রণযন্ত্র

জ্যোতির্বিদ্যায় দক্ষ ছিলেন। সকল কিছু রহস্যই যুক্তি ও পরীক্ষা দ্বারা সমাধান করা যাবে বলে তিনি বিশ্বাস করতেন। প্রকৃতির মধ্যে অলৌকিক বা ভগবানের ইচ্ছা বলে কিছু নেই। গণিত শাস্ত্রকে তিনি বিজ্ঞান চর্চার মূল ভিত্তি বলে মনে করতেন। তিনি হাতে-কলমে বিজ্ঞানের তত্ত্বগুলিকে প্রয়োগ করতেন। তিনি স্ক্রুর প্যাঁচ কাটার

যন্ত্র, মেসিনগান বা যন্ত্র চালিত বন্দুক প্রভৃতি আবিষ্কার করেন। পাখীরা কিভাবে আকাশে উড়ে পর্যবেক্ষণ করে মানুষের আকাশে উড়ার কথা তিনি ভাবতেন।

জাগৃতি যুগের যুক্তিবাদী চিন্তাধারা ছাপা বই না থাকায় সর্বসাধারণের মধ্যে ছড়িয়ে পড়তে দেরী হয়। জন গুটেনবার্গ নামে একজন জার্মান ভদ্রলোক সীসা গালিয়ে ছাপার অক্ষর তৈরী করে বই ছাপার পদ্ধতি আবিষ্কার করলে এই বাধা দূর হয়। ১৪৫৪ খ্রীঃ জার্মানীর মেইনজ শহরে গুটেনবার্গ প্রথম ছাপাখানা স্থাপন করেন। ছাপাখানা আবিষ্কারের ফলে সস্তায় বহু সংখ্যক বই ছাপাবার ব্যবস্থা হয়। এর ফলে জ্ঞান-বিজ্ঞান ছড়িয়ে পড়ে। প্রকৃতপক্ষে আধুনিক যুগের আরম্ভ হয়।

কালপঞ্জী : (১) কনস্টান্টিনোপলের পতন—১৪৫৩ খ্রীঃ। (২) রেনেসাঁসের সূচনা—১৪৫৩ খ্রীঃ। (৩) দান্তে ১২৬৫—১৩২১ খ্রীঃ। (৪) পেত্রার্ক ১৩০৪—৭৪ খ্রীঃ। (৫) ম্যাকিয়াভেলী ১৪৬৯—১৫২৭ খ্রীঃ। (৬) বোকাচ্চিও ১৩১৩—৭৫ খ্রীঃ। (৭) ফ্রান্সিস বেকন ১৫৬১—১৬২৬ খ্রীঃ। (৮) চসার ১৩৪০—১৪০০ খ্রীঃ। (৯) শেক্সপীয়ার ১৫৬৪—১৬১৬ খ্রীঃ। (১০) জন গুটেনবার্গ কর্তৃক ছাপার পদ্ধতি আবিষ্কার—১৪৫৪ খ্রীঃ।


তৃতীয় অধ্যায় [ক]

ইউরোপীয় জগতের বিস্তৃতি : ভৌগোলিক আবিষ্কার ও তাহার ফলাফল

প্রথম পাঠ : ভৌগোলিক আবিষ্কারের কারণ : মধ্যযুগের লোকেরা পৃথিবীর অন্য দেশ সম্পর্কে বিশেষ কিছু জানত না। ইউরোপের বাইরের দেশ সম্পর্কে তাদের নানা রকম অদ্ভুত ধারণা ছিল। ক্রুসেডের বা ধর্মযুদ্ধের জন্য ইউরোপের লোকেরা এশিয়ায় এলে, এশিয়ার সাথে তাদের পরিচয় হয়। এশিয়ার মুক্ত জীবনযাত্রা ও ধনরত্ন তাদের আকৃষ্ট করে। ১৩শ শতকে মার্কোপোলো নামে এক ভেনেসীয় বণিক চীন, সিংহল ভ্রমণ করে প্রাচ্য দেশ সম্পর্কে এক বিবরণ রচনা করেন। এই ভ্রমণ কাহিনী পড়ে ইউরোপের কিছু লোক মনে করে যে, ভারত ও চীন হ'ল সোনার খনির দেশ। এই ধনরত্নের লোভে প্রাচ্য দেশে আসবার জন্য লোকের মধ্যে আগ্রহ জাগে।

ইতিমধ্যে জাগৃতির প্রভাবে নূতনকে জানার আগ্রহ বাড়ে। জাগৃতি যুগে বিজ্ঞান চর্চার ফলে প্রকৃতিকে জয় করার আগ্রহ বাড়ে। মধ্যযুগের লোকেরা মনে করত যে, পৃথিবী হল থালার মত চ্যাপ্টা। বিজ্ঞান চর্চার ফলে এই ভুল ধারণা দূর হয়। পৃথিবী

যে গোল আকার বিজ্ঞানীরা এই তত্ত্ব জানালে সমুদ্রযাত্রা সহজ হয়। এ্যাষ্ট্রোলোব নামে এক যন্ত্রের সাহায্যে ধ্রুব নক্ষত্র লক্ষ্য রেখে অক্ষাংশ ও দ্রাঘিমাংশনির্ণয় করার ব্যবস্থা হয়। বিষুবরেখা থেকে সমুদ্রকে মাপ করে সামুদ্রিক মানচিত্র তৈরী হয়। এর ফলে সমুদ্রযাত্রা সহজ হয়। তাছাড়া কম্পাস বা দিকনির্ণয় যন্ত্র আবিষ্কার হলে দুস্তর সমুদ্র পাড়ি দিয়ে অজানা দেশ জানার কাজ সহজ হয়।



কম্পাস

এই কারণগুলি ছাড়া ভৌগোলিক আবিষ্কারের জন্য অর্থনৈতিক কারণ বিশেষ গুরুত্বপূর্ণ ছিল। এশিয়ার দেশগুলি হতে মশলা, মৃগনাভি, চন্দন, ধুনা, তুলা, রেশম, দামী পাথর প্রভৃতি ইউরোপে আমদানী হ'ত। আরব বণিকেরা চীন, ভারত, সিংহল প্রভৃতি স্থান থেকে এই সকল জিনিস এনে মিশরের আলেকজান্দ্রিয়া বন্দরে অথবা ভূমধ্য-সাগরের তীরের অন্য বন্দরে জমা করত। ইটালীয় বণিকরা মিশর প্রভৃতি দেশে এই মাল খরিদ করে জাহাজে ভূমধ্যসাগর পাড়ি দিয়ে ইটালীর বন্দরে আনত। ইটালী হতে এই মাল ইউরোপের অন্যত্র চলে যেত। এই মেহনতের জন্য ইটালীয় বণিকেরা এই মালের দাম খুব চড়া হারে ধরত। এর ফলে ইউরোপের অন্য দেশের বণিকেরা দেখে যে, তারা সরাসরি প্রাচ্য দেশে মাল না কিনতে পারলে খুবই লোকসান হবে। এজন্য স্পেন, পর্তুগাল প্রভৃতি দেশগুলিতে প্রাচ্য দেশে অভিযানের চেষ্টা আরম্ভ হয়।

ইতিমধ্যে ১৪৫৩ খ্রীঃ তুর্কীরা আরবদেশ অধিকারের পর পূর্ব রোমান সাম্রাজ্যের রাজধানী কনস্টান্টিনোপল অধিকার করে। এর ফলে ইউরোপের সঙ্গে প্রাচ্যের বাণিজ্য পথ বন্ধ হয়ে যায়। ইউরোপে মশলা আমদানী বন্ধ হয়ে যায়। ইউরোপের লোকের প্রধান খাদ্য ছিল মাংস। মশলার অভাবে মাংস রান্নার অসুবিধা দেখা দেয়। এজন্য স্পেন, পর্তুগালের সাহসী নাবিকেরা মরিয়া হয়ে মশলা দ্বীপের সন্ধানে সমুদ্র পথে বেরিয়ে পড়ে। এর সঙ্গে যুক্ত হয় খ্রীষ্টান মিশনারীদের ধর্ম প্রচারের আগ্রহ। ফলে বণিক ও ধর্মযাজক পরস্পরের সহযোগিতায় নূতন দেশের সন্ধানে পা বাড়ায়।

পর্তুগালের যুবরাজ হেনরী দি নেভিগেটর (১৩৫৪-১৪৬০ খ্রীঃ) আফ্রিকার পশ্চিম উপকূলের অনেক স্থান আবিষ্কার করেন। এর পর পর্তুগীজ নাবিক বার্থেলোমিউ দিয়াজ (১৪৮৮ খ্রীঃ) ঝড় তুফান কাটিয়ে আফ্রিকার দক্ষিণ সীমা আবিষ্কার করেন।

এ অঞ্চলে খুব ঝড় হ'ত বলে তিনি এই জায়গার নাম রাখেন "ঝড়ের অন্তরীপ"। পরে



ভাস্কো-দা-গামা

এই স্থানের নাম হয় কেপ অফ গুড হোপ বা উত্তমাশা অন্তরীপ। এর পর পর্তুগীজ নাবিক ভাস্কো-দা-গামা ভারতে আসার জলপথ খুঁজতে বের হন। তিনি উত্তমাশা অন্তরীপ হয়ে ভারতের পশ্চিম উপকূলের কালিকট বন্দরে ১৪৯৮ খ্রীঃ আসেন। ভাস্কো-দা-গামার অভিযানের ফলে প্রাচ্যদেশে আসার জলপথ ইউরোপের লোকেরা জানতে পারে। ভারতের উপকূলে গোয়া, দমন, দিউ প্রভৃতি স্থানে পর্তুগীজ উপনিবেশ স্থাপিত হয়। পর্তুগীজ নাবিক আলবুকার্ক (১৫০৫ খ্রীঃ) ছিলেন ভারতে পর্তুগীজ উপনিবেশগুলির প্রশাসক। তিনি সর্বপ্রথম প্রাচ্যদেশে পর্তুগীজ বাণিজ্য ও উপনিবেশ স্থাপনের সংকল্প নেন। তিনি ভারতের কোচিন, চীনের ম্যাকাও বন্দরে এবং আফ্রিকায় পর্তুগীজ উপনিবেশ ও বাণিজ্য বিস্তার করেন। এর পর পর্তুগীজ অভিযানকারী পেড্রো কেব্রাল দক্ষিণ আমেরিকার ব্রাজিলে উপনিবেশ স্থাপন করেন।

উপনিবেশ স্থাপনে পর্তুগালের সফলতার জন্য স্পেনের রাজার ঈর্ষা দেখা দেয়। তিনি স্পেনের উপনিবেশ বিস্তারের জন্য ইটালীয় নাবিক কলম্বাসকে সাহায্য করেন। কলম্বাস ভারতে যাওয়ার জলপথ আবিষ্কারের জন্য অভিযান করেন। তিনি সান্তা মারিয়া জাহাজে আটলাণ্টিক মহাসমুদ্র পেরিয়ে ১৪৯২ খ্রীঃ আমেরিকা মহাদেশে আসেন। এর আগে আমেরিকা মহাদেশের কথা ইউরোপের লোকে জানত না। কলম্বাসের তখনও ধারণা ছিল যে, তিনি যে ভূভাগ আবিষ্কার করেছেন সেই হল ভারতের উপকূল। এজন্য তিনি যে দ্বীপে নামেন তার নাম দেন ইণ্ডিজ।



কলম্বাস


ক্রমে ইউরোপের লোক বুঝতে পারে যে, এই মহাদেশ ভারতবর্ষ নয়। ১৫০৩ খ্রীঃ আমেরিগো ভেস্পুচি নামে এক নাবিক আটলাণ্টিক পার হয়ে উত্তর আমেরিকায় আসেন। তার নামেই এই মহাদেশের নাম হয় আমেরিকা। ইতিমধ্যে মশলা দ্বীপের সন্ধানে ম্যাগেলান নামে এক পর্তুগীজ নাবিক পাঁচখানি জাহাজ নিয়ে যাত্রা করেন।

তিনি প্রথমে আমেরিকার ব্রাজিলে পেঁছান। দক্ষিণ আমেরিকা ঘুরে তিনি প্রশান্ত মহাসাগরে আসেন। এই সাগরের শান্ত মূর্তি দেখে তিনি এর নাম দেন প্যাসিফিক বা প্রশান্ত মহাসাগর। এই পথে তিনি ফিলিপিন দ্বীপপুঞ্জে পেঁছান। এই স্থানে তাঁর মৃত্যু হয়। কিন্তু তাঁর বহরের ভিক্টোরিয়া নামে একখানি জাহাজ চীন সমুদ্র ও ভারত মহাসাগরে পাড়ি দিয়ে, সারা পৃথিবী প্রদক্ষিণ করে তিন বছর পরে দেশে ফিরে আসে। এর ফলে পৃথিবী যে গোলাকার তা প্রমাণ হয়। পর্তুগীজ ও স্প্যানিশ নাবিকদের পথ ধরে ডাচ, ইংরাজ ও ফরাসীরাও উপনিবেশ স্থাপনে যোগ দেয়। শেষ পর্যন্ত ইংরাজ ও ফরাসীরাই উপনিবেশ স্থাপনের প্রতিযোগিতায় জয়ী হয়।

দ্বিতীয় পাঠঃ ভৌগোলিক আবিষ্কারের ফল ঃ ভৌগোলিক আবিষ্কারের ফলাফল ছিল সুদূর-প্রসারী। এই আবিষ্কারের ফলে ভৌগোলিক জ্ঞান বাড়ে। বিশ্বের বিভিন্ন দেশ ও তার প্রাচীন সভ্যতা সম্পর্কে জানা যায়। অধিকাংশ ক্ষেত্রে ইউরোপের ভাবধারা অধিকৃত দেশগুলিতে ছড়িয়ে পড়ে। এশিয়ার সংস্পর্শে আসবার ফলে এশিয়ার মশলাদার খাদ্য পোলাও, সরবং এবং সৌখীন দ্রব্য যথা কার্পেট, মণি, মুক্তা, সুগন্ধি দ্রব্য প্রভৃতি ইউরোপের লোকেরা ব্যবহার করতে আরম্ভ করে। এছাড়া ভারতীয়, চীনা ও ইসলামীয় সভ্যতার সংস্পর্শে আসবার ফলে ইউরোপের লোকের মনের সংকীর্ণতা দূর হয়। ইউরোপীয় মিশনারী বা খ্রীষ্টধর্ম প্রচারকরা এশিয়া ও আফ্রিকার দুর্গম অঞ্চলে বহু কষ্ট স্বীকার করে খ্রীষ্টধর্ম প্রচার করেন। ভৌগোলিক আবিষ্কারের ফলে সমুদ্র যাত্রা জনপ্রিয় হয়। পৃথিবীর বিভিন্ন দেশের জলবায়ু ও আচার-ব্যবহার সম্পর্কে জ্ঞান বাড়ে। ভৌগোলিক গবেষণার প্রসার ঘটে। সমুদ্র-যাত্রা বাড়লে সমুদ্রের মানচিত্র, অক্ষাংশ ও দ্রাঘিমাংশে সমুদ্র ও ভূভাগকে ভাগ করে বিভিন্ন দেশের অবস্থান নির্ণয়ের কাজ সহজ হয়। সমুদ্রের কোন অঞ্চলে ঝড়-বৃষ্টি হয় অথবা কোন অঞ্চলে কোন সময় সমুদ্র শান্ত থাকে এ সকল তথ্য জানা যায়। লোকে জলপথে দেশ দেখার জন্য অথবা বাণিজ্যের জন্য ঘন ঘন যাতায়াত আরম্ভ করে।

ভৌগোলিক আবিষ্কারের ফলে ইউরোপের সঙ্গে প্রাচ্য দেশের বাণিজ্যের নূতন জলপথ আবিষ্কৃত হয়। আগে ভূমধ্যসাগরের পথে প্রাচ্য দেশের সঙ্গে ইউরোপের সকল বাণিজ্য চলত। এখন আটলান্টিক মহাসাগর ও দক্ষিণ আফ্রিকা হয়ে ভারত মহাসাগরের পথে প্রাচ্য দেশের সঙ্গে বাণিজ্য চলে। ভারত, চীন প্রভৃতি দেশে যাওয়ার রাস্তা আবিষ্কার হলে ইউরোপীয় জাতিগুলি এই সকল দেশের কাঁচামাল ও সম্পদ পাওয়ার জন্য উপনিবেশ স্থাপন আরম্ভ করে। প্রথমে বাণিজ্য করার নাম করে এই সকল দেশে ইউরোপীয় বণিকরা ঢুকে পড়ে। ক্রমে স্থানীয় শক্তিগুলিকে হটিয়ে তারা সাম্রাজ্য স্থাপন

করে। এভাবে ভারত, ব্রহ্ম চীন, মালয়, ইন্দোনেশিয়া প্রভৃতি দেশে ইউরোপীয় উপনিবেশ গড়ে উঠে। রবীন্দ্রনাথের ভাষায় "বণিকের মানদণ্ড রাজদণ্ডে পরিণত হয়।"



আমেরিকা মহাদেশে ইউরোপের উদ্বৃত্ত লোকেরা গিয়ে বসবাস আরম্ভ করে। উত্তর আমেরিকার মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডায় এভাবে ইংরাজ ও ফরাসীদের বসবাসের ফলে ইউরোপীয় জনসংখ্যা ইউরোপের বাইরেও ছড়িয়ে পড়ে। মধ্য ও দক্ষিণ আমেরিকার

মেক্সিকো, পেরু প্রভৃতি দেশের প্রাচীন আজটেক ও ইঙ্কা সভ্যতাকে স্পেনীয় অভিযাত্রীরা ধ্বংস করে ফেলে। এই স্থানের আদিম অধিবাসীদের নিষ্ঠুরভাবে হত্যা করা হয়। এক শ্রেণীর স্প্যানিশ যোদ্ধা যাদের লুঠেরা বলাই সঙ্গত তারা মেক্সিকো ও দক্ষিণ আমেরিকার সমূহ ধনরত্ন লুঠ করে। সোনা ও রূপার খনিগুলি হতে সোনা ও রূপা লুঠ করে তারা জাহাজে করে স্বদেশে নিয়ে যায়।

দক্ষিণ আমেরিকার ক্ষেত, খামার, খনির কাজের জন্য এই সকল অভিযাত্রীরা আফ্রিকা হতে নিগ্রোদের ধরে এনে ক্রীতদাসের কাজ করতে বাধ্য করে। এক শ্রেণীর ইউরোপীয় ব্যবসায়ী ক্রীতদাসদের ব্যবসা করে মোটা মুনাফা করে। ভৌগোলিক আবিষ্কারের ফলে ধনতন্ত্রবাদ জোরদার হয়। উপনিবেশের কাঁচামাল, অর্থ এবং লোক খাটিয়ে ইউরোপীয় বণিকরা ধনী হয়।

কালপঞ্জী : (১) বার্থেলোমিউ দিয়াজের উত্তমাশা অন্তরীপ আবিষ্কার—১৪৮৮ খ্রীঃ। (২) ভাস্কো-দা-গামার ভারতে আগমন—১৪৯৮ খ্রীঃ। (৩) কলম্বাস কর্তৃক আমেরিকা আবিষ্কার—১৪৯২ খ্রীঃ।

তৃতীয় অধ্যায় [খ]

ইউরোপে জাতীয় রাষ্ট্রের উদ্ভব

মধ্যযুগে সমগ্র খ্রীষ্টীয় দেশগুলি ধর্মগুরু পোপের নেতৃত্ব মেনে চলত। খ্রীষ্ট জগতের শাসক হিসাবে পবিত্র রোমান সম্রাটকে গণ্য করা হত। এইভাবে মধ্যযুগে খ্রীষ্টীয় সাম্রাজ্যের আদর্শ গৃহীত হয়। মধ্যযুগের শেষ দিকে ঐক্যবদ্ধ খ্রীষ্টীয় সাম্রাজ্য বা পবিত্র রোমান সাম্রাজ্যের আদর্শ দুর্বল হয়ে পড়ে। এর স্থলে জাতীয় রাষ্ট্রের আদর্শ জেগে উঠে। জাতীয় রাষ্ট্র বলতে একই দেশে বসবাসকারী, একই ভাষাভাষী এক একটি জাতিকে নিয়ে আলাদা স্বাধীন রাষ্ট্র স্থাপন বুঝায়।

জাতীয় রাষ্ট্র গড়ে উঠার অনেক কারণ ছিল। মাতৃভাষায় সাহিত্য রচিত হলে লোকে সেই সাহিত্য পড়লে নিজ দেশ ও জাতি সম্পর্কে চেতনা জাগে। অর্থনৈতিক কারণও এক্ষেত্রে কাজ করে। লোকে বুঝতে পারে যে, সকল দেশের স্বার্থ সমান নয়। কোন এক দেশে পশম বেশী উৎপন্ন হয়। এখন সেই দেশের সরকারের কর্তব্য হল অন্য দেশে পশম রপ্তানী করা। নিজ দেশের লোকের আয় বাড়াবার ব্যবস্থা করা। এজন্য সরকারকে দেশের স্বার্থে বাণিজ্য নীতি তৈরী করতে হয়।

রেনেসাঁস বা জাগৃতি আন্দোলনের ফলে জাতীয় রাষ্ট্রের আদর্শ জোরদার হয়। রেনেসাঁস-প্রসূত যুক্তিবাদ জাতীয় রাষ্ট্রকেই যুক্তিপূর্ণ বলে প্রচার করে। রেনেসাঁসের প্রভাবে রাজারা দেশের স্বার্থের কথা ভেবে বৈদেশিক নীতি পরিচালনায় বাধ্য হয়। ইংলণ্ডের টিউডর রাজবংশ, স্পেনের রাজা ফার্দিনান্দ, ফ্রান্সের রাজারা এই নীতি অনুসরণ করেন।

একটি বাড়ী তৈরী করতে হলে যেমন শক্ত ভিতের দরকার হয়, সেরূপ কোন রাষ্ট্র গড়তে হলে তার সমর্থক শ্রেণীর দরকার হয়। মধ্যযুগের শেষদিক হতে কৃষির উন্নতি ও বাণিজ্যের বিস্তার হলে মধ্যবিত্ত শ্রেণীর উদ্ভব হয়। স্বাধীন কৃষক ও শহুরে বণিকেরাই ছিল এই মধ্যবিত্ত শ্রেণীর মেরুদণ্ড। এই নূতন গড়ে ওঠা মধ্যবিত্তরাই ছিল জাতীয় রাষ্ট্রের প্রধান সমর্থক। এরাই ছিল রেনেসাঁসের অগ্রদূত। এভাবে ইংলণ্ড, ফ্রান্স, স্পেন প্রভৃতি দেশে জাতীয় রাষ্ট্র স্থাপিত হয়।

চতুর্থ অধ্যায়
ইউরোপে ধর্মবিপ্লব

প্রথম পাঠঃ ধর্মবিপ্লবের কারণঃ জাগৃতি আন্দোলনের ফলে লোকে বিনা প্রমাণে বা যুক্তিতে কোন কিছু মানতে অস্বীকার করে। এর ফলে ক্যাথলিক যাজকদের প্রতি লোকের অন্ধভক্তি কমে যায়। ক্যাথলিক গীর্জার নির্দেশগুলির ভাল ও মন্দ দিক সম্পর্কে লোকে বিচার করতে আরম্ভ করে। ১৬শ শতকে গীর্জার অধিকাংশ যাজকরা ছিল নীতিহীন ও অর্থলোভী। সাধারণ খ্রীষ্টানদের পরলোকের ভয় দেখিয়ে তারা নানাভাবে শোষণ করত। ক্যাথলিক পুরোহিতদের বিবাহ ও সংসারধর্ম পালন করা নিষিদ্ধ হলেও তারা তা মানত না। কোন কোন বিশপ এমন বিলাস-বৈভবে দিন কাটাত যে, তা দেখে রাজা বা অভিজাতরাও লজ্জা পেত। যাজকদের এই দুর্নীতির জন্য সাধারণ লোকের মনে গীর্জার প্রতি বিরাগ দেখা দেয়। ক্যাথলিক সম্প্রদায়ের ধর্মগুরু পোপ ছিলেন গীর্জার সর্বেসর্বা। কিন্তু পোপেরা গীর্জার দুর্নীতি দূর করবার চেষ্টা করতেন না। বরং সরল ধর্ম-বিশ্বাসী লোকেদের কাছ হতে নানাভাবে ধর্ম কর ও অন্যান্য কর আদায় করে তা বিলাস-ব্যসনে ব্যয় করতেন।

ইরাসমাস প্রভৃতি মানবতাবাদী পণ্ডিতেরা গীর্জার দুর্নীতি দূর করার জন্য গীর্জার সংস্কার দাবী করেন। ইটালীতে স্যাভানারোলা নামক সংস্কারক এজন্য আন্দোলন করেন। কিন্তু গীর্জার নির্দেশে তাঁর প্রাণদণ্ড হয়। গীর্জার কর্তৃপক্ষ স্থানীয় লোকেরা

এমনই গোঁড়া ছিলেন যে, তারা গীর্জার দুর্নীতি দূর করার কথা বললে তাকে বিধর্মী বলে চিহ্নিত করতেন।

জাগৃতি আন্দোলনের প্রভাবে ইউরোপে গ্রীক, ল্যাটিন ভাষার চর্চা বাড়ে। এই সঙ্গে অনেক লোক হিব্রু ভাষাও শিক্ষা করে। খ্রীষ্টানদের ধর্মগ্রন্থ বাইবেল আদিতে হিব্রু ভাষায় লেখা ছিল। হিব্রু বাইবেল সাধারণ লোকে পড়তে পারলে খ্রীষ্টের প্রকৃত নির্দেশগুলি কি তারা তা জানতে পারে। আদি বাইবেল পড়ে বুঝতে পারে যে, বাইবেলে যা বলা হয়েছে তার সঙ্গে পোপের ধর্মমতের বহু তফাৎ আছে। এভাবে জাগৃতি আন্দোলন ও জ্ঞানচর্চার বিস্তার হলে পোপতন্ত্রের দুর্নীতির প্রতি লোকের দৃষ্টি পড়ে।

মধ্যযুগ হতে পোপ ও তাঁর তরফে বিশপরা দাবী করতেন যে, যেহেতু তাঁরা ঈশ্বরের প্রতিনিধি, সেহেতু রাজারা তাঁদের আদেশ মেনে চলতে বাধ্য। এদিকে ইউরোপের রাজারা দেখেন যে, যদি তাদের পোপ ও গীর্জার আদেশ মেনে চলতে হয় তবে তাঁদের ক্ষমতা কমে যাবে। সুতরাং ইউরোপের অধিকাংশ রাজা পোপের এই দাবী পছন্দ করতেন না। জার্মানী, ইংলণ্ড প্রভৃতি দেশের সাধারণ লোকেরাও মনে করত যে, তাঁদের দেশের ব্যাপারে পোপ হস্তক্ষেপ করলে তাদের স্বাধীনতা নষ্ট হবে। ইতিমধ্যে জাগৃতির প্রভাবে লোকে ক্যাথলিক গীর্জার দুর্নীতির বিরুদ্ধে মুখর হয়ে উঠে। ইউরোপের বিভিন্ন দেশের রাজারাও জনসাধারণকে গীর্জার স্বার্থরক্ষার জন্য দমন করতে বিরত থাকেন। এভাবে তাঁরা গীর্জার সমালোচনা করার সুযোগ করে দেন।

এই সময় গীর্জা জনসাধারণের কাছ থেকে টাইদ, এ্যানেট, পিটারস পেন্স প্রভৃতি নানা প্রকার কর আদায় করত। এছাড়া গীর্জার বিশপ বা মোহান্তদের হাতে ছিল বড় বড় জমিদারী ও অনেক টাকা। গীর্জার অধীনে মঠগুলিরও বহু ভূসম্পত্তি ছিল। খ্রীষ্টধর্মের নিয়ম অনুসারে গীর্জার ধন-সম্পত্তি জনসাধারণের মঙ্গলের জন্য বিদ্যালয় স্থাপন, চিকিৎসা কেন্দ্র গঠন, সেবা কাজের জন্য ব্যয় করার নিয়ম ছিল। কিন্তু কার্যক্ষেত্রে তা আদপেই হত না। লোকে দেখত যে, গরীব কৃষকের কাছ থেকে জোর করে কর আদায় করে বিশপরা বিলাস-ব্যসনে ডুবে আছেন। এই অর্থের একাংশ পোপকে দিয়ে বিশপরা বাকী টাকা নানাভাবে খরচ করছেন। গীর্জার হাতে সম্পত্তি ও অর্থ থাকা জমিদার ও সামন্তরা পছন্দ করত না। তারা চাইত যে, এই সম্পত্তি তাদের অধিকারেই আনা উচিত। এজন্য তারা ধর্মবিপ্লবে সহযোগিতা করে। এদিকে গরীব লোকেরা দেখে যে, গীর্জা তাঁদের শোষণ করে ফুলে ফেঁপে উঠেছে। এজন্য তারাও ধর্মবিপ্লবে সমর্থন জানায়।

দ্বিতীয় পাঠ : গীর্জার দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ : মার্টিন লুথারের অভ্যুদয় : ক্যাথলিক গীর্জার দুর্নীতির বিরুদ্ধে ইংলণ্ডের জন ওয়াইক্লিফ ১৪শ শতকে সর্বপ্রথম তীব্র আন্দোলন আরম্ভ করেন। তিনি গীর্জার দুর্নীতিতে বিরক্ত হয়ে প্রচার

করেন যে—(১) বাইবেলের মতে ঈশ্বর ও মানুষের মধ্যে স্বাভাবিক সম্পর্ক আছে। ঈশ্বরের কাছে মানুষের প্রার্থনার জন্য ধর্মযাজকের দরকার নাই। (২) ধর্মযাজকদের উচিত অর্থচিন্তা ও সম্পত্তির কথা ছেড়ে ঈশ্বরের চিন্তা করা। (৩) জন ওয়াইক্লিফ বলেন যে, বাইবেলের মতে সম্পত্তির উপর সমাজের সকল লোকের সমান অধিকার আছে। ঈশ্বর কাহাকেও ধনী, কাহাকেও দরিদ্র করে সৃষ্টি করেন নি। ওয়াইক্লিফের প্রচারের ফলে ইংলণ্ডে লোলার্ড নামে এক ধর্মীয় সম্প্রদায়ের উদ্ভব হয়। লোলার্ডেরা একটি ছড়ার দ্বারা সকল লোকের সমান অধিকারের কথা প্রচার করে। ছড়াটির বাংলা অনুবাদ হল ঃ

"যখন আদম কাপড় বুনত আর ইভ সুতা কাটত, তখন জেণ্টেলম্যান বা জমিদাররা কোথায় থাকত ?" লোলার্ডদের মতবাদে প্রভাবিত হয়ে ওয়াট টাইলার নামে একজন লোক ইংলণ্ডে কৃষক বিদ্রোহে নেতৃত্ব দেন। কৃষকরা গীর্জার ও জমিদারদের ভূসম্পত্তি দখল ও লুঠপাট করে। শেষ পর্যন্ত ইংলণ্ডের রাজা দ্বিতীয় রিচার্ড ও তাঁর সামন্তরা ওয়াট টাইলারকে নিহত করেন। লোলার্ডদের বিধর্মী বলে আগুনে পুড়িয়ে এই আন্দোলন দমন করা হয়। লোলার্ডরা যে আন্দোলন করে তার ফলে ইংলণ্ডে ধর্ম-বিপ্লবের ভিত্তি স্থাপিত হয়। লোলার্ড আন্দোলনের স্রষ্টা জন ওয়াইক্লিফকে এজন্য ধর্মসংস্কার আন্দোলনের "প্রভাতী তারা" বলা হয়।

জন ওয়াইক্লিফের ভাবধারায় বোহেমিয়ার ধর্মপ্রচারক জন হাস প্রভাবিত হন। তিনি ছিলেন প্রাগ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। তিনি অনুবাদের মাধ্যমে ওয়াইক্লিফের রচনাগুলি পাঠ করেন। রোমের পোপ ১৪২১ খ্রীঃ বোহেমিয়ায় অর্থসংগ্রহের জন্য ছাড়পত্র বা ইনডালজেন্স বিক্রী আরম্ভ করলে, জন হাস এর বিরুদ্ধে তীব্র প্রচার চালান। রোমের পোপ, জন হাসকে বিধর্মী ঘোষণা করে বন্দী করেন। তিনি জন হাসকে ওয়াইক্লিফের ৪৫টি মত বর্জন করতে আদেশ দেন। কিন্তু জন হাস যা সত্য বলে মনে করতেন তা ছাড়তে রাজী হন নাই। তাঁকে পোপের আদেশে পুড়িয়ে মারা হয়। জন হাস তাঁর আত্মদানের সময় ঈশ্বরের নিকট প্রার্থনা করতে করতে নির্ভয়ে অগ্নিকুণ্ডে প্রবেশ করেন। জন হাসের মৃত্যুর ফলে বোহেমিয়ায় কৃষক বিদ্রোহ আরম্ভ হয়। অষ্ট্রিয়ার হ্যাপসবার্গ রাজারা এই বিদ্রোহ দমিয়ে ফেলেন।

ক্যাথলিক গীর্জার দুর্নীতির বিরুদ্ধে ওয়াইক্লিফ ও জন হাস যে প্রতিবাদ আরম্ভ করেন, জার্মানীতে মার্টিন লুথার তাকে পূর্ণতা দেন। ক্যাথলিক গীর্জার বিরুদ্ধে ধর্মবিপ্লবের স্রষ্টা হিসাবে লুথারের নাম চিরস্মরণীয়। জার্মানীর থুরিঙ্গিয়া প্রদেশের ইসলেবেন গ্রামে ১৪৮৩ খ্রীঃ লুথারের জন্ম হয়। তাঁর বাবা ছিলেন এক সম্পন্ন কৃষক। মার্টিন লুথার উইটেনবার্গ বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার কাজে যোগ দেন। পরে তিনি

খ্রীষ্টীয় সন্ন্যাসীর জীবন বরণ করেন। লুথার ছিলেন খুবই ভাবুক ও আবেগ-প্রবণ লোক। তিনি জন হাসের রচনা এবং ল্যাটিন ভাষায় বাইবেল পড়বার পর ক্যাথলিক ধর্ম সম্পর্কে স্বাধীনভাবে চিন্তা আরম্ভ করেন। সাধু অগাষ্টিনের বাণী "বিশ্বাসে ভগবানের আশীর্বাদ পাওয়া যায়" তাঁর মনে গভীর আলোড়ন সৃষ্টি করে। এর পর তিনি একবার রোম ভ্রমণে যান। পোপ ও কার্ডিনাল-দের দুর্নীতি ও বিলাসপ্রিয়তা দেখে তিনি পোপতন্ত্রের প্রতি শ্রদ্ধা হারিয়ে ফেলেন।[১]



মার্টিন লুথার

ইতিমধ্যে রোমের সেণ্টপিটার্স গীর্জা মেরামতের জন্য টাকা যোগাড়ের উদ্দেশ্যে টেটজেল নামে এক যাজক পোপের নির্দেশে জার্মানীতে ছাড়পত্র বা ইনডালজেন্স বিক্রী আরম্ভ করেন। গরীব ও অশিক্ষিত লোকেরা মৃত্যুর পর স্বর্গে যাওয়ার আশায় টাকা দিয়ে পোপের সই করা স্বর্গে যাওয়ার ছাড়পত্র কিনতে ভীড় করে। লুথার পোপের এই দুর্নীতি সহ্য করতে না পেরে ৯৫ দফা প্রতিবাদমূলক একটি পত্র রচনা করে উইটেনবার্গ বিশ্ববিদ্যালয়ের দরজায় (১৫১৭ খ্রীঃ) পেরেক দিয়ে টাঙিয়ে দেন। লুথারের এই প্রতিবাদ দারুণ জনসমর্থন পায়।

লুথার তাঁর এই পত্রে পোপের বিরুদ্ধে প্রতিবাদ বা প্রোটেস্ট করেন বলে তাঁর প্রচারিত ধর্মমতকে প্রোটেস্ট্যাণ্ট ধর্মমত বলা হয়। লুথারের এই প্রতিবাদপত্র গোঁড়া ক্যাথলিকদের দ্বারা সমালোচিত হয়। এর জবাবে লুথার রেজোলিউশানস বা প্রস্তাবপত্র নামে এক পুস্তিকা রচনা করেন। তিনি "খ্রীষ্টীয় সমাজের সংস্কার সম্পর্কে জার্মান জাতির খ্রীষ্টীয় অভিজাতদের নিকট খোলা পত্র" নামে অপর এক বিখ্যাত গ্রন্থ রচনা করেন। এই সকল গ্রন্থে লুথার নিম্নলিখিত মত প্রকাশ করেন যথা, (১) বাইবেলে যীশুখ্রীষ্ট বলেছেন যে, সকল সৎ খ্রীষ্টান হ'ল ঈশ্বরের পুত্র। সুতরাং পোপ একা ভগবানের প্রতিনিধিত্ব দাবী করতে পারেন না। পোপ খ্রীষ্ট জগতের প্রধান একথা তিনি স্বীকার করেন না। (২) যাজকেরা ঈশ্বরের আদেশে নিযুক্ত ইহা তিনি বিশ্বাস করেন না। কারণ সৎ খ্রীষ্টান নিজেই প্রার্থনা দ্বারা ঈশ্বরের করুণা পাবে। এজন্য যাজকের দরকার নাই। (৩) ইউক্যারিষ্ট উৎসবের সময় যাজকদের প্রার্থনার ফলে রুটি ও মদ্য যীশুখ্রীষ্টের রক্ত ও মাংসে পরিণত হয় ইহা তিনি বিশ্বাস করেন না।

১. Will Durant—Reformation. P. 345

(৪) বাইবেলই খ্রীষ্টানদের একমাত্র ধর্মগ্রন্থ। বাইবেলের আদেশ ছাড়া আর কোন প্রথা তিনি স্বীকার করেন না। (৫) জন ওয়াইক্লিফ ও জন হাসের ন্যায় মার্টিন লুথার ব্যক্তিগত সম্পত্তি ও ভূমিদাস প্রথার নিন্দা করেন। তিনি বলেন যে, বাইবেলের মত অনুযায়ী সম্পত্তিতে সকল মানুষের সমান অধিকার আছে।

লুথারের এই মতবাদকে পোপ দশম লিও ও জার্মান সম্রাট পঞ্চম চার্লস সহ্য করতে পারেন নাই। জার্মানীর ওয়ার্মস শহরে এক ধর্মসভায় (১৫২১ খ্রীঃ) পোপের প্রতিনিধি, জার্মানীর জনসাধারণ ও সম্রাটের সম্মুখে লুথার তাঁর মত অভ্রান্ত বলে ঘোষণা করেন। লুথারের ঘোষণার ফলে পোপ তাঁকে বিধর্মী বলে চিহ্নিত করেন। লুথারকে পুড়িয়ে মারার আদেশ দেওয়া হয়। কিন্তু জার্মানীর সামন্ত রাজা ফ্রেডারিক লুথারকে আশ্রয় দেন। লুথার জার্মান ভাষায় ল্যাটিন বাইবেলের অনুবাদ করেন। লুথারের আমলে ছাপাখানা স্থাপিত হয়েছিল। ফলে লুথারের জার্মান ভাষায় অনূদিত বাইবেল জার্মান জনসাধারণ সাগ্রহে পড়ে এবং তাঁর আদর্শের প্রতি অনুরক্ত হয়।

লুথার তাঁর ধর্মমতে যাজক ও জমিদারের সম্পত্তির অধিকারকে নিন্দা করেন। লুথারের এই সমাজতান্ত্রিক মতের প্রভাবে জার্মান কৃষকেরা সামন্তদের বিরুদ্ধে বিদ্রোহ করে। কার্ল ষ্টার্ড নামে লুথারের অনুগামী এক যাজক কৃষকদের নেতৃত্ব দেন। কিন্তু জার্মান জমিদাররা বল প্রয়োগ দ্বারা এই বিদ্রোহ দমিয়ে ফেলে।

দ্বিতীয় পাঠঃ ধর্মবিপ্লবের বিস্তৃতিঃ লুথারের ধর্মমত জার্মান জনগণের বিশেষ মনোগ্রাহী হয়। লুথারের প্রভাবে পোপকে অস্বীকার করে জার্মানীতে জাতীয় গীর্জা গড়ে উঠে। এই গীর্জাকে লুথারবাদী গীর্জা বলা হয়। উত্তর জার্মানীতে লুথারবাদ স্থায়িত্ব লাভ করে। ক্যাথলিক গীর্জার বিরুদ্ধে প্রোটেস্ট বা প্রতিবাদ দ্বারা এই ধর্মমতের উদ্ভব হয় বলে একে প্রোটেস্ট্যাণ্ট বা প্রতিবাদী ধর্মমত বলা হয়। প্রোটেস্ট্যাণ্ট মত জার্মানীতে কেবলমাত্র সীমাবদ্ধ থাকে নাই। লুথারবাদ জার্মানী ছাড়া সুইডেন, ডেনমার্ক ও নরওয়েতে প্রচারিত হয়। লুথারের সহযোগী জুইংলি, সুইজারল্যাণ্ড ও জন ক্যালভিন জেনেভায় প্রোটেস্ট্যাণ্ট ধর্মমত প্রচার করেন। ক্যালভিন ছিলেন গোঁড়া প্রোটেস্ট্যাণ্ট। তিনি নাগরিকদের বিলাসিতা বর্জন করে কঠোর শৃংখলায় বাঁধেন। তিনি যুবকদের মাথায় লম্বা চুল রাখা, থিয়েটারে অভিনয় দেখা নিষিদ্ধ করেন। ক্যালভিনের আদর্শ অনুসরণ করে জন নক্স স্কটল্যাণ্ডে প্রোটেস্ট্যাণ্ট ধর্ম প্রচার করেন।

ধর্মবিপ্লব বা ধর্ম আন্দোলন থেকে ইংলণ্ডও মুক্ত থাকে নাই। তোমরা জন ওয়াইক্লিফের নেতৃত্বে লোলার্ড আন্দোলনের কথা পড়েছ। ওয়াইক্লিফ ইংলণ্ডে সর্বপ্রথম ধর্ম আন্দোলনের সূচনা করেন। পোপকে ধর্মকর বাবদ ইংলণ্ড হতে বহু টাকা পাঠাতে

হয়। এজন্য ইংলণ্ডের অনেক লোক পোপের উপর চটে যায়। এদিকে ইংলণ্ডের মোট কৃষি জমির ১/৩ অংশই ছিল গীর্জা ও ক্যাথলিক মঠগুলির হাতে। এই জমি গীর্জার হাত থেকে নিজেরা নেওয়ার জন্য ইংলণ্ডের অভিজাতরা আগ্রহী ছিল। এছাড়া গীর্জার যাজকদের দুর্নীতি, গীর্জা সম্পর্কে সাধারণ লোকের আস্থা নষ্ট করে দেয়। এভাবে ইংলণ্ডে ধর্মবিপ্লবের ক্ষেত্র তৈরী হয়। এমন সময় ইংলণ্ডের টিউডর বংশীয় রাজা অষ্টম হেনরীর সঙ্গে তাঁর প্রথমা স্ত্রী ক্যাথারিনের বিবাহ-বিচ্ছেদ নিয়ে পোপের সঙ্গে বিবাদ বাধে। অষ্টম হেনরীর প্রথমা স্ত্রী ক্যাথারিনের গর্ভে কোন পুত্র সন্তান না হলে হেনরী পোপের নিকট দাবী করেন যে, পোপ যেন ক্যাথারিনের সঙ্গে তাঁর বিবাহ-বিচ্ছেদের আদেশ দেন। তিনি এ্যানি বোলিন নামে এক যুবতীকে বিবাহ করতে স্থির করেন। এদিকে পোপ হেনরীর বিবাহ-বিচ্ছেদের আবেদন নাকচ করে দেন। হেনরী এতে রেগে গিয়ে মন্ত্রী টমাস ক্রমওয়েলের পরামর্শে পোপের নিয়ন্ত্রণ অস্বীকার করে ইংলণ্ডে স্বাধীন জাতীয় গীর্জা ঘোষণা করেন। ইংলণ্ডের পার্লামেণ্ট এ সম্পর্কে আইন রচনা করে হেনরীকে গীর্জার প্রধান বলে ঘোষণা করে। গীর্জার অনুমতিক্রমে হেনরীর বিবাহ-বিচ্ছেদ সম্পন্ন হয়। এ্যানি বোলিনের গর্ভে হেনরীর কন্যা এলিজাবেথ ইংলণ্ডের সিংহাসনে বৈধ উত্তরাধিকারিনী বলে ঘোষিতা হন। ইংলণ্ডের গীর্জার উপর হ'তে পোপের সকল ক্ষমতা লোপ করা হয়। গীর্জার ও মঠের জমি বাজেয়াপ্ত করা হয়। এভাবে ইংলণ্ডে ধর্মবিপ্লব ঘটে।

তৃতীয় পাঠ : ক্যাথলিক গীর্জার আভ্যন্তরীণ সংস্কার আন্দোলন : প্রতিবাদী বা প্রোটেস্ট্যাণ্ট আন্দোলনের ফলে একশ্রেণীর চিন্তাশীল লোক ক্যাথলিক গীর্জার সংস্কারের দরকার বুঝতে পারেন। যেমন ভাঙা ছেঁদা জাহাজে সমুদ্র পাড়ি দেওয়া যায় না, সেরূপ দুর্নীতিময় যাজক নিয়ে ক্যাথলিক গীর্জা প্রতিবাদী ধর্ম আন্দোলন রুখতে পারবে না একথা স্পষ্টভাবে বুঝা যায়। জিবাতি নামে এক নিষ্ঠাবান ক্যাথলিক যাজক পোপ দশম লিওকে বুঝান যে, সংস্কার না করলে ক্যাথলিক গীর্জা ধ্বংস হয়ে যাবে। পোপ দশম লিও এই যুক্তিতে প্রভাবিত হন। এর পর পোপ তৃতীয় পল যে সংস্কার প্রস্তাবগুলি দেন তার নাম ছিল "স্বর্ণ উপদেশ" বা গোল্ডেন কাউন্সেল। (১) পরবর্তী পোপ চতুর্থ পল এই সংস্কারগুলিকে (১৫৫৫ খ্রীঃ) দৃঢ়ভাবে প্রয়োগ করেন। এই সংস্কারগুলি ছিল নিম্নরূপ :—(ক) ধর্ম যাজক ও সন্ন্যাসীদের নৈতিক জীবনকে শুদ্ধ রাখতে হবে। (খ) কোন বিশপ বা ধর্মযাজককে গীর্জায় একটির বেশী পদ অধিকার করতে দেওয়া হবে না। (গ) যাজকদের পাপ-স্খালনের জন্য ঈশ্বরের কাছে নিত্য অনুতাপ ও প্রার্থনা করতে হবে। (ঘ) ক্যাথলিক সন্ন্যাসী ও সন্ন্যাসিনীদের পবিত্র চরিত্র হতে হবে। (ঙ) ক্যাথলিক সন্ন্যাসী, সন্ন্যাসিনী এবং ধর্ম যাজকদের বিবাহ করা নিষিদ্ধ করা হয়। এই আইনগুলি কড়াভাবে প্রয়োগ

করে ক্যাথলিক গীর্জাকে দুর্নীতিমুক্ত করা হয়। এই সময় সন্ন্যাসীদের যে সংঘগুলি গঠিত হয় তার মধ্যে মাদার টেরেসা ডি সিপিডার নেতৃত্বে গঠিত কারমেলি সন্ন্যাসিনী সংঘ বিশেষভাবে খ্যাতিলাভ করে।

(২) এর পর ক্যাথলিক ধর্মের প্রতিবাদীদের দমন করার জন্য পোপ চতুর্থ সিক্সটাস্ ইনকুইজিশন প্রথা প্রবর্তনের আদেশ দেন। ইনকুইজিশন প্রথার মূলে এই বিশ্বাস কার্যকরী ছিল যে, ঈশ্বরের নির্দেশে পৃথিবীতে একমাত্র সত্য ধর্ম হ'ল ক্যাথলিক খ্রীষ্টধর্ম। অন্যান্য সকল ধর্ম হ'ল পাপ। অন্য ধর্মের অস্তিত্ব স্বীকারের অর্থই হ'ল ঈশ্বরের অবমাননা। স্পেনের রাজা ফার্দিনান্দ ছিলেন গোঁড়া ক্যাথলিক। তিনি স্পেনে অন্য ধর্মাবলম্বীদের উচ্ছেদ করে স্পেনের ধর্মীয় ঐক্য স্থাপনের জন্য ১৪৮০ খ্রীঃ ইনকুইজিশন প্রথা চালু করেন।

পোপ চতুর্থ সিক্সটাসের আদেশে ছয়জন গোঁড়া ক্যাথলিক যাজক দ্বারা ইনকুইজিশন আদালত গঠন করা হয়। ইনকুইজিশন আদালত প্রতি ধর্মপ্রাণ ক্যাথলিককে নির্দেশ দেয় যে, যে সকল লোক ক্যাথলিক ধর্মপথ থেকে বিচ্যুত হয়েছে তারা তাদের নাম যেন এই আদালতে জানায়। নতুবা পোপের শাপে তারা নরকে যাবে। নরকে যাওয়ার ভয়ে লোকে বাধ্য হয়ে প্রোটেস্ট্যান্ট ও ভ্রষ্ট খ্রীষ্টানদের নাম বলে দেয়। ইনকুইজিশন আদালতের বিচারকরা অভিযুক্ত ব্যক্তিদের গ্রেপ্তার করে তাদের নিকট স্বীকারোক্তি দাবী করেন যে, তারা ক্যাথলিক ধর্ম মেনে চলবে। যদি তারা এই স্বীকারোক্তি না দিত, তবে তাদের উপর দৈহিক নির্যাতন চালান হত। তাদের বিষয়-সম্পত্তি বাজেয়াপ্ত করে সরকারের ও গীর্জার হাতে তুলে দেওয়া হত। যদি তারা দোষ স্বীকার করত তবে তাদের প্রাণদণ্ড না হলেও অন্যান্য দণ্ড দেওয়া হত। কখনও কখনও স্বীকারোক্তি আদায়ের জন্য অভিযুক্ত ব্যক্তিদের বেত্রাঘাত অথবা হাত-পা বেঁধে কাঠের ক্রসে ঝুলিয়ে রাখা হত। স্বীকারোক্তি দিলে তাদের স্পেনের নৌবহরে চিরজীবন দাঁড় টানার কাজ করতে হত। যারা কিছুতেই স্বীকারোক্তি দিত না অথবা পোপের কর্তৃত্ব স্বীকার করত না, তাদের জ্যান্ত পুড়িয়ে মারা হত। রাজার জন্মদিনে এই সকল হতভাগ্যদের প্রকাশ্য সভায় ফাঁসী দেওয়া হত অথবা আগুনে পোড়ান হত। উপস্থিত লোক সেই দৃশ্য উপভোগ করত।

স্পেন হতে ফ্রান্স, ইংলণ্ড সকল দেশেই ইনকুইজিশন প্রথা কমবেশী ছড়িয়ে পড়ে। কখনও কখনও ডাইনী বা ভূতে পাওয়া বলেও বিধর্মী লোকেদের পুড়িয়ে মারা হত। তোমরা কুমারী যোয়ান অফ আর্ককে পুড়িয়ে মারার কথা নিশ্চয় পড়েছ।

(৩) ইতিমধ্যে ইগনেশিয়াস লয়লা নামে এক ধর্মপ্রাণ সন্ন্যাসীর প্রভাবে সোসাইটি অফ যিসাস নামে এক সন্ন্যাসী সংঘ (১৫৪০ খ্রীঃ) স্থাপিত হয়। এই সংঘের সন্ন্যাসীদের

জেসুইট সন্ন্যাসী বলা হয়। জেসুইটরা চারিটি নীতি অন্ধভাবে অনুসরণ করত, যথা, (১) ক্যাথলিক ধর্ম ও ভাবধারার প্রতি একান্ত আনুগত্য, (২) ব্রহ্মচর্য পালন, (৩) দারিদ্র্য ব্রত গ্রহণ, (৪) ধর্মগুরু পোপকে ঈশ্বরের প্রতিনিধি হিসাবে স্বীকার করা। জেসুইট সন্ন্যাসীরা নিয়মানুবর্তিতা, সততা, দারিদ্র্যকে বরণ করে ঈশ্বরের কাজ করতে প্রতিজ্ঞা করত। জেসুইট সংঘ ক্যাথলিক ধর্ম প্রচারের কাজে আত্মোৎসর্গ করে। জেসুইটদের প্রচারের ফলে দক্ষিণ জার্মানী, হাঙ্গেরী, বোহেমিয়া, পোল্যাণ্ডে ক্যাথলিক ধর্ম বলবতী হয়। ইউরোপের বাইরে জেসুইট সন্ন্যাসী ফাদার জেভিয়ার ভারতের গোয়াতে ধর্ম প্রচার করেন। চীন, জাপান ও আমেরিকায় জেসুইট সংঘ খ্রীষ্টধর্ম প্রচার করে। জেসুইটরা ধর্ম প্রচার ছাড়া শিক্ষা বিস্তারের জন্য স্কুল, কলেজ স্থাপন করেন।

(৪) এছাড়া ট্রেণ্ট শহরে পোপ তৃতীয় পল (১৫৪৫ খ্রীঃ) কাউন্সিল অফ ট্রেণ্ট বা ট্রেণ্টের ধর্মসভা আহ্বান করেন। এই সভায় ইউরোপের সকল দেশের ক্যাথলিক বিশপরা যোগ দেন। ট্রেণ্টের ধর্মসভায় ক্যাথলিক ধর্মের কয়েকটি মূলনীতি স্থির করা হয়। পোপ নির্দেশ দেন যে, খাঁটি ক্যাথলিকরা মনে প্রাণে ট্রেণ্টের সভার নির্দেশকেই মেনে চলবে। এইভাবে ক্যাথলিক গীর্জা আত্মসংস্কার দ্বারা সংগঠিত হয়।

চতুর্থ পাঠ ঃ পবিত্র রোমান সাম্রাজ্যে ধর্মযুদ্ধ ঃ তোমরা আগেই পড়েছ যে, লুথার ওয়ার্মসের ধর্মসভায় পোপের কর্তৃত্ব অস্বীকার করলে তাঁকে বিধর্মী ঘোষণা করে শাস্তিদানের সিদ্ধান্ত নেওয়া হয় (পৃঃ ২২ দেখ)। জার্মানীর সম্রাট পঞ্চম চার্লস ইটালী ও তুরস্কের যুদ্ধে ব্যস্ত থাকায় লুথারের বিরুদ্ধে কার্যকরী ব্যবস্থা নিতে দেরী হয়। এই যুদ্ধগুলি শেষ হলে সম্রাট পঞ্চম চার্লস অগাসবার্গ শহরে জার্মান সামন্ত ও বিশপদের এক সভা থেকে তাঁদের লুথার ও লুথারপন্থীদের কঠোভাবে দমনের জন্য আদেশ দেন। কিন্তু লুথারকে দমন করা সহজ কাজ ছিল না। কারণ স্যাক্সনীর রাজা ফ্রেডারিক প্রভৃতি ক্ষমতাশালী লোক লুথারের পক্ষ সমর্থন করেন। এই কারণে অগাসবার্গের ধর্মসভায় গভীর মত-বিরোধ দেখা দেয়।

এই অবস্থায় ক্যাথলিক-পন্থী সামন্ত ও রাজারা ক্যাথলিক সংঘ স্থাপন করে প্রোটেস্ট্যাণ্টদের দমন করার আয়োজন করে। প্রোটেস্ট্যাণ্ট গোষ্ঠীর লোকেরা আত্মরক্ষার জন্য স্মলক্যাল্ডিক সংঘ নামে এক প্রোটেস্ট্যাণ্ট জোট গঠন করে। স্মলক্যাল্ডিক জোট জার্মানীর উপর পোপের এক্তিয়ার অগ্রাহ্য করে। জার্মানীর পবিত্র রোমান সম্রাট ক্যাথলিক ধর্মকে সমর্থন করায় এই সংঘ জার্মান সম্রাটদের কর্তৃত্বকেও অস্বীকার করে। এর ফলে জার্মানীতে ক্যাথলিক সংঘের সহিত প্রোটেস্ট্যাণ্ট সংঘের যুদ্ধ আরম্ভ হয়। স্যাক্সনি, ব্যাণ্ডেনবার্গ প্রভৃতি অঞ্চলের শাসকরা প্রোটেস্ট্যাণ্টদের পক্ষ নিয়ে জার্মানীতে স্বাধীন জাতীয় গীর্জা ঘোষণা করেন। সম্রাট পঞ্চম চার্লস প্রথমদিকে যুদ্ধে জয়ী হলেও, শেষ পর্যন্ত প্রোটেস্ট্যাণ্টদের পরাস্ত করতে অসমর্থ হন।

অগাসবার্গের সন্ধির দ্বারা (১৫৫৫ খ্রীঃ) জার্মানীতে ধর্মযুদ্ধের অবসান হয়। (১) এই সন্ধির দ্বারা পঞ্চম চার্লস প্রোটেস্ট্যান্ট ধর্মকে বৈধ বলে স্বীকার করেন। (২) জার্মানীর বিভিন্ন রাজ্যে রাজার যা ধর্ম প্রজাদেরও সেই ধর্ম মানতে হবে বলে স্থির হয়। (৩) যে সকল প্রজা রাজার ধর্ম গ্রহণে অসমর্থ হবে তারা সেই রাজ্য ছেড়ে বিনা বাধায় চলে যেতে পারবে বলে স্থির করা হয়। অগাসবার্গের সন্ধির ফলে উত্তর জার্মানী প্রোটেস্ট্যান্ট ও দক্ষিণ জার্মানী ক্যাথলিক রাষ্ট্রে পরিণত হয়।

পঞ্চম পাঠঃ নেদারল্যাণ্ডের বিদ্রোহ : ডাচ বিদ্রোহ : ফ্রান্সের উত্তর-পূর্ব সীমান্তে অবস্থিত নেদারল্যান্ড রাজ্যটির কথা তোমরা হয়ত জান। সমুদ্রের জলের উচ্চতা থেকে হল্যান্ডের জমি নীচ বলে এই অঞ্চলের নাম হয় নেদারল্যান্ড। এইস্থানের লোকেরা ছিল সাহসী, সমুদ্রযাত্রায় পটু ও শিল্পে দক্ষ। জার্মানীতে প্রোটেস্ট্যান্ট ধর্মমত প্রবর্তিত হলে হল্যান্ড অঞ্চলের লোকেরা তাতে প্রভাবিত হয়। প্রোটেস্ট্যান্ট প্রচারক জন ক্যালভিনের ধর্মমত হল্যান্ডে প্রচারিত হলে লোকে তা গ্রহণ করে। হল্যান্ডের সংলগ্ন অঞ্চল বেলজিয়াম ক্যাথলিক ধর্মের প্রতি আনুগত্য বজায় রাখে। নেদারল্যান্ড ছিল স্পেনরাজ দ্বিতীয় ফিলিপের সাম্রাজ্যের ভিতর। ফিলিপ ছিলেন গোঁড়া ক্যাথলিক এবং স্বৈরাচারী। তিনি নেদারল্যান্ডের রাজা হলেও এদেশে কোনদিন বসবাস করেন নি। তিনি নেদারল্যান্ডের ভাষায় কথা বলতে পারতেন না। তিনি হল্যান্ডের প্রোটেস্ট্যান্টদের দমনের সংকল্প নেন। তিনি ইনকুইজিশন আদালতের সাহায্যে প্রোটেস্ট্যান্টদের নির্যাতন এবং আগুনে পোড়ানোর ব্যবস্থা করেন। এর ফলে হল্যান্ডের প্রোটেস্ট্যান্ট সম্প্রদায় বুঝতে পারে যে, ফিলিপ তাদের ধর্মীয় স্বাধীনতা হরণ করবেন। হল্যান্ডের প্রোটেস্ট্যান্টরা এজন্য ফিলিপের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে।

ডাচ বিদ্রোহের ধর্মীয় কারণ ছাড়াও অন্যান্য কারণ ছিল। ফিলিপ ডাচ প্রজাদের উপর করের ভার বাড়িয়ে দেন। ফিলিপের আমলে স্পেন নানা স্থানে যুদ্ধে লিপ্ত হয়। এই যুদ্ধের খরচ তিনি ডাচদের উপর বাড়তি কর বসিয়ে আদায় করবার আদেশ দেন। এজন্য ডাচরা চটে যায়। ডাচরা ব্যবসা-বাণিজ্য করে জীবিকা অর্জন করত। স্পেনরাজ ফিলিপ তাদের ব্যবসার উপর বাধা-নিষেধ চাপিয়ে দিলে তাদের জীবিকায় আঘাত পড়ে। রাজা হিসাবে ফিলিপের উচিত ছিল প্রজাদের অধিকার রক্ষা করা। কিন্তু ডাচ বাণিজ্য জাহাজগুলিকে রক্ষা করতে স্পেনের যুদ্ধ জাহাজগুলি চেষ্টা করত না। ফিলিপ ছিলেন ভয়ানক "স্বৈরাচারী রাজা"। তিনি নিজেকে ইউরোপের শ্রেষ্ঠ রাজা বলে মনে করতেন। প্রজাদের বিন্দুমাত্র অধিকার বা ইচ্ছাকে তিনি স্বীকার করতেন না। তিনি দমন নীতির দ্বারা প্রজাদের দাবীকে দমিয়ে দিতেন। ফিলিপ তাঁর ভগ্নী মার্গারেট ও মন্ত্রী ডিউক অফ পার্মাকে নেদারল্যান্ডে শাসন চালাবার ভার দেন। তাঁরা ডাচ নেতাদের মতামত

অগ্রাহ্য করেন। স্প্যানিশ সেনার সাহায্যে প্রোটেস্ট্যান্টদের নির্যাতন করা হয়। ইনকুইজিশন আদালতে প্রোটেস্ট্যান্টদের উপর ঘোর নিষ্ঠুরতা দেখান হয়।

হল্যান্ডের জাতীয় নেতারা ডিউক অফ পার্মার এই নির্যাতনের বিরুদ্ধে একটি আবেদন-পত্র দ্বারা ইনকুইজিশন রদ, স্প্যানিশ সেনা প্রত্যাহারের দাবী জানান। কিন্তু ডিউক অফ পার্মা এই নেতাদের ভিক্ষুক বলে উপহাস করেন। এর ফলে হল্যান্ডের অভিজাত নেতারা অপমানিত বোধ করেন। তাঁরা বিদ্রোহী প্রোটেস্ট্যান্টদের নেতৃত্ব দেন। বিদ্রোহী নেতারা "ভিক্ষুক" উপাধি গ্রহণ করেন। তাঁরা পতাকায় ভিক্ষার প্রতীক চিহ্ন হিসাবে, "ভিক্ষা পাত্র ও ভিক্ষার থলি" এঁকে দেন।

হল্যান্ডে বিদ্রোহ আরম্ভ হলে, উইলিয়াম অফ্ অরেঞ্জের নেতৃত্বে উগ্রপন্থী প্রোটেস্ট্যান্টরা হল্যান্ডের ক্যাথলিক গীর্জা, মেরীর মূর্তি প্রভৃতি ভেঙে ফেলে তাদের রোষ প্রকাশ করে। স্পেনীয় সেনাপতি ডিউক-অফ-এলবা দীর্ঘ যুদ্ধে বিদ্রোহীদের হাতে পরাস্ত হন।

ঘেণ্টের শান্তিচুক্তির দ্বারা নেদারল্যান্ডে প্রেটেস্ট্যান্ট ও ক্যাথলিকরা ঐক্যবদ্ধ হয়ে স্পেনকে বিতাড়িত করার সংকল্প নেয়। শেষ পর্যন্ত হল্যান্ড অঞ্চলকে নিয়ে যুক্তরাজ্য নামে এক স্বাধীন রাজ্য স্থাপিত হয়। ১৬৪৮ খ্রীঃ ওয়েষ্টফেলিয়ার সন্ধির দ্বারা হল্যান্ডের স্বাধীনতা স্বীকৃত হয়। হল্যান্ডে প্রোটেস্ট্যান্ট ধর্ম অক্ষুণ্ন থাকে। দক্ষিণের বেলজিয়াম স্বতন্ত্র ক্যাথলিক রাজ্যে পরিণত হয়।

ষষ্ঠ পাঠঃ ইংলণ্ডে প্রতিধর্মবিপ্লবঃ দ্বিতীয় ফিলিপের নীতিঃ

তোমরা জান যে, টিউডর বংশীয় রাজা অষ্টম হেনরীর আমলে ইংলণ্ডে ধর্মবিপ্লব ঘটে। অষ্টম হেনরী ক্যাথলিক গীর্জা ও পোপের সহিত সম্পর্ক ত্যাগ করে, ইংলণ্ডের জাতীয় প্রোটেস্ট্যান্ট গীর্জা স্থাপন করেন। ইহাকে এ্যাংলিকান গীর্জাও বলা হয়। অষ্টম হেনরীর মৃত্যুর পর ষষ্ঠ এডওয়ার্ডের আমলে প্রোটেস্ট্যান্ট ধর্মমত অনুসারে ইংলণ্ডের প্রার্থনা গ্রন্থ রচিত হয়। ষষ্ঠ এডওয়ার্ডের পর ইংলণ্ডের সিংহাসনে অষ্টম হেনরীর কন্যা মেরী বসেন।

এদিকে স্পেনরাজ দ্বিতীয় ফিলিপ ইংলণ্ডে ক্যাথলিক ধর্ম পুনঃ-প্রতিষ্ঠার জন্য পণ করেন। তিনি নিজেকে মহা শক্তিমান মনে করতেন। ইংলণ্ডে ক্যাথলিক ধর্ম পুনঃ-প্রতিষ্ঠা করে এই রাজ্যটিকে তাঁর নিয়ন্ত্রণে আনবার তিনি সংকল্প নেন। ইংলণ্ডের লোকের উপর তিনি নানা কারণে বিরক্ত হয়েছিলেন। ইংলণ্ডের নাবিকরা আমেরিকা থেকে আনা স্পেনের সোনা বোঝাই জাহাজগুলি লুঠ করত। সুতরাং একাধারে ইংলণ্ডে ক্যাথলিক ধর্ম পুনরায় প্রতিষ্ঠা ও ইংলণ্ডকে হাত করার জন্য ফিলিপ পণ করেন।

স্পেনরাজ ফিলিপ ইংলণ্ডের রাণী মেরীকে ১৫৫৪ খ্রীঃ বিবাহ করেন। এর পর

ফিলিপের পরামর্শে মেরী ইংলণ্ডে প্রোটেস্ট্যাণ্টদের দমন করতে আরম্ভ করেন। প্রোটেস্ট্যাণ্টদের চাকুরী থেকে বিতাড়িত করা হয়। ইনকুইজিশন আদালতের বিচারে বহু প্রোটেস্ট্যাণ্টকে পুড়িয়ে মারা হয়।

মেরীর মৃত্যুর পর অষ্টম হেনরীর কনিষ্ঠা কন্যা এলিজাবেথ সিংহাসনে বসেন। এলিজাবেথ ছিলেন নিষ্ঠাবতী প্রোটেস্ট্যাণ্ট। তিনি তাঁর পিতার ও ইংলণ্ডের জনসাধারণের ধর্মমতকে রক্ষা করতে পণ করেন। ফিলিপ এলিজাবেথকে বিয়ে করে তাঁকে ক্যাথলিক মতে আনার জন্য চেষ্টা করে বিফল হলে এলিজাবেথকে গুপ্তঘাতক দিয়ে হত্যা করার চক্রান্ত করেন। কিন্তু এলিজবেথকে হত্যার চক্রান্ত ব্যর্থ করেন। এলিজাবেথের আদেশে ইংলণ্ড থেকে জেসুইট ধর্মযাজকদের বহিষ্কার করা হয়। ইংলন্ডের প্রোটেস্ট্যাণ্টরা রাণীর জীবন রক্ষার জন্য পণ নেয়।



এলিজাবেথ

এর পর ফিলিপ ইংলণ্ড আক্রমণের পরিকল্পনা নেন। এই উদ্দেশ্যে তিনি এক বিরাট নৌবহর গড়েন। এর নাম ছিল "স্প্যানিশ আর্মাডা"। আর্মাডায় ছিল ১৩০টি বড় জাহাজ, ৮,০০০ নৌ যোদ্ধা, ১৯,০০০ পদাতিক সেনা। এর সঙ্গে নেদারল্যাণ্ড থেকে ৩০,০০০ সেনা আর্মাডায় যোগ দেয়। এই আর্মাডা ইংলণ্ড আক্রমণের জন্য ইংলিশ চ্যানেলে ঢুকলে হাল্কা অথচ দ্রুতগামী ইংরাজ জাহাজগুলি আর্মাডাকে বাধা দেয়। ইংলিশ চ্যানেলের প্রথম যুদ্ধে (১৫৮৮ খ্রী,) আর্মাডার খুব ক্ষতি হয়। ইতিমধ্যে ইংলিশ চ্যানেলের প্রবল ঝড়ে আর্মাডা ডুবে যায়। আর্মাডার ১৩০ খানি জাহাজের মাত্র ⅓ ভাগ জাহাজ স্পেনে ফিরে যেতে পারে। আর্মাডার পরাজয়ের ফলে এলিজাবেথের শাসন সুরক্ষিত হয়। ইংলণ্ডে প্রোটেস্ট্যাণ্ট ধর্ম রক্ষা পায়। ইংরাজ জাতি সমুদ্রে আধিপত্য স্থাপন করে। ফিলিপের স্বপ্ন ব্যর্থ হয়।

কালপঞ্জীঃ—(১) লোলার্ড আন্দোলনের প্রবর্তক জন ওয়াইক্লিফের জন্ম - ১৩২০ খ্রীঃ। (২) জন হাসের জন্ম-মৃত্যু ১৩৬৯—১৪১৫ খ্রীঃ। (৩) মার্টিন লুথারের জন্ম-মৃত্যু ১৪৮৩—১৫৪৬ খ্রীঃ। (৪) ওয়ার্মসের ধর্মসভা—১৫২১ খ্রীঃ। (৫) ক্যালভিনের জন্ম-মৃত্যু ১৫০৯—১৫৬৪ খ্রীঃ। (৬) জন নক্সের জন্ম-মৃত্যু ১৫০৫—১৫৭২ খ্রীঃ। (৭) ইগনেশিয়াস লয়লার জন্ম-মৃত্যু ১৪৯১—১৫৫৬ খ্রীঃ। (৮) কাউন্সিল অফ ট্রেণ্ট—১৫৪৫ খ্রীঃ। (৯) অগাসবার্গের সন্ধি—১৫৫৫ খ্রীঃ। (১০)

স্প্যানিশ আর্মাডার পরাজয়—১৫৫৮ খ্রীঃ। (১১) লুথারের ৯৫ দফা থিসিস ঘোষণা—১৫১৭ খ্রীঃ।

পঞ্চম অধ্যায়

ইংলণ্ডে সপ্তদশ শতকের বিপ্লব

প্রথম পাঠঃ ইংলণ্ডে পার্লামেণ্টের সহিত রাজার বিরোধের কারণঃ ইংলণ্ডে টিউডর বংশের শেষ উত্তরাধিকারী ছিলেন রাণী এলিজাবেথ। ১৬০৩ খ্রীঃ তাঁর মৃত্যু হলে ইংলণ্ডের সিংহাসনে স্টুয়ার্ট বংশীয় রাজা প্রথম জেমস (১৬০৪ খ্রীঃ) বসেন। ১৬২৫ খ্রীঃ প্রথম জেমসের মৃত্যুর পর তাঁর পুত্র প্রথম চার্লস সিংহাসনে বসেন। প্রথম চার্লসের শাসনকালে পার্লামেণ্টের সঙ্গে চার্লসের তীব্র বিরোধ দেখা দেয়। শেষ পর্যন্ত পার্লামেণ্টের সঙ্গে চার্লসের যুদ্ধ আরম্ভ হয়। সপ্তদশ শতকে রাজার একচ্ছত্র ক্ষমতার বিরুদ্ধে জনসাধারণের পক্ষে পার্লামেণ্টের বিদ্রোহকে সপ্তদশ শতকের বিপ্লব বলা হয়।

সপ্তদশ শতকের বিপ্লবের প্রধান কারণ এই ছিল যে, স্টুয়ার্ট রাজারা নিজেদের ঈশ্বরের দ্বারা নিযুক্ত বলে দাবী করতেন। তাঁরা বিশ্বাস করতেন যদি তাঁরা রাজা হিসাবে কোন খারাপ কাজ করেন তবে ভগবানের কাছেই তার জবাবদিহি করবেন। রাজার সার্বভৌম ক্ষমতার উপর পার্লামেণ্টের নিয়ন্ত্রণ থাকতে পারে একথা তাঁরা স্বীকার করতেন না।

এদিকে ম্যাগনা কার্টার (১২১৫ খ্রীঃ) আমল থেকে ইংলণ্ডে এই প্রথা গড়ে উঠেছিল যে, রাজা কোন কর আদায় করলে পার্লামেণ্টের কাছে আগে তার অনুমোদন নিবেন। কিন্তু প্রথম জেমস ও প্রথম চার্লস এই আইন মানতে রাজী হন নাই। তাঁরা টনেজ, পাউণ্ডেজ, শিপ মানি, বেনাভোলেন্স প্রভৃতি বিভিন্ন প্রকার কর ও শুল্ক পার্লামেণ্টের বিনা অনুমোদনে আদায় করতে থাকেন।

রাজা প্রথম জেমস তাঁর ঐশ্বরিক অধিকার প্রমাণ করবার জন্য ফ্রি-ল-অব-ট্রু মনার্কি নামে এক বই রচনা করেন। জেমস দাবী করেন যে, রাজার ক্ষমতা'ই হ'ল রাষ্ট্রের শক্তির উৎস। পার্লামেণ্ট "রাজার ইচ্ছার অধীন"। প্রথম চার্লস ছিলেন রাজার ক্ষমতা সম্পর্কে তাঁর বাবার চেয়েও গোঁড়া। তিনি (১৬২৯-১৬৪০ খ্রীঃ) এগার বৎসরকাল কোন পার্লামেণ্টের অধিবেশন না ডেকে শাসন চালান। এজন্য চার্লসের এই এগার বৎসরের শাসনকালকে অ-পার্লামেণ্টারী স্বৈরশাসন বলা হয়।

প্রথম জেমস ও প্রথম চার্লসের পার্লামেণ্টকে অগ্রাহ্য করার নীতির ফলে এই প্রশ্ন দেখা দেয় যে, ইংলণ্ডের শাসনব্যবস্থায় রাজা অথবা পার্লামেণ্ট কোন্‌টি চূড়ান্ত ক্ষমতার অধিকারী? জেমস ও চার্লস দাবী করেন যে, রাজাই হলেন সার্বভৌম শক্তি। অপর দিকে পার্লামেণ্ট দাবী জানায় যে, যেহেতু পার্লামেণ্টের সদস্যরা জনসাধারণের প্রতিনিধি, সুতরাং পার্লামেণ্টই সার্বভৌম ক্ষমতার আধার। এছাড়া স্টুয়ার্ট রাজাদের সহিত ইংলণ্ডের প্রজাদের ধর্মীয় ব্যাপারে বিরোধ বাধে। ইংলণ্ডে পিউরিটান নামে একশ্রেণীর উগ্রপন্থী প্রোটেস্ট্যাণ্ট ছিল। পিউরিটানরা মিলেনারি পিটিশন নামে এক আবেদন দ্বারা ইংলণ্ডে ধর্মীয় সংস্কার দাবী করে। প্রথম জেমস এই আবেদন নাকচ করে দেন। এর ফলে পিউরিটানদের ধারণা হয় যে, স্টুয়ার্ট রাজারা গোপনে ক্যাথলিকদের সমর্থন করেন। পিউরিটানদের মনে প্রথম জেমসের ধর্মনীতি সম্পর্কে অসন্তোষ দেখা দেয়। প্রথম চার্লস তাঁর পিতার ন্যায় ধর্মীয় গোঁড়ামি দেখান। তিনি স্কটল্যাণ্ডের প্রেসবাইটেরিয়ান গীর্জাকে ধ্বংস করে ইংলণ্ডের ধর্মমত স্কটল্যাণ্ডের উপর চাপাবার চেষ্টা করেন।



প্রথম চার্লস

স্টুয়ার্ট রাজাদের স্বৈরতন্ত্রী নীতি এবং ধর্মীয় ব্যাপারে সহিষ্ণুতার অভাবের জন্য পার্লামেণ্টের সঙ্গে রাজার ঘোর বিরোধ বাধে। লং পার্লামেণ্ট 'মহান তিরস্কার' বা গ্রেট রিমনস্ট্রান্স নামে প্রস্তাব দ্বারা ধর্মীয় ব্যাপারে রাজাকে হস্তক্ষেপ না করতে অনুরোধ জানায়। চার্লস এজন্য ক্রুদ্ধ হয়ে যে পাঁচজন পার্লামেণ্টের সদস্য এই প্রস্তাব রচনায় প্রধান ভূমিকা নেয় তাদের গ্রেপ্তার করবার জন্য সেনাসহ হাউস অফ কমনসে ঢুকে পড়েন। লং পার্লামেণ্ট মনে করে যে, চার্লস এই কাজ দ্বারা পার্লামেণ্টের অধিকার ভঙ্গ করেন। এজন্য রাজার সাথে পার্লামেণ্টের যুদ্ধ আরম্ভ হয়। এছাড়া জেণ্ট্রি বা মধ্যবিত্ত জোতদার শ্রেণীর উদ্ভবের ফলে এই শ্রেণী রাজার ক্ষমতা কমাতে প্রতিজ্ঞাবদ্ধ হয়।

রাজার সহিত পার্লামেণ্টের গৃহযুদ্ধ প্রায় সাত বৎসর চলার পর পার্লামেণ্টের নূতন সেনাদল নিউ মডেল আর্মি রাজপক্ষকে পরাস্ত করে। সেনাপতি অলিভার ক্রমওয়েল ছিলেন এই সেনাদলের নেতা। প্রথম চার্লসের প্রাণদণ্ড হয়।

দ্বিতীয় পাঠ : ক্রমওয়েল ও কমনওয়েলথ : রাজকীয় পক্ষের বিরুদ্ধে

যুদ্ধে জয়ের পর লং পার্লামেণ্ট ইংলণ্ডকে একটি প্রজাতন্ত্র বা কমনওয়েলথ হিসাবে ঘোষণা করে। লং পার্লামেণ্ট নির্বাচন না করে পুরাতন সদস্যদের নিয়েই কাজ চালাতে থাকে। ক্রমওয়েল সেনাপতি প্রাইডের সাহায্যে কিছু সদস্যকে পার্লামেণ্ট হতে বহিষ্কার করেন। এই ঘটনাকে প্রাইডস পার্জ বা প্রাইডের বহিষ্কার বলা হয়। বহিষ্কৃত সদস্য ছাড়া অবশিষ্ট সদস্যদের নিয়ে গঠিত পার্লামেণ্টের নাম হয় "রাম্প পার্লামেণ্ট"। রাম্প পার্লামেণ্টও নির্বাচন না করে নিজেদের হাতে ক্ষমতা ধরে রাখতে চেষ্টা করে। রাম্প পার্লামেণ্টের এই গণতন্ত্র-বিরোধী নীতির জন্য ক্রমওয়েল এই পার্লামেণ্টও শেষ পর্যন্ত ভেঙে দেন। পার্লামেণ্ট ভেঙে দিয়ে ক্রমওয়েল তাঁর সেনাবাহিনীর সাহায্যে ডিক্টেটর বা একনায়কের মত দেশ শাসন করতে শুরু করেন।

ক্রমওয়েল শীঘ্রই বুঝতে পারেন যে, বিনা পার্লামেণ্টে শাসনকার্য চালান বৈধ হবে না। শেষ পর্যন্ত তিনি খ্রীষ্টান সাধুদের নিয়ে বেয়ারবোন্স পার্লামেণ্ট নামে এক পার্লামেণ্ট গঠন করেন। কিন্তু বেয়ারবোন্স পার্লামেণ্টও ক্রমওয়েলকে জিজ্ঞাসা করে যে, তিনি কার কাছ হ'তে দেশ শাসনের ক্ষমতা পেয়েছেন। ক্রমওয়েল এতে বিরক্ত হয়ে এই পার্লামেণ্ট ভেঙে দেন। তিনি ইন্‌স্টুমেণ্ট অফ্ গভর্ণমেণ্ট নামে এক আইন দ্বারা লর্ড প্রটেক্টর নিযুক্ত হয়ে ইংলণ্ড শাসন করতে থাকেন।

ইন্‌স্টুমেণ্ট অফ্ গভর্ণমেণ্ট অনুসারে একটি নূতন পার্লামেণ্ট গঠন করা হয়। এই পার্লামেণ্টও প্রশ্ন করে যে, ক্রমওয়েলকে দেশ শাসন ও পার্লামেণ্ট আহ্বানের ক্ষমতা কে দিয়েছে? ক্রমওয়েল এই পার্লামেণ্টও ভেঙে দেন। শেষ পর্যন্ত তিনি তাঁর হাতের লোকদের নিয়ে একটি পার্লামেণ্ট গঠন করেন। এই পার্লামেণ্ট হাম্বল পিটিশন এ্যাণ্ড এ্যাডভাইজ নামে এক প্রস্তাব দ্বারা ক্রমওয়েলকে বংশানুক্রমিকভাবে ইংলণ্ডের রাজার পদ গ্রহণ করতে অনুরোধ করে। ক্রমওয়েল জানতেন যে, রাজা উপাধি গ্রহণ করা তাঁর পক্ষে উচিত হবে না। সুতরাং তিনি যাবজ্জীবন লর্ড প্রটেক্টর থাকেন এবং এই পদের উত্তরাধিকারী হিসাবে তাঁর পুত্র রিচার্ড ক্রমওয়েলকে মনোনয়ন করেন।

সাংবিধানিক শাসক হিসাবে ক্রমওয়েলের শাসন করার চেষ্টা মোটেই সফল হয়নি। যখনই কোন পার্লামেণ্ট তাঁর মতের বিরোধিতা করত তখনই তিনি সেই পার্লামেণ্ট ভেঙে দিতেন। তিনি জনসমর্থন দ্বারা তাঁর শাসনকে গণতান্ত্রিক করার প্রকৃত চেষ্টা করেন নাই।

তৃতীয় পাঠ : দ্বিতীয় স্টুয়ার্ট শাসন বা স্টুয়ার্ট বংশের পুনঃ-প্রতিষ্ঠা : অলিভার ক্রমওয়েলের মৃত্যুর পর তার পুত্র রিচার্ড ক্রমওয়েল প্রটেক্টর পদে বসেন। কিন্তু ইংলণ্ডের জনমত রিচার্ডের শাসনকে সহ্য করতে রাজী ছিল না। শেষ পর্যন্ত ইংলণ্ডের বিশিষ্ট ব্যক্তিরা কনভেনশন পার্লামেণ্ট আহ্বান করে স্টুয়ার্ট রাজা প্রথম চার্লসের পুত্র

দ্বিতীয় চার্লসকে ইংলণ্ডের সিংহাসন গ্রহণের জন্য আহ্বান জানায়। এর ফলে ১৬৬০ খ্রীঃ দ্বিতীয় চালর্স ইংলণ্ডের সিংহাসনে বসেন। এই ঘটনাকে ইংলণ্ডের ইতিহাসে রেষ্টোরেশন বা রাজতন্ত্রের পুনঃ-প্রতিষ্ঠা বলা হয়।

চতুর্থ পাঠঃ গৌরবজনক বিপ্লব (১৬৮৮ খ্রীঃ) ও এই বিপ্লবের ফলাফলঃ স্টুয়ার্ট বংশীয় রাজা দ্বিতীয় চার্লস ১৬৬০ খ্রীঃ সিংহাসনে আরোহণ করেন। পার্লামেন্ট চার্লসকে নির্দেশ দেয় যে, তিনি যেন পার্লামেন্টের গৃহীত আইন ও নীতি মেনে শাসন কাজ চালান। দ্বিতীয় চার্লসের মৃত্যুর পর তাঁর ভাই দ্বিতীয় জেমস ১৬৮৫ খ্রীঃ ইংলণ্ডের সিংহাসনে বসেন। তিনি ছিলেন ক্যাথলিক ধর্মাবলম্বী। ইংলণ্ডের প্রোটেস্ট্যান্ট গীর্জাকে ভেঙে ফেলে তিনি পুনরায় ইংলণ্ডে ক্যাথলিক ধর্ম ফিরিয়ে আনার পণ করেন। তাঁর পিতা প্রথম চার্লসের মতই রাজার স্বৈর ক্ষমতায় তিনি বিশ্বাস করতেন। কিন্তু ইংলণ্ডের পার্লামেন্ট সভা ক্যাথলিকদের সরকারী চাকুরী লাভের বিরুদ্ধে টেষ্ট এ্যাক্ট নামে এক আইন পাশ করেছিল। পার্লামেন্টের নির্দেশ অগ্রাহ্য করে তিনি ইংলণ্ডে ক্যাথলিকদের ধর্মীয় স্বাধীনতা ও সরকারী চাকুরী লাভের অধিকার দেওয়ার চেষ্টা করেন।

ইতিমধ্যে জেমসের একটি পুত্র সন্তান জন্মায়। লোকে আশংকা করে যে, জেমসের মত তাঁর পুত্রও ক্যাথলিক ও স্বৈরাচারী হবেন। এমতাবস্থায় জেমসের স্বৈরাচারের প্রতিবাদে পার্লামেন্ট তাঁকে পদচ্যুত বলে ঘোষণা করে। পার্লামেন্ট ইংলণ্ডের শূন্য সিংহাসনে বসবার জন্য জেমসের কন্যা মেরী ও তাঁর স্বামী হল্যাণ্ডের উইলিয়ামকে আহ্বান জানায়। উইলিয়াম এই আহ্বান গ্রহণ করে ১৬৮৮ খ্রীঃ ইংলণ্ডে নামলে দ্বিতীয় জেমস ইংলণ্ড হতে পলায়ন করেন।

এই বিপ্লব বিনা রক্তপাতে সাধিত হয়। এই কারণে একে গৌরবময় বিপ্লব বলা হয়। এই বিপ্লবের ফলে রাজার স্বৈর ক্ষমতা একেবারেই ধ্বংস হয়। পার্লামেন্ট জাতির সার্বভৌম শক্তির আধার তা স্থির হয়ে যায়। এটাই ছিল গৌরবজনক বিপ্লবের প্রধান ফল।

ব্রিটিশ পার্লামেন্ট ১৬৮৯ খ্রীঃ **বিল অফ রাইটস** নামে এক আইন পাশ করে। এই আইনকে ইংরাজ জাতি তাদের ব্যক্তি-স্বাধীনতার প্রধান ভিত্তি বলে গণ্য করে। বিল অফ রাইটসে বলা হয় যে, (১) অতঃপর ইংলণ্ডের প্রত্যেক রাজাকে ইংলণ্ডের জাতীয় গীর্জার বা এ্যাংলিকান গীর্জার প্রতি অনুগত হতে হবে। (২) পার্লামেন্টের পাশ করা আইনকে রাজার মুলতবী বা বাতিল করার ক্ষমতা থাকবে না। (৩) রাজা পার্লামেন্টের বিনা অনুমোদনে কোন কর ধার্য করতে অথবা কোন ঋণ নিতে পারবেন না। (৪) পার্লামেন্টের অবাধ নির্বাচনে, সদস্যদের বাক-স্বাধীনতায়, রাজা হাত দিতে

পারবেন না। (৫) প্রজারা রাজার নিকটে বিভিন্ন বিষয়ে দরখাস্ত করতে পারবে বলে ঘোষণা করা হয়। (৬) বিচারকদের স্বাধীনতায় রাজা হাত দিতে পারবেন না বলা হয়। বিচারকরা নিজ পদে নিযুক্ত হওয়ার পর রাজা তাঁদের সঙ্গত কারণ ছাড়া পদচ্যুত করতে পারবেন না বলা হয়। এছাড়া **হেবিয়াস কর্পাস আইন** নামে এক আইন দ্বারা স্থির যে, কোন লোককে বিনা বিচারে আটক করা যাবে না।

এছাড়া **ট্রিয়েনিয়্যাল আইন** নামে এক আইন দ্বারা স্থির হয় যে, তিন বছরের পর পার্লামেণ্টের নূতন নির্বাচন করতে হবে। **টলারেশন এ্যাক্ট** নামে আইন দ্বারা অ-প্রোটেস্ট্যাণ্টদের ধর্মীয় স্বাধীনতা স্বীকার করা হয়। এর ফলে ক্যাথলিকরাও সন্তুষ্ট হয়। এর কিছুকাল পরে **এ্যাক্ট অফ সেটেলমেণ্ট** দ্বারা পার্লামেণ্ট স্থির করে যে, মেরীর পর তাঁর ভগ্নী এ্যান সিংহাসনে বসবেন। এ্যানের পর তাঁর ভগ্নী সোফিয়ার উত্তরাধিকারী হ্যানোভারের ডিউক ইংলণ্ডের সিংহাসনে বসবেন।

এভাবে ব্রিটিশ পার্লামেণ্ট গৌরবজনক বিপ্লবের দ্বারা ইংলণ্ডের সংবিধানে পার্লামেণ্টের সার্বভৌম ক্ষমতা স্থাপন করে।

কালপঞ্জী :—(১) গৌরবজনক বিপ্লব—১৬৮৮ খ্রীঃ। (২) বিল অফ রাইটস ১৬৮৯ খ্রীঃ।

ষষ্ঠ অধ্যায়

[ক] মুঘল সাম্রাজ্য

প্রথম পরিচ্ছেদ : প্রথম পাঠ : মুঘল সাম্রাজ্যের উত্থান ও বিস্তৃতি :


বাবর

তোমরা হয়ত মুঘল সাম্রাজ্যের স্থাপয়িতা জাহিরুদ্দিন মহম্মদ বাবরের নাম শুনেছ। বাবর কথার অর্থ হল সিংহ। বাবরের পৈত্রিক রাজ্য ছিল মধ্য এশিয়ার ফারগানা। এই স্থান হতে তিনি তাঁর শত্রুদের দ্বারা বিতাড়িত হয়ে আফগানিস্থান অধিকার করেন। আফগানিস্থান হতে তিনি ভারত অভিযান করেন। ১৫২৬ খ্রীঃ প্রথম পানিপথের যুদ্ধে তিনি আফগান সুলতান ইব্রাহিম লোদীকে পরাস্ত করে দিল্লীর সিংহাসনে বসেন। আফগানদের পরাস্ত করলেও তখন পর্যন্ত মেবারের রাণা সঙ্গের নেতৃত্বে রাজপুত শক্তি অটুট ছিল। রাণা সঙ্গ ছিলেন মস্ত বীর। বাবর খানুয়ার যুদ্ধে (১৫২৭ খ্রীঃ) রাণা সঙ্গকে পরাস্ত করেন। খানুয়ার যুদ্ধের

পর বাবর ঘর্ঘরার যুদ্ধে বিহারের আফগানদের চূড়ান্তভাবে পরাস্ত করেন। এই তিন যুদ্ধে বাবর জয়লাভ করলে ভারতে মুঘল সাম্রাজ্যের ভিত্তির পত্তন হয়।

বাবরের পর তাঁর পুত্র হুমায়ুন (১৫৩০ খ্রীঃ) দিল্লীর সিংহাসনে বসেন। তিনি তাঁর পিতার মত বড় যোদ্ধা ছিলেন না। হুমায়ুনের দুর্বলতার সুযোগে শের শাহ নামে এক আফগান সেনাপতি আফগানদের সঙ্ঘবদ্ধ করে চৌসার যুদ্ধে (১৫৩৯ খ্রীঃ) এবং বিলগ্রামের যুদ্ধে (১৫৪০ খ্রীঃ) হুমায়ুনকে পরাস্ত করেন। শের শাহ দিল্লী অধিকার করলে হুমায়ুন ভারত ছেড়ে পারস্যে আশ্রয় নেন। শের শাহ ভারতের এক বৃহৎ অঞ্চল নিয়ে তাঁর সাম্রাজ্য স্থাপন করেন। ১৫৪৫ খ্রীঃ কালিঞ্জর দুর্গ আক্রমণের সময় বারুদের একটি পাত্র ফেটে বিস্ফোরণে তাঁর মৃত্যু হয়। ভারতের ইতিহাসে শের শাহের স্থান বিশেষ উঁচুতে স্থাপিত হয়েছে। শের শাহের শাসন প্রণালী ছিল তাঁর রাজ্য জয় অপেক্ষা অনেক বেশী গুরুত্বপূর্ণ। তিনি জমি জরীপ করে উৎপন্ন ফসলের ⅓ অংশ কর হিসাবে ধার্য করেন। তিনি সারা রাজ্যকে ৪৭টি সরকারে বিভক্ত করেন। সরকারগুলিকে পরগণায় বিভক্ত করা হয়। প্রতি পরগণায় একজন আমিন, একজন শিকদার, একজন কেরানী থাকত। সরকার বা জেলায় থাকত শিকদার-ই-শিকদারণ এবং বিচারের জন্য মুন্সিফ-ই-মুন্সিকান। কর্মচারীদের নিয়মিত বদলী করা হত। তিনি যাতায়াত ও বাণিজ্যের সুবিধার জন্য বহু রাস্তাঘাট তৈরী করেন। তিনি রাস্তার ধারে সরাইখানা ও বিশ্রামের স্থান নির্মাণ করেন। তিনি সংবাদ আদান-প্রদানের জন্য ঘোড়ার পিঠে ডাক পাঠাবার ব্যবস্থা করেন।



শের শাহ

শের শাহের মৃত্যুর পর হুমায়ুন ভারতে ফিরে এসে পাঞ্জাব ও দিল্লী পুনরায় অধিকার করেন। ১৫৫৬ খ্রীঃ হুমায়ুনের মৃত্যু হয়। হুমায়ুনের পর তাঁর পুত্র মহামতি আকবর মাত্র ১৩ বছর বয়সে তাঁর পিতার সিংহাসনে (১৫৫৬ খ্রীঃ) বসেন। আকবর সিংহাসনে বসলে আফগানরা তাঁকে পাঞ্জাব থেকে হঠিয়ে দেওয়ার জন্য আপ্রাণ চেষ্টা করে। আফগান নেতা ইব্রাহিম আদিল শাহের সেনাপতি হিমু বা হেমচন্দ্র দিল্লী অধিকার করে পাঞ্জাবের দিকে এগিয়ে চলেন। আকবর দ্বিতীয় পানিপথের যুদ্ধে (১৫৫৬ খ্রীঃ) হিমুকে পরাজিত ও নিহত করার ফলে আফগানদের চূড়ান্ত পরাজয় ঘটে।

আকবর ছিলেন একাধারে সাম্রাজ্যবাদী এবং ভারতের রাজনৈতিক ঐক্য স্থাপনে অভিলাষী। তিনি সারাজীবন যুদ্ধ করে ভারতের বৃহৎ অংশকে মুঘল সাম্রাজ্যের

অধীনে আনেন। (১) তিনি মধ্যপ্রদেশের মালব ও গণ্ডোয়ানা জয় করেন। গণ্ডোয়ানার রাণী দুর্গাবতী আকবরের হাতে পরাস্ত হয়ে অপমানে আত্মহত্যা করেন। (২) এর পর আকবর রাজপুতানা জয়ে মন দেন। আকবর দেখেন যে, ভারতে প্রকৃত জাতীয় রাষ্ট্র গড়তে হলে হিন্দু ও মুসলিম উভয় সম্প্রদায়কে সমান অধিকার ও মর্যাদা দিতে হবে। তিনি অম্বরের রাজা বিহারী-মল্লের কন্যাকে বিবাহ করে পাটরাণীর মর্যাদা দেন। তিনি জিজিয়া কর ও মথুরায় তীর্থ কর তুলে দিয়ে হিন্দুদের প্রতি তাঁর সমদর্শী নীতি দেখান। বিহারীমল্ল, মানসিংহ, টোডরমল্ল প্রভৃতি রাজপুতদের তিনি সর্বোচ্চ মনসবদারের পদে নিয়োগ করেন। আকবরের এই নীতির ফলে মারবাড়, বিকানীর, বুন্দী প্রভৃতি রাজপুত রাজ্যগুলি আকবরের বশ্যতা স্বীকার করে। রাজপুত সেনাদল মুঘল সেনাদলে যোগ দিয়ে তার শক্তি বাড়ায়। (৩) মেবারের রাণা উদয় সিংহ ছিলেন রাজপুতানার একমাত্র রাজা, যিনি আকবরের বশ্যতা স্বীকার করেন নাই। আকবর উদয় সিংহের রাজধানী চিতোর দুর্গ (১৫৬৮ খ্রীঃ) অধিকার করেন। উদয়ের পর তাঁর পুত্র রাণা প্রতাপ সিংহ আকবরের কর্তৃত্ব অগ্রাহ্য করে চলতে থাকেন। প্রতাপকে দমনের জন্য আকবর মেবারে এক বিশাল সেনাদল পাঠান। গোগুণ্ডা বা হলদিঘাটের রক্তক্ষয়ী যুদ্ধে (১৫৭৬ খ্রীঃ) প্রতাপ সিংহ এই সেনাদলকে বীরত্ব সহকারে বাধা দিয়ে পরাস্ত হন। কিন্তু প্রতাপ পাহাড়ে জঙ্গলে থেকে, বাজরার রুটি খেয়ে মুঘলের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যান। প্রতাপের মৃত্যুর পর তাঁর পুত্র অমর সিংহ মুঘলের বশ্যতা স্বীকার করেন। (৪) রাজপুতানা জয়ের পর আকবর রণথম্ভোর ও কালিঞ্জর নামে দুই প্রসিদ্ধ দুর্গ জয় করেন। (৫) এর পর তিনি গুজরাটের সুলতান তৃতীয় মুজাফর শাহকে পরাস্ত করে গুজরাট জয় করলে পশ্চিমে আরব সাগর পর্যন্ত তাঁর সাম্রাজ্যের সীমা প্রসারিত হয়। (৬) এর পর পূর্ব ভারতে বিহার জয় করার পর মুঘল সেনা উত্তর বাংলার রাজমহলের যুদ্ধে বাংলার পাঠান নবাব দাউদ খাঁ বা কররানীকে (১৫৭৬ খ্রীঃ) পরাজিত ও নিহত করে। ফলে বাংলাদেশ মুঘল অধিকারে আসে। (৭) উত্তর-পশ্চিমে কাবুল, কান্দাহার, কাশ্মীর ও সিন্ধু আকবরের অধিকারের




আকবর



রাণা প্রতাপ

ফলে সমগ্র উত্তর ভারতে মুঘল অধিকার স্থাপিত হয়। (৮) এর পর আকবর দাক্ষিণাত্যে অভিযান চালান। তিনি ১৬০০ খ্রীঃ আহম্মদনগর জয় করেন। খান্দেশের আসিরগড় দুর্গ অধিকার করার পর সম্রাট আকবর রাজ্য বিস্তার নীতি ত্যাগ করেন।

আকবরের পর তাঁর পুত্র সেলিম, নুরুদ্দীন মহম্মদ জাহাঙ্গীর নাম নিয়ে (১৬০৫ খ্রীঃ) সিংহাসনে বসেন। তাঁর আমলে দাক্ষিণাত্যের আহম্মদনগর রাজ্য পুরাপুরি মুঘলের বশ্যতা স্বীকার করে। জাহাঙ্গীরের প্রধানা বেগম সম্রাজ্ঞী নুরজাহান জাহাঙ্গীরের শারীরিক অক্ষমতার সুযোগে মুঘল দরবারে বিশেষ প্রভাব বিস্তার করেন। তাঁর রাজত্বের শেষ দিকে পারসীক সম্রাট শাহ আব্বাস কান্দাহার দখল করে নেন।



জাহাঙ্গীরের মৃত্যুর পর তাঁর দ্বিতীয় পুত্র খুররম, শাহজাহান উপাধি নিয়ে সিংহাসনে (১৬২৮ খ্রীঃ) বসেন। শাহজাহানের আমলে কান্দাহার পুনরুদ্ধারের

চেষ্টা ব্যর্থ হয়। শাহজাহান মধ্য এশিয়ার বাল্খ ও বাদাখশান দখলের জন্যও ব্যর্থ চেষ্টা করেন। দক্ষিণে আহম্মদনগর ১৬৩৩ খ্রীঃ মুঘল সাম্রাজ্যভুক্ত হয়। গোলকুণ্ডা ও বিজাপুরের শিয়া সুলতানরা মুঘলের বশ্যতা স্বীকার করেন। শাহজাহানের রাজত্বকালকে মুঘল সাম্রাজ্যের স্বর্ণযুগ বলা হয়। তাঁর আমলে কোন বিদ্রোহ বা বৈদেশিক আক্রমণ মুঘল সাম্রাজ্যের ক্ষতিসাধন করতে পারে নাই।


শাহজাহান

শাহজাহানের রাজত্বের শেষদিকে তাঁর চার পুত্র যথা, দারাশিকো, সুজা, ঔরঙ্গজেব ও মুরাদ সিংহাসন পাওয়ার জন্য পরস্পরের বিরুদ্ধে আক্রমণ চালান। শেষ পর্যন্ত ঔরঙ্গজেব তাঁর ভ্রাতাদের পরাস্ত ও নিহত করে ১৬৫৮ খ্রীঃ সিংহাসনে বসেন। কিছুদিনের মধ্যেই ঔরঙ্গজেবের শাসনের বিরুদ্ধে সাম্রাজ্যের সর্বত্র বিদ্রোহ আরম্ভ হয়। কেহ কেহ মনে করেন যে, ঔরঙ্গজেবের ধর্মান্ধ নীতির জন্যই এই বিদ্রোহগুলি দেখা দেয়। মথুরার জাঠ কৃষকেরা মুঘল কুশাসনের বিরুদ্ধে রাজারাম ও চূড়ামনের নেতৃত্বে দীর্ঘদিন বিদ্রোহ চালায়। বুন্দেলা রাজা ছত্রশাল স্বাধীন বুন্দেলা রাজ্য গঠনের জন্য বিদ্রোহ করেন। পাঞ্জাবের সৎনামী কৃষক সম্প্রদায় মুঘল শাসকের কুশাসনের বিরুদ্ধে বিদ্রোহ করে। ঔরঙ্গজেব ধর্মান্ধতা বশতঃ শিখগুরু তেগ বাহাদুরকে হয় ইসলাম ধর্ম গ্রহণ করতে নয় প্রাণ দণ্ড ভোগ করতে বলেন। গুরু তেগ বাহাদুর প্রাণদণ্ড বেছে নেন। এর ফলে শিখ জাতি মুঘলের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে। এছাড়া রাজপুতদের সঙ্গেও ঔরঙ্গজেবের তীব্র বিরোধ বাধে। মারওয়াড়ের রাজা যশোবন্ত সিংহের মৃত্যু হলে তিনি যশোবন্তের বালক পুত্র অজিত সিংহকে বন্দী করে মারওয়াড় দখলের চেষ্টা করেন। এদিকে আকবরের আমল হতে যে জিজিয়া কর লোপ করা হয়েছিল, ঔরঙ্গজেব তা পুনরায় চালু করেন। এজন্য মেবারের রাণা রাজসিংহের নেতৃত্বে রাজপুত-মুঘল যুদ্ধ আরম্ভ হয়। ঔরঙ্গজেব এই যুদ্ধে জয়লাভ করতে ব্যর্থ হয়ে এক সন্ধির দ্বারা রাজপুতদের সঙ্গে সন্ধি স্থাপন করেন।


ঔরঙ্গজেব

ঔরঙ্গজেব দক্ষিণের বিজাপুর ও গোলকুণ্ডা নামে দুই শিয়া রাজ্যকে তাঁর সাম্রাজ্য-ভুক্ত করলে দক্ষিণে তাঁর সাম্রাজ্যবাদী নীতি প্রকট হয়। এদিকে শিবাজীর নেতৃত্বে মারাঠা

জাতি মুঘল সাম্রাজ্য আক্রমণ করে চৌথ আদায় এবং লুঠপাট আরম্ভ করে। ঔরঙ্গজেব সেনাপতি শায়েস্তা খাঁকে, শিবাজীকে দমনের জন্য পাঠান। কিন্তু শিবাজীর অতর্কিত আক্রমণে শায়েস্তা খাঁ পরাস্ত হন। এর পর মুঘল সেনাপতি জয়সিংহ শিবাজীর সঙ্গে পুরন্দরের সন্ধি (১৬৬৫ খ্রীঃ) স্থাপন করেন।


শিবাজী মহারাষ্ট্রে স্বাধীনভাবে রাজত্ব করেন। তিনি মুঘলের হাত হতে প্রায় ১০০ দুর্গ ও মহারাষ্ট্র, মহীশূর ও কর্ণাটকের বহু স্থান অধিকার করেন। শিবাজীর মৃত্যুর পর তাঁর পুত্র শম্ভুজী ঔরঙ্গজেবের বিরুদ্ধে যুদ্ধ চালান। শম্ভুজী মুঘলের হাতে বন্দী ও নিহত হলে শিবাজীর অপর পুত্র রাজারামের নেতৃত্বে মারাঠারা মুঘলের বিরুদ্ধে জাতীয় মুক্তি যুদ্ধ আরম্ভ করে। রাজারামের মৃত্যুর পর তাঁর বিধবা পত্নী তারাবাঈ তাঁর নাবালক পুত্র তৃতীয় শিবাজীর পক্ষে মুঘলের বিরুদ্ধে সাহসের সঙ্গে যুদ্ধ চালান। এদিকে উত্তর ভারতে সম্রাটের দীর্ঘ অনুপস্থিতির ফলে বিদ্রোহ দেখা দেয়। মারাঠাদের দমন করতে না পেরে এবং সাম্রাজ্যের সর্বত্র বিদ্রোহ দমনে অসমর্থ হয়ে ঔরঙ্গজেব দাক্ষিণাত্যে ভগ্নহৃদয়ে (১৭০৭ খ্রীঃ) প্রাণত্যাগ করেন।

ঔরঙ্গজেব ছিলেন ধর্মপ্রাণ সুন্নী মুসলমান। তিনি সারাজীবন নিষ্ঠাভাবে ইসলামের অনুশাসনগুলি পালন করেন। আকবরের আমল হতে যে ধর্মসহিষ্ণুতা ও জাতীয়তা নীতি প্রচলিত হয়েছিল তিনি তা ত্যাগ করেন বলে অনেকে মনে করেন। তিনি অ-মুসলমানদের উপর জিজিয়া কর স্থাপন করেন। ঔরঙ্গজেবের এই ধর্মান্ধ নীতির ফলে হিন্দুদের মধ্যে বিদ্রোহ ঘটে। মারাঠা বিদ্রোহ এবং শিবাজীর হিন্দুরাজ্য প্রতিষ্ঠা ছিল এরই প্রতিক্রিয়া। কেহ কেহ এই মতের বিরোধিতা করেন। তিনি হিন্দু কৃষকদের স্বার্থরক্ষার দিকে বিশেষ নজর দেন। আসলে নানা কারণে মুঘল সাম্রাজ্যে ভাঙন দেখা দিয়েছিল। সম্রাট ঔরঙ্গজেব তাঁর অসাধারণ যোগ্যতা দ্বারাও এই ভাঙন রোধ করতে পারেন নাই।

দ্বিতীয় পাঠঃ মুঘল শাসনব্যবস্থাঃ মহামতি আকবর তাঁর বিশাল সাম্রাজ্যকে সুশাসিত করার জন্য একে ১৩টি সুবায় ভাগ করেন। সুবাদার নামে কর্মচারী সুবার আইন-শৃঙ্খলা দেখতেন। দেওয়ান রাজস্ব বিভাগের দায়িত্ব বহন করতেন। কেন্দ্রে উজীর শাসন ও রাজস্ব বিভাগ দেখতেন। মীরবক্সী সেনাবিভাগের দায়িত্ব বহন করতেন। মনসবদারেরা সেনা বিভাগে ও প্রাদেশিক শাসনের কাজ করতেন। মনসবদারেরা সম্রাটকে সেনা যোগাতেন। মনসবদারেরা ছিলেন বিভিন্ন মর্যাদার। টোডরমল্ল ও মুজাফফর খান প্রভৃতি কর্মচারীদের সাহায্যে জমি জরীপ করে আকবর জমির গুণ অনুসারে জমির শ্রেণী ভাগ করেন। জাহাঙ্গীরের ন্যায়-বিচারের জন্য বিশেষ খ্যাতি ছিল।

তৃতীয় পাঠঃ মুঘল যুগের সামাজিক ও অর্থ নৈতিক অবস্থাঃ মুঘল সম্রাটেরা ছিলেন শিল্প, সংস্কৃতি ও সাহিত্যের অনুরাগী। বাবর তাঁর আত্মজীবনী বাবরনামা রচনা করেন। বাবরের ভগ্নী গুলবদন বেগম হুমায়ুন নামা নামে এক গ্রন্থ লেখেন। সম্রাট জাহাঙ্গীর তুজুক-ই-জাহাঙ্গীরি নামে এক স্মৃতিকথা লেখেন। মুঘল যুগে ফার্সি, উর্দু ও হিন্দী ভাষা এবং প্রাদেশিক ভাষাগুলির বিশেষ উন্নতি হয়। ইতিহাস সাহিত্যে আবুল ফজলের আইন-ই-আকবরী ও আকবর নামা, বাদাউনীর রচনা মন্তা-খাবাৎ-ই-তারিখী বিশেষ প্রসিদ্ধ রচনা। এছাড়া কবি ফৈজীর কাব্যগ্রন্থ, নাজারির গজল, ঘিজাকীর কাব্য এই যুগের সাহিত্যের বিশেষ সম্পদ। এই যুগে বৈষ্ণব পদাবলী সাহিত্য, কৃষ্ণদাস কবিরাজের চৈতন্য চরিতামৃত, কাশীরাম দাসের মহাভারত এবং কবিকঙ্কন মুকুন্দরামের চণ্ডীমঙ্গল কাব্য রচিত হয়।

মুঘল যুগে হিন্দু ও পারসিক স্থাপত্য রীতির সমন্বয়ে মুঘল স্থাপত্য বিকশিত হয়। ফতেপুর সিক্রীর সৌধ, হুমায়ুনের সমাধি, সেকেন্দ্রায় আকবরের সমাধি, দিল্লীর ল্যালকেল্লা, দেওয়ানী খাস, দেওয়ানী আম,মোতি মসজিদ প্রভৃতি হ'ল মুঘল স্থাপত্যের বিখ্যাত নিদর্শন। শাহজাহানের পত্নী মমতাজ মহলের স্মৃতি সৌধ আগ্রার মর্মর পাথরের রচিত তাজমহলের নাম পৃথিবী-বিখ্যাত। এছাড়া শাহজাহানের ময়ূর সিংহাসন শিল্পী বেবাদল খান নির্মাণ করেন। এছাড়া মুঘল যুগে চিত্রকলার বিকাশ ঘটে।



তাজমহল

সম্র্যাট আকবর সুল-ই-কূল বা ধর্ম-সহিষ্ণুতা নীতি অনুসরণ করেন। আকবরের ধর্ম-সহিষ্ণুতা নীতির ফলে সকল সম্প্রদায় ধর্মীয় স্বাধীনতা ভোগ করে। মুঘল যুগে

ভারতে ভক্তি আন্দোলনের প্রসার ঘটে। ধর্মগুরুরা সকল ধর্মের সমন্বয় করে সকল মানুষের ভগবানের নিকট মুক্তিলাভের কথা বলেন। বিখ্যাত সুফি সেখ সেলিম চিস্তি আজমীরে তাঁর দরগা স্থাপন করেন। ধর্মগুরু দাদু বৈষ্ণব সাধিকা মীরাবাঈ, একনাথ, সুরদাস এই যুগে আবির্ভূত হন। এই যুগে বিখ্যাত ভক্তকবি তুলসীদাস তাঁর অমর হিন্দী কাব্য রামচরিত রচনা করেন।

মুঘল যুগে সমাজ ছিল সামন্ততান্ত্রিক। মনসবদার, জায়গীরদার, জমিদাররাই ছিল সমাজে মান্যগণ্য লোক। অভিজাতরা বিলাস-ব্যসনে সময় কাটাত। ভোজ, নাচ ও গান ছিল অভিজাতদের অবসর কাটাবার উপায়। ছোট জমিদার, চিকিৎসক, সাধারণ কর্মচারী, ছোট-দোকানদারেরা এই যুগে কষ্ট করে দিন যাপন করত। সমাজের নীচের তলায় ছিল কৃষক ও শ্রমিক। এরা অত্যন্ত দারিদ্রের মধ্যে দিন কাটাত। জমির খাজনার হার ছিল বেশী। সাধারণতঃ ফসলের ⅓ অংশ কর হিসাবে আদায় করা হত। এছাড়া বাড়তি করও ছিল। বাড়তি করের চাপে অনেক সময় চাষীরা জমি ছেড়ে পালাবার চেষ্টা করত। শাহজাহানের আমলে বেশ কয়েকবার দুর্ভিক্ষ দেখা দেয়। কৃষকদের অনেক সময় পোষাক জুটত না বলে জানা যায়। লোকের প্রধান জীবিকা ছিল কৃষি। তবে অনেকে শিল্প-বাণিজ্য দ্বারাও জীবিকা অর্জন করত। শ্রমিকদের বেগার খাটতে হত। সমাজে সতীদাহ ও বাল্য বিবাহ ছিল। ক্রীতদাস ও খোজা প্রথাও ছিল। লোকে জ্যোতিষীদের কথায় খুব বিশ্বাস করত। সমাজে হিন্দু-মুসলিম সম্প্রীতি ছিল।

মুঘল যুগে ফতেপুর সিক্রী, আগ্রা, বুরহানপুর, এলাহাবাদ প্রভৃতি শহরগুলি ছিল সমৃদ্ধশালী। শহরে ব্যবসায়-বাণিজ্য চলত। শহরে অভিজাতদের প্রাসাদ ছিল। রাস্তার দুধারে দোকান থাকত। মুঘল যুগে ধান, গম, আখ, তুলা ও নীলের আবাদ ছিল প্রধান। বস্ত্র শিল্প উন্নত ছিল। ঢাকার মসলিন কাপড়ের জগৎ জোড়া সুনাম ছিল। ভারতের সুরাট, সপ্তগ্রাম, ভারুচ, গোয়া, কালিকট প্রভৃতি বন্দর হতে বিদেশে মাল রপ্তানী হ'ত। স্থলপথে লাহোর, মুলতান ও উত্তর-পশ্চিম গিরিপথ দিয়ে পশ্চিম এশিয়ায় মাল চালান হত।

চতুর্থ পাঠ : বৈদেশিক পর্যটকদের বিবরণ : মুঘল যুগে ফ্রানসিসকো পেলসার্ট, স্যার টমাস রো, ফ্রাসোয়া বার্ণিয়ের ও ট্যাভার্নিয়ের প্রভৃতি ইউরোপীয় ভ্রমণকারীরা ভারতে আসেন। তাঁদের বিবরণ থেকে আমরা জানতে পারি যে, অভিজাতরা বিলাস ও আরামে কাল কাটাত। পেলসার্টের মতে শ্রমিক, ভৃত্য ও ছোট দোকানদাররা প্রায় ক্রীতদাসের ন্যায় জীবন-যাপন করত। শ্রমিকেরা ন্যায্য পারিশ্রমিক পেত না। তাদের বেগার খাটতে হত। অনেক সময় তারা সারা দিনে একবার মাত্র

খেতে পেত। সরকারী কর্মচারীরা ঘুষ ও দস্তুরী নিত। কৃষকদের খুবই দুরবস্থা ছিল। রাস্তাঘাটে চোর, ডাকাতের ভয়ানক উপদ্রব ছিল। সর্বত্র ভিক্ষুক দেখা যেত।

পঞ্চম পাঠঃ মুঘল সাম্রাজ্যের পতন (১৭০৭-১৭৫৭ খ্রীঃ)ঃ সম্রাট ঔরঙ্গজেবের ১৭০৭ খ্রীঃ মৃত্যু হলে, মুঘল সাম্রাজ্যের দ্রুত পতন আরম্ভ হয়। ঔরঙ্গজেবের মৃত্যুর পর তাঁর তিন পুত্রের মধ্যে সিংহাসন নিয়ে বিরোধ বাধে। শেষ পর্যন্ত ঔরঙ্গজেবের জ্যেষ্ঠ পুত্র বাহাদুর শাহ নাম নিয়ে সিংহাসনে বসেন। তাঁর মৃত্যুর পর জাহান্দর শাহ সিংহাসনে বসেন। জাহান্দর শাহের পর সিংহাসন নিয়ে পুনরায় বিরোধ আরম্ভ হয়। দীর্ঘ গৃহযুদ্ধের পর ফাররুখশিয়ার মুঘল সিংহাসনে বসেন। কিন্তু সৈয়দ ভ্রাতারা তাঁকে নিহত করে নিজেদের হাতের লোকদের সিংহাসনে বসায়। পরে মহম্মদ শাহ সৈয়দ ভ্রাতাদের নিহত করে সিংহাসনে বসেন। মহম্মদ শাহের আমলে বাংলা, দাক্ষিণাত্য, অযোধ্যা, মথুরা প্রভৃতি অঞ্চল কার্যতঃ মুঘল সাম্রাজ্যের হাতছাড়া হয়। মহম্মদ শাহের আমলে পারস্যের সম্রাট নাদির শাহ ভারত আক্রমণ করে দিল্লী নগরী লুঠ করেন। এর পর আহম্মদ শাহ সিংহাসনে বসেন। তাঁর পর দ্বিতীয় শাহ আলম বাদশাহের পদ পান। তাঁর আমলে মুঘল সাম্রাজ্যের পরিধি খুবই কমে যায়। পাঞ্জাব শিখদের নেতৃত্বে স্বাধীন হয়ে যায়। বাংলা ও অযোধ্যার নবাবগণ এবং রাজপুত রাজারা কার্যতঃ স্বাধীন হয়ে যায়।

মুঘল অভিজাত মনসবদাররা ঔরঙ্গজেবের পর খুবই চক্রান্তকারী ও ক্ষমতালোভী হয়ে উঠে। তারা বিভিন্ন দলে বিভক্ত হয়ে বাদশাহকে হাত করার চেষ্টা করে। প্রথমে ইরানী দল, তারপর হিন্দুস্তানী দল ও সবশেষে তুরানী দল ক্ষমতা নেয়। এরা রাজকার্যে অবহেলা করে ক্ষমতার লড়াইয়ে মত্ত হয়।

মুঘল সম্রাটদের সেনা সংগঠনও বেশ দুর্বল ছিল। এতে স্থায়ী বেতনভোগী সেনা বেশী ছিল না। মুঘল সেনাদল ছিল বিশাল। এদের গতি ছিল না।

মুঘল সম্রাটদের নৌবল আদপেই ছিল না। এজন্য সমুদ্রপথে ইংরাজ প্রভৃতি ইউরোপীয় জাতি ভারতের উপকুলে ঢুকে পড়লে মুঘলরা তাদের ঠেকাতে পারে নাই। ইউরোপীয় বণিকেরা ভারতের বৈদেশিক বাণিজ্য দখল করে নেয়। দক্ষিণে ফরাসীদের হঠিয়ে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী আধিপত্য স্থাপন করে। এর পর পলাশীর যুদ্ধে বাংলার নবাব সিরাজকে হারিয়ে এরা বাংলা, বিহার দখল করে। এদিকে মারাঠা শক্তি উত্তর ভারতে এসে মুঘলের হাত থেকে ক্ষমতা ছিনিয়ে নেয়। এভাবে মুঘল সাম্রাজ্য ভেঙে পড়ে।

কালপঞ্জীঃ—(১) প্রথম পানিপথের যুদ্ধ—১৫২৬ খ্রীঃ। (২) খানুয়ার যুদ্ধ—১৫২৭ খ্রীঃ।

[খ] ইউরোপীয় বণিকদের আগমন : মারাঠা ও শিখ শক্তির উত্থান

প্রথম পাঠ : ইউরোপীয়দের আগমন ও প্রতিদ্বন্দ্বিতা : তোমরা তৃতীয় অধ্যায়ে (পৃঃ ১৪ দেখ) পড়েছ যে, পর্তুগীজ নাবিক ভাস্কো-দা-গামা, ১৪৯৮ খ্রীঃ ভারতের কালিকট বন্দরে এলে ভারতে ইউরোপীয় বণিকদের আসবার পথ তৈরী হয়। পর্তুগীজদের পরে ইংরাজ ও ফরাসীরাও ভারতে আসে। জাহাঙ্গীরের রাজত্বকালে স্যার টমাস রো ১৬১৫ খ্রীঃ এক ফর্মাণ পান। এর ফলে ইংরাজেরা ভারতে বিনা শুল্কে বাণিজ্যের অনুমতি পায়। ১৬৩৮ খ্রীঃ ইংরাজ বণিকেরা ভারতের পশ্চিম উপকূলে বোম্বাই বন্দর পায় এবং ১৬৩৯ খ্রীঃ মাদ্রাজ বন্দর স্থাপন করে। বাংলার সুতানুটি, গোবিন্দপুর ও কলিকাতা এই তিনটি গ্রাম নিয়ে ১৬৯০ খ্রীঃ ইণ্ট ইণ্ডিয়া কোম্পানী কলিকাতা নগরের পত্তন করে। এদিকে ফরাসীরাও ১৭৭০ খ্রীঃ দক্ষিণ ভারতের পণ্ডিচেরীতে বাণিজ্যকেন্দ্র স্থাপন করে। এছাড়া ১৭৭৫ খ্রীঃ বাংলার চন্দননগরে একটি ফরাসী কুঠী স্থাপিত হয়। ডাচরা শ্রীরামপুরে ও দিনেমাররা চুঁচুড়ায় কুঠী স্থাপন করে।

পর্তুগীজরা সবার আগে ভারতে আসলেও তারা ব্যবসা-বাণিজ্যে সুবিধা করতে পারেনি। ভারতে ব্যবসা-বাণিজ্য দখল করার জন্য ইংরাজ ইণ্ট ইণ্ডিয়া কোম্পানীর প্রধান প্রতিদ্বন্দ্বী হয়ে দাঁড়ায় ফরাসী ইণ্ট ইণ্ডিয়া কোম্পানী। ইউরোপে ইংরাজ-ফরাসীর যুদ্ধ বাধলে তার সূত্র ধরে ভারতেও ইংরাজ ও ফরাসী বণিকেরা পরস্পরের বিরুদ্ধে যুদ্ধে মত্ত হয়। এই যুদ্ধের প্রধান লক্ষ্য ছিল ভারতে একচেটিয়া বাণিজ্যের অধিকার লাভ করা। পণ্ডিচেরীর ফরাসী শাসনকর্তা যোসেফ দুপ্লে স্থানীয় নবাবের অনুমতি ছাড়া ইংরাজ ঘাঁটি মাদ্রাজ অধিকার করলে নবাব আনোয়ারউদ্দিন ভীষণ চটে যান। তিনি ফরাসীদের শায়েস্তা করতে এক বিরাট সেনাদল পাঠালে স্যানথোমের যুদ্ধে অল্প সংখ্যক ফরাসী সেনা তাদের ছত্রভঙ্গ করে দেয়। ইতিমধ্যে ইউরোপে ইঙ্গ-ফরাসী যুদ্ধ বন্ধ হলে ভারতেও যুদ্ধ থেকে যায়। যে যার জায়গা ফেরৎ পায়।


দুপ্লে

এদিকে দুপ্লের নির্দেশে আম্বুরের যুদ্ধে ফরাসীরা আনোয়ারউদ্দিনকে মেরে ফেলে। তাঁর ছেলে মহম্মদ আলি পালিয়ে ত্রিচিনোপল্লী দুর্গে আশ্রয় নেন

দুপ্লের হাতের পুতুল হিসাবে আনোয়ারউদ্দিনের প্রতিদ্বন্দ্বী চাঁদাসাহেব আর্কটের নবাব হয়ে বসেন। ফরাসীরা তাঁর কাছ থেকে নানা সুবিধা আদায় করে। এদিকে ফরাসীদের ক্ষমতা বাড়তে দেখে ইংরাজেরা মহম্মদ আলির পক্ষ নিয়ে ত্রিচিনোপল্লী দুর্গ রক্ষা করে। হায়দরাবাদের নিজাম নাসির জং ফরাসীদের বাধা দিতে এলে ফরাসীরা তাঁকে নিহত করে। নিজামের গদিতে মুজাফর জং ও তার পর সলাবৎ জং-কে বসিয়ে সেনাপতি বুসী তাঁকে চালাতে থাকেন।

মহম্মদ আলিকে বন্দী করার জন্য ফরাসী সেনা ত্রিচিনোপল্লী দুর্গ অবরোধ করে। ইতিমধ্যে ইংরাজ সেনা অতর্কিত আক্রমণে চাঁদাসাহেবকে বন্দী ও নিহত করে। চাঁদাসাহেব নিহত হলে দুপ্লের পরিকল্পনা ব্যর্থ হয়। দ্বিতীয় কর্ণাটের যুদ্ধের অবসান ঘটে।

১৭৫৬ খ্রীঃ ইউরোপে সপ্তবর্ষের যুদ্ধ আরম্ভ হলে এই যুদ্ধের জের হিসাবে ভারতে ইঙ্গ-ফরাসী যুদ্ধ বা তৃতীয় কর্ণাটের যুদ্ধ আরম্ভ হয়। কিন্তু ইংরাজেরা পণ্ডিচেরী দখল করলে ফরাসী শক্তির পতন হয়। ১৭৬৩ খ্রীঃ প্যারিসের সন্ধিতে ফরাসীরা ভারতে রাজনৈতিক ব্যাপারে হাত না দিতে অঙ্গীকার করে। ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বে ফরাসীদের পতন হলে ভারতে ইংরাজের একচ্ছত্র ক্ষমতা বিস্তারের পথ তৈরী হয়।

দ্বিতীয় পাঠ : ভারতে মারাঠা শক্তির উত্থান : শিবাজী : তোমরা আগে ছত্রপতি শিবাজীর নেতৃত্বে মারাঠা শক্তির উত্থানের কথা (পৃঃ ৩৮ দেখ) পড়েছ। মহারাষ্ট্রের শিবনারের এক পাহাড়ী দুর্গে ১৬৩০ খ্রীঃ শিবাজীর জন্ম হয়। তাঁর পিতার নাম ছিল শাহজী ভোঁসলে ও মাতার নাম ছিল জীজাবাঈ। শিবাজী বাল্যকালে তাঁর তেজস্বিনী মায়ের প্রভাবে এবং দাদাজী কোণ্ডদেব নামে এক ব্রাহ্মণের নিকট মহাভারত ও রামায়ণের বীরদের কথা শুনে অনুপ্রাণিত হন। তিনি দাদাজীর কাছে যুদ্ধবিদ্যা শিখেন। তাঁর মনে হিন্দুরাজ্য গঠনের স্বপ্ন জাগে।


শিবাজী

তিনি মাওয়ালী নামে এক উপজাতিকে নিয়ে নিজ সেনাদল গড়েন এবং প্রতিবেশী বিজাপুর রাজ্যের রায়গড় প্রভৃতি কয়েকটি দুর্গ জয় করেন। শিবাজীকে দমনের জন্য বিজাপুরের সুলতান আফজল খাঁ নামে এক দুর্দ্ধর্ষ সেনাপতিকে পাঠান। আফজল খাঁ সন্ধির ছলে শিবাজীকে শিবিরে এনে হত্যার চেষ্টা করলে শিবাজী 'বাঘনখ' নামে এক গুপ্ত অস্ত্র দ্বারা আফজলকে নিহত করেন। শিবাজী কোঙ্কণ ও কোলাপুর দখল করেন।

শিবাজী মুঘল সাম্রাজ্যে ঢুকে চৌথ আদায় করলে, তাঁকে দমনের জন্য বাদশাহ ঔরঙ্গজেব তাঁর মাতুল শায়েস্তা খাঁকে পাঠান। শিবাজী ৪০০ বাছাই সেনা নিয়ে বরযাত্রীর ছদ্মবেশে শায়েস্তা খাঁর শিবিরে ঢুকে পড়েন। শিবাজীর তলোয়ারের কোপে শায়েস্তা খাঁর হাতের আঙ্গুল কেটে পড়ে যায়। শায়েস্তার ছেলে আবুল ফৎ মারা পড়েন। মুঘল সেনা পালিয়ে যায়। শিবাজী সুরাট বন্দর লুঠ করে এক কোটি টাকা পান।

এবার ঔরঙ্গজেব জয়সিংহ ও দিলীর খাঁ নামে দুই সেনাপতিকে শিবাজীর বিরুদ্ধে পাঠান। জয়সিংহ পুরন্দর দুর্গ অবরোধ করেন। ফলে শিবাজী ১৬৬৫ খ্রীঃ পুরন্দরের সন্ধি স্বাক্ষর করেন। তিনি ১২টি দুর্গ হাতে রেখে বাকী দুর্গগুলি মুঘলকে ছেড়ে দেন। তিনি জয়সিংহের সঙ্গে আগ্রায় আসেন।

আগ্রার দরবারে ঔরঙ্গজেব শিবাজীকে যথাযোগ্য মর্যাদা না দিলে শিবাজী প্রতিবাদ করেন। এজন্য ঔরঙ্গজেব তাঁকে কারারুদ্ধ করেন। কিন্তু শিবাজী ও তাঁর পুত্র শম্ভুজী মিষ্টির ঝুড়িতে লুকিয়ে পালিয়ে যান। ১৬৬৬ খ্রীঃ শিবাজী রায়গড় দুর্গে ফিরে আসেন। তিনি ১৬৭৪ খ্রীঃ ছত্রপতি উপাধি নেন এবং মুঘলের হাত থেকে বহু দুর্গ ও রাজ্য অধিকার করেন। তাঁর রাজ্য সুরাট থেকে কানাড়া পর্যন্ত বিস্তৃত হয়।

শিবাজী তাঁর সাম্রাজ্যকে স্থায়ী করার জন্য এক শাসন ব্যবস্থা গঠন করেন। তাঁর অধীনে অষ্টপ্রধান বা ৮ জন মন্ত্রী থাকত। প্রধানমন্ত্রীর উপাধি ছিল পেশবা। তিনি রাজ্যকে ৪টি প্রান্তে ভাগ করেন। প্রান্তগুলিকে তরফ বা জেলায় বিভক্ত করা হয়। তিনি জমি জরীপ করে খাজনা ধার্য করেন। তিনি প্রতিবেশী রাজ্য থেকে চৌথ বা জমির আয়ের $\frac{১}{৪}$ অংশ ও সরদেশমুখী বা $\frac{১}{১০}$ অংশ জোর করে আদায় করে সেনাদলের খরচ চালাতেন। নিয়মিত বাহিনীকে বলা হত বার্গীর এবং অনিয়মিত বাহিনীকে বলা হত শিলাদার। তাঁর একটি ছোট নৌবাহিনীও ছিল। তিনি ধর্মসহিষ্ণুতা নীতি পালন করতেন। তাঁর গৈরিক পতাকার নাম ছিল "ভগবা ঝাণ্ডা।" তাঁর গুরু ছিলেন রামদাস সমর্থ। মারাঠা জাতির জাগরণের নায়ক হিসাবে তিনি ভারতের ইতিহাসে স্থায়ী আসন পেয়েছেন।

তৃতীয় পাঠঃ মারাঠা শক্তির বিস্তারঃ পেশবাদের কাহিনীঃ

শিবাজীর মৃত্যুর পর শম্ভুজী ছত্রপতির পদে বসেন। তিনি মুঘল সেনার হাতে নিহত হলে তাঁর ছোট ভাই রাজারাম ছত্রপতি হয়ে মুঘলের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যান। রাজারামের পর তাঁর শিশুপুত্র তৃতীয় শিবাজীর পক্ষে রাজারামের বিধবা স্ত্রী তারাবাঈ মুঘলের বিরুদ্ধে যুদ্ধ চালাতে থাকেন।

এর পর শম্ভুজীর পুত্র ছত্রপতির পদ পান। তিনি বালাজী বিশ্বনাথ নামে এক

সমর-বিশারদ ব্রাহ্মণকে পেশবার পদে নিয়োগ করেন। বালাজী বিশ্বনাথ পেশবার পদকে বংশানুক্রমিক করেন। তিনি ছত্রপতি শাহুকে নামেমাত্র ক্ষমতায় রেখে মারাঠা রাষ্ট্রের সকল ক্ষমতা হাতে নেন। বালাজী বিশ্বনাথ মুঘল দরবারের ক্ষমতাশীল অভিজাত সৈয়দ হুসেন আলির সাথে ১৭১৪ খ্রীঃ এক সন্ধির দ্বারা দাক্ষিণাত্যে ছয়টি মুঘল সুবার চৌথ আদায়ের অধিকার পান। এই সন্ধির ফলে দাক্ষিণাত্যে কার্যতঃ মারাঠা অধিকার স্থাপিত হয়। মারাঠা সেনা হুসেন আলির পক্ষ নিয়ে দিল্লীর নিকট উপস্থিত হয়। উত্তর ভারতের রাজনীতিতে মারাঠারা প্রবেশ করে।

বালাজী বিশ্বনাথের পর তাঁর পুত্র প্রথম বাজীরাও ১৭২০ খ্রীঃ পেশবার গদীতে বসেন। তিনি হিন্দু-পাদ-পাদশাহীর আদর্শ গ্রহণ করলে উত্তর ভারতের বুন্দেলা, ছত্রশাল ও অন্যান্য হিন্দু রাজারা তাঁর পক্ষ নেন। মারাঠা বাহিনী মধ্যপ্রদেশ, উড়িষ্যা, রাজপুতানা, গুজরাট ও উত্তর প্রদেশে আধিপত্য স্থাপন করে। ভূপালের যুদ্ধে (১৭৩৭ খ্রীঃ) নিজামকে হারিয়ে মারাঠা সেনা দিল্লীতে আধিপত্য বিস্তার করে।

প্রথম বাজীরাওয়ের পুত্র বালাজী বাজীরাও তাঁর পিতার মত উচ্চাভিলাষী ছিলেন। তিনি সমগ্র ভারতে মারাঠা আধিপত্য স্থাপনের সংকল্প নেন। তিনি নিজামকে উদগিরের যুদ্ধে (১৭৬০ খ্রীঃ) হারিয়ে আহম্মদ নগর, দৌলতাবাদ ও বিজাপুর পান। তাঁর শাসনকালে মারাঠা বর্গীরা বাংলায় হাঙ্গামা চালায়। ইহাকে বর্গীর হাঙ্গামা বলা হয়। তিনি হিন্দু-পাদ-পাদশাহীর আদর্শ ছেড়ে হিন্দু-মুসলিম সকল রাজাকেই চৌথ দিতে বাধ্য করেন। এজন্য উত্তর ভারতে তাঁর জনপ্রিয়তা নষ্ট হয়।

বাজীরাওয়ের নির্দেশে মারাঠা সেনা দিল্লী হতে পাঞ্জাবের দিকে আগায়। অপর দিকে আফগানিস্থানের বাদশাহ আহম্মদ শাহ আবদালী দিল্লী অধিকারের সংকল্প নেন। আবদালীর সেনাদল পাঞ্জাবে ঢুকলে মারাঠারা তাদের পাণিপথের প্রান্তরে বাধা দেয়। পাণিপথের তৃতীয় যুদ্ধে (১৭৬১ খ্রীঃ) মারাঠাদের পরাজয়ের ফলে তাদের আপাততঃ পতন ঘটে। বালাজী বাজীরাও হতাশ মনে মারা যান। মারাঠাদের পতনের সুযোগে বাংলায় ইংরাজ শক্তি ক্ষমতা লাভ করে।

চতুর্থ পাঠ ঃ শিখ শক্তির উত্থান ঃ শিখ সংগঠন ঃ শিখ জাতির ধর্মগুরু নানকের জন্ম হয় ১৪৬৯ খ্রীঃ লাহোরের তালবন্দী গ্রামে। তিনি ঈশ্বরের প্রতি ভক্তিকেই মুক্তির উপায় এই তত্ত্ব প্রচার করেন। ভগবানের নিকট সকল মানুষ সমান একথা তিনি বলেন। তাঁর বাণী সম্বলিত পুস্তকের নাম ছিল গ্রন্থ সাহেব। নানক ছিলেন শিখধর্মের প্রতিষ্ঠাতা।

নানকের পর বিভিন্ন শিখ গুরুরা শিখ জাতিকে সঙ্ঘবদ্ধ করেন। চতুর্থ গুরু রামদাস অমৃতসরে স্বর্ণমন্দির নির্মাণ করেন। এই মন্দির শিখদের সর্বশ্রেষ্ঠ তীর্থস্থানে

পরিণত হয়। তাঁর আমল হতে শিখ ধর্মগুরুর পদ বংশানুক্রমিক হয়ে যায়। পঞ্চম গুরু অর্জুনের (১৫৮১-১৬০৬ খ্রীঃ) আমলে শিখ জাতি বিশেষভাবে সংগঠিত হয়। পূর্ববর্তী গুরুদের বাণী সংকলন করে তিনি শিখদের প্রধান ধর্মগ্রন্থ, "আদি গ্রন্থ" রচনা করেন। তিনি শিখদের ধর্মকর আদায় দিতে আদেশ দেন। গুরু অর্জুন জাহাঙ্গীরের বিরোধিতা করায় মুঘল কারাগারে বন্দীশালায় নিহত হন। ষষ্ঠ গুরু হরগোবিন্দ একটি শক্তিশালী শিখ সেনাদল গড়েন। সপ্তম গুরু হররায় ও অষ্টম গুরু হরকিষেণের পর, তেগ বাহাদুর গদীতে বসেন।

নবম গুরু তেগ বাহাদুর ঔরঙ্গজেবের ধর্মান্ধ নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানান। এজন্য ঔরঙ্গজেব তাঁকে বন্দী করে বলেন যে, হয় তাঁকে ইসলাম ধর্ম গ্রহণ করতে হবে নতুবা প্রাণ দিতে হবে। তেগ বাহাদুর নিজ ধর্ম ছাড়তে অরাজী হলে তাঁর মাথা কেটে ফেলা হয়। তেগ বাহাদুর বলেন যে "তিনি শির দিলেও সার অর্থাৎ ধর্ম ত্যাগ করেন নাই।" গুরু তেগ বাহাদুরের প্রতি নিষ্ঠুর আচরণের ফলে শিখ জাতি মুঘলের বিরুদ্ধে ক্ষিপ্ত হয়।

দশম গুরু গোবিন্দ সিংহ ছিলেন অসাধারণ সংগঠক ও দূরদর্শী লোক। তিনি স্বাধীন শিখ সাম্রাজ্য স্থাপনের পরিকল্পনা নেন। এজন্য তিনি শিখ জাতিকে সামরিক নিয়মে সংগঠন করেন। প্রতি শিখকে "পঞ্চ ক" কার ধারণ করতে হয়, যথা কেশ, কাঙ্গা (চিরুণী), কৃপাণ (তলোয়ার), কাচ্ছা, কড়া (লোহার বালা)। শিখদের ধূমপান, মূর্তিপূজা নিষিদ্ধ হয়। তাদের গ্রন্থ সাহেব পূজা করতে আদেশ দেওয়া হয়। শিখদের পাহুল বা দীক্ষা দানের প্রথা চালু করা হয়। শিখদের মধ্যে জাতিভেদ প্রথা লোপ করা হয়। প্রতি শিখ তাদের গুরুর নিকট সমান মর্যাদা পায়। এভাবে শিখ জাতি আত্মিক শক্তিতে বলীয়ান হয়। গুরু গোবিন্দ শিখদের নিয়ে খালসা বা পবিত্র বাহিনী গড়েন।

গুরু গোবিন্দ পাঞ্জাবের পাহাড়ী এলাকা থেকে মুঘলদের বিতাড়িত করেন। তিনিই ছিলেন শিখ সম্প্রদায়ের দশম ও শেষ গুরু। গুরু গোবিন্দের পর বান্দা শিখ জাতির নেতৃত্ব নেন। তিনি দীর্ঘকাল মুঘলের সাথে যুদ্ধের পর বন্দী দশায় মুঘল বাদশাহ ফাররুখশিয়ারের আদেশে নিহত হন। ইহার পর কাপুর সিং নামে এক শিখ নেতা "দল খালসা" বা শিখ সেনাদল গড়েন। তৃতীয় পানিপথের যুদ্ধের পর মুঘল শক্তি ভেঙে পড়লে, শিখরা পাঞ্জাবে স্বাধীন শিখ রাজ্য স্থাপন করে।

শিখ জাতি শিখতীর্থ অমৃতসরে সমবেত হয়ে "দেগ, তেগ ও ফতে" অর্থাৎ 'দয়া, শক্তি ও জয়" কামনা করে। শিখ জাতির কোন কেন্দ্রীয় সরকার না থাকায় তারা ১২টি মিসলে বা গোষ্ঠীতে বিভক্ত হয়ে যায়।

শিখ জাতির সুকারচেরিয়া মিসলের নেতা, মহা সিংহের পুত্র রঞ্জিৎ সিংহ (১৭৮০-১৮৩৯ খ্রীঃ) একে একে সকল শিখ মিসলগুলিকে জয় করে তাঁর অধীনে অখিল শিখ সাম্রাজ্য গড়েন। শতদ্রু নদীর পশ্চিম তীরের শিখ মিসলগুলিকে অধিকার করার পর তিনি শতদ্রুর পূর্ব তীরের মিসলগুলির দিকে হাত বাড়ান। কিন্তু ইংরাজ শক্তি তাঁকে এই উদ্দেশ্য সফল করতে দেয় নি। তারা অমৃতসরের সন্ধি (১৮০৯ খ্রীঃ) স্থাপন করে রঞ্জিৎ সিংহকে শতদ্রু নদী তাঁর রাজ্যসীমা বলে গণ্য করতে বাধ্য করে। রঞ্জিৎ সিংহ অবশ্য কাশ্মীর, কাংড়া, পেশোয়ার ও মুলতান দখল করেন। তাঁর রাজধানী ছিল লাহোর। তাঁর মৃত্যুর পর শিখ শক্তি ভেঙে পড়ে।


রঞ্জিৎ সিংহ

কালপঞ্জী :—(১) জাহাঙ্গীরের দরবারে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর ফর্মাণ লাভ —১৬১৫ খ্রীঃ। (২) কলিকাতা নগরীর প্রতিষ্ঠা—১৬৯০ খ্রীঃ। (৩) তৃতীয় পানিপথের যুদ্ধ—১৭৬১ খ্রীঃ।

দশম অধ্যায়

ভারতে বৃটিশ শক্তির প্রতিষ্ঠা ও বিস্তার

প্রথম পরিচ্ছেদঃ প্রথম পাঠঃ ক্লাইভ ও ওয়ারেন হেস্টিংসের সাম্রাজ্য বিস্তার নীতি (১৭৫৭—১৭৮৪ খ্রীঃ)ঃ তোমরা জান যে, ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর ইংরাজ কুঠিয়াল জব চার্ণক কলিকাতায় ১৬৯০ খ্রীঃ ইংরাজ বাণিজ্য কেন্দ্র স্থাপন করেন। কোম্পানী মুঘল সম্রাট ফাররুখশিয়ারের কাছ থেকে বিনা শুল্কে বাণিজ্যের জন্য ১৭১৭ খ্রীঃ এক ফর্মাণ যোগাড় করে। এই ফর্মাণের অপব্যবহার করে কোম্পানীর কর্মচারীরা নিজেদের বাণিজ্যের ক্ষেত্রেও বাংলার নবাবকে শুল্ক ফাঁকি দিতে থাকে। এজন্য বাংলার নবাবদের সঙ্গে কোম্পানীর মতবিরোধ ঘটে। নবাব আলিবর্দী খাঁর আমলে বাংলায় বর্গীর হাঙ্গামা আরম্ভ হলে কোম্পানী কলিকাতাকে সুরক্ষিত করে। ফলে কোম্পানীর শক্তি বাড়ে।

আলিবর্দী খাঁর মৃত্যুর পর তাঁর দৌহিত্র সিরাজ-উদ-দৌলা বাংলার সিংহাসনে বসলে,

ইস্ট্ ইন্ডিয়া কোম্পানীর সঙ্গে কয়েকটি কারণে তাঁর বিরোধ বাধে। কোম্পানী নবাবের বিনা অনুমতিতে কলিকাতায় দুর্গ নির্মাণ এবং বিনা শুল্কে বাণিজ্যের অধিকারের অপব্যবহার করে। নবাবের আইন হতে পলাতক দেওয়ান রাজবল্লভের পুত্র কৃষ্ণবল্লভকে কলিকাতার কোম্পানী নবাবের আইন এড়িয়ে আশ্রয় দিলে নবাব অত্যন্ত বিরক্ত হন। তিনি দুর্গ নির্মাণ বন্ধ করতে এবং কৃষ্ণবল্লভকে ফেরৎ দিতে দাবী জানালে কোম্পানী এই দাবী অগ্রাহ্য করে। ফলে নবাব যুদ্ধের দ্বারা কলিকাতা অধিকার করেন। কিন্তু মাদ্রাজ হতে কর্ণেল ক্লাইভ সেনাদল সহ এসে নবাবের হাত হতে কলিকাতা উদ্ধার করেন। নবাব সিরাজ-উদ্-দৌলা দ্বিতীয়বার কলিকাতা অভিযান করলেও কোন ফল হয় নাই। শেষ পর্যন্ত তিনি আলিনগরের সন্ধির দ্বারা কোম্পানীর সঙ্গে শান্তি স্থাপন করেন। কিন্তু ক্লাইভ নবাব সিরাজ-উদ্-দৌলাকে সিংহাসন-চ্যুত করে এই সিংহাসনে কোম্পানীর হাতের লোক বসাতে মনস্থ করেন। ক্লাইভ নবাবের প্রধান সেনাপতি মীরজাফরের সঙ্গে চক্রান্ত করে ১৭৫৭ খ্রীঃ পলাশীর যুদ্ধে নবাবকে পরাস্ত করেন। মীরজাফর বিশ্বাসঘাতকতা করে নবাবের সেনার বৃহদংশকে যুদ্ধের সময় নিষ্ক্রিয় রাখেন। ফলে বাংলায় কার্যতঃ কোম্পানীর অধিকার বর্তায়।



সিরাজ-উদ্-দৌলা

কোম্পানীর সাহায্য নিয়ে মীরজাফর কিছুকাল মসনদে বসেন। কোম্পানীর কর্তারা মুর্শিদাবাদের রাজকোষ হতে বিরাট পরিমাণ অর্থ শোষণ করে। কলিকাতা কর্তৃপক্ষ নবাবকে হাতের পুতুলে পরিণত করে। ১৭৬০ খ্রীঃ কলিকাতা কর্তৃপক্ষ মীরজাফরকে পদচ্যুত করে তাঁর জামাতা মীরকাশিমকে বাংলার মসনদে বসায়। মীরকাশিম কোম্পানীর কর্মচারীদের দ্বারা দস্তকের অপব্যবহার, নবাবের কর্মচারীদের প্রতি অপমান করার জন্য কোম্পানীর উপর বিরক্ত হন। তিনি মুর্শিদাবাদ হতে রাজধানী মুঙ্গেরে সরিয়ে নেন। মুঙ্গেরে তিনি আর্মেনীয় সেনাপতির সাহায্যে সেনাদল গঠন করে বাংলার নবাবের স্বাধীনতা রক্ষার চেষ্টা করেন। এদিকে



ক্লাইভ

কোম্পানীর কর্মচারীরা ব্যক্তিগত বাণিজ্য বিনা শুল্কে করতে থাকে। এতে বিরক্ত হয়ে নবাব দেশীয় বণিকদেরও বিনা শুল্কে বাণিজ্যের অধিকার দেন।

কলিকাতা কাউন্সিল এজন্য মীরকাশিমকে পদচ্যুত করার সিদ্ধান্ত নিলে নবাবের সঙ্গে যুদ্ধ আরম্ভ হয়। মীরকাশিম অযোধ্যার নবাব সুজাউদদৌলা ও বাদশাহ শাহ আলমের সাথে জোট গড়ে ইংরাজের বিরুদ্ধে যুদ্ধ চালান। কিন্তু বক্সারের যুদ্ধে (১৭৬৪ খ্রীঃ) মীরকাশিম ও তাঁর মিত্রদের পরাজয় ঘটে। বক্সারের যুদ্ধের ফলে কোম্পানী বাংলায় স্থায়ী অধিকার পায়।



মীরকাশিম

ইতিমধ্যে ক্লাইভ দ্বিতীয়বার বাংলার শাসনভার নিয়ে আসেন। তিনি বাদশাহ শাহ আলমের নিকট হতে কোম্পানীর তরফে বাংলার দেওয়ানী বা রাজস্ব আদায়ের ক্ষমতা লাভ করেন। এর বিনিময়ে শাহ আলমকে কারা ও এলাহাবাদ প্রদেশ এবং বার্ষিক ২৬ লক্ষ টাকা দিতে হয়। বাংলার নবাব নামেমাত্র ক্ষমতায় থাকেন। বক্সারের যুদ্ধে পরাজিত অযোধ্যার নবাব কোম্পানীর সাথে এলাহাবাদের সন্ধি করেন। তিনি কোম্পানীকে কারা ও এলাহাবাদ ছেড়ে দেন। এছাড়া তিনি আত্মরক্ষার জন্য কোম্পানীর সামরিক সাহায্য নিতে অঙ্গীকার করেন। এভাবে ক্লাইভ বাংলায় কোম্পানীর অধিকার সুপ্রতিষ্ঠিত করেন।



ওয়ারেন হেস্টিংস

ক্লাইভের পর ওয়ারেন হেস্টিংস ভারতে কোম্পানীর শাসনকর্তার পদে বসেন। তিনি দেখেন যে, মহীশূরের হায়দর আলি ও পুণার মারাঠা শক্তির দ্বারা ইংরাজের ক্ষমতা বিস্তারের প্রধান বাধা সৃষ্টি হয়েছে। মহীশূরের হায়দর আলির সাথে কোম্পানীর প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধ বাধে। কিন্তু চতুর হায়দর আলি মাদ্রাজ শহরকে আক্রমণ করতে উদ্যত হলে ১৭৬৯ খ্রীঃ মাদ্রাজের সন্ধির দ্বারা এই যুদ্ধ শেষ হয়।

ইতিমধ্যে পেশবার সিংহাসন নিয়ে রঘুনাথ রাওয়ের সাথে পুণার মন্ত্রীদের বিবাদ বাধে। সুরাটের সন্ধির দ্বারা বোম্বাই কর্তৃপক্ষ পেশবা দ্বিতীয় মাধবরাওয়ের বিরুদ্ধে রঘুনাথ রাওয়ের পক্ষ অবলম্বন করে। রঘুনাথের পক্ষ নিয়ে ইংরাজ সেনা পুণায় ঢুকে পড়ে। ওয়ারেন হেস্টিংস এই সন্ধি পছন্দ না করায় তিনি পুরন্দরের সন্ধির দ্বারা

পুণা দরবারের সহিত শান্তি স্থাপন করেন। কোম্পানী যুদ্ধের জন্য ক্ষতিপূরণ পেয়ে রঘুনাথের পক্ষ ত্যাগ করে। কিন্তু বিলাতের কর্তৃপক্ষ পুরন্দরের সন্ধি নাকচ করলে পুনরায় ইঙ্গ-মারাঠা যুদ্ধ বাধে। পুণার মন্ত্রী নানা ফড়নবীশ মহীশূরের হায়দর আলির সঙ্গে জোট বেঁধে ইংরাজের বিরুদ্ধে যুদ্ধ চালান। এর ফলে প্রথম মারাঠা যুদ্ধ ও দ্বিতীয় মহীশূর যুদ্ধ এক সঙ্গে চলে। ইংরাজদের পুণায়, উত্তর ভারতে, কর্ণাটে সর্বত্র যুদ্ধ করতে হয়। এই যুদ্ধে ইংরাজ শক্তি দুর্বল হয়ে পড়বে একথা বুঝতে পেরে ওয়ারেন হেস্টিংস মারাঠাদের সাথে সলবাইয়ের সন্ধি (১৭৮২ খ্রীঃ) স্বাক্ষর করেন। সলবাইয়ের সন্ধিতে ইংরাজেরা সলসেট ও থানা লাভ করে। তারা যুদ্ধের জন্য ক্ষতিপূরণ পায়। ইংরাজেরা রঘুনাথের পক্ষ ছেড়ে দেয়। দ্বিতীয় মাধব রাওকে পেশবা বলে স্বীকার করে।



হায়দর আলি

এদিকে হায়দর আলির সাথে কোম্পানীর যুদ্ধ চলতে থাকে। হায়দর আলি ফরাসী সাহায্য পেলেও তাতে তাঁর কোন লাভ হয়নি। ইংরাজ সেনাপতি আয়ার কূট বন্দীবাসের যুদ্ধে হায়দরকে পরাস্ত করেন। হায়দরের মৃত্যুর পর তাঁর পুত্র টিপু সুলতান ম্যাঙ্গালোরের সন্ধির (১৭৮৪ খ্রীঃ) দ্বারা দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ শেষ করেন। এই সন্ধির দ্বারা দুই শক্তি পরস্পরের স্থান ফিরিয়ে দেয়।

ওয়ারেন হেস্টিংসের পর গভর্ণর জেনারেল লর্ড কর্ণওয়ালিস দেখেন যে, টিপু ত্রিবাংকুর আক্রমণ করে নিজ শক্তি বাড়াচ্ছেন। কর্ণওয়ালিস নিজাম ও মারাঠাকে স্বপক্ষে রেখে তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধে টিপুকে পরাস্ত করেন। শ্রীরঙ্গপত্তনের সন্ধির দ্বারা টিপু তাঁর রাজ্যের অর্ধেক কোম্পানীকে ছেড়ে দেন। টিপু যুদ্ধের জন্য কোম্পানীকে ক্ষতিপূরণের অর্থ দেন। এই সন্ধির দ্বারা দক্ষিণ ভারতে কোম্পানীর আধিপত্য স্থাপিত হয়।

দ্বিতীয় পাঠঃ লর্ড ওয়েলেসলি ও লর্ড হেস্টিংসের সাম্রাজ্য বিস্তার নীতিঃ লর্ড কর্ণওয়ালিস ও স্যার জন শোরের পর লর্ড ওয়েলেসলি গভর্ণর জেনারেল হন। লর্ড ওয়েলেসলি ছিলেন ঘোর সাম্রাজ্যবাদী। ভারতের সকল স্বাধীন রাজ্যকে কোম্পানীর বশ্যতায় এনে কোম্পানীকে ভারতের অধিরাজ করার জন্য তিনি পণ করেন। এই উদ্দেশ্য পূরণের জন্য তিনি এক নীতি নেন। এই নীতির নাম ছিল বশ্যতামূলক মিত্রতা। লর্ড ওয়েলেসলি দাবী করেন যে, কোম্পানীর সাথে প্রতি

ভারতীয় রাজাকে এক মিত্রতামূলক সন্ধি স্বাক্ষর করতে হবে। এই সন্ধি অনুসারে ভারতীয় রাজারা ইংরাজের বিনা অনুমতিতে অপর কোন শক্তির সহিত যুদ্ধ বা সন্ধি করতে পারবে না। এই রাজাদের বৈদেশিক সম্পর্ক কিছুই থাকবে না। ইংরাজ সেনা এই সকল মিত্র রাজাকে রক্ষার দায়িত্ব নেবে। এজন্য মিত্রশক্তি নগদ টাকা বা রাজ্যের একাংশ ছেড়ে দিয়ে ইংরাজ সেনার খরচা মিটাতে বাধ্য থাকবে।


ওয়েলেসলি

লর্ড ওয়েলেসলির বশ্যতামূলক মিত্রতা নীতির আসল লক্ষ্য ছিল পাকে-প্রকারে ভারতীয় রাজাদের ইংরাজদের অধীনস্থ করা। হায়দরাবাদের নিজাম, আর্কটের নবাব, তাঞ্জোরের রাজা, অযোধ্যার নবাব সকলেই কোম্পানীর সহিত বশ্যতামূলক সন্ধি স্বাক্ষর করেন। মহীশূরের বাঘ টিপু সুলতান এই সন্ধি স্বাক্ষরে রাজী হন নাই। ফলে চতুর্থ ইঙ্গ-মহীশূরের যুদ্ধে ইংরাজ সেনা টিপুর রাজধানী শ্রীরঙ্গপত্তন অধিকার করে। টিপু এই যুদ্ধে নিহত হন। মহীশূর রাজ্য ইংরাজের দখলে আসে। এর পর মারাঠা পেশবা দ্বিতীয় বাজীরাও ১৮০২ খ্রীঃ বেসিনের সন্ধির দ্বারা কোম্পানীর সহিত বশ্যতামূলক চুক্তি স্থাপন করেন। কিন্তু মারাঠা সেনাপতিরা বেসিনের সন্ধির অপমানজনক শর্ত না মেনে কোম্পানীর বিরুদ্ধে যুদ্ধ আরম্ভ করে। আসাই ও প্রতাপগঞ্জের যুদ্ধে ভোঁসলে ও সিন্ধিয়া পরাজিত হন। ভোঁসলে কোম্পানীর সঙ্গে দেওগাঁও এবং সিন্ধিয়া সুর্যি অর্জুনগাঁওয়ের বশ্যতামূলক সন্ধি স্বাক্ষর করেন। এই সন্ধিগুলির দ্বারা উড়িষ্যা,


টিপু সুলতান

মধ্য প্রদেশ ও চম্বল উপত্যকার বিস্তীর্ণ স্থান ইংরাজ অধিকারে আসে। এর পর হোলকার কিছুকাল যুদ্ধ চালিয়ে রাজপুরঘাটের বশ্যতামূলক সন্ধি স্বাক্ষর করেন। বাদশাহ দ্বিতীয় শাহ আলম মারাঠাদের হাত থেকে ইংরাজের নিয়ন্ত্রণে আসেন। ইংরাজ সেনা দিল্লী দখল করে। বেসিনের সন্ধি ও দ্বিতীয় মারাঠা যুদ্ধের পর ইংরাজ শক্তি কার্যতঃ ভারতে সর্বেসর্বা হয়ে দাঁড়ায়। কোম্পানীর সাম্রাজ্য সীমা দিল্লীর পশ্চিমে স্থাপিত হয়।

এর পর লর্ড মিণ্টো গভর্ণর জেনারেল হয়ে পাঞ্জাবের রাজা রঞ্জিৎ সিংহকে ১৮০৯ খ্রীঃ অমৃতসরের সন্ধি স্বাক্ষরে বাধ্য করেন (আগে পৃঃ ৪৭ দেখ)। এর ফলে শতদ্রু নদী ব্রিটিশ ভারতের সীমানায় পরিণত হয়।

লর্ড হেস্টিংস গভর্ণর জেনারেল হওয়ার পর ১৮১৭ খ্রীঃ পুণার সন্ধির দ্বারা পেশবার পদ লোপ করেন। তিনি পেশবা দ্বিতীয় বাজীরাওকে ইংরাজের বৃত্তিভোগীতে



পরিণত করেন। তিনি তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধে মারাঠা শক্তিকে চিরতরে ধ্বংস করে ভারতে কোম্পানীর অধিরাজত্ব স্থাপন করেন। লর্ড হেস্টিংস নেপালকে যুদ্ধে পরাস্ত করে সগৌলির সন্ধির (১৮১৬ খ্রীঃ) দ্বারা হিমাচল প্রদেশের বহু স্থান অধিকার করেন। ভারতের সীমান্তে ব্রহ্মদেশেও কোম্পানীর সাম্রাজ্য বিস্তৃত হয়। ১৮২৬ খ্রীঃ

ইয়ান্দাবুর সন্ধির দ্বারা কোম্পানী আরাকান ও টেনাসেরিম অধিকার করে। এভাবে ১৮১৮ খ্রীঃ ভারতে বৃটিশ শক্তি বিস্তারের প্রথম পর্যায় শেষ হয়।

দ্বিতীয় পরিচ্ছেদ : প্রথম পাঠ : ইঙ্গ-শিখ যুদ্ধ ও লর্ড ডালহৌসীর সাম্রাজ্য বিস্তার নীতি : অমৃতসরের সন্ধির (১৮০৯ খ্রীঃ) দ্বারা কোম্পানী শতদ্রু নদীকে তাদের রাজ্যসীমা বলে মেনে নেয়। কিন্তু দিল্লীতে দৃঢ়ভাবে ক্ষমতা স্থাপন করার পর ইংরাজদের নজর প্রতিবেশী পাঞ্জাবের দিকে পড়ে। পাঞ্জাব ছিল খুবই উর্বরা ও সমৃদ্ধশালী অঞ্চল। কোন কোন ইংরাজ সেনাপতি মনে করতেন যে, পাঞ্জাব দখল না করলে উত্তর-পশ্চিম দিক হতে ভারতে বৈদেশিক শক্তির আক্রমণ প্রতিহত করা যাবে না। সুতরাং কোম্পানী নানা অজুহাতে শিখদের সাথে ঝগড়া বাধাবার চেষ্টা করে। লাহোর দরবারে ইংরাজ প্রতিনিধি মেজর ব্রডফুট এমন ভাব দেখান যে, তিনিই যেন পাঞ্জাবের রাজা। এতে খালসা সেনাদল চটে যায়। শতদ্রু নদীর পূর্ব তীরে ইংরাজ সেনারা কুচকাওয়াজ করে যুদ্ধ-প্রিয় খালসাদের উত্তেজিত করে। শিখ রাণী ঝিন্দন দেখেন যে, দরবারে শিখ সর্দাররাও পরস্পরের মধ্যে ঝগড়া করছেন। তিনি শিখ সর্দারদের আত্মকলহ না করে ইংরাজের সাথে যুদ্ধের প্ররোচনা দেন। এভাবে প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধ আরম্ভ হয়। ফিরোজশা, আলিওয়াল, সোব্রাওয়ের যুদ্ধে খালসা সেনাদল অত্যন্ত বীরত্বের সঙ্গে লড়ে ইংরাজের কামানের নিকট পরাজয় স্বীকার করে। লাহোরের সন্ধির' (১৮৪৬ খ্রীঃ) দ্বারা শিখ দরবার কাশ্মীর ও জলন্ধর দোয়াব ইংরাজদের ছেড়ে দেয়। শিখরা যুদ্ধের জন্য কোম্পানীকে অর্থ ক্ষতিপূরণ দেয়।


ডালহৌসী

লর্ড ডালহৌসী বড়লাট হওয়ার পর পাঞ্জাবকে ব্রিটিশ সাম্রাজ্যের ভিতর আনতে ব্যগ্র হন। শিখ নেতা মুলরাজ ইংরাজের বিরুদ্ধে বিদ্রোহ করলে এই বিদ্রোহের অজুহাতে ডালহৌসী দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধ ১৮৪৯ খ্রীঃ লাগিয়ে দেন। গুজরাটের যুদ্ধে শিখ শক্তির পতন ঘটে। পাঞ্জাব বৃটিশ শক্তির অধিকারে আসে শিখ রাজা দলীপ সিংহ ইংরাজের বৃত্তিভোগীতে পরিণত হন। লর্ড ডালহৌসী বড়লাট হয়ে দেখেন যে, ভারতের প্রায় সমগ্র অঞ্চল ইংরাজের অধীন হয়েছে। কিন্তু ভারতের হিন্দু রাজারা তখনও স্বায়ত্ব শাসনের অধিকার ভোগ করছে। লর্ড ডালহৌসীর লক্ষ্য ছিল এই রাজ্যগুলিকে কোম্পানীর নিজ শাসনে আনা। এই উদ্দেশ্যে তিনি স্বত্ব-বিলোপ নীতি ঘোষণা করেন। এতে বলা হয় যে, কোম্পানীর অধীনস্থ কোন হিন্দু

রাজার উত্তরাধিকারী হিসাবে প্ত্র সন্তান না থাকলে এই রাজা দত্তক নিতে পারবেন না। উত্তরাধিকারী না থাকায় সেই রাজবংশের স্বত্ব লোপ পাবে। সেই রাজ্য কোম্পানীর অধিকারে চলে আসবে।

স্বত্ব-বিলোপ নীতি প্রয়োগ করে লর্ড ডালহৌসী সাতারা, নাগপ্র, উদয়প্র, ঝাঁসী, ভগৎ, কর্ণাট, তাঞ্জোর প্রভৃতি রাজ্য ইংরাজ অধিকারে আনেন। এছাড়া তিনি অযোধ্যা ও বেরারও অধিকার করেন। ডালহৌসী দ্বিতীয় ব্রহ্ম য্দ্ধের দ্বারা দক্ষিণ ব্রহ্ম অধিকার করেন। ব্রহ্মের রেঙ্গ্ন বন্দর দক্ষিণ-প্র্ব এশিয়ায় ইংরাজ বাণিজ্য ঘাঁটিতে পরিণত হয়। ডালহৌসীর নীতির ফলে ব্রিটিশ সাম্রাজ্যের আয়তন খ্বই বেড়ে যায়।

তৃতীয় পরিচ্ছেদঃ প্রথম পাঠঃ সিপাহী বিদ্রোহের কারণ ও প্রকৃতিঃ পলাশীর য্দ্ধের পর অন্ততঃ একশ বছর ধরে ইস্ট ইণ্ডিয়া কোম্পানী ভারতে রাজ্য বিস্তার করে। এই সময়ে ইংরাজ শাসনের বির্দ্ধে মাঝে মাঝে স্থানীয় বিদ্রোহ দেখা দেয়। ভীল, জাঠ, সাঁওতাল প্রভৃতি সম্প্রদায় ইংরাজ শাসনের বির্দ্ধে বিদ্রোহ ঘোষণা করে। কিন্তু ইংরাজ সেনা সহজে এই বিদ্রোহগ্লিকে দমিয়ে ফেলে। অতঃপর ১৮৫৭ খ্রীঃ ইংরাজ শাসনের বির্দ্ধে উত্তর ভারতে এক ব্যাপক বিদ্রোহ ঘটে। কোম্পানীর নিয্ক্ত ভারতীয় সিপাহী সেনারা এই বিদ্রোহে প্রধান ভূমিকা লওয়ার জন্য কেহ কেহ এই বিদ্রোহকে সিপাহী বিদ্রোহ বলেন।

১৮৫৭ খ্রীঃ বিদ্রোহের বিভিন্ন কারণ ছিল। ভারতীয় সিপাহীরা ইংরাজের সাম্রাজ্য স্থাপনের জন্য প্রাণ দিত। কিন্তু কোম্পানী সিপাহীদের ইংরাজ সেনা অপেক্ষা কম বেতন দিত। ইংরাজ অফিসাররা সিপাহীদের কথায় কথায় অপমান করত। ইংরাজ সেনার তুলনায় হিন্দ্ সিপাহীদের খাবার ব্যবস্থা ছিল খারাপ। সিপাহীদের সম্দ্র-যাত্রায় নিষেধ ছিল। কালাপানি বা সম্দ্র পার হলে সামাজিক প্রথা অন্সারে তারা 'একঘরে' হত। কিন্তু কোম্পানী হিন্দ্ সিপাহীদের 'কালাপানি' বা সম্দ্র পার হয়ে ব্রহ্মদেশে য্দ্ধ করতে যেতে বাধ্য করে। এজন্য সিপাহীরা ভীষণ অসন্তুষ্ট ছিল।

ইতিমধ্যে এনফিল্ড রাইফেল নামে এক প্রকার ন্তন বন্দ্ক সিপাহীদের ব্যবহার করতে বাধ্য করা হয়। এই বন্দ্কের কার্তুজের খোলসটি সিপাহীদের দাঁতে কেটে বন্দ্কে ভরতে হত। কার্তুজে গর্ ও শ্করের চর্বি লাগান থাকে জানতে পেরে হিন্দ্ ও ম্সলিম সিপাহীরা তাদের জাতিনাশের ভয়ে ক্ষেপে যায়। ১৮৫৭ খ্রীঃ ১৯শে মার্চ কলকাতার কাছে বারাকপ্রে সেনা ছাউনিতে সিপাহী মঙ্গল পাণ্ডে সর্বপ্রথম বিদ্রোহের স্চনা করেন। ক্রমে মীরাট, আম্বালা, কানপ্র প্রভৃতি স্থানের সেনা ছাউনিতে এই বিদ্রোহ ছড়ায়।

ক্রমে এই বিদ্রোহে ভারতের রাজন্য সম্প্রদায় যোগ দেয়। লর্ড ডালহৌসী

স্বত্ব-বিলোপ নীতি প্রয়োগ করে দেশীয় রাজাদের রাজ্য কোম্পানীর অধিকারে আনলে বহু রাজার মনে এই আশংকা দেখা দেয় যে, কোম্পানী ছলে, বলে তাদের রাজ্য কেড়ে নেবে। ঝাঁসীর রাণী লক্ষ্মীবাঈয়ের দত্তক পুত্র গ্রহণকে বৃটিশ সরকার বে-আইনী ঘোষণা করলে এবং পেশবার দত্তক পুত্র নানা-সাহেবের ভাতা বন্ধ করলে, তাঁরা এই বিদ্রোহে নেতৃত্ব দিতে এগিয়ে আসেন।



লক্ষ্মীবাঈ

অযোধ্যার নবাবের রাজ্য কুশাসনের অজুহাতে কোম্পানী গ্রাস করে। দেশীয় রাজাদের রাজ্য কেড়ে নিলে, তাদের অসংখ্য কর্মচারী ও তাদের পরিবারের লোক, সেনাদল বেকার হয়ে যায়। এরা ইংরাজকে শিক্ষা দিতে মনস্থ করে। কোম্পানী অযোধ্যার নবাবের রাজ্য অধিকার করে নূতনভাবে জমি বন্দোবস্ত করলে বহু তালুকদার তাদের জমিদারী হারায়। এরাও এই বিদ্রোহে যোগ দেয়।

ভারতের মুসলিম সম্প্রদায় ইংরাজের হাতে রাজ্য হারিয়ে বেশ ক্ষুব্ধ ছিল। মুসলিমরা এই সময় ইংরাজী শিখতে চেষ্টা না করায় তারা কোম্পানীর চাকুরী পেত না। ইংরাজী না শেখার ফলে সরকারী চাকুরে, ডাক্তার, উকিল প্রভৃতি উচ্চ জীবিকা হতে মুসলমানরা বঞ্চিত হয়। একমাত্র দেশীয় রাজাদের রাজ্যে তারা চাকুরী পেত। কিন্তু দেশীয় রাজ্যগুলি ডালহৌসী দখল করতে আরম্ভ করলে তারা ক্ষতিগ্রস্ত হয়। তাছাড়া বৃদ্ধ বাদশাহ বাহাদুর শাহ ও অযোধ্যার নবাব ছিলেন মুসলিম সম্প্রদায়ের শ্রদ্ধার পাত্র। ইংরাজরা তাদের উপাধি লোপ ও রাজ্য লোপ করলে মুসলিম সম্প্রদায় খুবই উত্তেজিত হন। এজন্য বিদ্রোহে মুসলিমরা প্রধান ভূমিকা নেন।

সাধারণ লোকের মনে ইংরাজ শাসন সম্পর্কে নানা কারণে ঘৃণা দেখা দেয়। কোম্পানীর ইংরাজ কর্মচারীরা ভারতীয়দের উপর উদ্ধত ব্যবহার করত। আগ্রার এক ম্যাজিষ্ট্রেট আদেশ দেন যে, সাহেব দেখলেই সাধারণ লোক হাত তুলে সেলাম দিতে বাধ্য থাকবে। এতে বহু লোকের আত্মমর্যাদায় আঘাত লাগে। তাছাড়া লোকে বুঝতে পারে যে, ইংরাজ শাসনে তাদের আর্থিক দুর্গতি বাড়ছে। তাঁতীদের তাঁতের কাপড় বিলাতের কলের কাপড়ের চাপে বিক্রী বন্ধ হয়ে গেলে বহু তাঁতী বেকার হয়ে যায়। হাতের কাজ করে যারা খেত তাদের জীবিকা নষ্ট হয়। চিরস্থায়ী বন্দোবস্তের ফলে রায়ত বা চাষীর সর্বনাশ হয়। এদিকে জমির খাজনার হার বাড়তে থাকে। এজন্য লোকে খুবই বিরক্ত হয়।

খ্রীষ্টান মিশনারীরা ভারতীয় হিন্দু-মুসলিমদের খ্রীষ্টান ধর্মে দীক্ষিত করার চেষ্টা করলে লোকে ভাবতে থাকে যে, সরকার তাদের ধর্ম নষ্ট করবেন। সরকার সতীদাহ, বাল্য-বিবাহ বন্ধ করার আইন করলে অনেকে মনে করে সরকার তাদের ধর্মে হাত দিচ্ছেন।

১৮৫৭ খ্রীঃ বিদ্রোহকে ইংরাজ ঐতিহাসিকেরা সিপাহী বিদ্রোহ বলেন। কিন্তু বহু ভারতীয় লেখকেরা ইহাকে ভারতবাসীর স্বাধীনতার যুদ্ধ বলেন। তাঁরা বলেন যে, যদিও সিপাহীরা এই বিদ্রোহ আরম্ভ করেন, পরে সাধারণ লোক এই বিদ্রোহে যোগ দেয়। সিপাহীরা শুধুমাত্র ইংরাজ শক্তিকে হঠিয়ে ক্ষান্ত থাকে নি। তাঁরা মুঘল সম্রাট বাহাদুর শাহকে ভারত সম্রাট বলে ঘোষণা করে। বিহার ও উত্তরপ্রদেশের বহু স্থানে এই বিদ্রোহ গণবিদ্রোহের রূপ ধরে। সুতরাং ১৮৫৭ খ্রীঃ বিদ্রোহকে যদি স্বাধীনতার যুদ্ধ নাও বলা যায় তবে একে ইংরাজের বিরুদ্ধে জাতীয় বিদ্রোহ বলা যেতে পারে।

দ্বিতীয় পাঠ ঃ ১৮৫৭ খ্রীঃ বিদ্রোহের ব্যর্থতার কারণ ঃ (১) ১৮৫৭ খ্রীঃ মহাবিদ্রোহ ব্যর্থ হওয়ার কারণ ছিল একটি সুষ্ঠু পরিকল্পনা নিয়ে যুদ্ধ করতে সিপাহীদের অক্ষমতা। বিভিন্ন স্থানে সিপাহীরা নিজ নিজ পরিকল্পনায় যুদ্ধ করে। কোন কেন্দ্রীয় সংগঠন না থাকায় সিপাহীদের সংগঠিতভাবে পরিচালনা করা সম্ভব হয় নাই। (২) বিদ্রোহীরা ইংরাজদের তাড়াতে চাইলেও তারপর তারা কি করবে এ সম্পর্কে তারা জানত না। নানা সাহেবের উদ্দেশ্য ছিল পেশবা পদের পুনঃ-প্রতিষ্ঠা। বাহাদুর শাহের উদ্দেশ্য ছিল মুঘল সম্রাটের ক্ষমতার পুনরুদ্ধার। পেশবার ও বাহাদুর শাহের স্বার্থ ছিল পরস্পর-বিরোধী। (৩) ভারতের যোদ্ধা জাতিগুলি যথা রাজপুত, শিখ, গুর্খা প্রভৃতি এই বিদ্রোহে নিরপেক্ষ থাকায় ইংরাজের সুবিধা হয়। (৪) সিপাহী ফৌজ ও অন্যান্য বিদ্রোহীরা ঐক্যবদ্ধ ছিল না। তারা স্থানীয়ভাবে বিদ্রোহ করে। তাছাড়া অধিকাংশ বিদ্রোহী সিপাহী কানপুর ও মীরাট প্রভৃতি স্থান থেকে দিল্লী চলে যায়। সিপাহীরা ছড়িয়ে না থেকে এক স্থানে সমবেত হলে ইংরাজ সেনার পক্ষে তাহাদের ঘিরে ফেলার সুবিধা হয়। (৫) ভারতের যে অঞ্চলে বিদ্রোহ ছিল না সেই অঞ্চল থেকে ইংরাজেরা সৈন্য এনে বিদ্রোহীদের দমন করার সুবিধা পায়। (৬) সিপাহীদের মধ্যে তেমন কোন যোগ্য নেতা ছিল না। অপরদিকে ইংরাজদের মধ্যে ছিল লরেন্স, নীল, রোজ প্রভৃতি শ্রেষ্ঠ সেনাপতি, উন্নত অস্ত্রবল ও নেতৃত্ব। ফলে সিপাহীরা পরাস্ত হয়।

চতুর্থ পরিচ্ছেদ ঃ প্রথম পাঠ ঃ কোম্পানীর শাসনের ফলাফল ঃ ১৮৫৭ খ্রীঃ বিদ্রোহের পর ইংলণ্ডের অনেকে মনে করেন যে, কোম্পানীর শাসনের ফলেই ভারতে বিদ্রোহ ঘটেছে। সুতরাং কোম্পানীর হাত থেকে খোদ ব্রিটিশ সরকারের

শাসন এলে ভারতবাসীরা শান্ত হবে। ১৮৫৮ খ্রীঃ পার্লামেণ্ট এক আইন দ্বারা ভারতের শাসন ইংলণ্ডের রাজার হাতে তুলে দেয়। ইংলণ্ডের রাজার পক্ষে একজন মন্ত্রী ভারত শাসনের দায়িত্ব পান। এই মন্ত্রীর নাম হয় ভারতসচিব। (১) ইংলণ্ডের মহারাণী এক ঘোষণার দ্বারা ভারতের রাজাদের রাজ্য রক্ষার প্রতিশ্রুতি দেন। ফলে ভারতীয় রাজারা ইংরাজের প্রতি আনুগত্য জানায়। (২) কোম্পানীর একশ বছরের শাসনের ফলে ভারতের দারিদ্র্য বাড়ে। ভারতের কুটির শিল্পগুলি নষ্ট হয়। ভারতের অর্থ শোষিত হয়। অপরদিকে ভারতে আধুনিক শিক্ষার বিস্তার, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় স্থাপন, রেলপথ, ডাক ব্যবস্থার প্রচলন হয়। ভারতে ইংরাজী শিক্ষায় শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর উদ্ভব হয় এবং আধুনিক শহরগুলি গড়ে উঠে।

দ্বিতীয় পাঠঃ রাজনৈতিক ও অর্থনৈতিক অসন্তোষঃ জাতীয় চেতনার উন্মেষঃ (১) কোম্পানীর একশ বছরের শাসনের ফলে ইংরাজ ও ভারতবাসীর মধ্যে ব্যবধান বাড়ে। ইংরাজ কর্মচারীদের অহমিকা ও ভারতবাসীর প্রতি ঘৃণা লক্ষ্য করে বহু ভারতবাসী ইংরাজের সম্পর্কে মোহমুক্ত হয়। (২) ভারতীয় মধ্যবিত্ত শ্রেণী লক্ষ্য করে যে, ইংরাজ সরকার শিক্ষিত ভারতবাসীদের নায্য মর্যাদা ও অধিকার দেয় না। সরকারের সবচেয়ে নীচু চাকুরীগুলিতে ভারতবাসীদের নিয়োগ করা হয়। অথচ মুখে সকলের প্রতি সমান ব্যবহারের কথা বলা হয়। এজন্য তারা ইংরাজের ন্যায় বিচারের প্রতিশ্রুতিতে আস্থা হারায়। (৩) শিক্ষিত ভারতবাসীরা দেশের শাসনব্যবস্থার দায়িত্ব নিতে চাইলে সরকার তাদের দাবী অগ্রাহ্য করে। এর ফলে শিক্ষিত শ্রেণী বুঝতে পারে যে, সংঘবদ্ধভাবে আন্দোলন করে অধিকার আদায় না করলে ইংরাজেরা কোন দাবী পূরণ করবে না। এজন্য নানাবিধ সমিতি স্থাপিত হয়। (৪) শিক্ষিত ভারতীয়রা বুঝতে পারে যে, ভারতের দারিদ্র্যের জন্য ইংরাজের শোষণ ব্যবস্থাই দায়ী। পলাশীর যুদ্ধের পর থেকে ইংরাজেরা অবিরত ভারতের সম্পদ লুঠ করে ভারতকে গরীব করে ফেলছে। চাষীর উপর খাজনা বাড়িয়ে, চিরস্থায়ী বন্দোবস্ত দ্বারা জমিতে চাষীর অধিকার নষ্ট করে তারা দেশের কৃষিকে ধ্বংস করছে। তাঁতী, কামার, কুমোর প্রভৃতি কারিগররা ইংরাজের কলে তৈরী জিনিসের সাথে পাল্লা দিতে না পেরে কাজ ছেড়ে দিয়েছে। বেকারের সংখ্যা বাড়ছে। শিক্ষিত লোকদের কাজ দেওয়া হচ্ছে না। এদিকে ভারতকে শোষণ করে ইংরাজ সেই টাকায় বিলাতে সমৃদ্ধি ভোগ করছে ও রাজ্য জয় করছে। এজন্য ইংরাজ শাসন সম্পর্কে বহু লোক হতাশ হয়ে পড়ে। ১৮৫৭ খ্রীঃ বিদ্রোহের পর ভারতবাসীর উপর বৃটিশ সরকার যে প্রচণ্ড দমননীতি চালান এজন্য লোকে বৃটিশ শাসন সম্পর্কে বিশ্বাস হারিয়ে ফেলে।

কালপঞ্জীঃ—(১) পলাশীর যুদ্ধ—১৭৫৭ খ্রীঃ। (২) বক্সারের যুদ্ধ—

১৭৬৪ খ্রীঃ। (৩) কোম্পানীর বাংলার দেওয়ানী লাভ—১৭৬৫ খ্রীঃ। (৪) সিপাহী বিদ্রোহ—১৮৫৭ খ্রীঃ।

অষ্টম অধ্যায়

অষ্টাদশ শতাব্দী : জ্ঞানদীপ্তি ও বিপ্লবের যুগ

প্রথম পরিচ্ছেদ : প্রথম পাঠ : জ্ঞানদীপ্তির যুগ : অষ্টাদশ শতককে পণ্ডিতেরা "যুক্তিবাদের যুগ" বা 'জ্ঞানদীপ্তির যুগ' বলেন। জ্ঞানদীপ্তির প্রভাবে লোকে প্রচলিত ব্যবস্থাগুলিকে যুক্তির দ্বারা যাচাই করে দেখতে আরম্ভ করে। জ্ঞানদীপ্তির প্রভাবে ফ্রান্সে ফরাসী বিপ্লব, আমেরিকার স্বাধীনতার যুদ্ধ আরম্ভ হয়। এই সঙ্গে বিজ্ঞানের আবিষ্কারের ফলে নূতন যন্ত্রপাতি আবিষ্কার হলে, শিল্প-বিপ্লব আরম্ভ হয়। এই কারণে অষ্টাদশ শতককে ইতিহাসের খুব গুরুত্বপূর্ণ যুগ বলা যায়।

দ্বিতীয় পাঠ : আমেরিকার স্বাধীনতার যুদ্ধের কারণ : ইংলণ্ডের বহু লোক উত্তর আমেরিকায় উপনিবেশ গড়ে। এগুলির নাম ছিল "ত্রয়োদশ উপনিবেশ"। ত্রয়োদশ উপনিবেশের অধিবাসীরা ইংলণ্ডের শাসনে দীর্ঘকাল থাকার পর ১৭৭৬ খ্রীঃ ইংলণ্ডের শাসনের বিরুদ্ধে স্বাধীনতা ঘোষণা করে। আমেরিকার স্বাধীনতার যুদ্ধের অনেক কারণ ছিল।

টম পেইন নামে এক দার্শনিকের রচনা পড়ে আমেরিকার লোকেরা বুঝতে পারে যে, তাদের স্বাধীনভাবে রাষ্ট্র গড়ার অধিকার আছে। ইতিমধ্যে সপ্তবর্ষের যুদ্ধের পর ফরাসীরা কানাডা হতে চলে যেতে বাধ্য হয়। সুতরাং ফরাসী আক্রমণের বিরুদ্ধে আত্মরক্ষার জন্য আমেরিকানদের আর ইংলণ্ডের সাহায্যের দরকার ছিল না। এজন্য আমেরিকাবাসীদের ইংলণ্ডের হাত হতে স্বাধীনতা লাভের ইচ্ছা জাগে।

এদিকে সপ্তবর্ষের যুদ্ধে অনেক টাকা খরচ হওয়ার দরুণ বৃটিশ সরকার ত্রয়োদশ উপনিবেশের উপর বাড়তি কর বসিয়ে সেই টাকা তুলবার চেষ্টা করে। বৃটিশ সরকার নেভিগেশন আইন দ্বারা অন্য দেশের সঙ্গে আমেরিকানদের ব্যবসায় নিষিদ্ধ করে। কেবলমাত্র ইংলণ্ডের মাল তাদের চড়া দামে কিনতে বাধ্য করে। এজন্য আমেরিকানরা খুব অসন্তুষ্ট হয়।

এই সময়ে ইংলণ্ডের গ্রেনভিল মন্ত্রীসভা ষ্ট্যাম্প আইন নামে এক আইন করে আদেশ দেন যে, আমেরিকানরা যে সকল দলিল-পত্র রেজেষ্ট্রী করবে তাতে নির্দিষ্ট মূল্যের টিকিট বা স্ট্যাম্প লাগান কাগজ ব্যবহার করতে হবে। এছাড়া চিনি কর নামে

এক কর দ্বারা আমেরিকানদের সস্তাদরে ফরাসী উপনিবেশ থেকে ঝোলা গুড় কেনা নিষিদ্ধ করা হয়। এতে আমেরিকানরা ভয়ানক চটে যায়।



আমেরিকানরা এই সকল করের বিরুদ্ধে যুক্তি দেখায়, যে পার্লামেণ্টে তাদের কোন প্রতিনিধি নেই সেই পার্লামেণ্টের ধার্য কর আদায় দিতে তারা বাধ্য নয়। বৃটিশ মন্ত্রীসভা বলে যে, পার্লামেণ্টের আদেশ অগ্রাহ্য করা মানেই বৃটিশ সরকারের কর্তৃত্ব

অগ্রাহ্য করা। ইংলণ্ডের পণ্ডিত এডমণ্ড বার্ক সরকারকে আমেরিকানদের সাথে মিটমাট করার পরামর্শ দেন। কিন্তু রাজা তৃতীয় জর্জ ও তাঁর মন্ত্রীরা এতে কান দেন নাই।

যাই হোক ইংলণ্ডের রকিংহাম মন্ত্রীসভা স্ট্যাম্প আইন রদ করেন। কিন্তু এর বদলে চা, কাগজ ও চিনির উপর তাঁরা নূতন কর বসান। এতে আমেরিকানরা প্রতিবাদ জানালে প্রধানমন্ত্রী লর্ড নর্থ সকল কর তুলে নিয়ে প্রতি পাউন্ড চায়ের উপর তিন পেনী কর ধার্য করেন। আমেরিকানরা এই তিন পেনী কর দিতে অস্বীকার করে।

১৭৭৩ খ্রীঃ কয়েকজন আমেরিকান নাগরিক বোষ্টন বন্দরে চায়ের জাহাজ থেকে সব চায়ের পেটি সমুদ্রের জলে ফেলে দেয়। এই ঘটনার নাম দেওয়া হয় "বোষ্টনের চায়ের মজলিশ"। বৃটিশ সরকার এতে ক্রুদ্ধ হয়ে সেনা স্থাপন করলে তাদের সঙ্গে দাঙ্গা আরম্ভ হয়। ইংরাজ সেনা গুলিবর্ষণ করে।

তেরটি উপনিবেশের প্রতিনিধিরা ফিলাডেলফিয়ায় সমবেত হয়ে উপনিবেশের স্বাধীনতা রক্ষার জন্য যুদ্ধ করার শপথ (১৭৭৫ খ্রীঃ) নেয়। পর বৎসর (১৭৭৬ খ্রীঃ) আমেরিকার স্বাধীনতার ঘোষণা-পত্র প্রচার করা হয়। এর ফলে আমেরিকার স্বাধীনতার যুদ্ধ আরম্ভ হয়। জর্জ ওয়াশিংটন আমেরিকান বিপ্লবের নেতৃত্ব দেন। ফরাসী সরকার ইংরাজ শক্তিকে জব্দ করার জন্য আমেরিকানদের পূর্ণ সাহায্য করেন। দীর্ঘ যুদ্ধের পর ইংরাজ বাহিনী পরাস্ত হয়। ১৭৮৩ খ্রীঃ ভার্সাইয়ের সন্ধির দ্বারা বৃটিশ সরকার আমেরিকার উপনিবেশগুলির স্বাধীনতা স্বীকার করেন।


জর্জ ওয়াশিংটন

তৃতীয় পাঠঃ স্বাধীনতার যুদ্ধে আমেরিকার সাফল্যের কারণঃ (১) আমেরিকার স্বাধীনতার যুদ্ধে ইংলণ্ডের পরাজয়ের কারণ ছিল এই যে, ইংলণ্ডের বহু লোক আমেরিকানদের দাবী সঙ্গত মনে করত। ইংলণ্ডে জন সমর্থনের অভাবে ইংরাজ সেনার মনোবল ভেঙে যায়। (২) ইংলণ্ডের যুদ্ধ দপ্তর ছিল অযোগ্য ও দায়িত্ব বহনে অক্ষম। এই দপ্তর যুদ্ধ জয়ের জন্য প্রয়োজনীয় কূটনীতি ও রণকৌশল খাটাতে পারে নাই। (৩) ফরাসী সরকার আমেরিকানদের সাহায্য করায় আমেরিকা নৌ-বলে বলীয়ান হয়। ফরাসী নৌবহর ইংরাজ নৌবহরকে হঠিয়ে দেয়। এর ফলে ইংলণ্ড থেকে আটলাণ্টিক পার হয়ে সেনা ও রসদ আনা দুস্কর হয়ে পড়ে। (৪) আমেরিকার সেনাপতি জর্জ ওয়াশিংটন ছিলেন খুবই ঠাণ্ডা ও বাস্তব বুদ্ধির

লোক। তিনি তাঁর রণকৌশল দ্বারা ইংরাজ সেনাকে কাবু করে ফেলেন। (৫) ইংরাজ সেনাপতি বারগোয়েন ছিলেন অলস ও অপদার্থ লোক। তিনি অলসতা বশতঃ অনেক সুযোগ নষ্ট করেন।

চতুর্থ পাঠ : আমেরিকার স্বাধীনতার যুদ্ধের ফলাফল : (১) আমেরিকার তেরটি উপনিবেশ স্বাধীনতা লাভের পর এক সংবিধান দ্বারা আমেরিকার যুক্তরাষ্ট্র গঠন করে। আমেরিকায় প্রজাতন্ত্র স্থাপিত হলে ইউরোপের লোকেরা রাজতন্ত্রের স্থলে নূতন ধরণের রাষ্ট্র গঠনের আদর্শ পায়। আমেরিকার প্রজাতন্ত্রের আদর্শ ফ্রান্সের বিপ্লবীদের প্রভাবিত করে। (২) আমেরিকার সংবিধানে মানব অধিকারের ঘোষণাগুলি ছিল বিশেষ গুরুত্বপূর্ণ। রাষ্ট্রের নিকট নাগরিকদের বিশেষ অধিকারের কথা এতে বলা হয়। ইউরোপের স্বৈরতন্ত্রী শাসনের বিরুদ্ধে ব্যক্তি ও নাগরিকের অধিকারের দাবী এর ফলে প্রবল হয়। (৩) ফরাসীরাজ ষোড়শ লুই আমেরিকার স্বাধীনতার যুদ্ধে যোগ দিয়ে ফরাসী রাজকোষ শূন্য করে ফেলেন। টাকার অভাবে তিনি ফ্রান্সের জাতীয় সভার অধিবেশন ডাকেন। এর ফলে ফরাসী বিপ্লব আরম্ভ হয়। (৪) আমেরিকার যুদ্ধে পরাস্ত হলে বৃটিশ সরকার বুঝতে পারেন যে, পুরাতন উপনিবেশ নীতি বদলান দরকার। ডারহাম রিপোর্ট দ্বারা নূতন উপনিবেশ নীতি স্থির করা হয়। শ্বেতাঙ্গ উপনিবেশগুলিকে ডারহাম নীতি অনুসারে স্বায়ত্ব শাসনের অধিকার দেওয়া হয়। (৫) ইংলণ্ডের রাজা তৃতীয় জর্জ আমেরিকার যুদ্ধে মন্ত্রীসভার কাজে হস্তক্ষেপ করায় ইংলণ্ডের শ্রমিক দল বিরক্ত হয়। এর পর ইংলণ্ডে আইন করা হয় যে, রাজা শাসন কাজে হাত দিবেন না। (৬) আমেরিকার যুক্তরাষ্ট্র স্বাধীনতা লাভের পর দ্রুত উন্নতি করে। ফলে বিশ্বের এক প্রধান শক্তি হিসাবে মার্কিন দেশ দেখা যায়।

দ্বিতীয় পরিচ্ছেদ : প্রথম পাঠ : শিল্প-বিপ্লব কাহাকে বলে : আধুনিক যুগের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ঘটনা হল শিল্প-বিপ্লব। শিল্প-বিপ্লব হল একটি অর্থনৈতিক পরিবর্তন। শিল্প-বিপ্লবের আগে লোকের মাথা-পিছু আয় ছিল খুব কম ; জীবনযাত্রার মান ছিল খুবই নীচু। লোকে হাতে তৈরী জিনিষপত্র যথা, কাপড়, বাসন প্রভৃতি ব্যবহার করত ; তখন রেল বা বাষ্পচালিত জাহাজ ছিল না। এক স্থান হতে অন্য স্থানে মাল পাঠান কষ্টকর ছিল। খনি হতে তখন কয়লা তোলার যন্ত্র ছিল না। লোক কাঠ, কয়লা ব্যবহার করত। কল-কারখানা ছিল না।

শিল্প-বিপ্লবের ফলে কাপড় ও অন্যান্য শিল্পদ্রব্য হাতের বদলে যন্ত্রে তৈরী আরম্ভ হয়। খনি থেকে কয়লা তুলে তার দ্বারা বাষ্পীয় ইঞ্জিন চালান হয়। এই ইঞ্জিন দ্বারা কল-কারখানায় যন্ত্রগুলিকে চালাবার ব্যবস্থা করা হয়। বড় বড় কল-কারখানা গড়ে উঠে। এই সকল কল-কারখানায় বহু শ্রমিক কাজ করতে থাকে। কারখানাকে


কেন্দ্র করে শহর গড়ে উঠে। কারখানায় কাঁচামাল আনার জন্য এবং তৈরী মাল বাহিরে পাঠাবার জন্য রাস্তাঘাট ও রেল তৈরী হয়। বড় বড় বন্দর তৈরী হয়। এভাবে কুটির শিল্পের জায়গায় কারখানা-ভিত্তিক যন্ত্রচালিত শিল্প গড়ে উঠে। শিল্প-বিপ্লবের মূল কথা হল হাতের বদলে যন্ত্রের দ্বারা মালের উৎপাদন। শিল্প-বিপ্লবের ফলে সভ্যতার চেহারা পাল্টে যায়।

দ্বিতীয় পাঠঃ ইংলণ্ডে কেন প্রথম শিল্প-বিপ্লব দেখা দেয়ঃ ইউরোপের দেশগুলির মধ্যে ইংলণ্ডে সর্ব-প্রথম শিল্প-বিপ্লব আরম্ভ হয়। অনেকে বলেন যে, ইংলণ্ডের জলবায়ু ও প্রাকৃতিক কারণেই এটা সম্ভব হয়েছিল। ইংলণ্ডের মাটির তলায় ছিল প্রচুর কয়লা ও লোহা। ইংলণ্ডের উপকূলে অনেক বন্দর থাকায় এখান থেকে মাল চলাচলের সুবিধা হয়। এই কারণে ইংলণ্ডে সর্বপ্রথম শিল্প-বিপ্লব ঘটে। এই মতের বিরুদ্ধে অনেকে বলেন যে, ইংলণ্ডের মত জলবায়ু ও প্রাকৃতিক সুবিধা অন্য অনেক দেশে ছিল। কিন্তু সেখানে শিল্প-বিপ্লব ঘটে নাই। সুতরাং এই কারণগুলি যথার্থ নয়। তাঁদের মতে ইংলণ্ডে শিল্প-বিপ্লব ঘটার অন্য কারণ ছিল।


(১) কৃষি-বিপ্লব ছাড়া শিল্প-বিপ্লবের ক্ষেত্র তৈরী হতে পারে না। ষোড়শ শতক থেকে ইংলণ্ডে কৃষিকে আধুনিক করার কাজ আরম্ভ হয়। ষোড়শ শতকে বেষ্টনী বা এনক্লোজার আন্দোলন আরম্ভ হয়। বেষ্টনী প্রথার দ্বারা কৃষিক্ষেত্রগুলিকে প্রাচীর বা পরিখা বা বেড়ার দ্বারা বেষ্টন করা হত। বড় জমির মালিকরা চাষীর ছোট জমিগুলিকে গ্রাস করে কৃষিখামার তৈরী করে। সপ্তদশ শতকে পার্লামেণ্ট আইন করে বড় বড় কৃষিখামার গড়ার ব্যবস্থা করে। এই সকল কৃষিখামারে উন্নত প্রথায় চাষ আরম্ভ হয়। টাউনসেণ্ড নামে এক ব্যক্তি আবিষ্কার করেন যে, জমিতে গাজর বা শালগমের চাষ করার পর যবের চাষ করলে খুব ভাল ফসল উৎপন্ন হয়। রদারহ্যাম লাঙ্গল আবিষ্কার হলে জমিতে ভালভাবে চাষ দেওয়া সম্ভব হয়। পশুপালনের ক্ষেত্রেও ভেড়া প্রজননের নূতন প্রথা আবিষ্কার হলে বাজারে মাংসের সরবরাহ বাড়ে। ভেড়ার পশমও পাওয়া যায়।

খাদ্য উৎপাদন বাড়লে খাবারের দাম সস্তা হয়। কারখানার শ্রমিক ও শহরের লোক সস্তা দরে খাবার পায়। কারখানার শ্রমিকেরা কম মজুরীতে সস্তা দরে খাবার পেয়ে কল-কারখানায় কাজ করতে পারে। কৃষি খামারের মালিকরা বাড়তি খাবার বিক্রী করে যে টাকা পায় তা ব্যাংকে জমা করে। ব্যাংক সেই টাকা নিয়ে কল-কারখানায় লগ্নী করলে শিল্পের জন্য মূলধন পাওয়া যায়। এদিকে বাড়তি শস্য বিক্রী করে চাষীদের হাতে দু-পয়সা এলে তারা কল-কারখানায় তৈরী শিল্পদ্রব্য কিনতে পারে। এ সকলের মূলে ছিল কৃষি-বিপ্লব। সুতরাং কৃষি-বিপ্লবই, শিল্প-বিপ্লবের ক্ষেত্র তৈরী করে।

(২) এছাড়া ইংলণ্ডের লোকসংখ্যা অষ্টাদশ শতকে রীতিমত বেড়ে যায়। বাড়তি লোক গ্রামে কাজ না পেয়ে শহরে কল-কারখানায় শ্রমিকের কাজে যোগ দিলে কারখানায় শ্রমিকের যোগান বাড়ে। (৩) শিল্প গড়তে হলে মূলধন লাগে। ইংলণ্ডের বণিকরা বহুদিন ধরে ভারতে ও চীনে বাণিজ্য করে তাদের মূলধন ইংলণ্ডের ব্যাঙ্কে জমা করে। ব্যাঙ্কগুলি লম্বা মেয়াদে এই টাকা শিল্পে লগ্নী করলে মূলধন সহজে পাওয়া যায়। (৪) সর্বোপরি ইংলণ্ডে শিল্প উৎপাদনের জন্য নূতন নূতন যন্ত্রপাতি আবিষ্কার হলে কুটির শিল্পের স্থলে যন্ত্রপাতির দ্বারা উৎপাদন আরম্ভ হয়। বস্ত্রশিল্পকে কেন্দ্র করে প্রথমে নূতন যন্ত্রগুলি আবিষ্কৃত হয়। এই কারণে বলা হয় যে, ইংলণ্ডে শিল্প-বিপ্লব বলতে বস্ত্র ও লোহ শিল্প বুঝায়। এই দুই শিল্পের জন্য সর্বপ্রথমে নানা রকম যন্ত্র আবিষ্কার হয়। জন কে নামে এক ইংরাজ, "উড়ন্ত-মাকু" নামে একটি কাপড় বুনবার যন্ত্র আবিষ্কার করেন। এর পর হারগ্রীভস তাঁর স্ত্রী জেনির নামে "স্পিনিং জেনি" নামে এক সুতা কাটবার যন্ত্র তৈরী করেন। রিচার্ড আর্করাইট নামে এক ব্যক্তি "ওয়াটার ফ্রেম" নামে এক যন্ত্র বানান। এই যন্ত্রে একসঙ্গে অনেক সুতো কাটা হত। এর পর কার্টরাইট নামে এক ব্যক্তি "মিউল" নামে এক যন্ত্র আবিষ্কার করেন।



পাওয়ার লুম



বাষ্পীয় রেল ইঞ্জিন

জেমস ওয়াট নামে এক ব্যক্তি বাষ্পের দ্বারা ইঞ্জিন চালাবার প্রথা আবিষ্কার করলে

যন্ত্র জগতে বিপ্লব ঘটে। কল-কারখানা, রেল, জাহাজ প্রভৃতি এর পর বাষ্পীয় ইঞ্জিন দ্বারা চলতে থাকে। ফলে ইচ্ছামত মাল উৎপাদন করার ব্যবস্থা হয়। এখন ইঞ্জিন চালাবার জন্য খনিজ কয়লার ব্যবহার আরম্ভ হয়। হামফ্রে ডেভি নামে এক ব্যক্তি সেফটি ল্যাম্প বা নিরাপদ বাতি আবিষ্কার করেন। জন স্পীটন লোহা গালাবার জন্য বয়লার আবিষ্কার করলে লোহার সরবরাহ বাড়ে।

কল-কারখানায় মাল উৎপাদন বাড়লে মাল চলাচলের জন্য যানবাহন ব্যবস্থার উন্নতির দরকার হয়। জর্জ ষ্টিফেনসন নামে এক ব্যক্তি রেল ইঞ্জিন আবিষ্কার করলে লোহার পাতের উপর দিয়ে রেল চালান আরম্ভ হয়। টেলফোর্ড ও ম্যাকাডাম নামে দুই ব্যক্তি ইট, পাথরকুচি ও পীচ দ্বারা পাকা রাস্তা নির্মাণের পদ্ধতি আবিষ্কার করেন। এর ফলে যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটে। এভাবে শিল্প-বিপ্লব আরম্ভ হয়।

তৃতীয় পাঠ : শিল্প-বিপ্লবের ফলাফল : শিল্প বিপ্লবের ফলে মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিষের উৎপাদন বাড়ে। মানুষের জীবন-যাত্রা আরামপ্রদ করবার নানা উপকরণ তৈরী হয়।

শিল্প বিপ্লবের ফলে মানুষের যে শুধু ভাল হয়েছে তা বলা যায় না। সমাজে একটি মুনাফাভোগী ধনিক শ্রেণীর উদ্ভব হয়। শিল্প-বিপ্লবের ফলে মিল-মালিক ও মূলধনী মুনাফাভোগী শ্রেণীর উদ্ভব হয়। এদের বলা হয় বুর্জোয়া বা ধনতন্ত্রী। কারখানার শ্রমিকরা মালিকের অধীনে মজুরে পরিণত হয়। মালিকরা শ্রমিকদের কম বেতন দিয়ে, মাঝে মাঝে ছাঁটাই করে বেশী মুনাফা করতে থাকে। এর ফলে শ্রমিকদের ঘোর দুরবস্থা দেখা দেয়।

মজুর পরিবারের কর্তা যে সামান্য মজুরী পেত তাতে পরিবারের জীবিকা নির্বাহ হত না। মজুরদের থাকবার বস্তীগুলি ছিল অস্বাস্থ্যকর ও নোংরা। এখানে তারা নানা সংক্রামক অসুখে ভুগে মারা যেত। অশিক্ষা ও কুশিক্ষায় শ্রমিক পরিবারের ছেলেমেয়েরা নষ্ট হয়ে যেত। শ্রমিকদের জীবনে কোন আমোদ-প্রমোদের উপকরণ ছিল না। এজন্য তারা একঘেয়েমি কাটাবার জন্য মদ্য পান করত। ফলে শ্রমিক পরিবারগুলির দারিদ্র্য ও নৈতিক অবনতি ঘটত।

শ্রমিক শোষণের প্রতিবাদে শ্রমিকরা ট্রেড ইউনিয়ন গঠন করে ন্যায্য মজুরী দাবী করে। শ্রমিক নেতারা বুঝতে পারে যে, সরকার তাদের দাবী সমর্থন না করলে মালিককে বাধ্য করা যাবে না। যাতে সরকার শ্রমিকদের দাবী শুনতে বাধ্য হয় এজন্য শ্রমিকরা ভোটাধিকার পাওয়ার আন্দোলন করে। ইংলণ্ডে এজন্য চার্টিষ্ট আন্দোলন নামে এক আন্দোলন আরম্ভ হয়।

শিল্প-বিপ্লবের ফলে ধনতন্ত্রবাদী বা মালিকশ্রেণীর উদ্ভব হলে সমাজের সম্পদ


এই শ্রেণীর হাতে জমা হয়। সমাজে ধনী ও দরিদ্র দুই শ্রেণীর উদ্ভব হয়। এমতাবস্থায় সেন্ট সাইমন, লুই ব্লাঙ্ক প্রভৃতি চিন্তাবিদ মুষ্টিমেয় লোকের হাতে ধন বা সম্পদ থাকার বিরুদ্ধে প্রতিবাদ জানান। এর ফলে সমাজতন্ত্রবাদের উদ্ভব হয়। দার্শনিক কার্ল মার্কস বলেন যে, শিল্পের মুনাফা শ্রমিকেরই প্রাপ্য, মালিকের নয়।

শিল্প-বিপ্লবের ফলে পুঁজিপতি শ্রেণী অধিক মুনাফার লোভে অধিক মাল উৎপাদন করে। এই বাড়তি মাল বিক্রীর জন্য তারা অন্য দেশের বাজার বা উপনিবেশ দখল করার চেষ্টা করে। বিভিন্ন দেশ যথা ইংলণ্ড ও জার্মানী এই উপনিবেশ বা বাজার দখলের প্রতিযোগিতা আরম্ভ করলে যুদ্ধ আরম্ভ হয়।

তৃতীয় পরিচ্ছেদ ঃ প্রথম পাঠ ঃ অষ্টাদশ শতকে ফ্রান্সে দার্শনিকদের চিন্তাধারা ও তাহার ফল ঃ তোমরা ইতিহাসে পড়ে দেখেছ যে, কোন সমাজ কিছুদিন চলার পর তার স্থলে নূতন ব্যবস্থা আসে। ইতিহাস এভাবে এগিয়ে চলে। ফরাসী বিপ্লবের দ্বারা পুরাতন সমাজ ও রাষ্ট্র ব্যবস্থার আমূল পরিবর্তন ঘটে। এই পরিবর্তনের পশ্চাতে ফরাসী দার্শনিকদের অবদান বিশেষ উল্লেখ্য।

অষ্টাদশ শতকে ফ্রান্সের বুরবোঁ বংশীয় রাজারা স্বৈরাচারী ক্ষমতা ভোগ করতেন। অভিজাত সামন্তরা সরকারী চাকুরীর একচেটিয়া অধিকার ভোগ করত। এর ফলে ফরাসী সমাজ অধিকারভোগী ও অধিকারহীন এই দুই শ্রেণীতে বিভক্ত হয়। ফরাসী দার্শনিকরা ফরাসী সমাজ ও রাষ্ট্রের এই অন্যায় ব্যবস্থার সমালোচনা করেন।

মন্তেস্ক্যু নামে এক দার্শনিক "পার্সিয়ার পত্রাবলী" নামে একটি গ্রন্থে প্রমাণ করেন যে, ফরাসী অভিজাতরা অপর সকল শ্রেণীকে ফাঁকি দিয়ে অবৈধভাবে অধিকার ভোগ করছে। "আইনের মর্ম" নামে অপর এক গ্রন্থে তিনি ফ্রান্সের বুরবোঁ বংশীয় রাজাদের স্বৈরাচারের সমালোচনা করেন। তিনি বলেন যে, সরকারের ক্ষমতা আইন সভা, শাসন বিভাগ ও বিচার বিভাগের হাতে তিন ভাগ না করলে লোকের উপর অত্যাচার চলবে। ভলতেয়ার নামে এক দার্শনিক তাঁর রচনায় ক্যাথলিক গীর্জার দুর্নীতি উদ্‌ঘাটন করেন। ভলতেয়ারের বিখ্যাত রচনার নাম ছিল "ব্যাবিলনীয় বন্দীত্ব"। কাঁদিদ ও তাঁর লেখা পড়ে গীর্জার উপর লোকের বিশ্বাস নষ্ট হয়। দার্শনিকদের মধ্যে সব থেকে বিপ্লবী মত প্রকাশ করেন রুশো। তিনি বুরবোঁ রাজাদের স্বর্গীয় অধিকারতত্ত্বকে নস্যাৎ করেন। ইতিহাস থেকে তিনি প্রমাণ করেন যে, রাজাকে ভগবান নির্বাচন করেন



রুশো

না। প্রজাদের সমবেত ইচ্ছার জোরেই রাজা দেশ শাসন করেন। দেশের জনসাধারণই হল সার্বভৌম শক্তি। রুশোর মতবাদ থেকেই আধুনিক গণতন্ত্রের জন্ম হয়। রুশোর প্রধান গ্রন্থের নাম ছিল "সামাজিক চুক্তি।" এছাড়া দিদেরো, ডি এলেমবার্ট ও কোয়েসনে প্রভৃতি দার্শনিকরাও প্রচলিত রাজনৈতিক ও অর্থনৈতিক ব্যবস্থার সমালোচনা করেন।

দার্শনিকদের এই সমলোচনার ফলে পুরাতন ব্যবস্থার উপর লোকের আস্থা নষ্ট হয়ে যায়। দার্শনিকদের রচনা সকলে না পড়লেও, লোকমুখে দার্শনিকদের মত প্রচারিত হয়েছিল।

দ্বিতীয় পাঠ : ফরাসী বিপ্লবের কারণ : কোন সমাজে যখন মুষ্টিমেয় লোক সকল প্রকার রাজনৈতিক ও অর্থনৈতিক সুবিধা ভোগ করে ও বাকী লোকেরা বঞ্চিত হয়, তখন বেশীর ভাগ লোকের মনে অসন্তোষ দেখা দেয়। সমাজের বঞ্চিত শ্রেণী শেষ পর্যন্ত সুবিধাভোগী শ্রেণীর বিরুদ্ধে বিদ্রোহ জানায়। এই সামাজিক বৈষম্যের ফলেই বিপ্লব ঘটে।

ফরাসী বিপ্লবের পশ্চাতে গভীর সামাজিক অসন্তোষ কাজ করে। ফ্রান্সে তিন শ্রেণীর লোক ছিল, যথা অভিজাত, ধর্মযাজক ও তৃতীয় শ্রেণী বা সাধারণ লোক। অভিজাতরা বংশানুক্রমিকভাবে তাদের জমিদারী ভোগ করত। তারা সরকারকে জমির জন্য কোন প্রত্যক্ষ কর দিত না। তারা প্রজাদের কাছে নানাভাবে কর, উপকর আদায় করত। এছাড়া সরকারী ও সেনা বিভাগের চাকুরীর সিংহভাগ ছিল তাদের হাতে। রাজা অভিজাতদের দ্বারাই শাসন করতেন। অভিজাতশ্রেণী ছিল একটি গর্বিত, ক্ষমতাবান, সুবিধাভোগী সম্প্রদায়। ধর্মযাজকরাও ছিল বিশেষ সুবিধাভোগী। উঁচু ধর্মযাজকরা দেশের ⅕ কৃষি জমির মালিক ছিল। এজন্য তারা সরকারকে নিয়মিত রাজস্ব দিত না। ফলে সকল করের বোঝা পড়ত তৃতীয় শ্রেণীর মাথায়। অথচ তাদের কোন অধিকার ছিল না। তৃতীয় শ্রেণী বলতে এর মধ্যে উচ্চ বুর্জোয়া, নিম্ন মধ্যবিত্ত, শ্রমিক, কৃষক সকলেই ছিল। মধ্যবিত্তরা বা বুর্জোয়া শ্রেণী বিদ্যা-বুদ্ধিতে অভিজাতদের চেয়ে অনেক বড় হলেও তাদের কোন স্বীকৃতি দেওয়া হত না।

ফরাসী কৃষকদের তিন রকম প্রধান কর দিতে হত, রাজার কর, জমিদারের কর ও ধর্ম কর বা টাইদ। এসব দাবী মিটিয়ে তাদের হাতে ফসলের মাত্র ২০ ভাগ থাকত। তাছাড়া তাদের কর্ভি বা বেগার খাটতে হত। ফলে তাদের অনাহার ছাড়া পথ ছিল না। এজন্য লোকে ঠাট্টা করে বলত, "অভিজাতরা যুদ্ধ করে, ধর্মযাজকেরা প্রার্থনা করে, সাধারণ লোক কর দেয়।"

বুরবোঁ রাজারা ছিলেন স্বৈরতন্ত্রে বিশ্বাসী। তাঁরা জাতীয় সভার অধিবেশন বন্ধ করে ইচ্ছামত দেশ শাসন করতেন। লেটারস ডি কেশে মামে এক গ্রেপ্তারী পরোয়ানার

বলে যে কোন লোককে তাঁরা বিনা বিচারে আটক করতেন। গরীবের এত কষ্টের টাকা কর হিসাবে আদায় করে সরকারী কর্মচারীরা ও রাজা দুহাতে উড়াতেন। রাণী মেরিয়া অ্যান্টিয়োনেট ভোজসভার জন্য দুহাতে টাকা খরচ করতেন। এছাড়া বুরবোঁ রাজারা কথায় কথায় যুদ্ধ বাঁধিয়ে রাজকোষ শূন্য করে ফেলতেন। তারপর আবার তৃতীয় শ্রেণীর উপর কর চাপিয়ে তা পূর্ণ করতেন। সরকার ও জমিদারদের মালের উপর শুল্ক আদায়ের চোটে বণিকরা ব্যবসা করতে পারত না। ফ্রান্সে মুদ্রাস্ফীতির জন্য জিনিষপত্রের দাম বাড়তে থাকে। খাবারের দাম এমন বেড়ে যায় যে, দিন মজুররা যা মজুরী পেত তা নিয়ে খাবার কেনা যেত না। ফলে ১৭৮৭-৮৮ খ্রীঃ ফ্রান্সে দুর্ভিক্ষের অবস্থা দেখা দেয়।

বুরবোঁ রাজারা ছিলেন অমিতব্যয়ী। এই কারণে ১৭৮৮ খ্রীঃ ফরাসী রাজকোষ শূন্য হয়ে যায়। এমতাবস্থায় রাজা ষোড়শ লুই উপায়হীন হয়ে ফ্রান্সের জাতীয় সভা বা স্টেটস জেনারেলের অধিবেশন ডাকেন। এই জাতীয় সভার অধিবেশন বসলে বুর্জোয়া নেতারা তৃতীয় শ্রেণীর মুখপাত্র হয়ে অভিজাতদের বিশেষ অধিকার এবং রাজার স্বৈরক্ষমতাকে আক্রমণ করে। এর ফলে বিপ্লব আরম্ভ হয়।

তৃতীয় পাঠ : বিপ্লবের অগ্রগতি : ১৭৮৯ খ্রীঃ জাতীয় সভার অধিবেশন ডাকার পর, প্রচলিত নিয়ম অনুসারে অভিজাত, যাজক ও তৃতীয় শ্রেণী পৃথক কক্ষে বসে পৃথকভাবে ভোট দিতে রাজা আদেশ দেন। কিন্তু তৃতীয় শ্রেণীর নেতারা তিন শ্রেণীকে একত্রে বসিয়ে এক মাথা এক ভোট নীতি অনুসারে ভোট গ্রহণের দাবী জানায়। এদিকে তৃতীয় শ্রেণীর নেতা মিরাবু্য ঘোষণা করেন যে, তৃতীয় শ্রেণী এই দাবী কিছুতেই ছাড়বেন না। ফলে রাজা জাতীয় সভার অধিবেশন রদ করেন।

জাতীয় সভার অধিবেশন অকস্মাৎ রদ করা হলে তৃতীয় শ্রেণীর প্রতিনিধিরা ক্রুদ্ধ হয়ে নিকটবর্তী টেনিস খেলার মাঠে বসে শপথ নেন যে, তাঁরা ফ্রান্সের নূতন সংবিধান রচনা না করে নিরস্ত হবেন না। বুর্জোয়া নেতাদের এই অনমনীয় মনোভাবের ফলে, ষোড়শ লুই বাধ্য হয়ে তাদের দাবী মেনে নেন। ফলে জাতীয় সভা সংবিধান রচনার কাজে হাত দেয়। এর পর জাতীয় সভার নাম হয় সংবিধান সভা।

তৃতীয় শ্রেণীর প্রতিনিধিদের বিদ্রোহের খবর পেয়ে ফ্রান্সের সাধারণ লোক অনুপ্রাণিত হয়। প্যারিসের জনতা ১৪ই জুলাই, ১৭৮৯ খ্রীঃ বাস্তিল দুর্গ আক্রমণ করে এই দুর্গ দখল করে। এই দুর্গের পতনের পর ফ্রান্সের নানা শহরে ও গ্রামে বিপ্লব ছড়িয়ে পড়ে।

সংবিধান সভা 'মানব জাতির অধিকার' ঘোষণা করে। তাতে সকল মানুষের স্বাধীনতা ও সমান অধিকারের কথা বলা হয়। সংবিধান সভা ১৭৯১ খ্রীঃ যে নূতন সংবিধান রচনা করে, তাতে ফ্রান্সের নিয়মতান্ত্রিক রাজতন্ত্র ঘোষণা করা হয়। রাজার

ক্ষমতা বিশেষভাবে ছেঁটে ফেলা হয়। আইনসভাই সার্বভৌম ক্ষমতা পায়। সম্পত্তিশালী লোকেদের ভোটে আইন সভার সদস্য নির্বাচিত হয়। সর্বসাধারণকে ভোটের অধিকারে বঞ্চিত করা হয়। যাজকদের নির্বাচনের মাধ্যমে নিয়োগ ও সরকার থেকে বেতনের ব্যবস্থা করা হয়। অভিজাতশ্রেণী ও গীর্জার সকল সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়। অভিজাতদের বিশেষ অধিকার লোপ করা হয়। সকল নাগরিকের ও যাজকদের সমান অধিকার স্থাপন করা হয়।

ইতিমধ্যে প্যারিসে চরমপন্থী জ্যাকোবিন দল রাজতন্ত্র উচ্ছেদ করার কথা ভাবতে আরম্ভ করে। তাদের প্ররোচনায় প্যারিসের জনতা ষোড়শ লুইয়ের টুইলারিজ প্রাসাদ আক্রমণ করে। রাজা প্রাণভয়ে ফ্রান্স ছেড়ে পালাতে গিয়ে ধরা পড়েন। জ্যাকোবিনদের চাপে ১০ই আগষ্ট, ১৭৯২ খ্রীঃ ফ্রান্সে প্রজাতন্ত্র ঘোষিত হয়। ১৭৯১ খ্রীঃ-এর সংবিধান বলবৎ করা হয়। প্রাপ্তবয়স্কের ভোটে নূতন আইনসভা ন্যাশন্যাল কনভেনশনের সদস্যরা নির্বাচিত হয়। ষোড়শ লুইকে দেশদ্রোহের অপরাধে প্রাণদন্ড দেওয়া হয়।



ষোড়শ লুই

ফ্রান্সে রাজতন্ত্রের উপর আক্রমণ হলে ইউরোপের অন্যান্য দেশের রাজারা ভয় পেয়ে যান যে, তাঁদের দেশেও ফ্রান্স থেকে বিপ্লব ছড়িয়ে পড়বে। ফলে অষ্ট্রিয়ার সম্রাট ও প্রাশিয়ার রাজা ফ্রান্সের বিপ্লবী সরকারকে দমন করে ষোড়শ লুইকে উদ্ধারের পণ করেন। এজন্য বিপ্লবী ফ্রান্সের সঙ্গে ইউরোপের রাজাদের যুদ্ধ বেধে যায়। ফ্রান্সের ভিতর এক শ্রেণীর লোক বিপ্লবী সরকারকে ধ্বংস করার জন্য বিদ্রোহ করে।

ফরাসী প্রজাতান্ত্রিক সরকার এই সংকট থেকে মুক্ত হওয়ার জন্য 'সন্ত্রাসের রাজত্ব' প্রবর্তন করে। জ্যাকোবিন দল তাদের নেতা রোবসপিয়ারের নেতৃত্বে সন্ত্রাসের রাজত্ব চালায়। বিপ্লবী সরকারের বিরোধী বলে যাদের সন্দেহ করা হয় তাদের হত্যা করা হয়। পাইকারীভাবে নর হত্যার জন্য ডাঃ গিলোটিন



রোবসপিয়ার

নামে এক ব্যক্তি গিলোটিন নামে এক যন্ত্র আবিষ্কার করেন। সন্ত্রাসের রাজত্বের ফলে বিপ্লবী সরকারের প্রতি লোকে আস্থা জানাতে বাধ্য হয়। অরাজকতা ও স্বেচ্ছাচার এর ফলে দমিত হয়। সন্ত্রাসের শাসনে লোকে ক্লান্ত হয়ে পড়ে। রোবসপিয়ারকে গিলোটিনে হত্যা করা হলে সন্ত্রাসের রাজত্বের অবসান ঘটে।

ন্যাশন্যাল কনভেনশনের পতনের পর পঞ্চ ডাইরেক্টরের নেতৃত্বে ডাইরেক্টরী নামে ফরাসী প্রজাতন্ত্রী সরকার কিছুদিন চলে। ডাইরেক্টরীর দুর্বলতার সুযোগে নেপোলিয়ন বোনাপার্ট নামে এক সেনাপতি ১৭৯৯ খ্রীঃ ডাইরেক্টরী উচ্ছেদ করে একনায়কতন্ত্র স্থাপন করেন। এর ফলে ফরাসী বিপ্লবের অবসান ঘটে।

চতুর্থ পাঠঃ নেপোলিয়নের নেতৃত্বে সংস্কারঃ ফরাসী বিপ্লবের ইতিহাসে যে সকল শ্রেষ্ঠ প্রতিভার পরিচয় পাওয়া যায়, নেপোলিয়ন তাঁদের মধ্যে বিশিষ্টতা পেয়েছেন। নেপোলিয়নের জন্ম হয় ১৭৬৯ খ্রীঃ কর্সিকা দ্বীপে। তিনি ডাইরেক্টরীকে কুশাসনের জন্য পদচ্যুত করে কনসুলেট নামক শাসন ব্যবস্থা স্থাপন করেন। নেপোলিয়ন স্বয়ং প্রথম কনসালের পদ গ্রহণ করেন। কনসুলেট প্রথা কিছুকাল চলবার পর নেপোলিয়ন এই প্রথা রদ করে স্বয়ং প্রথম ফরাসী সম্রাটের পদ নেন।


নেপোলিয়ন

নেপোলিয়ন বহুবিধ সংস্কার প্রবর্তন করেন। ফরাসী বিপ্লবের দুইটি আদর্শ ছিল—স্বাধীনতা ও সাম্য। নেপোলিয়ন প্রজাতন্ত্র ধ্বংস করে স্বৈরশাসন স্থাপন করলে তিনি স্বাধীনতা বা গণতন্ত্রের আদর্শকে বিসর্জন দেন। তবে তিনি সাম্যের আদর্শকে গ্রহণ করেন। এই কারণে তিনি জমিদারী প্রথার উচ্ছেদ, কৃষকের জমিতে অধিকার, সকল শ্রেণীর সমান অধিকার প্রভৃতি বিপ্লবের ভাল ব্যবস্থাগুলিকে বহাল রাখেন। যোগ্যতাই ছিল তাঁর কাছে উন্নতির একমাত্র মাপকাঠি।

তিনি কোড নেপোলিয়ন নামে আইনগুলির দ্বারা সাম্যের আদর্শ মজবুত করেন। কোড নেপোলিয়ন অনুসারে সকল শ্রেণী আইনের নিকট সমান মর্যাদা পায়। সিভিল ম্যারেজ বা রেজিস্ট্রী বিবাহ চালু করা হয়। পিতার সম্পত্তিতে সকল সন্তানকে সমান অধিকার দেওয়া হয়। কোড নেপোলিয়নের আইনগুলি ফ্রান্সের বাইরে ইউরোপের বিভিন্ন দেশে গৃহীত হয়।

এছাড়া নেপোলিয়ন শিক্ষা সংস্কার করে শিক্ষাকে কর্মমুখী করেন। তিনি জনশিক্ষায় শৃংখলার উপর জোর দেন। তিনি ব্যয় সংকোচ করে এবং কর ব্যবস্থার

পুনর্বিন্যাস করে দেশকে স্বচ্ছল করেন। পথ-ঘাট নির্মাণ ও ব্যবসায়-বাণিজ্য, শিল্পের উন্নতির জন্যও তিনি চেষ্টা করেন। তিনি কনকর্ডাট নামক চুক্তির দ্বারা ফ্রান্সের গীর্জা ব্যবস্থাকে স্থায়ী ভিত্তিতে স্থাপন করেন।

নেপোলিয়নের উপরোক্ত কাজের জন্য তাঁকে 'বিপ্লবের সন্তান' বলা হয়। তবে তিনি ফরাসী বিপ্লবের 'স্বাধীনতা'র আদর্শকে বর্জন করায় তাঁকে 'বিপ্লবের সংহারকর্তা'ও বলা যায়।

পঞ্চম পাঠ ঃ নেপোলিয়ন ও ইউরোপে সাম্রাজ্য বিস্তার ঃ অতঃপর বিজয়ী নেপোলিয়ন জার্মানী ও ইটালীর পুনর্গঠন করেন। নেপোলিয়ন ইউরোপে ফরাসী বিপ্লবের ভাবধারা ছড়িয়ে দেন। নিপীড়িত জাতিগুলি তাঁকে 'মুক্তিদাতা' বলে মনে করে।

নেপোলিয়ন উলম্, জেনা, অষ্টারলিজ প্রভৃতি যুদ্ধে জয়লাভ করে অষ্ট্রিয়া, প্রাশিয়া প্রভৃতি শক্তিকে পরাজিত করেন। ১৮০৫ খ্রীঃ ট্রাফালগারের নৌযুদ্ধে ইংরাজ সেনাপতি নেলসন ফরাসী নৌবহরকে ধ্বংস করলে সমুদ্রপথে ইংলণ্ডের প্রভুত্ব স্থাপিত হয়। মিশরের পথে ভারত আক্রমণের পরিকল্পনা তাঁকে ছাড়তে হয়। ১৮০৭ খ্রীঃ নেপোলিয়ন রুশ জার দ্বিতীয় আলেকজান্ডারের সঙ্গে টিলজিটের সন্ধি স্বাক্ষর করে রুশ মিত্রতা পান। একমাত্র ইংলণ্ড তাঁর বিরুদ্ধে একক যুদ্ধ চালিয়ে যায়।

ইংলণ্ডকে যুদ্ধে পরাস্ত করতে না পেরে নেপোলিয়ন ইংলণ্ডের বিরুদ্ধে অর্থনৈতিক অবরোধ আরম্ভ করেন। এর নাম ছিল 'মহাদেশীয় প্রথা' বা কণ্টিনেণ্টাল সিস্টেম। তিনি বার্লিন ও মিলানের হুকুমনামার দ্বারা ইউরোপের সকল রাষ্ট্রকে আদেশ দেন যে, ইউরোপ মহাদেশের কোন স্থানে ইংলণ্ডের জাহাজ লাগাতে পারবে না এবং ইংলণ্ড হতে কোন মাল আমদানী করা চলবে না। বৃটিশ সরকার অর্ডারস ইন কাউন্সিল দ্বারা আদেশ দেয় যে, ফ্রান্সে কোন মাল ও জাহাজ যেতে পারবে না। ইংলণ্ডের নৌশক্তি থাকায় ইংলণ্ডের আদেশই কার্যকরী হয়। নেপোলিয়ন তাঁর মহাদেশীয় অবরোধ নীতিকে সার্থক করার জন্য পোপ, স্পেন, জার্মানী, রাশিয়া প্রভৃতি দেশকে এই আদেশ মানতে বাধ্য করেন। ইংলণ্ড হতে দরকারী জিনিস না পেয়ে ইউরোপের লোকের অশেষ দুঃখ-কষ্ট দেখা দেয়। তাছাড়া তিনি তাঁর যুদ্ধের খরচের জন্য অধিকৃত দেশগুলিতে বাড়তি কর চাপান। লোকাভাবের জন্য অধিকৃত দেশের লোকেদের তাঁর সেনাদলে যোগ দিতে বাধ্য করেন। এজন্য ইউরোপে নেপোলিয়নের সাম্রাজ্যবাদের বিরুদ্ধে বিক্ষোভ দেখা দেয়। স্পেন দেশের রাজা নেপোলিয়নের মহাদেশীয় অবরোধ প্রথা মানতে রাজী না হলে নেপোলিয়ন স্পেন আক্রমণ করেন। এর ফলে স্পেনবাসীরা ক্ষিপ্ত হয়ে ফরাসীদের সঙ্গে যুদ্ধ আরম্ভ

করে। এই যুদ্ধ স্পেনের জাতীয় যুদ্ধে (১৮০৮-১৮১৩ খ্রীঃ) পরিণত হয়। নেপোলিয়ন স্বীকার করেন যে, "স্পেনের ক্ষত তাঁর ধ্বংসের কারণ হয়েছিল।"

এদিকে রাশিয়ার জার প্রথম আলেকজান্ডারের সাথে নেপোলিয়নের সম্পর্ক খারাপ হতে থাকে। জার বুঝতে পারেন যে, নেপোলিয়ন তাঁকে নিরপেক্ষ রেখে ইউরোপে আপন ক্ষমতা বাড়িয়ে চলেছেন। জার মহাদেশীয় অবরোধ অগ্রাহ্য করে ইংলণ্ডের সঙ্গে বাণিজ্য আরম্ভ করেন। এজন্য নেপোলিয়ন (১৮১২ খ্রীঃ) রাশিয়া আক্রমণ করেন। কিন্তু নেপোলিয়নের ভাগ্য আর তাঁর প্রতি সদয় ছিল না। রুশ সেনাপতি কুটজফের রণকৌশলে এবং রাশিয়ার প্রচণ্ড শীত ও বরফে নেপোলিয়নের সেনাদল ধ্বংস হয়।

ইতিমধ্যে নেপোলিয়নের স্বৈরশাসনের বিরুদ্ধে জার্মান জাতীয়তাবাদ জেগে উঠে। বৃহৎ শক্তিগুলি এই সুযোগে তাঁকে আক্রমণ করে। ১৮১৩ খ্রীঃ লাইপজীগের যুদ্ধে নেপোলিয়নের পরাজয় ঘটে। নেপোলিয়ন এলবা দ্বীপে নির্বাসিত হন। দশ মাস পরে নেপোলিয়ন এলবা হতে ফ্রান্সে পুনরায় চলে আসেন। এবার ১৮১৫ খ্রীঃ ১৫ই জুলাই ওয়াটার্লুর যুদ্ধে নেপোলিয়নের চূড়ান্ত পতন ঘটে। তিনি সেণ্ট হেলেনা দ্বীপে নির্বাসিত হন।

নেপোলিয়নের পতনের কারণ ঃ নেপোলিয়নের পতনের জন্য বিভিন্ন কারণ দায়ী ছিল। (১) বিপ্লবের আদর্শ হতে বিচ্যুতি তাঁর পতনের প্রধান কারণ ছিল। তিনি গণতন্ত্র বা স্বাধীনতার আদর্শকে ধ্বংস করে একনায়কতন্ত্র স্থাপন করেন। এজন্য ফ্রান্সে তাঁর জনপ্রিয়তা ধীরে ধীরে কমে যায়। (২) নিজেকে 'বিপ্লবের সন্তান' বলে পরিচয় দিলেও তিনি অধীনস্থ দেশগুলিতে সাম্রাজ্যবাদী শোষণ চালু করেন। ফলে তার বিরুদ্ধে জাতীয়তাবাদী বিদ্রোহ দেখা দেয়। (৩) তিনি মহাদেশীয় অবরোধ প্রথা চালু করে মহা ভুল করেন। কারণ এর ফলে ইউরোপের লোকের দারুণ দুঃখ-কষ্ট দেখা দেয়। এদিকে এই প্রথা জোর করে চালু করার জন্য তাঁকে স্পেন ও রাশিয়ার সঙ্গে যুদ্ধে জড়িয়ে পড়তে হয়। (৪) স্পেনের যুদ্ধে জড়িয়ে পড়ে নেপোলিয়ন মহা ভুল করেন। স্পেনবাসীদের পরাস্ত করা তাঁর পক্ষে সম্ভব হয় নাই। (৫) মস্কো বা রাশিয়া অভিযান ছিল তাঁর ভয়ানক ভুল। এজন্য তাঁর বিরাট সেনাদল ধ্বংস হয়ে যায়। এর পর তাঁর বিরুদ্ধে সর্বত্র বিদ্রোহ দেখা দেয়। (৬) নেপোলিয়নের ব্যক্তিগত অহমিকা খুব বেড়ে যায়। তিনি কারও পরামর্শ নিতেন না। এই সকল কারণে তাঁর পতন ঘটে।

ষষ্ঠ পাঠ ঃ ফরাসী বিপ্লবের ফলাফল ঃ পৃথিবীর ইতিহাসে ফরাসী বিপ্লবকে এক বিশেষ গুরুত্বপূর্ণ ঘটনা মনে করা হয়। (১) বুরবোঁ রাজারা মনে

করতেন যে, তাঁরা ভগবানের প্রতিনিধি। ফরাসী বিপ্লবে বুরবোঁ স্বৈরতন্ত্রের পতন ঘটে। প্রজাদের ইচ্ছায় রাষ্ট্র চলে এই আদর্শ ফরাসী বিপ্লবে জয়লাভ করে। এর ফলে গণতন্ত্রের উদ্ভব হয়। ফ্রান্স থেকে গণতান্ত্রিক ভাবধারা ইউরোপের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়ে। নেপোলিয়নের পতনের পরেও এই ভাবধারা সক্রিয় থাকে। এভাবে ফরাসী বিপ্লবের সাম্য, মৈত্রী ও স্বাধীনতার আদর্শ ইউরোপের ইতিহাসকে প্রভাবিত করে। (২) ফরাসী বিপ্লবের ফলে ফরাসী অভিজাত ও যাজকরা যে বিশেষ অধিকার ও সম্পত্তি ভোগ করত তা লোপ পায়। সমাজে সকল নাগরিকের সমান অধিকার প্রতিষ্ঠিত হয়। (৩) ফরাসী বিপ্লবের প্রাক্‌কালে সংবিধান সভা যে মানব অধিকারের ঘোষণা দেয় তা ভবিষ্যতে বহু জাতিকে অনুপ্রাণিত করে। এই ঘোষণাপত্রেই সাম্য, মৈত্রী ও স্বাধীনতার আদর্শ প্রথম প্রকাশ পায়। (৪) নেপোলিয়ন বিপ্লবের আদর্শ নিয়ে ইউরোপের বিভিন্ন দেশে স্বৈরাচারী রাজতন্ত্রগুলিকে যুদ্ধে পরাস্ত করলে ইউরোপে জাতীয়তাবাদী ভাবধারা তীব্র হয়। ফরাসী বিপ্লব প্রশমিত হওয়ার পরে গণতন্ত্র ও জাতীয়তাবাদ ইউরোপে নবজীবনের প্রবাহ আনে।

কালপঞ্জী:—(১) আমেরিকার স্বাধীনতার ঘোষণা—১৭৭৬ খ্রীঃ। (২) ইংলণ্ডে শিল্প-বিপ্লব আরম্ভের আনুমানিক সময়—১৭৬০-১৭৮০ খ্রীঃ। (৩) স্টেটস জেনারেল বা জাতীয় সভার আহ্বান—১৭৮৯ খ্রীঃ। (৪) বাস্তিল দুর্গের পতন—১৪ই জুলাই, ১৭৮৯ খ্রীঃ। (৫) প্রথম ফরাসী সাম্রাজ্য—১৮০৪ খ্রীঃ।

নবম অধ্যায়

ইউরোপে জাতীয়তাবাদ ও গণতন্ত্রের জয়: শিল্প-বিপ্লবের বিস্তার ও সমাজতন্ত্রবাদ: আমেরিকার গৃহযুদ্ধ

প্রথম পরিচ্ছেদ: প্রথম পাঠ: উদারতন্ত্রবাদ বনাম প্রতিক্রিয়াশীলতা: ভিয়েনা সন্ধি ও চতুঃশক্তি সন্ধি: ওয়াটর্লুর যুদ্ধে (১৮১৫ খ্রীঃ) নেপোলিয়নের পতন ঘটলেও, ফরাসী বিপ্লবের আদর্শ নষ্ট হয় নাই। গণতন্ত্র ও জাতীয়তাবাদ সুপ্তভাবে ইউরোপের লোকের মনে জাগরূক ছিল। সুতরাং যে কোন সময় ফ্রান্স হতে পুনরায় ইউরোপে বিপ্লবের ভাবধারা ছড়িয়ে পড়বে বলে ইউরোপীয় রাজারা আশংকা করতেন। এই কারণে ফ্রান্স তথা ইউরোপ থেকে বিপ্লবের নবজাত ভাবধারাকে শিকড়সহ উপড়িয়ে ফেলার ব্যবস্থা করা হয়।

১৮১৫ খ্রীঃ ভিয়েনা শহরে নেপোলিয়ন বিজয়ী শক্তিগুলি সমবেত হয়ে এক চুক্তির দ্বারা ইউরোপের পুনর্গঠন করে। এই চুক্তির মূল নীতি ছিল ন্যায্য অধিকার। ন্যায্য অধিকার বলতে ইউরোপের রাজবংশগুলির বংশানুক্রমিক শাসনের অধিকার বুঝায়। এই নীতি অনুসারে নেপোলিয়নের সাম্রাজ্য স্থাপনের আগে ইউরোপের বিভিন্ন দেশে যে সকল রাজবংশ ছিল তাদের সিংহাসন ফিরিয়ে দেওয়া হয়। ফ্রান্সে বুরবোঁ রাজবংশকে ফিরিয়ে আনা হয়। পোপকে তার রাজ্য, ইটালীর স্যাভয় রাজবংশ, হল্যাণ্ডের অরেঞ্জ রাজবংশ ও জার্মানীর অনেকগুলি রাজবংশের শাসন পুনঃ-প্রতিষ্ঠা করা হয়। জার্মানীকে ৩৯টি রাজ্যে ও ইটালীকে অন্ততঃ ৫টি খণ্ডে বিভক্ত করা হয়। এছাড়া শক্তিসাম্য নীতির দ্বারা ফ্রান্সকে চারদিক দিয়ে বেষ্টন করা হয়। বেলজিয়ামকে হল্যাণ্ডের সঙ্গে যুক্ত করা হয়। ক্ষতিপূরণ নীতি অনুসারে প্রাশিয়া পায় স্যাক্সনীর বৃহদংশ, পোমিরেনিয়া প্রদেশ, রাইন অঞ্চল ও পোল্যাণ্ডের একাংশ; অষ্ট্রিয়া পায় উত্তর ইটালীর লম্বার্ডি, ভেনেশিয়া ও অন্যান্য স্থান; রাশিয়া পায় পোল্যাণ্ডের বৃহদংশ, ফিনল্যাণ্ড ও বেসারাবিয়া; বৃটেন পায় সিংহল, উত্তমাশা অন্তরীপ, আইয়োনীয় দ্বীপপুঞ্জ প্রভৃতি।

ভিয়েনা চুক্তির দ্বারা ইউরোপের জাতিগুলির জাতীয়তাবাদ ও গণতান্ত্রিক অধিকারকে হরণ করা হয়। বেলজিয়াম, পোল্যাণ্ড, নরওয়ে, ইটালী প্রভৃতি দেশগুলিকে বৃহৎ শক্তির পদানত করা হয়। বিভিন্ন দেশে স্বৈরাচারী রাজবংশগুলির শাসন কায়েম করে জনসাধারণের গণতান্ত্রিক অধিকার হরণ করা হয়। জার্মানী ও ইটালীকে ব্যবচ্ছেদ করে এই জাতিগুলির ঐক্যকে ধ্বংস করা হয়। ভিয়েনা চুক্তি ছিল প্রতিক্রিয়াশীল চুক্তি। ফরাসী বিপ্লবের ভাবধারাকে এর দ্বারা দমন করা হয়।

ভিয়েনা চুক্তি যাতে বিপ্লবী আদর্শের আঘাতে ধ্বংস না হয় এজন্য জার প্রথম আলেকজাণ্ডার পবিত্র চুক্তি গঠনের প্রস্তাব দেন। জারের প্রস্তাব মনোমত না হওয়ার ফলে চার বৃহৎ শক্তি মিলে চতুঃশক্তি সন্ধি গঠন করে। এই জোটের নাম হয় ইউরোপীয় শক্তি সমবায়। চার বৃহৎ শক্তি মাঝে মাঝে বৈঠকে বসে ইউরোপের অবস্থা আলোচনা করে পুরাতনতন্ত্রকে রক্ষার জন্য উপযুক্ত ব্যবস্থা নিতে সংকল্প নেয়। ১৮২০ খ্রীঃ স্পেনে ও দক্ষিণ ইটালীতে উদারতন্ত্রী বিদ্রোহ দেখা দিলে শক্তি সমবায়ের নির্দেশে ফ্রান্স ও অষ্ট্রিয়া তা দমন করে। ট্রপোর ঘোষণাপত্র (১৮২০ খ্রীঃ) দ্বারা ন্যায্য অধিকারকে বহাল রাখা হয়। ক্রমে শক্তি সমবায়ের মাধ্যমে ইউরোপে অষ্ট্রিয়া, রাশিয়া প্রভৃতি রক্ষণশীল শক্তিগুলির ক্ষমতা বাড়লে ইংলণ্ড শক্তি সমবায় ত্যাগ করে। এদিকে গ্রীসের স্বাধীনতার প্রশ্নে রাশিয়ার সঙ্গে অষ্ট্রিয়ার মনান্তর হলে শক্তি সমবায় ১৮২৫ খ্রীঃ ভেঙ্গে যায়।

দ্বিতীয় পাঠ : মেটারনিকতন্ত্র : ইউরোপে রক্ষণশীলতার প্রধান পুরোহিত ছিলেন অষ্ট্রিয়ার প্রধানমন্ত্রী প্রিন্স মেটারনিক। জাতীয়তাবাদ, উদারতন্ত্র ও গণতন্ত্রকে তিনি ঘৃণা করতেন। তাঁর মতে, এই ভাবধারা ছিল সমাজের পক্ষে অশুভ শক্তি। এই ভাবধারা জয়যুক্ত হলে ইউরোপের সভ্যতা নষ্ট হয়ে যাবে বলে তিনি আশঙ্কা করতেন। এই বিপ্লবী ভাবধারা থেকে ইউরোপকে রক্ষা করার জন্য মেটারনিক শক্তি সমবায়কে ব্যবহার করেন। মেটারনিকের নির্দেশে শক্তি সমবায় ইটালী ও স্পেনের উদারপন্থী বিদ্রোহ দমন করে। মেটারনিক জার্মানী ও অষ্ট্রিয়ার বিশ্ববিদ্যালয়গুলিতে জোর দমন নীতি চালিয়ে জার্মান জাতীয়তাবাদ ও উদারপন্থী ভাবধারা ধ্বংস করার চেষ্টা করেন। উদারপন্থী জার্মান অধ্যাপক ও ছাত্রদের গ্রেপ্তার করা হয়। কার্লসবাড হুকুমনামার দ্বারা সংবাদপত্রের কণ্ঠরোধ করা হয়। মেটারনিক আশঙ্কা করতেন যে, জাতীয়তাবাদ ও গণতন্ত্র প্রাধান্য পেলে বহু জাতির দ্বারা গঠিত এই সাম্রাজ্য ধ্বংস হয়ে যাবে। এই কারণে অষ্ট্রিয়ায় মেটারনিকের রক্ষণশীল নীতি তীব্রভাবে প্রয়োগ করা হয়। অষ্ট্রিয়ার বিশ্ববিদ্যালয়, বুদ্ধিজীবিদের অন্য দেশ হতে বিচ্ছিন্ন করা হয়। অষ্ট্রিয়ায় প্রগতিশীল চিন্তাকে সকল প্রকারে দমন করা হয়।



মেটারনিক

কিন্তু বালির বাঁধ দিয়ে যেমন বন্যা আটকান যায় না, সেরূপ মেটারনিকের দমন নীতির দ্বারা ইউরোপের অগ্রগতিকে রদ করা যায় নাই। ১৮৪৮ খ্রীঃ ফেব্রুয়ারী বিপ্লবে মেটারনিকের পতন ঘটে। এর ফলে ইউরোপে মেটারনিকতন্ত্রের অবসান ঘটে।

দ্বিতীয় পরিচ্ছেদ : প্রথম পাঠ : ইউরোপে গণতন্ত্রের জয় : ১৮৩০ খ্রীঃ জুলাই বিপ্লব : ভিয়েনা চুক্তির (১৮১৫ খ্রীঃ) দ্বারা ইউরোপে বংশানুক্রমিক রাজতন্ত্রের ও অভিজাত শ্রেণীর অধিকার রক্ষার ব্যবস্থা করা হয়। কিন্তু ফরাসী বিপ্লবের উদারতন্ত্রী ভাবধারা সাধারণ লোকের মধ্যে যে জাগরণ ঘটায় তাহা সুপ্ত থাকে। ফ্রান্সই ছিল এই নবজাত ভাবধারার জন্মক্ষেত্র। ফলে ফ্রান্সে স্বৈরশাসনের বিরুদ্ধে পুনরায় বিপ্লব মাথা তুলে। ক্রমে এই বিপ্লব সারা ইউরোপে ছড়িয়ে পড়ে। এজন্য বলা হয় যে, "ফ্রান্সে সর্দি হলে ইউরোপে হাঁচি আরম্ভ হয়ে যায়।"

ভিয়েনা চুক্তির ন্যায্য অধিকার নীতি অনুসারে বুরবোঁ বংশীয় অষ্টাদশ লুই ফরাসী সিংহাসনে ১৮১৪—১৮২৪ খ্রীঃ পর্যন্ত রাজত্ব করেন। তাঁর আমলে দেশত্যাগী ফরাসী

অভিজাতরা ফ্রান্সে ফিরে এসে তাদের পুরাতন ক্ষমতা ফিরে পাওয়ার জন্য চেষ্টা করে। এরা একটি দল গড়ে। তার নাম ছিল উগ্র রাজপন্থী দল। বিপ্লবের সময় ফ্রান্সে যে সকল পরিবর্তন ঘটেছিল এরা তা নস্যাৎ করার চেষ্টা করে।

অষ্টাদশ লুইয়ের পর দশম চার্লস ফরাসী সিংহাসনে বসেন। তিনি ছিলেন উগ্র রাজপন্থীদের গোঁড়া সমর্থক। তিনি ফ্রান্সে বিপ্লবের আগেকার সকল ব্যবস্থা ফিরিয়ে আনতে পণ করেন। তিনি অষ্টাদশ লুইয়ের প্রবর্তিত সংবিধান রদ করে দেন। তিনি স্বৈরতন্ত্র পুনঃস্থাপনের জন্য ফরাসী পার্লামেণ্ট ভেঙে দেন। তিনি কয়েকটি আইন দ্বারা অভিজাত ও যাজকদের অধিকার ফিরিয়ে আনার চেষ্টা করেন।

এর ফলে ফরাসী মধ্যবিত্তরা বুঝতে পারে যে, দশম চার্লস ফ্রান্সে স্বৈরতন্ত্র, অভিজাততন্ত্র ফিরিয়ে আনতে যাচ্ছেন। ফলে দশম চার্লস পার্লামেণ্ট ভেঙে দিলে ১৮৩০ খ্রীঃ জুলাই মাসে তাঁর বিরুদ্ধে প্যারিসে বিদ্রোহ আরম্ভ হয়। শেষ পর্যন্ত দশম চার্লস পদত্যাগ করতে বাধ্য হন। বিপ্লবী মধ্যবিত্ত শ্রেণী ও উদারপন্থী দল অর্লিয়েন্স বংশীয় লুই ফিলিপকে ফরাসী সিংহাসনে বসায়। তিনি সংবিধান মেনে শাসন করতে অঙ্গীকার করেন।

জুলাই বিপ্লবের ফলে ফ্রান্সে বংশানুক্রমিক রাজত্বের অধিকার বিলুপ্ত হয়। বুরবোঁ রাজবংশ বিতাড়িত হয়। জুলাই বিপ্লবের ঢেউ ফ্রান্সের বাহিরে বিভিন্ন দেশে ছড়িয়ে পড়ে। (১) ভিয়েনা সন্ধির দ্বারা বেলজিয়ামের স্বাধীনতা বিনষ্ট করে এই দেশকে হল্যাণ্ডের সঙ্গে যুক্ত করা হয়েছিল। জুলাই বিপ্লবে বেলজিয়াম স্বাধীন হয়ে যায়। বেলজিয়ান জাতীয়তাবাদ জয়যুক্ত হয়। (২) ইটালীতে জাতীয়তাবাদী বিদ্রোহ ঘটে। (৩) রাশিয়ার হাত হতে স্বাধীনতা লাভের জন্য পোল্যাণ্ডের পোলগণ বিদ্রোহ করে। এভাবে ভিয়েনা চুক্তির ভিত্তি জুলাই বিপ্লবে আলগা হয়ে যায়।

দ্বিতীয় পাঠঃ ১৮৪৮ খ্রীঃ ফেব্রুয়ারী বিপ্লবঃ জুলাই বিপ্লবের ফলে লুই ফিলিপ ফ্রান্সের সিংহাসনে বসেন। ফ্রান্সের ধনী বুর্জোয়া বা পুঁজিপতি শ্রেণী ছিল লুই ফিলিপের সমর্থক। সংবিধানে তারাই ভোটের অধিকার পায়। সম্পত্তিহীন লোকদের ভোটের অধিকার তখন ফ্রান্সে ছিল না। সুতরাং লুই ফিলিপ ধনী বুর্জোয়াদের স্বার্থরক্ষার জন্য চেষ্টা করেন। শিল্প-বিপ্লবের ফলে ফ্রান্সে কলকারখানা গড়ে উঠে। এতে মালিকরা শ্রমিকদের দারুণ খাটিয়ে খুব কম মাহিনা দিত। সমাজ-তান্ত্রিক দল সরকারকে শ্রমিকের অধিকার রক্ষার জন্য আইন করতে বলে। কিন্তু লুই ফিলিপ তাতে কান দেন নাই। এজন্য সমাজতান্ত্রিক দল তাঁর পতন চায়।

লুই ফিলিপ মুখে সংবিধান মানলেও হাতে-কলমে তা ভাঙতে থাকেন। তিনি ইচ্ছামত মন্ত্রীসভা ভেঙে দেন। পার্লামেণ্টের মত না নিয়ে মন্ত্রীসভা গড়েন।

নির্বাচনের সময় টাকা ছড়িয়ে নিজের লোকেদের ভোটে জেতান। তাদের সাহায্যে পার্লামেন্টকে নিজের হাতের মুঠোয় এনে ফেলেন। এজন্য উদারতন্ত্রী ও প্রজাতন্ত্রী দল তাঁর বিরুদ্ধে চলে যায়। লুই ফিলিপের শান্তিবাদী বৈদেশিক নীতি ফরাসী জনসাধারণ পছন্দ করত না। এজন্য বোনাপার্ট দল তাঁর সমালোচনা করে।

লুই ফিলিপ ও তাঁর মন্ত্রী গুইজোর স্বৈরতন্ত্রী নীতির প্রতিকারের জন্য রাজনৈতিক দলগুলি সচেষ্ট হয়। উদারতন্ত্রী ও অন্যান্য দলগুলি দাবী জানায় যে, পার্লামেণ্টের নির্বাচনে নাগরিকদের ভোটাধিকার বাড়াতে হবে। লুই ফিলিপ এই দাবী না মানলে তাঁর বিরুদ্ধে ১৮৪৮ খ্রীঃ ফেব্রুয়ারী মাসে বিদ্রোহ ঘটে। লুই ফিলিপ পদত্যাগ করতে বাধ্য হন। ফ্রান্সে দ্বিতীয় প্রজাতন্ত্র ঘোষিত হয়। সর্বসাধারণের ভোটের অধিকার প্রচলিত হয়। ফ্রান্সে গণতন্ত্রের জয় হয়।

ফেব্রুয়ারী বিপ্লব ক্রমে ফ্রান্স থেকে জার্মানী, অষ্ট্রিয়া, বোহেমিয়া, হাঙ্গেরী ও ইটালীতে ছড়িয়ে পড়ে। ঐক্যবদ্ধ জার্মান রাষ্ট্র স্থাপনের জন্য জার্মান জাতীয়তাবাদীরা এক জাতীয় পার্লামেন্ট আহ্বান করে। ইটালীতে ম্যাৎসিনীর নেতৃত্বে জাতীয়তাবাদী বিপ্লব আরম্ভ হয়। অষ্ট্রিয়ার সাম্রাজ্যের বহু স্থানে জাতীয়তাবাদী বিদ্রোহ দেখা দেয়। মেটারনিকতন্ত্রের পতন ঘটে।

তৃতীয় পাঠ : ইটালীর ঐক্য : ফরাসী বিপ্লবের সাম্য ও স্বাধীনতার আদর্শ ইউরোপের পরাধীন জাতিগুলির মনে তীব্র প্রেরণা জাগায়। এর ফলে ইটালীতে জাতীয়তাবাদী আন্দোলন আরম্ভ হয়।

ফরাসী বিপ্লবের সময় মহাবীর নেপোলিয়ন ইটালী অধিকার করেন। তিনি ইটালীকে নিজ অধীনে আনলে খণ্ড খণ্ড রাজ্যে বিভক্ত ইটালী রাজনৈতিক ঐক্যের স্বাদ পায়। নেপোলিয়নের পতনের পর ভিয়েনা চুক্তির দ্বারা ইটালীকে পুনরায় ব্যবচ্ছেদ করা হয়। ইটালীর একটা বড় অংশ অষ্ট্রিয়ার অধীনে চলে যায়। বাকীটা পোপ, পিডমণ্টের রাজা ও বুরবোঁ রাজাদের মধ্যে ভাগ করে ফেলা হয়।

ম্যাৎসিনী ও ইয়ং ইটালী দল : ইটালীর দেশপ্রেমিকরা ইটালীর পরাধীনতা ও ব্যবচ্ছেদ মেনে নেননি। তাঁরা ইটালীর স্বাধীনতা ও ঐক্য স্থাপনের জন্য তীব্র আন্দোলন আরম্ভ করেন। কারবোনারী নামে এক গুপ্ত সন্ত্রাসবাদী দল অষ্ট্রিয়ার রাজকর্মচারীদের হত্যা ও বিদেশী শাসকদের বিরুদ্ধে বিদ্রোহ গঠন করে। কিন্তু মেটারনিক অষ্ট্রিয়ার সেনাদল দিয়ে কারবোনারীদের দমিয়ে ফেলেন। এই সময়ে যোসেফ ম্যাৎসিনী নামে এক বিখ্যাত নেতার উদ্ভব হয়। ম্যাৎসিনীর জন্ম হয় ইটালীর জেনোয়া নগরে। তিনি ছিলেন লেখক, সাংবাদিক, চিন্তাবিদ্ ও দেশপ্রেমী। তাঁর রচনাগুলি ইটালীর যুবশক্তিকে অনুপ্রাণিত করে। তিনি চারটি বিষয়ের উপর

বিশেষ জোর দেন যথা, (১) ইটালীকে যুদ্ধের দ্বারা বিদেশী শাসন মুক্ত হতে হবে। (২) ইটালীকে ঐক্যবদ্ধ হতে হবে। (৩) ইটালীতে প্রজাতন্ত্র স্থাপিত হবে। (৪) ইটালী নিজ শক্তিতে বিদেশী শক্তির বিনা সাহায্যে মুক্ত হবে।



ম্যাৎসিনী এজন্য ইয়ং ইটালী বা যুব ইটালী দল গড়েন। ৪৫ বৎসরের নীচে সকল ইটালীয় এই দলে যোগ দিতে পারত। তাদের সামরিক শিক্ষা নিতে হত।

ইটালীর জন্য আত্মত্যাগের উদ্দেশ্যে তাদের শপথ নিতে হত। ইটালীর যুবশক্তি দলে দলে ম্যাৎসিনীর যুব ইটালী দলে যোগ দেয়। ১৮৪৮ খ্রীঃ ফেব্রুয়ারী বিপ্লব আরম্ভ হলে ইটালীর মুক্তির জন্য দুইরকম আন্দোলন আরম্ভ হয়। (১) পিডমণ্টের রাজা চার্লস এলবার্ট অস্ট্রিয়ার হাত হতে ইটালীর মুক্তির জন্য যুদ্ধ করেন। চার্লস এলবার্টের লক্ষ্য ছিল ইটালীতে রাজতন্ত্র স্থাপন। কিন্তু তিনি অষ্ট্রিয়ার সেনাদলের হাতে নোভারার যুদ্ধে পরাস্ত হন। (২) এদিকে যোসেফ ম্যাৎসিনী ইটালীতে স্বাধীন ও ঐক্যবদ্ধ প্রজাতন্ত্র স্থাপনের লক্ষ্য নেন। এই উদ্দেশ্যে তিনি রোমে এক প্রজাতান্ত্রিক সরকার স্থাপন করেন। তিনি সকল নাগরিকের ভোটের অধিকার দেন। কিন্তু ফরাসী সম্রাট তৃতীয় নেপোলিয়নের আদেশে ফরাসী সেনাদল ম্যাৎসিনীর প্রজাতন্ত্র ধ্বংস করে।



ম্যাৎসিনী

কাভ্যুর ঃ ম্যাৎসিনীর আন্দোলন বিফল হলে ইটালীতে নূতন নেতা হিসাবে কাউন্ট ক্যামিলো ডি কাভ্যুর স্থান নেন। কাভ্যুর ছিলেন খুব ঠাণ্ডা মাথা, বাস্তব-বুদ্ধির লোক। তিনি বলেন যে, ইটালীতে প্রজাতন্ত্র স্থাপিত হলে ইউরোপের রাজারা তা সহ্য করবে না। সুতরাং পিডমণ্টের রাজাই হবেন ইটালীর রাজা। তিনি সংবিধান মেনে শাসন করবেন।

ইটালী থেকে অষ্ট্রিয়াকে তাড়াবার জন্যে তিনি ফারসী সম্রাট তৃতীয় নেপোলিয়নের সঙ্গে প্লোম্বিয়ারের গোপন সন্ধি স্থাপন করেন। বৃটিশ সরকারও ইটালীর মুক্তিযুদ্ধে সহানুভূতি দেয়। কাভ্যুর ফরাসী সেনার সাহায্য নিয়ে অষ্ট্রিয়াকে পরাস্ত করে লোম্বার্ডি প্রদেশ পিডমণ্টের সাথে যুক্ত করেন। ভিল্লাফ্রাঙ্কার সন্ধির দ্বারা এই ব্যবস্থা স্বীকৃত হয়। তিনি ফরাসী সম্রাট তৃতীয় নেপোলিয়নের সমর্থনে মধ্য ইটালী ও পোপের রাজ্যের কিছু অংশও পিডমণ্টের সাথে যুক্ত করে নেন। এর বিনিময়ে তিনি নেপোলিয়নকে স্যাভয় ও নিস ছেড়ে দেন।



কাভ্যুর

গ্যারিবল্ডী ঃ কাভ্যুরের পর ম্যাৎসিনীর শিষ্য গ্যারিবল্ডী ইটালীর স্বাধীনতার যুদ্ধকে শেষ করার কাজে ঝাঁপিয়ে পড়েন। গ্যারিবল্ডী ছিলেন দুঃসাহসী যোদ্ধা ও দেশপ্রেমিক। তিনি তাঁর লালকোর্তা বাহিনী নিয়ে দক্ষিণ ইটালীর নেপলস্ ও সিসিলি থেকে বুরবোঁ রাজাকে বিতাড়িত করেন। গ্যারিবল্ডী এই অঞ্চলে প্রথমে প্রজাতন্ত্র স্থাপন করার কথা ভাবেন। কিন্তু তাতে ইটালীর ঐক্য ব্যাহত হবে তিনি বুঝতে পারেন। তিনি দক্ষিণ ইটালীর নেপলস্ ও সিসিলি প্রদেশ পিডমন্টের রাজা ভিক্টর ইম্যানুয়েলের হাতে তুলে দেন।


এভাবে কাভ্যুরের মৃত্যুর আগেই ইটালীর প্রধান অংশগুলি বিদেশী শাসন মুক্ত এবং ঐক্যবদ্ধ হয়। ১৮৬৬ খ্রীঃ অষ্ট্রো-প্রাশিয় যুদ্ধের সময় ভিনিসিয়া অষ্ট্রিয়ার হাত হতে মুক্ত হয়। ১৮৭০ খ্রীঃ ফ্রাঙ্কো-প্রাশিয় যুদ্ধের সময় রোম ইটালীর সাথে যুক্ত হলে ইটালীর ঐক্য সম্পূর্ণ হয়। ইটালীর জাতীয়তাবাদ জয়যুক্ত হয়। ইটালীতে ভিয়েনা চুক্তির পতন ঘটে।

চতুর্থ পাঠ ঃ জার্মানীর ঐক্য আন্দোলন ঃ বিসমার্ক ঃ ভিয়েনা চুক্তির (১৮১৫ খ্রীঃ) দ্বারা জার্মানীকে ৩৯টি রাজ্যে বিভক্ত করা হয়। মেটারনিক জার্মানীর উপর অষ্ট্রিয়ার প্রাধান্য স্থাপন করেন। জার্মান জাতির ঐক্যলাভের স্বপ্ন বিলীন হয়ে যায়। জার্মানীর ছাত্র, শিক্ষক ও দেশপ্রেমিকরা জার্মানীর ঐক্যের জন্য নিরন্তর চেষ্টা চালান। জার্মান ধনী বুর্জোয়া শ্রেণী ব্যবসায়-বাণিজ্যের সুবিধার জন্য জোলভেরাইন নামে এক শুল্ক সঙ্ঘ গড়ে। এই শুল্ক সঙ্ঘের নেতৃত্ব প্রাশিয়া রাজ্যকে দেওয়া হয়। জোলভেরাইন গঠনের দ্বারা জার্মানীকে ঐক্যবদ্ধ করার ইচ্ছার প্রকাশ ঘটে। ইতিমধ্যে ১৮৪৮ খ্রীঃ ফেব্রুয়ারী বিপ্লবের সময় জার্মান বুদ্ধিজীবিরা ফ্রাঙ্কফুর্ট শহরে একটি জাতীয় পার্লামেন্ট ডেকে প্রাশিয়ার রাজার অধীনে জার্মানীকে ঐক্যবদ্ধ করার প্রস্তাব নেন। কিন্তু অষ্ট্রিয়ার হস্তক্ষেপে এই চেষ্টা বিফল হয়।


বিসমার্ক

অটো ফন বিসমার্ক নামে এক বিখ্যাত রাজনীতিজ্ঞ ১৮৬২ খ্রীঃ প্রাশিয়ার প্রধানমন্ত্রী হন। তিনি প্রাশিয়ার পার্লামেন্ট সদস্যদের এক বক্তৃতায় বুঝিয়ে দেন যে, জার্মানীর ঐক্য ভোটের দ্বারা ও বক্তৃতার দ্বারা স্থাপিত হবে না। "রক্ত ও লৌহ" অর্থাৎ অষ্ট্রিয়ার বিরুদ্ধে যুদ্ধের দ্বারাই জার্মানীর ঐক্য স্থাপন করতে হবে। বিসমার্কের লক্ষ্য ছিল প্রাশিয়ার রাজবংশের নেতৃত্বে জার্মানীকে ঐক্যবদ্ধ করা।

বিসমার্ক ছিলেন কূটনীতির যাদুকর। তিনি বুঝতে পারেন যে, জার্মানীকে ঐক্যবদ্ধ করলে ফ্রান্স ও রাশিয়া তাতে আশঙ্কা বোধ করবে। কারণ এরা ছিল জার্মানীর প্রতিবেশী দেশ। এই শক্তিগুলি যদি অষ্ট্রিয়ার পক্ষ নেয় তবে প্রাশিয়ার দ্বারা জার্মানীর ঐক্য স্থাপন সম্ভব হবে না। তিনি কূটনীতির দ্বারা ফ্রান্স ও রাশিয়াকে নিরপেক্ষ রাখেন।



জার্মানীর উত্তর সীমায় স্লেজভিগ্ ও হলষ্টিন নামে দুটি প্রদেশ ছিল। প্রতিবেশী ডেনমার্ক এই দুটি প্রদেশ দখলের চেষ্টা করলে বিসমার্ক প্রাশিয়া ও অষ্ট্রিয়ার যুগ্ম

বাহিনীর দ্বারা ডেনমার্ককে (১৮৬৪ খ্রীঃ) পরাস্ত করেন। তিনি গ্যাষ্টিনের সন্ধির (১৮৬৪ খ্রীঃ) দ্বারা অষ্ট্রিয়াকে হলষ্টিন প্রদেশ ছেড়ে দিয়ে প্রাশিয়ার অধীনে স্লেজভিগ্ প্রদেশ আনেন। বিসমার্ক গ্যাষ্টিনের সন্ধির শর্ত এমনভাবে করেন যে, এর ব্যাখ্যা নিয়ে ভবিষ্যতে অষ্ট্রিয়ার সাথে বিরোধ বাধতে পারে। এর পর বিসমার্ক ফরাসী সম্রাট তৃতীয় নেপোলিয়নের সাথে বিয়ারিৎসের গোপন চুক্তি করেন। এই চুক্তির দ্বারা তিনি ফ্রান্সের নিরপেক্ষতার প্রতিশ্রুতি পান।


এর পর গ্যাষ্টিনের সন্ধি ভাঙার অজুহাতে তিনি অষ্ট্রিয়ার বিরুদ্ধে অষ্ট্রো-প্রাশিয় যুদ্ধ আরম্ভ করেন। স্যাডোয়া (১৮৬৬ খ্রীঃ) বা কোনিগগ্রাৎসের যুদ্ধে সুশিক্ষিত প্রাশিয় বাহিনী অষ্ট্রিয়ার সেনাদলকে পরাস্ত করে। মেইন নদী পর্যন্ত সমগ্র জার্মানী প্রাশিয়ার নেতৃত্বে ঐক্যবদ্ধ হয়। শুধু দক্ষিণ জার্মানী স্বতন্ত্র থাকে।

বিসমার্ক দেখেন যে, দক্ষিণ জার্মানীকে যুক্ত করতে হলে ফ্রান্স থেকে বাধা আসবে। ফ্রান্সের জনমত জার্মানীর শক্তি বৃদ্ধির ফলে আশঙ্কিত হয়। ফরাসী সম্রাট তৃতীয় নেপোলিয়ন জার্মানীর রাইন নদীর পশ্চিম তীরের অঞ্চল দাবী করে বসেন। ফ্রান্সকে জব্দ করার জন্য বিসমার্ক স্পেনের সিংহাসনে প্রাশিয়ার রাজবংশের লিওপোল্ডকে বসাবার আয়োজন করেন। এর ফলে ফ্রান্স পূর্বে জার্মানী ও দক্ষিণ-পশ্চিমে স্পেন দ্বারা বেষ্টিত হয়ে পড়ত। তৃতীয় নেপোলিয়ন এই ব্যবস্থার বিরুদ্ধে প্রতিবাদ জানান। স্পেনের সিংহাসনে প্রাশিয়ার রাজবংশের লোক স্থাপন করা উপলক্ষে ১৮৭০ খ্রীঃ ফ্রাঙ্কো-প্রাশিয় যুদ্ধ আরম্ভ হয়। ফলে শেষ পর্যন্ত সেডানের যুদ্ধে ১৮২০ খ্রীঃ ফ্রান্সের পরাজয় ঘটে। ফ্রাঙ্কফুর্টের সন্ধির দ্বারা ফ্রান্স আলসাস ও লোরেন প্রদেশ জার্মানীকে ছেড়ে দেয়। যুদ্ধের দরুণ ফ্রান্স জার্মানীকে ক্ষতিপূরণ দেয়। দক্ষিণ জার্মানী জার্মান সাম্রাজ্যের সাথে যুক্ত হয়। প্রাশিয়ার রাজা প্রথম উইলিয়াম, কাইজার প্রথম উইলিয়াম উপাধি নিয়ে জার্মানীর সম্রাট পদ লাভ করেন। ঐক্যবদ্ধ জার্মানী বিসমার্কের নেতৃত্বে শীঘ্রই ইউরোপের এক বৃহৎ শক্তিরূপে আত্মপ্রকাশ করে। জার্মান জাতীয়তাবাদের জয় হয়।

তৃতীয় পরিচ্ছেদ : প্রথম পাঠ : আমেরিকার গৃহযুদ্ধের কারণ : তোমরা অষ্টম অধ্যায়ে (পৃঃ ৫৮ দেখ) আমেরিকার স্বাধীনতা লাভের কাহিনী পড়েছ। স্বাধীনতা লাভের পর আমেরিকার প্রজাতন্ত্র রাষ্ট্রপতি জর্জ ওয়াশিংটন ও অন্যান্য রাষ্ট্রপতিদের নেতৃত্বে দ্রুত উন্নতি করে। মার্কিন দেশের উত্তর ভাগ শিল্প-বাণিজ্যে সমৃদ্ধ হয়ে উঠে। দক্ষিণ ভাগে তুলার খামার ও কৃষিকার্য প্রাধান্য পায়। উত্তরের লোকেরা শিল্প-বাণিজ্যে সফল হওয়ায় তারা খুবই ধনী হয়ে পড়ে। দক্ষিণের কৃষি-প্রধান অঞ্চলের লোকেরা এজন্য উত্তরের সঙ্গে তুলনা করে নিজেদের বঞ্চিত মনে

করত। তারা বলত যে, উত্তরের লোকেরা কেবল ধনী নয়, তারা কেন্দ্রীয় সরকারকেও নিজেদের হাতে রেখেছে। এ নিয়ে উত্তর ও দক্ষিণের মন কষাকষি ছিল।

দক্ষিণের বড় বড় তুলার খামারে কাজ করার জন্য বহু শ্রমিকের দরকার হত। শ্বেতাঙ্গ খামার মালিকরা এজন্য আফ্রিকা হতে কৃষ্ণকায় নিগ্রোদের কিনে এনে ক্রীতদাস হিসাবে খামারের কাজে লাগাত। আমেরিকার শ্বেতাঙ্গ খামার মালিকরা এই



আমেরিকার ক্রীতদাস

ক্রীতদাসদের বংশ-পরম্পরায় দাস হিসেবে কাজ করতে বাধ্য করত। তাদের উপর নিদারুণ নির্যাতন করা হত। খামার থেকে পালিয়ে গেলে তাদের ধরে এনে শাস্তি দেওয়া হত। কখন কখনও তাদের গুলি করে জন্তু-জানোয়ারের মত মেরে ফেলা হত।

আমেরিকার তূলার খামারে দাসদের উপর এই পাশবিক অত্যাচার সম্পর্কে মিসেস হ্যারিয়েট বিচার ষ্টো নামে এক ভদ্রমহিলা 'টম কাকার কুটীর' বা আঙ্কল টমস কেবিন উপন্যাস লিখেন। এই উপন্যাস প্রকাশ হলে আমেরিকার উদার-হৃদয় লোকেরা দাস প্রথা বন্ধের জন্য আইন রচনার দাবী করে। এতে দক্ষিণের লোকেরা ভয়ানক চটে যায়। তারা বলে যে, তাদের স্বার্থে অহেতুক আঘাত দিলে তারা সহ্য করবে না। এদিকে উত্তরের কিছু লোক দেখে যে, কল-কারখানা চালাতে শ্রমিকের দরকার। দক্ষিণের ক্রীতদাসরা মুক্তি পেলে তারা উত্তরের কল-কারখানায় শ্রমিক হিসেবে কাজ করতে পারবে। এজন্য তারা ক্রীতদাসদের মুক্তি আইনের জন্য জোর দাবী জানায়। মানবতার দিক থেকেও বহু লোক তাদের মুক্তির পক্ষ নেয়।

এমতাবস্থায় যুক্তরাষ্ট্র সরকার একটা আইন করে। তাতে বলা হয় যে, আমেরিকার

নূতন বসত অঞ্চলে দাস প্রথা প্রবর্তন করা যাবে না। এতে দক্ষিণের রাজ্যগুলি কেন্দ্র হতে বিচ্ছিন্ন হওয়ার সঙ্কল্প নিলে উত্তরের সঙ্গে দক্ষিণের গৃহযুদ্ধ আরম্ভ হয়।

আব্রাহাম লিঙ্কনের ভূমিকা ঃ মার্কিন দেশের রাষ্ট্রপতি পদ খালি হলে সেই পদের জন্য আব্রাহাম লিঙ্কন নির্বাচিত হন। লিঙ্কন ছিলেন দাস প্রথার ঘোর বিরোধী। সুতরাং লিঙ্কন রাষ্ট্রপতি হলে দক্ষিণের রাজ্যগুলি আশঙ্কা করে যে, তিনি নিশ্চয় দাস প্রথা তুলে দিবেন। দক্ষিণের লোকেরা এজন্য যুক্তরাষ্ট্র থেকে বিচ্ছিন্ন হয়ে আলাদা রাষ্ট্র ঘোষণা করে।

আব্রাহাম লিংকন দেখলেন যে, মার্কিন যুক্তরাষ্ট্র ভেঙে যেতে বসেছে। তিনি দক্ষিণকে সতর্ক করে বলেন যে, আগে মার্কিন দেশের ঐক্য রাখতে হবে। সংবিধান অনুসারে দক্ষিণ ইচ্ছামত বিচ্ছিন্ন হতে পারবে না। সেক্ষেত্রে তিনি দেশের ঐক্য রাখার জন্য বল প্রয়োগে বাধ্য হবেন। লিংকন ছিলেন খুবই সৎ প্রকৃতির লোক। তিনি কেন্টাকীর একটি কাঠের ব্যবসায়ীর ঘরে জন্মেছিলেন। দারিদ্র্য-বশতঃ তিনি কলেজে পড়তে পারেন নি। তিনি তাঁর মায়ের প্রেরণায় নিজে নিজেই লেখাপড়া শেখেন। তিনি পরে আইনজীবি হন। শেষে মার্কিন দেশের রাষ্ট্রপতি হন। দেশের ঐক্য রক্ষার জন্য তিনি সকল প্রকার স্বার্থত্যাগে প্রস্তুত ছিলেন। গৃহযুদ্ধে তাঁর নিজ সন্তান নিহত হন।



আব্রাহাম লিঙ্কন

দক্ষিণের অধিবাসীরা গ্রান্টকে রাষ্ট্রপতি ঘোষণা করে আলাদা রাষ্ট্র গড়লে গৃহযুদ্ধ আরম্ভ হয়। চার বছর পরে দক্ষিণের সেনারা পরাজয় বরণ করে। ইতিমধ্যে ১৮৬৩ খ্রীঃ লিঙ্কন দক্ষিণের ক্রীতদাসদের স্বাধীনতা ঘোষণা করেন। আমেরিকার কলঙ্কজনক দাস প্রথা বেআইনী ঘোষিত হয়। লিঙ্কনের চেষ্টায় আমেরিকার যুক্তরাষ্ট্রের ঐক্য রক্ষা পায়। নিগ্রোরা স্বাধীনতা পেয়ে মার্কিন নাগরিকত্ব লাভ করে। তবে কালো চামড়ার বিরুদ্ধে সাদা চামড়ার আক্রোশ আমেরিকায় এখনও বজায় আছে। ডাঃ মার্টিন লুথার কিং নামে এক বিখ্যাত কৃষ্ণকায় অহিংসবাদী নেতা গুপ্তঘাতকের হাতে প্রাণ দিয়েছেন।

চতুর্থ পরিচ্ছেদ ঃ প্রথম পাঠ ঃ ইউরোপে শিল্প-বিপ্লবের বিস্তার ও তার ফলাফল ঃ তোমরা অষ্টম অধ্যায় দ্বিতীয় পরিচ্ছেদে বৃটেনে শিল্প-বিপ্লবের

কথা পড়েছ (পৃঃ ৬৯ দেখ)। শিল্প-বিপ্লব বৃটেনে প্রথমে আরম্ভ হলে ক্রমে ক্রমে ইউরোপের অন্যান্য দেশে ছড়িয়ে পড়ে। ফ্রান্সে লুই ফিলিপের শাসনকালে কল-কারখানার বিশেষ প্রসার হয়। সম্রাট তৃতীয় নেপোলিয়ন ফ্রান্সে শিল্প বিস্তারের জন্য বিশেষ চেষ্টা করেন। বৃটেন থেকে যন্ত্রবিদ্ এনে ফ্রান্সে যন্ত্রপাতি নির্মাণ আরম্ভ হয়। মূলধন সরবরাহের জন্য তিনি ব্যাংক ব্যবস্থার পুনর্গঠন করেন। তাঁর আমলে ফ্রান্সে রেলপথের বিশেষ বিস্তার হয়। এর ফলে ফ্রান্সে শিল্পে উন্নত হয়। জার্মানীতে ১৮৬৬ খ্রীঃ আগে রাইন অঞ্চলে শিল্পকেন্দ্র গড়ে উঠে। জার্মানীর সাইলেশিয়ার প্রচুর কয়লা সম্পদ ছিল। এছাড়া লোহা আসত সুইডেন ও বোহেমিয়া থেকে। জার্মানীর ঐক্যের পর বিসমার্ক জার্মানীতে শিল্প বিস্তারের জন্য বিশেষ চেষ্টা করেন। তিনি কেন্দ্রীয় ব্যাংক স্থাপন, মুদ্রা সংস্কার ও শুল্ক সংস্কার করে শিল্পের উন্নতি ঘটান। রাশিয়াও শিল্পে পিছিয়ে থাকেনি। জার প্রথম নিকোলাসের আমল থেকে লোহার উৎপাদন বাড়ে। জার দ্বিতীয় আলেকজান্ডার রাশিয়ায় সার্ফ বা ভূমিদাস প্রথা উচ্ছেদ করেন। এর ফলে কৃষিতে নগদ মজুর লাগিয়ে উৎপাদন বাড়াবার সুযোগ আসে। মুক্ত ভূমিদাসরা অনেকে শহরে কল-কারখানায় শ্রমিকের বৃত্তি নেয়। জার তৃতীয় আলেকজান্ডার ও দ্বিতীয় নিকোলাস ফরাসী ব্যাংক থেকে মূলধন নিয়ে রাশিয়ায় বড় বড় কারখানা স্থাপন করেন। রাশিয়ায় ট্রান্স-সাইবেরীয় রেলপথ ও মাঞ্চুরিয় রেলপথ নির্মিত হয়। ক্রিমিয়ার তৈল শিল্প এবং পেট্রোগ্রাডে লৌহ ও বস্ত্র শিল্প গড়ে উঠে।

শিল্প-বিপ্লবের ফলাফল তোমরা অষ্টম অধ্যায়ে (পৃঃ ৬৪ দেখ) বিস্তারিতভাবে পড়েছ। বিভিন্ন দেশে শিল্প-বিপ্লবের ফলে শ্রমিক সমস্যা দেখা দেয়। এছাড়া ধনতন্ত্রী দেশগুলি বাড়তি বিক্রির জন্য উপনিবেশ দখলের চেষ্টা করে। এশিয়ায় চীন, জাপান, ভিয়েতনাম, পারস্য, আফ্রিকায় ইউরোপীয় উপনিবেশ স্থাপিত হয়। উপনিবেশ দখলের জন্য বিভিন্ন দেশের মধ্যে প্রতিযোগিতা আরম্ভ হয়। ফলে বিশ্বযুদ্ধ বাধে।

দ্বিতীয় পাঠ : শ্রমিক শ্রেণী : কার্ল মার্কস ও ফ্রেডারিক এঙ্গেলস : শিল্প-বিপ্লবের বিস্তার ঘটলে সমাজে পুঁজিপতি শ্রেণীর উদ্ভব হয়। এরা কল-কারখানার মালিকানা দ্বারা প্রভূত মুনাফা লুটে ধনী হতে থাকে। অপর দিকে শ্রমিক শ্রেণী কম মজুরীতে বেশী খেটে দারিদ্র্য ও অনাহারে মরতে থাকে। এমতাবস্থায় এক শ্রেণীর দার্শনিক সম্পদের উৎস সম্পর্কে চিন্তা করেন। তাঁরা এই তত্ত্ব প্রচার করেন যে, সম্পদের উপর কোন বিশেষ ব্যক্তির মালিকানা থাকা অন্যায় এই দার্শনিকদের সমাজতন্ত্রবাদী বলা হয়। কার্ল মার্কস ছিলেন সমাজতন্ত্রবাদের শ্রেষ্ঠ প্রবক্তা।

জার্মানীর রাইনল্যাণ্ডে ১৮১৮ খ্রীঃ কার্ল মার্কসের জন্ম হয়। তিনি আইন

ও দর্শন শাস্ত্র নিয়ে বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করেন। মেটারনিকের দমন নীতির চাপে তিনি জার্মানী ত্যাগ করে প্যারিসে আশ্রয় নেন। পরে তিনি লণ্ডনে স্থায়ীভাবে বাস করেন। তাঁর আজীবন বন্ধু ছিলেন চিন্তাবিদ ফ্রেডারিক এঙ্গেলস। এই দুই ব্যক্তি আধুনিক সমাজতন্ত্রবাদের তত্ত্ব ব্যাখ্যা করেন। মার্কসের প্রধান গ্রন্থের নাম হল কমিউনিষ্ট ম্যানিফেষ্টো। এছাড়া তিনি ডাস ক্যাপিট্যাল নামে অপর এক বিখ্যাত গ্রন্থ রচনা করেন। ১৮৮৩ খ্রীঃ মার্কসের মৃত্যু হয়।



কার্ল মার্কস


মার্কসের সমাজতন্ত্রবাদের মূল কথা হল, (১) শ্রমিকের শ্রমের দ্বারাই কল-কারখানায় মালের উৎপাদন হয়। সুতরাং শিল্প থেকে যে মুনাফা হয়, তা শ্রমিকের প্রাপ্য। (২) বুর্জোয়া মালিকরা শ্রমিককে বঞ্চিত করে এই মুনাফা ভোগ করে। ফলে ধনী আরও ধনী হয়, গরীব আরও গরীব হয়। (৩) ইতিহাসে দেখা যায় যে, সমাজের এক শ্রেণী সম্পদ অধিকার করে এবং বাকী লোকেদের বঞ্চিত করে। এর ফলে শোষক ও শোষিতের ঝগড়া বাধে। শেষ পর্যন্ত শোষিত শ্রেণী সংগ্রামের দ্বারা শোষককে হঠিয়ে দেয়। ইতিহাসের এই নিয়ম অনুযায়ী ভবিষ্যতে শ্রমিকেরা সংঘবদ্ধ হয়ে মালিকদের হঠিয়ে দিবে। শ্রমিকদের জয়লাভ হবে একথা শ্রমিকদের বুঝিয়ে দিতে হবে। মার্কস এজন্য শ্রমিকদের শ্রেণী সংগ্রামের ডাক দেন। (৪) মার্কস বলেন যে, শ্রমিক শ্রেণী ক্ষমতা অধিকার করে যে রাষ্ট্র গড়বে তা হবে শ্রেণীহীন সমাজের রাষ্ট্র। লোকে সাধ্যমত কাজ করবে, দরকার মত সব কিছু পাবে। রাষ্ট্রের হাতে সম্পদের উৎপাদন, মালিকানা ও বণ্টনের ক্ষমতা থাকবে। শ্রমিকের এই অধিকার বিপ্লবের দ্বারা অর্জন করতে হবে। মার্কসীয় চিন্তাধারা এখন পৃথিবীর বহু দেশে ছড়িয়ে পড়েছে। রাশিয়া, চীন প্রভৃতি দেশে মার্কসীয় আদর্শে সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠিত হয়েছে।

কালপঞ্জী :—(১) ভিয়েনা কংগ্রেস—১৮১৫ খ্রীঃ। (২) জুলাই বিপ্লব—১৮৩০ খ্রীঃ। (৩) ফেব্রুয়ারী বিপ্লব—১৮৪৮ খ্রীঃ। (৪) আমেরিকার গৃহযুদ্ধ—১৮৬১ খ্রীঃ। (৫) আমেরিকায় ক্রীতদাস মুক্তি আইন—১৮৬৩ খ্রীঃ। (৬) কার্ল মার্কসের জন্ম ও মৃত্যু—১৮১৮ খ্রীঃ ; ১৮৮৩ খ্রীঃ।

দশম অধ্যায়

[ক] চীনে সাম্রাজ্যবাদ ও জাতীয়তাবাদ

প্রথম পরিচ্ছেদ : প্রথম পাঠ : চীন হল ভারতের মত একটি বড় দেশ। ভারতের মত চীন এক প্রাচীন সভ্যতার অধিকারী। মাঞ্চু সম্রাটদের অধীনে চীনে বিদেশী জাতির অনুপ্রবেশ বন্ধ করে দেওয়া হয়। কেবলমাত্র দক্ষিণ চীনের ক্যান্টন বন্দরে বিদেশীদের বাণিজ্য করতে দেওয়া হত। মাঞ্চু সম্রাটদের নিষেধাজ্ঞা ছিল খুব কড়া। ফলে ইউরোপীয় বণিকরা চীনের ভিতর ঢুকবার মোটেই সুযোগ পেত না।



এদিকে চীনের সবুজ চা, রেশম ও সেগুন কাঠ প্রভৃতির বিশ্বের বাজারে খুব চাহিদা ছিল। ইংরাজ বণিকরা ভারত থেকে চীনে আফিম আমদানী করে তার বদলে এই সব দামী জিনিষ কিনত। চীনের লোক সস্তা আফিম পেয়ে আফিম খেতে অভ্যস্ত হয়ে পড়ে। এর ফলে তাদের স্বাস্থ্য নষ্ট হয় এবং অকর্মণ্য হয়ে পড়ে।

মাঞ্চু সম্রাট সকল দিক ভেবে চীনে আফিম আমদানী করা নিষেধ করে দেন। ইংরাজ বণিকরা ক্যান্টন থেকে চোরাই আফিম বিক্রী করত। তিনি এই আফিম

বাজেয়াপ্ত করে ইংরাজ কুঠি অবরোধ করেন। এতে ইংরাজ বণিকরা খুব চটে যায়। তারা বৃটিশ সরকারের কাছে বৃটিশ পতাকার অপমানের জন্য চীনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার দাবী করে। বৃটিশ সরকার সাম্রাজ্যবাদী নীতি নিয়ে চীনে বাণিজ্য বিস্তার স্থাপনের চেষ্টায় ছিল। চীনের দরজা বৃটিশ বণিকদের নিকট খুলে দেওয়ার প্রস্তাব দিয়ে বৃটিশ সরকার কয়েকবার মাঞ্চু সম্রাটের কাছে দূত পাঠাবার চেষ্টা করে। কিন্তু সেই চেষ্টা বিফল হয়। মাঞ্চু সরকার বিদেশী দূতদের সম-মর্যাদা দিতে অস্বীকার করে। তাদের কাওতাও অর্থাৎ হাঁটু গেড়ে মাঞ্চু সম্রাটকে সম্মান জানাতে বলা হয়। সুতরাং ক্যাণ্টনের আফিম বাজেয়াপ্ত করার ঘটনাকে উপলক্ষ করে চীনের বিরুদ্ধে বৃটিশ সরকার (১৮৪০ খ্রীঃ) প্রথম অহিফেন যুদ্ধ ঘোষণা করে।

মাঞ্চু সরকার বৃটেনের নিকট যুদ্ধে পরাস্ত হয়। নানকিং-এর সন্ধি (১৮৪২ খ্রীঃ) দ্বারা দক্ষিণ চীনের ৫টি বন্দর বৃটেনকে বাণিজ্যের জন্য খুলে দেওয়া হয়। এছাড়া হংকং দ্বীপ বৃটেন পায়। চীন সরকারের স্বাধীনভাবে শুল্ক ধার্য করার অধিকার বিনষ্ট হয়। নানকিং এর সন্ধি অনুসারে ফরাসী, মার্কিন, ডাচ প্রভৃতি জাতিগুলিও চীনের উপর অনুরূপ শর্তে সন্ধি চাপিয়ে দেয়। এভাবে বাণিজ্যের নাম করে চীনে সাম্রাজ্যবাদী শক্তি ঢুকে পড়ে।

নানকিং-এর সন্ধির পর বৃটিশ ও অন্যান্য শক্তিগুলি চীনে আরও অধিকার পাওয়ার জন্য ব্যগ্র হয়। ইংরাজ বাণিজ্য জাহাজ লরচা এ্যারোতে ইংরাজ পতাকার অসম্মান এবং খ্রীষ্টান মিশনারীদের বিরোধিতার অজুহাতে বৃটিশ ও ফরাসী শক্তি পুনরায় চীনের সহিত দ্বিতীয় অহিফেন যুদ্ধ বাধায়। টিয়েনসিনের সন্ধি (১৮৫৮ খ্রীঃ) এবং পিকিং-এর সন্ধির (১৮৬১ খ্রীঃ) দ্বারা চীনের দরজা বৃটিশ বণিকদের জন্য খোলা হয়। চীনের ১১টি বন্দর বাণিজ্যের জন্য খুলে দিতে হয়। এই বন্দরগুলির নাম হয় সন্ধি বন্দর। এই স্থানে চীনের আইন ও শাসন রদ হয়ে যায়। বিদেশী রাষ্ট্রগুলির আইন কায়েম হয়। বিদেশী শক্তিগুলি এভাবে চীনে বাণিজ্যের মাধ্যমে অর্থনৈতিক শোষণ চালায়। চীনের উত্তরে মোঙ্গোলিয়া রাশিয়ার জার সরকার আইগুনের সন্ধির (১৮৫৩ খ্রীঃ) দ্বারা গ্রাস করে। চীনের স্বাধীনতা বিপন্ন হয়ে পড়ে।

দ্বিতীয় পাঠ : চীন ব্যবচ্ছেদের চেষ্টা : খোলা দ্বার নীতি : পাশ্চাত্য শক্তিগুলি ১৮৪০-১৮৬১ খ্রীঃ পর্যন্ত চীনের বন্দর অধিকার ও চীনে বাণিজ্য বিস্তার করে ক্ষান্ত থাকে। চীনে মাঞ্চু সরকার ক্ষমতায় থাকলে তাদের বাণিজ্য রক্ষা পাবে এটা তারা বুঝতে পারে। কিন্তু জাপানের হাতে চীনের ১৮৯৪-৯৫ খ্রীঃ পরাজয়ের পর এই অবস্থা পালটে যায়। জাপান সিমনোসেকীর সন্ধির দ্বারা মাঞ্চুরিয়ার লিয়াও টং উপদ্বীপ ও কোরিয়া অধিকার করে। এতে ইউরোপীয় শক্তিগুলি ভয় পায় যে,

জাপান চীনের সব জায়গা দখল করে নিবে। এই অবস্থায় প্রত্যেক সাম্রাজ্যবাদী শক্তি চীন থেকে কিছু অঞ্চল দখল করা আরম্ভ করে। তরমুজকে কেটে যেমন লোকের মধ্যে ভাগ করে দেওয়া হয় চীনদেশকে কেটে সেরূপ ভাগ বাঁটোয়ারা আরম্ভ হয়। ফ্রান্স ইন্দোচীন বা ভিয়েতনাম অধিকার করে। বৃটেন ওয়াই-হা-ওয়ে দখল করে। জার্মানী শাং-টুং দখল করে। রাশিয়া জাপানকে হঠিয়ে চীনের মাঞ্চুরিয়া প্রদেশের লিয়াংও টুং অঞ্চল দখল করে। চীনের মাঞ্চু সরকার এদের বাধা দিতে অক্ষম হয়।

এই সময় মার্কিন পররাষ্ট্র মন্ত্রী স্যার জন হে ১৮৯৯ খ্রীঃ "হে নীতি" বা হে ডকট্রিন ঘোষণা করেন। মার্কিন মন্ত্রী বলেন, যে শক্তি চীনে যে অঞ্চল অধিকার করবে, সেই অঞ্চলে বাণিজ্যের সমান অধিকার মার্কিন দেশকে দিতে হবে। এই নীতিকে বলা হয় খোলা দ্বার নীতি। এর অর্থ হল মার্কিন দেশকে বাণিজ্যের সমান সুযোগের জন্য দ্বার খুলে দিতে হবে। এই নীতি ঘোষণার ফলে চীনের ব্যবচ্ছেদ বন্ধ হয়। অন্যান্য শক্তিগুলি বুঝতে পারে যে, চীন দেশ দখল করে বিশেষ লাভ হবে না।

দ্বিতীয় পরিচ্ছেদ: প্রথম পাঠ: বিদেশী আক্রমণে চীনের প্রতিক্রিয়া: তাইপিং বিদ্রোহ: বৈদেশিক আক্রমণে চীনের পরাজয় ঘটায় এবং ইয়াংসি নদীর বন্যায় চীনের দুর্ভিক্ষ হওয়ায় মাঞ্চু বংশের শাসনের প্রতি চীনাবাসীদের আস্থা নষ্ট হয়। লোকে বলতে থাকে যে, মাঞ্চু সরকারের দুর্বলতার জন্যই 'সাদা শয়তান'রা চীনে ঢুকতে পেরেছে। এই সময় হুং-সিউ-চুয়ান নামে এক ব্যক্তি তাই-পিং রাজ্য গঠনের জন্য সরকারের বিরুদ্ধে বিদ্রোহ করেন। তাই-পিং কথাটির অর্থ হল "পবিত্র রাজ্য"। ১৮৫৩ খ্রীঃ তাই-পিং বিদ্রোহীরা চীনের নানকিং শহর অধিকার করে। কৃষক, বেকার সৈনিক, জলদস্যু ও মজুর প্রভৃতি সমাজের নীচু তলার লোকেদের হুং-সিউ চুয়ান তাই-পিং আদর্শে দীক্ষা দেন। তিনি সকল মানুষের সমান অধিকারের কথা বলেন। তাই-পিং নেতারা জমির মালিকানা লোপ করেন। নারীকে পুরুষের সমান অধিকার দেন। যাই হোক ইউরোপীয় শক্তিগুলির সাহায্য নিয়ে মাঞ্চু সরকার তাই-পিং বিদ্রোহীদের দমিয়ে ফেলেন। তাই-পিং বিদ্রোহ ছিল চীনা জাতীয়তাবাদের প্রকাশ। এছাড়া এই বিদ্রোহের মাধ্যমে সাধারণ চীনাদের মাঞ্চু সরকারের সামন্ততান্ত্রিক শাসনের বিরুদ্ধে বিক্ষোভ প্রকাশ পায়।

একশত দিবসের সংস্কার (১৮৯৮ খ্রীঃ): চীনে ইউরোপীয় জাতির অনুপ্রবেশ এবং ১৮৯৪ খ্রীঃ প্রতিবেশী জাপানের হাতে চীনের পরাজয় চীনে জাতীয়তাবাদের জাগরণ ঘটায়। সকলেই বুঝতে পারে যে, চীনকে শক্তিশালী না করলে চীনের স্বাধীনতা বিনষ্ট হয়ে যাবে। কাং-ইউ-ওয়ে নামে এক দেশপ্রেমিক বুদ্ধিজীবি চীনের প্রাচীন দার্শনিক কনফুসিয়াসের মতবাদের নূতন ব্যাখ্যা করে

চীনকে শক্তিশালী করার কথা বলেন। মাঞ্চু সম্রাট কোয়াং-সু কাং-এর আদর্শে প্রভাবিত হন।

একশত দিনের বিভিন্ন আদেশনামার দ্বারা তিনি কাং-এর প্রস্তাবগুলিকে কার্যকরী করার চেষ্টা করেন। (১) চীনে মন্ত্রীসভায় ক্যাবিনেট প্রথার প্রবর্তন করা হয়। (২) সরকারী পদে দক্ষ লোক নিয়োগের কথা বলা হয়। (৩) চীনে সম্রাট ও জনসাধারণের মধ্যে যোগ স্থাপনের জন্য পার্লামেন্ট গঠনের কথা বলা হয়। (৪) খাদ্য সমস্যার সমাধানের জন্য স্থানীয় সমিতি গঠনের কথা বলা হয়। (৫) শিক্ষা বিস্তারের জন্য আধুনিক বিদ্যালয় স্থাপনের দিকে লক্ষ্য দেওয়া হয়। (৬) সেনাদলকে আধুনিক যুদ্ধবিদ্যা শেখানোর ব্যবস্থা করা হয়।

একশত দিবসের সংস্কারগুলির ফলে চীনে সামন্ততন্ত্র ও স্বৈরতন্ত্র ভেঙে পড়ার উপক্রম হয়। এতে রক্ষণশীল প্রাচীনপন্থীরা খুব চটে যায়। তারা সম্রাট কোয়াং-সুর মাতা সম্রাজ্ঞী জুসিকে এর বিরুদ্ধে কাজে লাগান। জু-সি ছিলেন খুবই রক্ষণশীলা। তাঁকে লোকে "প্রাচীনা বুদ্ধ" বলত। তিনি কোয়াং-সুকে বন্দী করেন। কাং দেশ হতে পালিয়ে যান। কাং-এর সংস্কারগুলিকে রদ করা হয়। চীন আবার তার পুরাতন পথে চলতে থাকে।

বক্সার বিদ্রোহ (১৮৯৯ খ্রীঃ)ঃ চীনে ইউরোপীয় জাতির অনুপ্রবেশের ফলে চীনের অর্থনীতি ক্ষতিগ্রস্ত হয়। লোকে বিদেশীদের কলে তৈরী সস্তা জিনিষ কিনে। চীনে হাতে তৈরী জিনিষ ও কুটির শিল্প বন্ধ হয়ে যায়। এছাড়া জাপানের হাতে চীনের পরাজয়ের ফলে লোকে হতাশ হয়ে পড়ে। এই সময় আই-হো-চুয়ান নামে এক গুপ্ত সমিতি খুব জনপ্রিয় হয়। বহু লোক এই সমিতিতে যোগ দেয়। চীনা ভাষায় "চুয়ান" বলতে মুষ্টিযুদ্ধ বা Boxing বুঝায়। এই সমিতির সদস্যরা শৃংখলা অভ্যাসের জন্য নিয়মিত মুষ্টিযুদ্ধ অনুশীলন করত। এজন্য ইউরোপীয়রা এই সমিতির নাম দেয় "বক্সার সমিতি"। বক্সার সমিতির প্রচ্ছন্ন নাম ছিল—আই-হো-চুয়ান। বক্সার সমিতির সদস্যরা ছিল "বিদেশী বিরোধী", "খ্রীষ্টধর্ম বিরোধী" ও "চিং বা মাঞ্চু বিরোধী"। তারা ধ্বনি তুলে "চিং বা মাঞ্চুদের ধ্বংস কর, মিং বা বিদেশীদের তাড়াও।"

সম্রাজ্ঞী জু-সি, বক্সারদের বিদেশীদের বিরুদ্ধে লেলিয়ে দেন। বক্সার বিদ্রোহীরা খ্রীষ্টধর্মাবলম্বী চীনাদের হত্যা করে এবং বিদেশী দূতাবাসগুলি অবরোধ করে। কিন্তু বিদেশী শক্তিগুলি নিজ নিজ সেনাদল এনে বক্সার বিদ্রোহীদের ধ্বংস করে। বক্সার বিদ্রোহ ছিল বিদেশী সাম্রাজ্যবাদের বিরুদ্ধে চীনের প্রতিবাদ। মাঞ্চু শাসনের দুর্নীতির ফলে যে হতাশা দেখা দেয় তা এই বিদ্রোহে আত্মপ্রকাশ করে।

চীনে আধুনিক সংস্কার প্রবর্তন ঃ বক্সার বিদ্রোহের ফলে সম্রাজ্ঞী জু-সি ও চীনা রক্ষণশীলরা বুঝতে পারেন যে, চীনকে শক্তিশালী করতে হলে আধুনিক সংস্কার প্রবর্তন করা ছাড়া উপায় নেই। জাপানের দৃষ্টান্তও তাঁদের চোখ খুলে দেয়। ফলে সম্রাজ্ঞী জু-সি শেষ পর্যন্ত আধুনিক সংস্কার প্রবর্তনে মত দেন। কিন্তু তিনি মাঞ্চু স্বৈর শাসনকে অক্ষুণ্ণ রাখেন। চীনে স্কুল-কলেজ, লোহার কারখানা, অস্ত্র নির্মাণের কারখানা প্রভৃতি স্থাপিত হয়। বহু ছাত্রকে বিদেশে শিক্ষা গ্রহণের জন্য পাঠান হয়। কিন্তু মাঞ্চু সরকার এত দেরীতে এই সকল সংস্কার আরম্ভ করে যে, তার দ্বারা বিশেষ কোন ফল হয় নাই। যাই হোক, পাশ্চাত্য শিক্ষা বিস্তারের ফলে চীনে এক দেশপ্রেমিক বুদ্ধিজীবি সম্প্রদায়ের উদ্ভব হয়।

দ্বিতীয় পাঠ ঃ চীনে জাতীয়তাবাদী বিপ্লব ঃ মাঞ্চু সরকারের পতন (১৯১১ খ্রীঃ) ঃ (১) মাঞ্চু রাজবংশকে দেশপ্রেমিক চীনারা চিং বা বিদেশী বলে মনে করত। কারণ এই রাজবংশের আদি বাস ছিল মাঞ্চুরিয়ায়। মাঞ্চু রাজবংশের শাসনে চীনে ইউরোপীয় জাতি অনুপ্রবেশ করলে মাঞ্চু সরকার তাদের রোধ করতে ব্যর্থ হয়। বিদেশীরা চীনের বাণিজ্য ও অর্থনীতিকে গ্রাস করে ফেলে। ফলে চীনাদের দুঃখ-দুর্দশা বাড়ে। (২) জাতীয়তাবাদীরা বুঝতে পারেন যে, চীনে দ্রুত আধুনিক সংস্কার দ্বারা আমূল পরিবর্তন না ঘটালে চীনের স্বাধীনতা নষ্ট হবে। কিন্তু মাঞ্চু সরকার সংস্কার নীতিকে অগ্রাহ্য করে পুরাতন পন্থায় দেশের শাসন চালিয়ে যায়। তারা প্রতিনিধি সভা আহবান না করে স্বৈর শাসন চালাতে থাকে। এজন্য বহু লোক হতাশ হয়ে পড়ে। (৩) চীন-জাপান যুদ্ধের দরুণ জাপানকে ক্ষতিপূরণের অর্থ এবং বক্সার বিদ্রোহের দরুণ বিদেশীদের ক্ষতিপূরণের অর্থ যোগাড় করতে মাঞ্চু সরকার ভূমি-রাজস্বের হার বাড়িয়ে দেয়। ফলে কৃষকদের খুবই দুরবস্থা হয়। এদিকে ইয়াংসি নদীর বন্যায় ১৯১০-১২ খ্রীঃ বহু লোক ঘর বাড়ী হারিয়ে সর্বহারা হয়ে যায়। এর ফলে জনমত মাঞ্চু সরকারের বিরুদ্ধে চলে যায়। (৪) এদিকে চীন হতে নির্বাসিত দেশপ্রেমিক ও ছাত্রদের নিয়ে ডাঃ সান-ইয়াৎ-সেন জাপানে টুং-মেং-হুই নামে এক সমিতি গড়েন। এই সমিতি চীনে প্রজাতন্ত্র ও সমাজতন্ত্র প্রতিষ্ঠার জন্য প্রচার চালায়। এভাবে চীনে বিপ্লবের ক্ষেত্র তৈরী হয়। (৫) ইতিমধ্যে মাঞ্চু সরকার চীনের রেলপথ-গুলিকে প্রাদেশিক সরকারের হাত থেকে নিজ হাতে নিতে চেষ্টা করলে এর প্রতিবাদে সে-চুয়ান প্রদেশে বিদ্রোহ দেখা দেয়। মাঞ্চু সেনাপতি য়ুয়ান-সি-কাই এই বিদ্রোহ দমন করতে এলে তিনি ডাঃ সান-ইয়াৎ-সেনের প্রভাবে বিদ্রোহীদের সাথে মিলিত হন। এর ফলে মাঞ্চু সরকারের (১৯১১ খ্রীঃ) পতন ঘটে। চীনে (১৯১২ খ্রীঃ) প্রজাতন্ত্র ঘোষিত হয়। য়ুয়ান-সি-কাই প্রজাতন্ত্রী সরকারের রাষ্ট্রপতির পদ পান।

তৃতীয় পাঠঃ চীনে প্রজাতন্ত্র : সান-ইয়াৎ-সেন ও য়ুয়ান-সি-কাই :
১৯১১ খ্রীঃ বিপ্লবে মাঞ্চু সরকারের পতন হলে চীনে প্রজাতন্ত্র স্থাপিত হয়। এই প্রজাতন্ত্রী বিপ্লবের প্রধান পুরোহিত ছিলেন আধুনিক চীনের জনক ডাঃ সান-ইয়াৎ-সেন। ১৮৬৬ খ্রীঃ এক সম্পন্ন কৃষকের ঘরে ডাঃ সানের জন্ম হয়। তিনি হনলুলুতে ইংরাজী বিদ্যালয়ে পাঠ নেন। পরে তিনি হংকং-এর মেডিক্যাল কলেজে পড়েন। ডাঃ সান ছিলেন প্রকৃত দেশপ্রেমিক। চীনের দুরবস্থার জন্য তাঁর প্রাণ আকুল হয়। তিনি বুঝতে পারেন যে, প্রাচীনপন্থী ও সামন্তপন্থী মাঞ্চু সরকারের পতন না ঘটালে চীনের উন্নতি হবে না। এজন্য তিনি টুং-মেং-হুই নামে এক বিপ্লবী দল গড়েন। চীনা জাতির নিকট তাঁর ভবিষ্যৎ কর্মপন্থা সম্পর্কে ডাঃ সান তাঁর তিনটি নীতি ঘোষণা করেন। এই নীতির নাম ছিল সান-মিন-চু-আই। এই তিনটি নীতি ছিল : (১) জনগণতন্ত্র; (২) গণজাতীয়তাবাদ; (৩) জনগণের জীবিকার অধিকার।


সান-ইয়াৎ-সেন

১৯১১ খ্রীঃ বিপ্লবের পর ডাঃ সান নবগঠিত প্রজাতন্ত্রের রাষ্ট্রপতির পদ ভূতপূর্ব মাঞ্চু সেনাপতি য়ুয়ান-সি-কাইকে ছেড়ে দেন। কারণ ডাঃ সান বুঝতে পারেন যে, তা না হলে য়ুয়ান-সি-কাই তাঁর অধীনস্থ সেনাদের সাহায্যে প্রজাতন্ত্রকে ধ্বংস করবেন। ডাঃ সানের আশা ছিল যে, রাষ্ট্রপতি হিসাবে য়ুয়ান-সি-কাই প্রকৃত গণতন্ত্র ও সমাজতন্ত্র স্থাপন করবেন। কিন্তু য়ুয়ান-সি-কাই রাষ্ট্রপতি হওয়ার পর সামরিক একনায়কতন্ত্র স্থাপন করে মুকুটহীন রাজার মত শাসন করতে থাকেন।

ডাঃ সান বুঝতে পারেন যে, তাঁর তিনটি আদর্শ বিফল হতে চলেছে। এজন্য পুনরায় বিপ্লব দরকার। এই উদ্দেশ্যে তিনি চীনা জাতীয়তাবাদী ও কমিউনিষ্টদের সাহায্যে দক্ষিণ চীনে একটি বিপ্লবী সরকার স্থাপন করেন। ইহাকে দ্বিতীয় বিপ্লব বলা হয়। ইতিমধ্যে ১৯২৫ খ্রীঃ ডাঃ সানের মৃত্যু হয়।

কালপঞ্জী :—(১) নানকিং-এর সন্ধি—১৮৪২ খ্রীঃ। (২) তাইপিং বিপ্লব—১৮৫০ খ্রীঃ। (৩) বক্সার বিদ্রোহ—১৮৯৯ খ্রীঃ। (৪) চীনে কুয়ো-মিন-তাং বিপ্লব—১৯১১ খ্রীঃ। (৫) চীনে প্রজাতন্ত্র ঘোষণা—১৯১২ খ্রীঃ।

[খ] জাপানের অভ্যুত্থান

প্রথম পাঠ : মেইজি বিপ্লব (১৮৬৭ খ্রীঃ) : চীনের ন্যায় জাপানও ছিল একটি পেছিয়ে পড়া দেশ। জাপানের শাসনকর্তা ছিলেন মিকাডো বা সম্রাট। লোকে মনে করত যে, তিনি সূর্যবংশে জন্মেছেন। কিন্তু জাপানের আসল শাসন ক্ষমতা ছিল শোগুন নামে সেনাপতি ও মন্ত্রীর হাতে। জাপানের তোকুগাওয়া বংশ বহুদিন ধরে শোগুনের পদ অধিকার করেছিল। তারা মিকাডো বা সম্রাটকে নির্বাসনে রেখে সকল ক্ষমতা দীর্ঘকাল ধরে দখল করে। এজন্য উনবিংশ শতকের প্রথম ভাগে জাপানে শোগুনতন্ত্র ছিল বলা হয়।

তোকুগাওয়া শাসনের সময় জাপানে বিদেশীদের ঢোকা নিষেধ করে দেওয়া হয়। ফলে প্রায় ২/৩ শত বছর ধরে বিদেশীরা জাপানে ঢুকতে পারত না। জাপান পৃথিবী থেকে আলাদা হয়ে কাল কাটাত।

এদিকে ইউরোপীয় শক্তিগুলি দূর প্রাচ্যে বাণিজ্য ও উপনিবেশ বিস্তারের জন্য ব্যগ্র হয়। এই কারণে মার্কিন সরকারের নির্দেশে মার্কিন সেনাপতি কমোডোর পেরি (১৮৫৩ খ্রীঃ) তাঁর যুদ্ধ জাহাজগুলি নিয়ে জাপানের বন্দরে ঢুকে পড়েন। তিনি জাপানের সম্রাটের নিকট জাপানের বন্দরগুলি মার্কিন বাণিজ্যের জন্য খুলে দিতে বলেন। জাপান বুঝতে পারে যে, বিদেশীদের মত শক্তিশালী না হলে জাপানের স্বাধীনতা রক্ষা করা যাবে না। ফলে ১৮৫৪ খ্রীঃ পেরি সন্ধির দ্বারা জাপানকে ইউরোপীয়দের কাছে খুলে দেওয়া হয়। আমেরিকার পিছু পিছু অন্যান্য ইউরোপীয় জাতিগুলিও জাপানের উপর বৈষম্যমূলক সন্ধি চাপিয়ে দেয়।

তোকুগাওয়া শোগুনেরা জাপানে বিদেশী জাতিদের ঢুকতে দিতে বাধ্য হলে জাপানে শোগুনতন্ত্র বাতিল করে সম্রাট বা মিকাডোর হাতে ক্ষমতা ফিরিয়ে দেওয়ার দাবী প্রবল হয়ে উঠে। জাপানের সামন্ত শ্রেণী ও সাধারণ লোকেরা মিকাডোর ক্ষমতার পুনঃ-প্রতিষ্ঠা দাবী করে। এই সময় জাপানের বুদ্ধিজীবিরা জাপানের ইতিহাস রচনা করে জাতিকে বোঝান যে, সম্রাটের ক্ষমতার পুনঃ-প্রতিষ্ঠা কত দরকারী। সম্রাটের ক্ষমতা ফিরিয়ে আনার আন্দোলনের নাম হল পুনঃ-প্রতিষ্ঠার আন্দোলন (Restoration)। অবশেষে ১৮৬৭ খ্রীঃ তোকুগাওয়া সম্রাটের হাতে ক্ষমতা ফিরিয়ে দেন। সম্রাটের শাসনকে বলা হয় মেইজি যুগ। এর পর জাপান অতি দ্রুত শক্তি লাভ করে।

দ্বিতীয় পাঠ : মেইজি যুগে জাপানের অগ্রগতি : জাপানে মেইজি সম্রাটের ক্ষমতার পুনঃ-প্রতিষ্ঠা (১৮৬৭ খ্রীঃ) কেবলমাত্র একটি ঘটনা ছিল না। এই সঙ্গে জাপানে আধুনিক সংস্কার আরম্ভ হয়। জাপান থেকে পর্যবেক্ষক দল ইউরোপ,

আমেরিকা ভ্রমণ করে। তারা সম্রাটকে বুঝায় যে, জাপানকে শক্তিশালী হতে হলে পাশ্চাত্য প্রথা নিতে হবে। জাপান মনে প্রাণে নিজ সভ্যতাকে ভালবাসলেও, দরকার বুঝে পাশ্চাত্য শিক্ষা ও সভ্যতাকে দ্রুত আপন করে নেয়।

১৮৯৯ খ্রীঃ জাপানের নূতন সংবিধান গ্রহণ করা হয়। এতে সম্রাটকে পূর্ণ মর্যাদা দেওয়া হলেও, আসল ক্ষমতা ক্যাবিনেট বা মন্ত্রীসভার হাতে থাকে। সম্রাট আইনতঃ সকল ক্ষমতার অধিকারী হলেও এই ক্ষমতার প্রয়োগ তাঁকে মন্ত্রীসভার মাধ্যমে করতে হত। এই মন্ত্রীসভার কর্মচারীরা ছিল প্রধানতঃ সামুরাই শ্রেণীর লোক। এছাড়া নির্বাচিত পার্লামেণ্ট গঠন করে জাপানের গণতন্ত্রের ভিত্তি স্থাপন করা হয়। (২) জাপানে সামন্তপ্রথা লোপ করা হয়। সম্রাটের আবেদনে সাড়া দিয়ে সামন্তশ্রেণী তাদের জমিদারী স্বত্ব ত্যাগ করে। এই জমি কৃষকদের মধ্যে বিতরণ করা হয়। (৩) জাপানে শিল্প ব্যবস্থার দ্রুত উন্নতি ঘটান হয়। বিদেশী অভিজ্ঞদের পরামর্শ নিয়ে জাপানে কয়লা, লোহা, বস্ত্র, অস্ত্রশিল্প গঠন করা হয়। জাপানে জাহাজ নির্মাণ শিল্পের বিশেষ প্রসার হয়। জাপানে রেল ব্যবস্থার দ্রুত বিস্তার ঘটে। (৪) জাপানের সামরিক বাহিনীকে ইউরোপীয় কায়দায় গড়া হয়। জার্মানী থেকে সেনাদল গঠনের নিয়ম, ফ্রান্স থেকে রণকৌশল এবং ইংলন্ড থেকে নৌযুদ্ধের কৌশল শিক্ষা করা হয়। (৫) জাপানে আধুনিক শিক্ষা ও বিজ্ঞানের দ্রুত প্রসার ঘটে। বহু ছাত্র ও অধ্যাপক বিদেশে শিক্ষা পায়। জাপানে স্কুল, কলেজ স্থাপন করা হয়। টোকিও বিশ্ববিদ্যালয় স্থাপন করা হয়। জাপানে ইংরাজী ভাষা শিক্ষার উপর জোর দেওয়া হয়। এভাবে কল-কারখানা, রেল, বিশ্ববিদ্যালয়, বন্দর প্রভৃতি স্থাপন করে মধ্য যুগের জাপান এশিয়ার সর্বাপেক্ষা শক্তিশালী দেশে পরিণত হয়। প্রায় ত্রিশ বছরের মধ্যে জাপান এই আশ্চর্যজনক উন্নতি সাধন করে।

জাপানের এই উন্নতির জন্য মেইজি সম্রাটের প্রেরণা কাজ করে। এছাড়া জাপানের শিন্তো ধর্ম ও দেশপ্রেম দেশের উন্নতির জন্য কাজ করতে জাপানীদের একাগ্রতা দেয়। জাপানীদের জাতীয় চরিত্রের একটি বিশেষ গুণ ছিল নূতনকে শেখার ক্ষমতা।

তৃতীয় পাঠ : জাপানের সাম্রাজ্যবাদী বিস্তার নীতি : চীন-জাপান যুদ্ধ : মেইজি যুগে জাপান নববলে বলীয়ান হয়ে প্রতিবেশী দেশে নিজ অধিকার বিস্তার করতে উদ্যোগী হয়। জাপানের শিল্প, কলকারখানা যেভাবে বৃদ্ধি পায় তাতে প্রতিবেশী দেশে কাঁচামাল ও বাজার দখল করার জন্য জাপান উদ্যোগী হয়। জাপানের দৃষ্টি প্রথম কোরিয়ার উপর পড়ে।

কোরিয়া ছিল চীন ও জাপানের মধ্যবর্তী দেশ। চীন সরকার কোরিয়াকে চীনের সামন্ত রাজ্য বলে দাবী করত। জাপানের উদ্দেশ্য ছিল কোরিয়াকে চীন থেকে বিচ্ছিন্ন

করে গ্রাস করা। এজন্য জাপান কোরিয়াকে নিরপেক্ষ দেশ বলে দাবী করে। জাপান, চীনকে কোরিয়ায় সৈন্য পাঠাতে নিষেধ করে। এই উপলক্ষে যে বিবাদ দেখা দেয় তার ফলে ১৮৯৪ খ্রীঃ চীন-জাপান যুদ্ধ আরম্ভ হয়।

চীন-জাপান যুদ্ধ আরম্ভ হলে সকলেই মনে করে যে, বামনের মত ক্ষুদ্র জাপান দৈত্যের মত বিশাল চীনের চাপে গুঁড়িয়ে যাবে। কিন্তু জাপান হেলায় চীনকে পরাস্ত করে চীনের উপর সিমনোসেকির সন্ধি (১৮৯৫ খ্রীঃ) চাপিয়ে দিলে পৃথিবীর লোক আশ্চর্য হয়ে যায়। এই সন্ধির দ্বারা জাপান মাঞ্চুরিয়ার দক্ষিণ ভাগে লিয়াও-টুং উপদ্বীপ পায়। কোরিয়ার নিরপেক্ষতা চীন স্বীকার করে। জাপান যুদ্ধের দরুণ চীনের কাছ থেকে ক্ষতিপূরণ পায়। চীন-জাপান যুদ্ধের ফলে জাপান বৃহৎ শক্তির মর্যাদা পায়।

চতুর্থ পাঠ ঃ রুশ-জাপান যুদ্ধ ঃ সিমনোসেকির সন্ধির দ্বারা জাপান চীনের কাছ থেকে লিয়াও-টুং উপদ্বীপ পায়। কিন্তু রাশিয়া জাপানকে এই স্থান অধিকারে বাধা দেয়। রাশিয়া নিজে চীনের সঙ্গে আলাদা সন্ধি করে লিয়াও-টুং উপদ্বীপ দখল করে। এর ফলে জাপান বুঝতে পারে যে, রাশিয়া জাপানের অগ্রগতিতে বাধা দিবে। ইতিমধ্যে বক্সার বিদ্রোহের সময় রাশিয়া তার রেলপথ রক্ষার অজুহাতে মাঞ্চুরিয়ায় সেনা আনে। বক্সার বিদ্রোহ শেষ হলেও রাশিয়া সেনা সরাতে অনিচ্ছা দেখায়। এতে জাপানের আশংকা হয় যে, রাশিয়া মাঞ্চুরিয়া ও কোরিয়ায় আধিপত্য চায়।

রাশিয়ার সঙ্গে যুদ্ধ অনিবার্য দেখে জাপান রাশিয়ার বিরুদ্ধে ইংলণ্ডের মিত্রতা চায়। ইংলণ্ডও চীনে রাশিয়ার আগ্রাসনের ফলে তার স্বার্থের ক্ষতির আশংকা করত। ফলে ১৯০২ খ্রীঃ ইঙ্গ-জাপান মিত্রতা চুক্তি স্বাক্ষর করা হয়। যদি জাপানকে রাশিয়া আক্রমণ করে তবে ইংলণ্ড নিরপেক্ষ থাকবে। যদি রাশিয়ার পক্ষে অন্য কোন শক্তি যোগ দেয় তবে ইংলণ্ড জাপানের হয়ে যুদ্ধ করবে। ইংলণ্ডের মিত্রতার ফলে জাপান দূর প্রাচ্যে দ্রুত শক্তি বৃদ্ধি করে। ১৯০৪-৫ খ্রীঃ রুশ-জাপান যুদ্ধ আরম্ভ হয়। ইয়ালু, মুকদেনের স্থল যুদ্ধে ও সুশিমার নৌ-যুদ্ধে রাশিয়া, ক্ষুদ্রকায় জাপানের হাতে পরাস্ত হয়। পোর্টসমাউথের সন্ধির (১৯০৫ খ্রীঃ) দ্বারা রুশ-জাপান যুদ্ধের অবসান ঘটে। জাপান লিয়াও-টুং উপদ্বীপ ও সাখালিন দ্বীপপুঞ্জ পায়। জাপান, অতঃপর ১৯১০-১১ খ্রীঃ কোরিয়াকে জাপানের সাম্রাজ্যভুক্ত করে। কোরিয়া অধিকারের পর মাঞ্চুরিয়ার দিকে জাপান নজর দেয়।

ইতিমধ্যে প্রথম বিশ্বযুদ্ধ (১৯১৪-১৮ খ্রীঃ) আরম্ভ হয়। ইঙ্গ-জাপান সন্ধির শর্ত অনুসারে ইংলণ্ডের মিত্র হিসাবে জাপান জার্মানীর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এর ফলে চীনে জার্মান উপনিবেশ শাং-টুং প্রদেশ জাপান অধিকার করে। ইউরোপীয় শক্তিগুলি বিশ্বযুদ্ধে ব্যাপৃত থাকায় চীনকে সাহায্য করতে বিফল হয়। এই সুযোগে

জাপান চীন প্রজাতন্ত্রকে ২১ দফা দাবী মানতে বাধ্য করে। এই ২১ দফা দাবীর ফলে মাঞ্চুরিয়া, পূর্ব মঙ্গোলিয়া ও শাং-টুং প্রদেশে জাপানের আধিপত্য চীন স্বীকার করে। এইভাবে জাপানী সাম্রাজ্যবাদ দূরপ্রাচ্যে আত্মপ্রকাশ করে।

কালপঞ্জী :—(১) মেইজি যুগের সূচনা—১৮৬৭ খ্রীঃ। (২) চীন-জাপান যুদ্ধ—১৮৯৪ খ্রীঃ। (৩) রুশ-জাপান যুদ্ধ—১৯০৪-৫ খ্রীঃ।

একাদশ অধ্যায়

বৃটিশ রাজের শাসনে ভারত (১৮৫৮-১৯১৪ খ্রীঃ)

প্রথম পাঠ : নূতন শাসনব্যবস্থা : ১৭৫৭—১৮৫৭ খ্রীঃ পর্যন্ত ভারতে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর শাসন চলে। এই সময় ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী বৃটিশ সরকারের দেওয়া চার্টার বা সনদের বলে ভারত শাসন করে। ১৮৫৭ খ্রীঃ মহা বিদ্রোহ ঘটলে, এই বিদ্রোহের জন্য, বিলাতে কোম্পানীর কুশাসনকে দায়ী করা হয়। অনেকে বলেন যে, কোম্পানীর অত্যাচারের ফলেই এত বড় সাম্রাজ্য নষ্ট হতে বসেছিল। এমতাবস্থায় বৃটিশ পার্লামেণ্ট ১৮৫৮ খ্রীঃ ভারত শাসন আইন পাশ করে কোম্পানীর হাত থেকে ভারতের শাসনভার বৃটিশ সরকারের হাতে নিয়ে নেয়।

১৮৫৮ খ্রীঃ আইনে বলা হয় যে, এর পর থেকে ভারত শাসনের দায়িত্ব ইংলণ্ডের রাজার উপর বর্তাবে। রাজার তরফে এক মন্ত্রী ভারত শাসনের দায়িত্ব নিবেন। তাঁর নাম হবে ভারত সচিব। ভারত সচিব উপদেষ্টা পরিষদের পরামর্শ নিয়ে ভারত শাসনের নীতি স্থির করবেন। ভারত সচিব বৃটিশ পার্লামেণ্টের নিকট তাঁর কাজের জন্য দায়ী থাকবেন। ভারতের বড়লাট এর পর থেকে বড়লাট ও রাজপ্রতিনিধি বা ভাইসরয়ের কাজ করবেন। তিনি ভারত সচিবের নির্দেশ অনুসারে চলবেন।

১৮৫৮ খ্রীঃ ভারত শাসন আইনের সঙ্গে মহারাণী ভিক্টোরিয়া এক ঘোষণা দেন। তাতে জাতি-ধর্ম-বর্ণ-নির্বিশেষে ভারতে সকল প্রজার সমান অধিকারের ঘোষণা দেওয়া হয়। ১৮৬১ খ্রীঃ কাউন্সিল আইন ও ১৮৯২ খ্রীঃ কাউন্সিল আইন দ্বারা বড়লাটের আইন পরিষদে বেসরকারী সদস্য রাখার ব্যবস্থা করা হয়। ১৯০৯ খ্রীঃ মর্লি-মিণ্টো আইন দ্বারা কেন্দ্রে ও প্রদেশের আইনসভায় ভারতীয় সদস্য নিয়োগের ব্যবস্থা করা হয়। এভাবে বৃটিশ সরকার ভারতবাসীর স্বায়ত্বশাসনের দাবীকে আংশিক পূরণ করে। কিন্তু তাতে ভারতীয় নেতারা সন্তুষ্ট হতে পারেন নি।

দ্বিতীয় পাঠ : সাম্রাজ্য বিস্তার নীতি : বৃটিশ সরকার ১৮৫৮ খ্রীঃ পর ভারতের প্রতিবেশী রাজ্যগুলিকে বৃটিশ সাম্রাজ্যের অধীনে আনার চেষ্টা করে।

আফগানিস্থানের দিকে বৃটিশ সরকারের দৃষ্টি বিশেষভাবে পড়ে। লর্ড অক্‌ল্যাণ্ডের শাসনকালে আফগান আমীর দোস্ত মহম্মদকে বিতাড়িত করে ইংরাজের হাতের পুতুল হিসাবে শাহ সুজাকে আমীর হিসাবে বসাবার চেষ্টা করা হয়। দোস্ত মহম্মদ রাশিয়ার সাথে যোগ রাখছেন এই অজুহাতে ইংরাজ সেনা কাবুল আক্রমণ করে। কিন্তু স্বাধীনতাপ্রিয় আফগানদের হাতে ইংরাজ সেনা নাজেহাল হলে, লর্ড অকল্যাণ্ড দোস্ত মহম্মদকে আমীর বলে স্বীকার করেন।

লর্ড লিটন বড়লাট হওয়ার পর তিনি পুনরায় আফগানিস্থানের দিকে দৃষ্টি দেন। তিনি স্থির করেন যে, কাবুলে বৃটিশ প্রতিনিধি রেখে আমীর শের আলিকে ইংরাজের কথামত চালাতে হবে। নতুবা শের আলি রুশদের খপ্পরে পড়বেন। লর্ড লিটনের এই রুশ আতঙ্ক ছিল অমূলক। লিটন শের আলিকে ভয় দেখিয়ে কাবুলে বৃটিশ দূত রাখতে বলেন। শের আলি রাজী না হলে দ্বিতীয় ইঙ্গ-আফগান যুদ্ধ বাধে। শের আলি পদচ্যুত হন। লর্ড লিটন ইংরাজের বশংবদ ইয়াকুব খানকে কাবুলের সিংহাসনে বসিয়ে তাঁর সাথে গণ্ডামাকের সন্ধি (১৮৭৯ খ্রীঃ) করেন। কাবুলে ইংরাজ রেসিডেণ্টের নির্দেশে ইয়াকুব খান চলতে অঙ্গীকার দেন।

স্বাধীনতাপ্রিয় আফগানরা ইংরাজের হস্তক্ষেপে ক্ষেপে যায়। তারা ইয়াকুব খানকে তাড়িয়ে দেয়। ফলে ইংরাজ সেনাকে বহু ক্ষতি স্বীকার করে আফগানদের সঙ্গে সন্ধি করতে হয়। এই সন্ধির দ্বারা আবদার রহমান আমীরের পদ পান। ইংরাজরা আফগানিস্থানে হস্তক্ষেপ না করতে প্রতিশ্রুতি দেয়। ইংরাজ ও রুশ উভয়েই আফগানিস্থানকে নিরপেক্ষ দেশ হিসাবে স্বীকার করে।

এর পর ভারতের পূর্ব সীমান্তে ব্রহ্মদেশের দিকে বৃটিশরা দৃষ্টি দেয়। তোমরা আগে পড়েছ যে, দুটি ব্রহ্ম যুদ্ধের ফলে পেগু, আরাকান ও দক্ষিণ ব্রহ্ম ইংরাজের হস্তগত হয়েছিল (পৃঃ ৫২ দেখ)। লর্ড ডাফরিন ব্রহ্মরাজ থিবের কুশাসন ও ইংরাজদের প্রতি দুর্ব্যবহারের অজুহাতে সমগ্র ব্রহ্মদেশ (১৮৮৬ খ্রীঃ) দখল করেন। ব্রহ্মদেশ অধিকারের পর ইংরাজ শক্তি শ্যামদেশের অর্ধেক অধিকার করে মেকং নদী পর্যন্ত সীমানা বিস্তার করে।

লর্ড কার্জন ভারতের বড়লাট হয়ে ভারতের উত্তর-পূর্ব সীমান্তে তিব্বতে বৃটিশ অধিকার বিস্তারের নীতি নেন। তিব্বতের বৌদ্ধ শাসনকর্তা দালাইলামা গোপনে রাশিয়ার সঙ্গে যোগ রাখছেন, এই অজুহাতে কার্জন ১৯০৪ খ্রীঃ স্যার ফ্রান্সিস ইয়ংহাজব্যাণ্ডের নেতৃত্বে তিব্বতে একটি সামরিক মিশন পাঠান। কার্জন তিব্বতীয় সরকারের সঙ্গে একটি সন্ধি (১৯০৪ খ্রীঃ) স্থাপন করেন। (১) গিয়াংসি ও গারটকে ইংরাজ বাণিজ্যকেন্দ্র বসে। (২) সিকিম-তিব্বত সীমান্ত তিব্বতীয় সরকার স্বীকার

করে। ১৯১৪ খ্রীঃ সিমলা চুক্তির দ্বারা বৃটিশ সরকার ভারত-তিব্বত সীমান্ত ম্যাকমেহন লাইনকে স্থির করে।

তৃতীয় পাঠ ঃ উনবিংশ শতকে সংস্কার ও আন্দোলন ঃ নব জাগরণ ঃ অষ্টাদশ শতকে মুঘল সাম্রাজ্যের ভাঙন ও ইংরাজ শক্তির উত্থান ভারতে এক অনিশ্চয়তা সৃষ্টি করে। এর ফলে ভারতবাসীর জীবনের সকল দিকে অগ্রগতি নষ্ট হয়। জ্ঞান-বিজ্ঞানের চর্চা থেমে যায়। সমাজে কুসংস্কার ও গোঁড়ামি প্রাধান্য পায়।

দেশের এই পচনশীল অবস্থা দূর করার জন্য উনবিংশ শতকে এক শ্রেণীর সংস্কারক এগিয়ে আসেন। তাঁদের প্রচেষ্টার ফলে ভারতে নবজাগরণের সূচনা হয়। এই সমাজ সংস্কারের কাজ সর্বপ্রথম বাংলাদেশে আরম্ভ হয়। ক্রমে তা ভারতের অন্য অঞ্চলে ছড়িয়ে পড়ে রাজা রামমোহন রায় ছিলেন আধুনিক ভারতের রূপকার। ১৭৭২ খ্রী ২২শে মে (মতান্তরে ১৭৭১ খ্রীঃ) হুগলী জেলার রাধানগর গ্রামে তাঁর জন্ম হয়। রামমোহন বিশ্বাস করতেন যে, ভারতবাসী বিজ্ঞান ও আধুনিক শিক্ষা লাভ না করলে বিশ্বের দরবারে দাঁড়াতে পারবে না। এজন্য তিনি ইংরাজী ভাষা ও বিজ্ঞান শিক্ষা প্রসারের জন্য বিশেষ চেষ্টা করেন। তাঁর প্রচেষ্টায় ১৮১৭ খ্রীঃ কলিকাতায় হিন্দু কলেজ স্থাপিত হয়। তিনি বড়লাটের আইন সচিব লর্ড মেকলের ইংরাজী শিক্ষার সমর্থনে সরকারী নীতি গ্রহণকে সমর্থন জানান। তাছাড়া তিনি ১৮২২ খ্রীঃ এ্যাংলো-হিন্দু স্কুল প্রতিষ্ঠা করেন। রাজা রামমোহন খ্রীষ্টান পাদ্রী রেভারেণ্ড আলেকজান্ডার ডাফকে জেনারেল এ্যাসেম্বলী বিদ্যালয় প্রতিষ্ঠায় বিশেষ সহায়তা করেন।



রামমোহন

রাজা রামমোহন হিন্দু সমাজ সংস্কারের কাজেও ব্রতী হন। এই যুগে হিন্দু বিধবাদের সদ্য মৃত স্বামীর সঙ্গে একত্রে জ্বলন্ত চিতায় দাহ করা হত। একে সতীদাহ বলা হত। রাজা রামমোহন রক্ষণশীলদের বাধা অগ্রাহ্য করে সতীদাহের বিরুদ্ধে জনমত গঠন করেন। রাজা রামমোহনের প্রভাবে বড়লাট লর্ড উইলিয়াম বেণ্টিঙ্ক ১৮২৯ খ্রীঃ সতীদাহ আইন দ্বারা সতীদাহ প্রথাকে বে-আইনী ঘোষণা করেন।[১]


রাজা রামমোহন হিন্দু সমাজে পৌত্তলিকতা ও বহু দেবতার পূজার বিরুদ্ধে আন্দোলন গঠন করেন। তিনি একেশ্বরবাদ অর্থাৎ ঈশ্বর এক এবং অদ্বিতীয় এই

১. Dr. N. S. Bose—Indian Awakening and Bengal. P. 204.

তত্ত্ব উপনিষদের সাহায্যে প্রচার করেন। তিনি ১৮১৪-১৫ খ্রীঃ আত্মীয় সভা স্থাপন এবং ১৮২৮ খ্রীঃ ব্রাহ্ম সমাজ স্থাপন করেন।

রাজা রামমোহনের পর মহর্ষি দেবেন্দ্রনাথ ব্রাহ্ম আন্দোলনের নেতৃত্ব নেন। ইহার পর কেশবচন্দ্র সেন ব্রাহ্ম আন্দোলনকে বিশেষ জনপ্রিয়তা দান করেন। তাঁর নেতৃত্বে ব্রাহ্ম সমাজ বাল্য বিবাহ, পর্দা-প্রথা, স্ত্রীশিক্ষা বিস্তার প্রভৃতি সমাজ সংস্কারের কাজে ব্রতী হয়। ব্রাহ্ম সমাজের আদর্শে শিক্ষিত হিন্দুরা সুরাপান নিবারণের জন্য প্রচার চালান।

সমাজ সংস্কারের ক্ষেত্রে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের নাম বিশেষভাবে স্মরণীয়। ১৮২০ খ্রীঃ মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে এই মহাপুরুষের জন্ম হয়। তিনি ছিলেন অত্যন্ত মেধাবী ছাত্র। সংস্কৃত ভাষা ও শাস্ত্রে তাঁর অগাধ পাণ্ডিত্যের জন্য তিনি 'বিদ্যাসাগর' উপাধি পান। তাঁরই উদ্যোগে ১৮৫৬ খ্রীঃ হিন্দু বিধবাদের পুনর্বিবাহ আইন পাশ হয়। বিদ্যাসাগর স্ত্রী শিক্ষা বিস্তারের জন্যও বিশেষ চেষ্টা করেন। তাঁর সাহায্যে বেথুন সাহেব বিখ্যাত হিন্দু বালিকা বিদ্যালয় (১৮৪৯ খ্রীঃ) স্থাপন করেন। এছাড়া বাংলা শিক্ষার সুবিধার জন্য বিদ্যাসাগর বর্ণ পরিচয় প্রথম ভাগ ও দ্বিতীয় ভাগ রচনা করেন। ইহা এখনও বাংলার ঘরে ঘরে আদৃত হয়।


বিদ্যাসাগর

বাংলার বাহিরে বোম্বাইয়ে পার্শী সমাজ সংস্কারক মালবারি বাল্য বিবাহের বিরুদ্ধে জনমত গঠন করেন। মুসলিম সমাজে সমাজ সংস্কারের কাজে স্যার সৈয়দ আহমদ খান ও খোদাবক্স প্রভৃতি উল্লেখযোগ্য কাজ করেন।

চতুর্থ পাঠ : জাতীয়তাবাদের উন্মেষ : উনবিংশ শতকে ভারতে আধুনিক শিক্ষা বিস্তারের ফলে ইংরাজী শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর উদ্ভব হয়। এই শ্রেণীর লোকেরা ইংলণ্ডের ও বিশ্ব ইতিহাস পড়ে, ইউরোপীয় দর্শন ও সাহিত্য পড়ে গণতন্ত্র ও জাতীয়তার সম্পর্কে জ্ঞান লাভ করে। এই শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণী আশা করত যে, তারা ইংরাজ সরকারের অধীনে যোগ্যতা অনুযায়ী চাকুরী পাবে। কিন্তু তারা শীঘ্রই বুঝতে পারে যে, ভারতবাসীর যোগ্যতার কোন মর্যাদা ইংরাজ সরকার দিবে না। উচ্চ পদগুলিতে ইংরাজ কর্মচারীরাই নিযুক্ত হবে। সরকারের এই

বৈষম্যমূলক নীতির জন্য শিক্ষিত মধ্যবিত্তরা হতাশা বোধ করে। এই মধ্যবিত্তরা ক্রমে ভারতবাসীর জন্য স্বায়ত্ব শাসন দাবী করে।

ভারতে আধুনিক শিক্ষা বিস্তার ও সমাজ সংস্কারের ফলে জাতির আত্মবিশ্বাস বাড়ে। স্বামী বিবেকানন্দ দুর্বল জাতিকে বুঝিয়ে দেন যে, ভারতীয় সভ্যতা কোন সভ্যতা অপেক্ষা খাটো নয়। যুব শক্তিকে তাদের আপন মর্যাদা ও অধিকার আদায়ের জন্য তিনি ডাক দেন। দরিদ্র ভারতবাসীকে আপন ভাই ভেবে কাছে টেনে নিতে তিনি বলেন। বঙ্কিমচন্দ্র তাঁর আনন্দমঠ উপন্যাসের দ্বারা সন্তানদল ও দেশমাতার মুক্তির কল্পনা ছড়িয়ে দেন। তাঁর বন্দেমাতরম্ সঙ্গীত জাতীয় মন্ত্রে পরিণত হয়।

দেশীয় সংবাদপত্রগুলিও জাতীয়তার উন্মেষে বিশেষ সাহায্য করে। হিন্দু পেট্রিয়টের সম্পাদক হরিশ মুখার্জী, অমৃত বাজার পত্রিকার সম্পাদক মোতিলাল ঘোষ, সুরেন্দ্রনাথের বেঙ্গলী পত্রিকা, মাদ্রাজের হিন্দু পত্রিকা জাতীয়তাবাদের জাগরণে বিশেষ কাজ করে। বাংলা ভাষায় বঙ্গ দর্শন, সোম প্রকাশ, সঞ্জীবনী প্রভৃতি সংবাদপত্রগুলি সরকারের নীতির সমালোচনা দ্বারা রাজনৈতিক চেতনার জাগরণ ঘটায়। লর্ড লিটন দেশীয় ভাষার সংবাদপত্র দমনের আইন জারী করলে ইহার বিরুদ্ধে সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় তীব্র আন্দোলন গঠন করেন। শেষ পর্যন্ত লর্ড রিপন এই আইন রদ করেন।

জাতীয় সাহিত্য ভারতবাসীর জাতীয়তাবাদের বিকাশে বিশেষ ভূমিকা নেয়। বাংলাদেশই ছিল ভারতীয় জাতীয়তাবাদের আদি কেন্দ্র। কবি রঙ্গলাল, নবীনচন্দ্র, হেমচন্দ্র প্রভৃতি তাঁদের কাব্যে জাতীয়তার প্রচার করেন। বঙ্কিমচন্দ্রের আনন্দমঠ উপন্যাস ছিল ভারতীয় জাতীয়তাবাদের বাইবেল। সর্বোপরি, কবিগুরু রবীন্দ্রনাথ তাঁর স্বদেশী সঙ্গীতগুলির দ্বারা জাতির শিরায় শিরায় জাতীয়তাবাদের প্রবাহ বহিয়ে দেন। রবীন্দ্রনাথের গোরা উপন্যাসে কবিগুরু স্বদেশ ভক্তির দীপশিখা জ্বালিয়ে দেন।

বৃটিশ সাম্রাজ্যবাদীদের দ্বারা ভারতের অর্থনৈতিক শোষণের ফলে ইংরাজ শাসন সম্পর্কে ভারতবাসীর মোহ নষ্ট করে। ইংরাজের সাম্রাজ্য বিস্তারের জন্য যুদ্ধের খরচ ভারতবাসীকে যোগাতে হত। ভারতের কুটির শিল্প ধ্বংস করে ভারতের লোকেদের বিলাতী মাল কিনতে বাধ্য করা হত। কৃষি জমির উপর করের হার বাড়িয়ে কৃষককে শোষণ করা হত। চাষের জমিতে ধান বা গম না বুনে কোম্পানীর বাণিজ্যের সুবিধার জন্য নীল বা পাট বুনতে বাধ্য করা হত। সরকার জমির ক্ষেত্রে চিরস্থায়ী ও মহালওয়ারী বন্দোবস্ত করার ফলে কৃষক জমির অধিকার থেকে বঞ্চিত হয়। ভারতের শিল্প-বাণিজ্য ধ্বংস হলে ভারতবাসী দারিদ্র্যের পাঁকে ডুবতে থাকে। শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণী ইংরাজ শাসনের এই ভয়ংকর শোষণমূলক চরিত্র বুঝতে পারে।

ইতিমধ্যে সরকারের নিকট ভারতবাসীর দাবী-দাওয়া জানাবার জন্য জমিদার সমিতি, বৃটিশ-ইণ্ডিয়ান সমিতি প্রভৃতি কয়েকটি রাজনৈতিক সমিতি গঠিত হয়। ইহাদের মধ্যে প্রধান ছিল সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কর্তৃক স্থাপিত ইণ্ডিয়ান এসোসিয়েশন। এই সমিতি একটি সর্বভারতীয় সভায় পরিণত হয়। এভাবে ভারতের জাতীয় চেতনার উন্মেষ ঘটে।

পঞ্চম পাঠঃ ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠাঃ চরমপন্থী আন্দোলনের বিকাশঃ ভারতে আধুনিক শিক্ষা বিস্তারের ফলে শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর মধ্যে জাতীয় চেতনার বিকাশ ঘটে। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ভারতবাসীর অভাব-অভিযোগ সম্পর্কে সরকারের নিকট দাবী-দাওয়া জানাবার জন্য ইন্ডিয়ান এসোসিয়েশন নামে এক সমিতির প্রতিষ্ঠা করেন। এদিকে ভূতপূর্ব স্বরাষ্ট্র সচিব এ্যালান অক্টেভিয়ান হিউম নামক এক ইংরাজ সিভিলিয়ান শিক্ষিত ভারতবাসীদের নিয়ে এক সমিতি গঠনের আয়োজন করেন। হিউমের উদ্যোগে ১৮৮৫ খ্রীঃ বোম্বাইয়ের গোকুল দাস তেজপাল হলে ভারতীয় জাতীয় কংগ্রেসের অধিবেশন ডাকা হয়। বাঙালী ব্যারিষ্টার


সুরেন্দ্রনাথ

শ্রীউমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় এই সম্মেলনে সভাপতিত্ব করেন। এভাবে ভারতীয় জাতীয় কংগ্রেস স্থাপিত হয়। ১৮৮৬ খ্রীঃ সুরেন্দ্রনাথ তাঁর ভারত সভা বা ইণ্ডিয়ান এসোসিয়েশনকে কংগ্রেসের সঙ্গে যুক্ত করলে কংগ্রেসের শক্তি বাড়ে।

১৮৮৫—১৯০৫ খ্রীঃ পর্যন্ত জাতীয় কংগ্রেসের নেতৃত্ব যে নেতাদের হাতে থাকে তাঁদের বলা হয় মডারেট বা নরমপন্থী। এঁরা ইংরাজ সরকারের নিকট আবেদন ও নিবেদন দ্বারা দাবী আদায় করা যাবে বলে বিশ্বাস করতেন। কিন্তু কংগ্রেসে এক শ্রেণীর নূতন নেতার উদ্ভব হয়। এঁরা মনে করতেন যে, সক্রিয় আন্দোলন দ্বারা ইংরাজ সরকারকে বাধ্য না করলে ইংরাজের নিকট কোন দাবী আদায় করা যাবে না। এঁদের নাম ছিল চরমপন্থী। মহারাষ্ট্রের বাল গঙ্গাধর তিলক, পাঞ্জাবের লালা লাজপৎ রায় ও বাংলার বিপিনচন্দ্র পাল ছিলেন চরমপন্থী মতের প্রধান সমর্থক। চরমপন্থী মতের প্রধান কেন্দ্র ছিল বাংলা ও মহারাষ্ট্র।

১৯০৫ খ্রীঃ বড়লাট লর্ড কার্জন বাঙালীদের দুর্বল করবার জন্য পূর্ব বাংলাকে পশ্চিম বাংলা হতে পৃথক করে স্বতন্ত্র প্রদেশ গঠন করেন। বঙ্গভঙ্গের প্রতিবাদে

বাঙালীরা গর্জে উঠে। বিলাতী মাল বয়কট ও স্বদেশী মাল ব্যবহার করার জন্য বাঙালীরা প্রতিজ্ঞা নেয়। বিলাতী কাপড়, ইংরাজের অফিস, আদালত ও স্কুল-কলেজ বয়কট আরম্ভ হয়। জাতীয় বিদ্যালয়ে ছাত্ররা ভর্তি হয়। শ্রীঅরবিন্দ এই বিদ্যালয়ের অধ্যক্ষ হিসাবে যোগ দেন। বৃটিশ সরকার শেষ পর্যন্ত ১৯১১ খ্রীঃ বঙ্গভঙ্গ রদ করেন।

১৯০৭ খ্রীঃ সুরাট কংগ্রেসে স্বরাজ লাভের জন্য বয়কট, স্বদেশী প্রভৃতি সক্রিয় আন্দোলন করার জন্য চরমপন্থীরা দাবী জানায়। নরমপন্থীরা এতে বাধা দিলে চরমপন্থীরা তিলকের নেতৃত্বে কিছুদিনের জন্য কংগ্রেস ত্যাগ করেন।

কালপঞ্জী :—(১) কোম্পানীর হাত হতে বৃটিশ সরকারের হাতে ক্ষমতা হস্তান্তর —১৮৫৮ খ্রীঃ। (২) ব্রাহ্ম সভা স্থাপন—১৮২৮ খ্রীঃ। (৩) হিন্দু কলেজ প্রতিষ্ঠা—১৮১৭ খ্রীঃ। (৪) জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা—১৮৮৫ খ্রীঃ। (৫) বঙ্গভঙ্গ —১৯০৫ খ্রীঃ।

দ্বাদশ অধ্যায়

প্রথম বিশ্বযুদ্ধ ও ভারতের স্বাধীনতা আন্দোলন

প্রথম পাঠ : প্রথম বিশ্বযুদ্ধের কারণ : ১৮৭০ খ্রীঃ জার্মানী ঐক্যবদ্ধ হওয়ার পর বিসমার্ক ২০ বৎসর নবগঠিত জার্মানীর চ্যান্সেলর বা প্রধানমন্ত্রী হিসাবে কাজ করেন। এই সময় তিনি জার্মানীতে বিবিধ উন্নয়নমূলক সংস্কার চালু করেন। ১৮৯০ খ্রীঃ জার্মানীর নবীন সম্রাট দ্বিতীয় কাইজার উইলিয়াম বিসমার্ককে পদচ্যুত করে নিজ হাতে সকল ক্ষমতা নেন। কাইজার ক্ষমতা লইবার পর জার্মানীকে বিশ্বে এক শ্রেষ্ঠ শক্তি হিসাবে স্থাপনের জন্য আগ্রাসী বৈদেশিক নীতি নেন। কাইজার জার্মানীর সাম্রাজ্য বিস্তারের জন্য বৃটিশ ও ফরাসী উপনিবেশগুলির দিকে দৃষ্টি দেন। তিনি দক্ষিণ আফ্রিকার বিদ্রোহী বুয়ার জাতির প্রেসিডেন্ট ক্রুগারকে ইংরাজ সরকারের বিরুদ্ধে সমর্থন করে এক টেলিগ্রাম পাঠান। তিনি ফরাসী উপনিবেশ মরক্কোর সুলতানকে জার্মানীর সমর্থন জানিয়ে মরক্কোর আগাদির বন্দরে প্যান্থার নামে জার্মান যুদ্ধ জাহাজ পাঠিয়ে দেন। এর ফলে ইঙ্গ-ফরাসী শক্তি দুইটির সঙ্গে কাইজারের জার্মানীর বিরোধ তীব্র হয়ে উঠে। (২) এছাড়া সেডানের যুদ্ধের পর ফ্রান্সের কাছ থেকে আলসাস ও লোরেন নামে দুইটি প্রদেশ জার্মানী দখল করে। ফ্রান্স এই দুইটি প্রদেশ পুনরুদ্ধারের জন্য মরিয়া হয়ে জার্মানীর বিরুদ্ধে জোট

গড়ে। আলসাস-লোরেন উপলক্ষে ফ্রাঙ্কো-জার্মান বিরোধ প্রথম বিশ্বযুদ্ধকে ত্বরান্বিত করে। (৩) দ্বিতীয় কাইজার জার্মানীর নৌশক্তি বাড়াবার জন্য যুদ্ধ জাহাজ, সাবমেরিন বা ডুবো জাহাজ দ্রুত গতিতে নির্মাণের ব্যবস্থা করেন। ইংলণ্ড ছিল সমুদ্রের অধীশ্বরী। ইংলণ্ড আশঙ্কা করে যে, জার্মানী তার নূতন নৌশক্তির দ্বারা ইংলণ্ডকে পরাস্ত করে ইংলণ্ডের সাম্রাজ্য গ্রাস করবে। জার্মানীকে নৌ নির্মাণ বন্ধ করার জন্য ইংলণ্ড অনুরোধ জানালে কাইজার তাতে কান দেন নাই। (৪) ১৮৭৮ খ্রীঃ পর ইংলণ্ডের সঙ্গে তুরস্কের সুলতানের সম্পর্ক খারাপ হয়। দ্বিতীয় কাইজার তুর্কী সুলতানের সঙ্গে মিত্রতা স্থাপন করেন। তিনি তুরস্কের সাম্রাজ্যের ভিতর দিয়ে বার্লিন হতে বাগদাদ পর্যন্ত এক রেলপথ নির্মাণের পরিকল্পনা করেন। এই রেলপথ তৈরী হলে জার্মান সেনার ভারতের কাছাকাছি আসার সুবিধা হত এবং ভারতে ব্রিটিশ অধিকার বিপন্ন হত। কাইজারের এই নীতির ফলে ইংলণ্ডের সাথে জার্মানীর বিরোধ দেখা দেয়।



কাইজার উইলিয়াম

এদিকে পূর্ব ইউরোপে বলকানের উপর আধিপত্য নিয়ে রাশিয়ার জার সরকারের সঙ্গে অষ্ট্রিয়ার হ্যাপসবার্গ সম্রাটের ঘোর বিরোধ দেখা দেয়। জার্মানী বিসমার্কের আমল থেকে অষ্ট্রিয়ার সঙ্গে ত্রিশক্তি চুক্তির দ্বারা মিত্রতাবদ্ধ ছিল। দ্বিতীয় কাইজার রুশ-অষ্ট্রিয়া বিরোধে অষ্ট্রিয়ার পক্ষ দৃঢ়ভাবে সমর্থন করেন। জার্মানী ও অষ্ট্রিয়ার জোট ছিল খুবই শক্তিশালী। এই জোটের মোকাবিলার জন্য রাশিয়ার জার সরকার ফ্রান্সের সঙ্গে ত্রিশক্তি আঁতাত বা দ্বিশক্তি জোট গঠন করে। এদিকে ইংলণ্ডও জার্মানীর সহিত বিরোধের জন্য জোট গড়ার পক্ষপাতী ছিল। ইংলণ্ড এই সুযোগে রুশ-ফরাসী দ্বিশক্তি আঁতাত বা জোটে ঢুকে পড়লে এই জোট ত্রিশক্তি আঁতাতে পরিণত হয়। ইহার বিরুদ্ধে জার্মানী-অষ্ট্রিয়া-ইটালীকে নিয়ে ত্রিশক্তি জোট থাকে। এইভাবে ইউরোপের বৃহৎ শক্তিগুলি পরস্পর-বিরোধী জোট গড়লে বিশ্বযুদ্ধের সম্ভাবনা প্রবল হয়।

ইউরোপে যখন এই প্রতিদ্বন্দ্বিতা চলে সেই সময় সেরাজেভো শহরে জনৈক

আততায়ী অষ্ট্রিয়ার যুবরাজ ফার্দিনান্দ ও তাঁর পত্নীকে গুলি করে হত্যা করে। অষ্ট্রিয়া সরকার এজন্য সার্বিয়া সরকারকে দায়ী করে এক চরমপত্র দেয় এবং সার্বিয়াকে আক্রমণ করে। সার্বিয়া ছিল রাশিয়ার মিত্র। সুতরাং রাশিয়া অষ্ট্রিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এর ফলে অষ্ট্রিয়ার মিত্র জার্মানী রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এছাড়া জার্মানী বেলজিয়াম আক্রমণ করলে ফ্রান্স ও ইংলন্ড, জার্মানী ও তার মিত্রদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এইভাবে প্রথম বিশ্বযুদ্ধ আরম্ভ হয়।

উপরের কারণগুলি ছাড়াও প্রথম বিশ্বযুদ্ধের কারণ ছিল উপনিবেশ বা সাম্রাজ্য নিয়ে বৃহৎ শক্তিদের ঝগড়া। এর সঙ্গে যুক্ত হয় উগ্র জাতীয়তাবাদ। প্রতি শক্তি নিজ দেশের স্বার্থকে অগ্রাধিকার দেয়। এর ফলে আন্তর্জাতিক বিরোধ তীব্র হয়ে উঠে।

প্রথম বিশ্বযুদ্ধে জার্মান সেনা রুশদের হঠিয়ে রাশিয়ার পশ্চিম সীমানার ইউক্রেন, ক্রিমিয়া প্রভৃতি স্থান অধিকার করে। পশ্চিম রণাঙ্গণে ফ্রান্স ও ইংলণ্ডের সঙ্গে জার্মানীর তুমুল যুদ্ধ চলে। ইতিমধ্যে ১৯১৭ খ্রীঃ রাশিয়ায় বলশেভিক বিপ্লব ঘটে। বিপ্লবী রুশ সরকার ১৯১৭ খ্রীঃ জার্মানীর সঙ্গে ব্রেষ্টলিটভস্কের সন্ধি স্বাক্ষর করে যুদ্ধ ত্যাগ করে। এই সময় মার্কিন যুক্তরাষ্ট্র জার্মানীর বিরুদ্ধে মিত্রশক্তির পক্ষ নিয়ে যুদ্ধে নামে। দীর্ঘ যুদ্ধে ক্ষয়ক্ষতির ফলে এবং নৌশক্তির অভাবে জার্মানীর শক্তি ক্ষয় পায়। শেষ পর্যন্ত ১৯১৮ খ্রীঃ জার্মানী অস্ত্র সমর্পণ করে।

প্রথম বিশ্বযুদ্ধ কেবলমাত্র ইউরোপে সীমাবদ্ধ থাকে নাই। তুরস্কের মধ্য প্রাচ্যের সাম্রাজ্যে অর্থাৎ মেসোপটেমিয়ায়, তুরস্কের গ্যালিপোলিতে এই যুদ্ধ চলে। জাপান মিত্রশক্তির পক্ষ নিয়ে চীনে জার্মান উপনিবেশ শাং-টুং দখল করে।

দ্বিতীয় পাঠ: প্রথম বিশ্বযুদ্ধের ফলাফল ও ভারতের উপর তাহার প্রভাব: প্রথম বিশ্বযুদ্ধে জার্মানীর পরাজয়ের ফলে জার্মানীতে কাইজার-তন্ত্রের পতন হয়। তার স্থলে জার্মানীতে এক প্রজাতান্ত্রিক সরকার স্থাপিত হয়। রাশিয়ায় জার সরকারেরও ১৯১৭ খ্রীঃ পতন ঘটে। কমিউনিষ্ট বা বলশেভিক দল লেনিনের নেতৃত্বে রাশিয়ায় শ্রমিক সরকার গঠন করে। ইংলণ্ড ও ফ্রান্স এই যুদ্ধে জয় লাভ করলেও, যুদ্ধে ক্ষয়ক্ষতির দরুণ অন্তসারশূন্য হয়ে পড়ে। মার্কিন যুক্তরাষ্ট্র ধীরে ধীরে এক সাম্রাজ্যবাদী শক্তিরূপে আত্মপ্রকাশ করে।

ভারতের উপর প্রথম বিশ্বযুদ্ধের প্রভাব বিশেষভাবে দেখা যায়। ভারত সচিব এডউইন মণ্টেগু এক ঘোষণার দ্বারা প্রতিশ্রুতি দেন যে, যুদ্ধের পর বৃটিশ সরকার ভারতবাসীকে ভারত শাসনের কাজে অংশীদার করবে। সুতরাং ভারতীয় জাতীয় কংগ্রেস আশা করে যে, ভারতবাসী বৃটেনকে যুদ্ধে সহায়তা করলে ভারতবাসীর স্বায়ত্ব শাসনের দাবী বৃটিশ সরকার পূরণ করবে। প্রথম বিশ্বযুদ্ধে ১২½ লক্ষ ভারতীয়

যোগ দেয় এবং ১০ হাজার ভারতীয় নিহত হয়। ভারতের রাজস্ব হতে ১২ কোটি ৭৮ লক্ষ পাউণ্ড মুদ্রা যুদ্ধের জন্য খরচ করা হয়।

যুদ্ধের সহিত ভারতকে জড়িত করার ফলে দরকারী জিনিষের দাম দারুণ বাড়ে। সাধারণ লোকের দুর্দশার একশেষ হয়। কৃষিপণ্যের দাম কমে গেলে, কৃষকেরা কপর্দকহীন হয়ে পড়ে। অপর দিকে মিল মালিকেরা যুদ্ধের সময় বিরাট লাভ করলেও শ্রমিককে নায্য মজুরী হতে বঞ্চিত করে। জনসাধারণের এই দুঃখ-কষ্টের প্রতি বৃটিশ সরকার উদাসীন থাকায় লোকে অসন্তুষ্ট হয়। যুদ্ধের পর ভারতবাসীর স্বায়ত্ব শাসন লাভের দাবী পূরণে বৃটিশ সরকার অবহেলা করে। ইহার ফলে সকল স্তরে দারুণ হতাশা ও অসন্তোষ দেখা দেয়।

ভারতে ও ভারতের বাহিরে বিপ্লবী আন্দোলন ঃ তোমরা একাদশ অধ্যায়ে (পৃঃ ১০০) বঙ্গভঙ্গ ও কংগ্রেসে তিলকের নেতৃত্বে চরমপন্থী দলের কথা পড়েছ। চরমপন্থীদের একাংশ সশস্ত্র বিপ্লবের দ্বারা ভারতকে ইংরাজ শাসন হতে মুক্ত করার পরিকল্পনা করে। বাংলা ও মহারাষ্ট্র ছিল এই বিপ্লবীদের প্রধান তীর্থ। বঙ্কিমচন্দ্রের আনন্দমঠ উপন্যাসের বন্দেমাতরম্ মন্ত্র ছিল বিপ্লবীদের বেদমন্ত্র। আনন্দমঠের স্বামী সত্যানন্দের মত সশস্ত্র যুদ্ধের দ্বারা দেশমাতাকে পরাধীনতার শিকল হতে মুক্ত করাই ছিল এদের ব্রত। বাংলায় প্রথম বিপ্লবী সমিতির নাম ছিল অনুশীলন সমিতি। শ্রীঅরবিন্দ, যতীন্দ্রনাথ প্রভৃতি বিপ্লবীরা ছিলেন এই সমিতির সদস্য। বঙ্গভঙ্গ আন্দোলনের সময় বাংলায় বিপ্লবী আন্দোলন জোরদার হয়। শ্রীঅরবিন্দ, বারীন্দ্রনাথ প্রভৃতি ছিলেন ইহার পুরোধা। বিপ্লবী কিশোর ক্ষুদিরাম মজঃফরপুরের ইংরাজ ম্যাজিষ্ট্রেট কিংসফোর্ডকে হত্যা করবার চেষ্টা করে (১৯০৮ খ্রীঃ) ধরা পড়েন। বিচারে ক্ষুদিরামের ফাঁসীর আদেশ হলে ক্ষুদিরাম অকুতোভয়ে ফাঁসীর দড়ি বরণ করেন। ক্ষুদিরামের ফাঁসী বাংলায় দারুণ উত্তেজনা সৃষ্টি করে। অনুশীলন সমিতির সদস্যরা বাংলার লাট ফ্রেজারকে হত্যার (১৯০৮ খ্রীঃ) চেষ্টা করে।



ক্ষুদিরাম

বাংলার ন্যায় পাঞ্জাব ও মহারাষ্ট্রেও বিপ্লবী আন্দোলন চলে। পাঞ্জাবের লালা হরদয়াল, অজিত সিং প্রভৃতি বিপ্লবী পাঞ্জাবে আন্দোলন সংগঠন করেন। ইহার সহিত

বাংলার বিপ্লবী রাসবিহারী বসু যোগ দিলে উত্তর ভারতে বিপ্লবী আন্দোলন তীব্র হয়। ১৯১২ খ্রীঃ দিল্লীর দরবারের সময় বড়লাট লর্ড হার্ডিঞ্জকে লক্ষ্য করে রাসবিহারী বা তাঁর সহকারী বসন্ত বিশ্বাস বোমা ছোঁড়েন। ইহার পর রাসবিহারী ভারতীয় সিপাহী সেনাদের সাহায্য নিয়ে বিপ্লবীদের সাহায্যে ১৯১৫ খ্রীঃ এক সশস্ত্র অভ্যুত্থানের পরিকল্পনা করেন। এই সময় যুদ্ধ চলছিল; ফলে ভারতে বেশী ইংরাজ সেনা ছিল না। সুতরাং এই অভ্যুত্থান সফল হবার সম্ভাবনা ছিল। কিন্তু এই অভ্যুত্থানের কথা ফাঁস হয়ে গেলে বৃটিশ সরকার তাহা দমন করে।

বিপ্লবীদের অপর একটি দল বিদেশ হতে অস্ত্র যোগাড় করে সম্মুখ যুদ্ধে ইংরাজদের হাত হতে ক্ষমতা দখলের নীতি নেয়। বাঘা যতীন, ডাঃ যাদুগোপাল, নরেন্দ্রনাথ বা মানবেন্দ্রনাথ ছিলেন এই দলের প্রধান। ইঁহারা জার্মানীর কাইজার সরকারের নিকট হতে অস্ত্র যোগাড় করার চেষ্টা করেন। কিন্তু জার্মানী হতে পাঠান অস্ত্র বোঝাই জাহাজকে ইংরাজ যুদ্ধ জাহাজ সমুদ্রে ডুবিয়ে দেয়। বাঘা যতীন ও তাঁর সঙ্গীরা ১৯১৫ খ্রীঃ উড়িষ্যার বালেশ্বরে বুড়িবালাম নদের তীরে ইংরাজ সেনার সঙ্গে সম্মুখ যুদ্ধে প্রাণ দেন। বাকী বিপ্লবীরা ধরা পড়েন ও দণ্ডিত হন। ফলে কিছু সময়ের জন্য বিপ্লবী আন্দোলনে ভাঁটা পড়ে।



বাঘা যতীন

১৯২৪—৩০ খ্রীঃ বিপ্লবীরা পুনরায় সক্রিয় হয়ে ওঠে। ১৯৩০ খ্রীঃ বিনয় বাদল-দীনেশ নামে তিন তরুণ বিপ্লবী রাইটার্স বিল্ডিং অভিযান করে সরকারী প্রশাসনকে বিকল করার চেষ্টা করেন। সশস্ত্র পুলিশের সাথে সম্মুখ যুদ্ধ করে তাঁরা অসম সাহসিকতা দেখান। বিনয় নিজের মাথায় গুলি করে আত্মহত্যা করেন। বাদল বিষ পানে আত্মহত্যা করেন ও দীনেশ ফাঁসীর দড়িতে আত্মদান করেন। এঁদের স্মৃতির জন্য এখন কলিকাতার ডালহৌসি স্কোয়ারকে 'বিনয়-বাদল-দীনেশ বাগ' বলা হয়। বিপ্লবীরা মেদিনীপুরের তিন ম্যাজিষ্ট্রেট পেডি, ডগলাস ও বার্জকে হত্যা করেন। বিপ্লবী যুবতী বাণী দাশ গভর্ণর জ্যাকসনকে গুলি করেন।

বিপ্লবী আন্দোলনের শেষ পর্যায়ে মাষ্টারদা সূর্য সেন ১৯৩০ খ্রীঃ ১০ই এপ্রিল চট্টগ্রামে বৃটিশের অস্ত্রাগার দখল করে প্রজাতান্ত্রিক সরকার ঘোষণা করেন। ইংরাজ

সেনার সহিত সম্মুখ যুদ্ধে বহু বিপ্লবী প্রাণ দেন। মাষ্টারদা পরে ধরা পড়েন এবং ফাঁসীতে প্রাণ দেন।

বাংলার বাহিরে ভগৎ সিং ও বটুকেশ্বর দত্ত লাহোর ষড়যন্ত্র মামলায় ধরা পড়েন। ভগৎ সিংহের ফাঁসী হয়।

ভারতের বাহিরে ইউরোপে ও আমেরিকায় ভারতীয় বিপ্লবীরা ভারতের সশস্ত্র স্বাধীনতার যুদ্ধ সংগঠনের চেষ্টা করেন। বিখ্যাত মারাঠা বিপ্লবী বীর সাভারকর ও মদনলাল ধিংড়া ইংলণ্ডে বিপ্লবী সমিতি গঠন করেন। পাঞ্জাবের লালা হরদয়াল আমেরিকায় গদর পার্টি নামে বিপ্লবী সমিতি স্থাপন করেন। বীরেন চট্টোপাধ্যায়, রাজা মহেন্দ্র প্রতাপ প্রভৃতি জার্মানীর সহযোগিতায় ভারতীয় বিপ্লবী দল গঠনের চেষ্টা করেন। বাবা গুরুজিৎ সিং ও অন্যান্য শিখ বিপ্লবীরা কোমাগাতা মারু নামে এক জাপানী জাহাজে করে কানাডা হতে কলিকাতার নিকটে বজবজে নামেন। ইংরাজ সেনার আক্রমণে তাদের অনেকে নিহত হন। বিপ্লবীদের বিরুদ্ধে ইংরাজ সরকারের রক্তাক্ত দমন নীতি ভারতবাসীর মনে ঘৃণা সৃষ্টি করে।



বীর সাভারকর

হোমরুল আন্দোলন ও লক্ষ্ণৌ চুক্তিঃ যে সময় বিপ্লবীরা সশস্ত্র যুদ্ধের দ্বারা ইংরাজের হাত হতে স্বাধীনতা ছিনাইয়া লইবার চেষ্টা করে সেই সময় চরমপন্থী দেশপ্রেমিকরা বাল গঙ্গাধর তিলক ও এ্যানি বেশান্তের নেতৃত্বে ভারতের স্বায়ত্ব শাসন লাভের জন্য হোমরুল আন্দোলন আরম্ভ করেন। ১৯১৬ খ্রীঃ এই দুই নেতা হোমরুল লীগ গঠন করেন। আয়ারল্যাণ্ডের ন্যায় ভারতকে হোমরুল দানের দাবীতে সভা-সমিতি করা হয়। তিলক ঘোষণা করেন যে, "স্বরাজ ভারতবাসীর জন্মগত অধিকার।" সরকার দমন নীতির দ্বারা এই আন্দোলন ভেঙ্গে দেন। তিলক কারাদন্ডে দণ্ডিত হন।



বাল গঙ্গাধর তিলক

তিলকের কারাদণ্ডের ফলে সারা দেশ প্রতিবাদে ফেটে পড়ে। এমন কি মুসলিম লীগও ইহার বিরুদ্ধে প্রতিবাদ জানায়। ইংরাজের সদিচ্ছার প্রতি কংগ্রেস ও লীগ উভয় দলের আস্থা নষ্ট হয়। হিন্দু-মুসলিম ঐক্য

স্থাপন করে স্বাধীনতার দাবীকে জোরদার করার জন্য কংগ্রেস ও লীগের মধ্যে ১৯১৬ খ্রীঃ লক্ষ্মৌ চুক্তি স্বাক্ষরিত হয়। ইহাতে বলা হয় যে, (১) ভারতে স্বায়ত্ব শাসন প্রতিষ্ঠার জন্য সরকারকে নির্দিষ্ট দিন ঘোষণার জন্য চাপ দেওয়া হবে। (২) কেন্দ্রীয় আইন সভায় নির্বাচিত সদস্যের মধ্যে ⅓ মুসলিম সদস্য হবে।

হোমরুল আন্দোলন ও লক্ষ্মৌ চুক্তির দ্বারা ভারতের স্বায়ত্ব শাসনের দাবী জোরদার হলে ও হিন্দু-মুসলিম ঐক্য বাড়লে ইংরাজ সরকার চিন্তিত হয়। হিন্দু-মুসলিম সম্প্রদায়ের মধ্যে ভেদনীতি খাটিয়ে জাতীয় আন্দোলনকে দমাবার জন্য এবং মডারেট বা নরমপন্থীদের সরকারের পক্ষে আনবার জন্য চতুর ইংরাজ ১৯১৯ খ্রীঃ মণ্ট-ফোর্ড শাসন সংস্কার প্রবর্তন করে। এই আইনে মুসলিমদের স্বতন্ত্র ভোটের অধিকার দিয়ে তাদের ভারতের অন্যান্য সম্প্রদায় হতে বিচ্ছিন্ন করার চেষ্টা করা হয়। প্রদেশের শাসনে স্বাস্থ্য, শিক্ষা প্রভৃতি বিষয়কে নির্বাচিত মন্ত্রীর হাতে দিয়ে মডারেটদের সন্তুষ্ট করার কৌশল করা হয়। আসল ক্ষমতা অবশ্য গভর্ণরের হাতে থাকে।

রাউলাট আইন ঃ জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড ঃ প্রথম বিশ্বযুদ্ধের সময় বিপ্লবী আন্দোলন এবং হোমরুল আন্দোলনের ফলে ইংরাজ সরকার ভীত হয়ে পড়ে। এই সকল আন্দোলনকে দমনের জন্য ১৯১৯ খ্রীঃ রাউলাট আইন নামে এক আইন জারি করা হয়। রাউলাট এই আইনের খসড়া রচনা করেন বলে এই আইনের নাম হয় রাউলাট আইন। এই আইনের বলে যে কোন ব্যক্তিকে গ্রেপ্তার করে বিনা সাক্ষ্য প্রমাণে বিশেষ আদালতে দণ্ডিত করা যেত। এই আদালতের রায়ের উপর আর কোন আপীল করা যেত না।

রাউলাট আইনের বিরুদ্ধে জাতীয় কংগ্রেস তীব্র প্রতিবাদ জানায়। গান্ধীর ডাকে ১৯১৯ খ্রীঃ ৬ই এপ্রিল এই কালা আইনের প্রতিবাদে সারা ভারতে ধর্মঘট পালিত হয়। পাঞ্জাবের অমৃতসরে ১৩ই এপ্রিল রাউলাট আইনের প্রতিবাদে জালিয়ানওয়ালাবাগ নামে এক প্রাচীর-ঘেরা উদ্যানে জনসভা হয়। ইংরাজ সেনাপতি জেনারেল ডায়ারের নির্দেশে সেনাদল এই সভায় নিরস্ত্র জনতার উপর ১৫০০ রাউণ্ড গুলি চালালে অসংখ্য নরনারী নিহত হয়। সমগ্র পাঞ্জাবে সামরিক আইন জারী করা হয়।

জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডে নিষ্ঠুর দমন নীতির বিরুদ্ধে সারা দেশ গর্জে উঠে। কবিগুরু রবীন্দ্রনাথ এই হত্যাকাণ্ডের প্রতিবাদ জানাতে ইংরাজ সরকারের দেওয়া "নাইট" বা "স্যার" উপাধি ত্যাগ করেন।

খিলাফৎ সমস্যা ও জাতীয় আন্দোলন ঃ মহাত্মা গান্ধী ঃ প্রথম বিশ্বযুদ্ধের সময় তুরস্কের সুলতান ইংরাজের বিপক্ষে জার্মানীর সঙ্গে যোগ দেন। ইংরাজ সরকার যুদ্ধ জয়ের পর সুলতানের সাম্রাজ্যকে ব্যবচ্ছেদ করার উদ্যোগ করে।

তুরস্কের সুলতানকে ভারতীয় মুসলিম সম্প্রদায় খলিফা বা পবিত্র ধর্মগুরু বলে মনে করতেন। সুতরাং খলিফার ক্ষমতা হ্রাসের চেষ্টায় তারা বিশেষ ক্ষুব্ধ হন। এদিকে লক্ষ্মৌ চুক্তির পর হিন্দু-মুসলিম ঐক্য বাড়ে। কারণ মুসলিম লীগ ও কংগ্রেসের মধ্যে আপোষ রফা হয়। হিন্দু-মুসলিম ঐক্যকে ভাঙবার জন্য বৃটিশ সরকার ১৯১৯ খ্রীঃ মণ্ট-ফোর্ড আইন চালু করলেও তাতে কোন ফল হয় নাই। কারণ কংগ্রেস, লীগ ও সকল রাজনৈতিক দল এই আইনকে অসন্তোষজনক মনে করে। এদিকে রাউলাট আইন ও জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের ফলে ভারতীয় জনমত ইংরাজ শাসনের বিরুদ্ধে উদ্বেল হয়ে উঠে।

এই সংকট সময়ে মহাত্মা গান্ধী দক্ষিণ আফ্রিকা হতে এসে ভারতীয় জাতীয় কংগ্রেসে নেতৃত্ব দেন। মহাত্মা দক্ষিণ আফ্রিকায় বর্ণ বৈষম্যের বিরুদ্ধে অহিংস সত্যাগ্রহ করে সফলতা পান। তিনি জাতীয় কংগ্রেসকে স্বরাজ বা স্বায়ত্ত শাসন আদায়ের জন্য অহিংস অসহযোগ আন্দোলনের পরামর্শ দেন। এর ফলে ভারতের স্বাধীনতা লাভের জন্য প্রথম গণ আন্দোলন আরম্ভ হয়। (বিশেষ বিবরণ ষোড়শ অধ্যায় পৃঃ ১২১ দেখ)।

কালপঞ্জী ঃ (১) প্রথম বিশ্বযুদ্ধের আরম্ভ—১৯১৪ খ্রীঃ ও শেষ ১৯১৮ খ্রীঃ। (২) লক্ষ্মৌ চুক্তি ১৯১৬ খ্রীঃ। (৩) রাউলাট আইন—১৯১৯ খ্রীঃ। (৪) ক্ষুদিরামের বোমা নিক্ষেপ—১৯০৮ খ্রীঃ। (৫) বাঘা যতীনের বালেশ্বর যুদ্ধ—১৯১৫ খ্রীঃ। (৬) কোমাগাতা মারু ঘটনা—১৯১৫ খ্রীঃ। (৭) জালিয়ানওয়ালাবাগ ঘটনা—১৯১৯ খ্রীঃ।

ত্রয়োদশ অধ্যায়

রাশিয়ায় বলশেভিক বিপ্লব ও উহার প্রভাব

প্রথম পাঠ ঃ বলশেভিক বিপ্লবের কারণ ঃ তোমরা অষ্টম অধ্যায়ে পৃঃ ৬৭ দেখ) ফরাসী বিপ্লবের কথা পড়েছ। বিংশ শতকে (১৯১৭ খ্রীঃ) রাশিয়ার বলশেভিক বিপ্লব ছিল ফরাসী বিপ্লবের মত এক সুদূর-প্রসারী ঘটনা। এই বিপ্লবের দ্বারা কেবলমাত্র রাশিয়ার স্বৈরাচারী জারতন্ত্রের পতন ঘটে নাই। রাশিয়ার সাধারণ মানুষের অর্থনৈতিক মুক্তি এই বিপ্লবের দ্বারা সাধিত হয়।

রাশিয়ার জার সরকার ছিল ঘোর স্বৈরতন্ত্রী। জারেরা রুশ অভিজাতদের সাহায্যে দেশের শাসনকার্য চালাতেন। জাতীয় প্রতিনিধি সভা বা ডুমার অধিবেশন না ডেকে

তাঁরা নিজ ইচ্ছামত দেশ শাসন করতেন। রুশ বুদ্ধিজীবি ও দেশপ্রেমিকরা রাশিয়ায় গণতন্ত্র প্রতিষ্ঠার দাবী জানালে গুপ্তচর ও পুলিশের দ্বারা তাঁদের দমিয়ে ফেলা হয়। বিনা বিচারে আটক করে অথবা সাইবেরিয়ায় নির্বাসন দিয়ে জার সরকার রুশ দেশপ্রেমিক ব্যক্তিদের কণ্ঠ রুদ্ধ করে।

জার সরকারের দমন নীতির দ্বারা রাশিয়ায় গণতন্ত্র ও সমাজতন্ত্র প্রতিষ্ঠার দাবী বরাবরের মতে রোধ করা সম্ভব হয় নাই। ১৯০৫ খ্রীঃ রাশিয়ায় জর্জ প্লেখানভ নামক বিপ্লবীর নেতৃত্বে "ভূমি ও স্বাধীনতা" আন্দোলন আরম্ভ হয়। এই আন্দোলনের লক্ষ্য ছিল কৃষকদের হাতে জমির মালিকানা দান এবং রাশিয়ায় গণতন্ত্র স্থাপন। রাশিয়ার অধিকাংশ রাজনৈতিক দলগুলি এই বিপ্লবের সামিল হয়। জার সরকার সামরিক শক্তির দ্বারা এই বিপ্লবকে দমিয়ে ফেললেও, জার সরকারের পতন এই বিপ্লবের দ্বারা সূচিত হয়। এজন্য ১৯০৫ খ্রীঃ বিপ্লবকে "বলশেভিক বিপ্লবের মহড়া" বলা হয়।

জার শাসনে রাশিয়ার কৃষক শ্রেণীর দুরবস্থার একশেষ হয়। জার সরকার ছিল সামন্তশ্রেণীর সমর্থক। রুশ অভিজাত বা সামন্তরা ছিল অধিকাংশ জমির মালিক। অধিকাংশ কৃষকরা ছিল ভূমিদাস। জার সরকার আইন দ্বারা ভূমিদাস প্রথা রদ করলেও ভূমিদাসদের দুর্দশার প্রতিকার হয় নাই। কুলাক নামে এক শ্রেণীর জোতদার কৃষকদের জমি কিনে নিয়ে ভোগ করতে থাকে। কৃষকরা দারিদ্র্যের পাঁকে ডুবতে থাকে। জার সরকার কৃষকদের দুর্দশার কোন প্রতিকারের চেষ্টা করে নাই। এদিকে বলশেভিক বিপ্লবীরা কৃষকদের প্রতিশ্রুতি দেয় যে, তারা ক্ষমতায় এলে কৃষকদের হাতে জমি পেঁছে দিবে।

জারতন্ত্রের শেষ দিকে রাশিয়ায় শিল্প-বিপ্লবের সূচনা হয়। পেট্রোগ্রাড প্রভৃতি শহরগুলিকে কেন্দ্র করে রাশিয়ার কল-কারখানাগুলি গড়ে উঠে। রুশ কারখানাগুলিতে শ্রমিকেরা ভয়ানক দুর্দশার মধ্যে থাকত। তাদের কম বেতনে বেশী সময় কাজ করতে হত। বস্তীতে দারুণ অস্বাস্থ্যকর পরিবেশে, দারিদ্র্যের মধ্যে তারা জীবন কাটাত। জার সরকার শ্রমিকদের অবস্থার উন্নতির জন্য কোন চেষ্টা করে নাই। বলশেভিক দল হতাশাগ্রস্থ রুশ শ্রমিকদের একথা বুঝিয়ে দেয়, শ্রমিকদের সমর্থিত সরকার গঠন না করলে শ্রমিকের শোষণ বন্ধ হবে না। বলশেভিকরা রুশ শ্রমিকদের বিপ্লবের জন্য সংঘবদ্ধ করতে সক্ষম হয়।

জার দ্বিতীয় নিকোলাস ছিলেন অযোগ্য এবং ক্ষমতালোভী শাসক। তিনি রুশ জনমতকে অগ্রাহ্য করে মিত্রশক্তির পক্ষ নিয়ে প্রথম বিশ্বযুদ্ধে যোগ দেন। যুদ্ধে যোগদানের ফলে রাশিয়ায় খাদ্য-সামগ্রীর মূল্য দারুণ বেড়ে যায়। শ্রমিকরা তাদের মজুরীর টাকায় খাদ্যবস্তু কিনতে ব্যর্থ হয়। এজন্য সাধারণ লোকের মনে ঘোর অসন্তোষ দেখা দেয়। এদিকে যুদ্ধে জার্মান সেনাদের হাতে রুশদের হার হলে তারা


পিছু হঠতে থাকে। যুদ্ধে পরাজয়ের জন্য দেশপ্রেমিক রুশরা জারকে দায়ী করেন। রুশ জনসাধারণ যুদ্ধ বন্ধ করে শান্তি স্থাপনের দাবী জানায়। কিন্তু জার নিকোলাস তাতে কর্ণপাত করেন নাই।



দ্বিতীয় নিকোলাস

দেশের এই অগ্নিগর্ভ অবস্থায় বলশেভিক দলের নেতা ভ্লাডিমির লেনিন তাঁর বিখ্যাত 'এপ্রিল থিসিস' দ্বারা শ্রমিক নেতাদের বুঝান যে, জার সরকারকে পদচ্যুত করে শ্রমিকের হাতে শাসন ক্ষমতা আনতে হবে। রুশ অভিজাত ও ধনী বুর্জোয়াদের বিতাড়িত করে বলশেভিক দল শ্রমিকের কল্যাণের জন্য শাসনযন্ত্র অধিকার করবে। লেনিন সমাজের মেহনতী মানুষদের আশ্বাস দেন যে, যদি বলশেভিকরা ক্ষমতা পায় তবে, "শ্রমিকদের রুটি, কৃষককে জমি ও সেনাদলকে শান্তি ও নিরাপত্তা" দিবে। লেনিন শ্রমিক, কৃষক ও রুশ সেনাদলকে বলশেভিকদের সমর্থনে ডাক দেন। হতাশাগ্রস্থ জার সেনাদল লেনিনের ডাকে সাড়া দিয়ে বলশেভিকদের প্রতি সমর্থন জানায়। লেনিনের সুযোগ্য নেতৃত্ব রুশ বিপ্লবের পথ রচনা করে।

বলশেভিক দলের আহ্বানে ১৯১৭ খ্রীঃ ২৩শে ফেব্রুয়ারী পেট্রোগ্রাড শহরের শ্রমিকরা ধর্মঘট পালন করে। লেনিন নির্দেশ দেন যে, "সকল ক্ষমতা সোভিয়েতগুলির হাতে দিতে হবে।" ফলে এই শহরের শ্রমিকরা শাসন-কেন্দ্রগুলি দখল করে। জার সরকারের সেনাদল ধর্মঘটী শ্রমিকদের উপর গুলি চালাতে অস্বীকার করে। পেট্রোগ্রাড শহরে একটি বিপ্লবী কমিউন বা স্বশাসিত রাজ্য স্থাপিত হয়। ক্রমে পেট্রোগ্রাডের অনুকরণে অন্যান্য শহর ও গ্রামে বলশেভিকরা শ্রমিক, কৃষকের সাহায্যে এইরূপ বিপ্লবী কমিউন স্থাপন করে।



লেনিন

জার দ্বিতীয় নিকোলাস অবস্থা আয়ত্বে আনার উপায় না থাকায় ডুমা বা জাতীয় প্রতিনিধি সভার অধিবেশন ডাকেন। এই সভার অধিকাংশ সদস্য ছিল মধ্যবিত্ত বা বুর্জোয়া শ্রেণীর। প্রতিনিধি সভার চাপে জার দ্বিতীয় নিকোলাস পদত্যাগ করেন।

জারতন্ত্রের পতন ঘটে। প্রতিনিধি সভা রাশিয়ায় একটি প্রজাতন্ত্র (১৯১৭ খ্রীঃ) ঘোষণা করে। এই সভার নির্দেশে বুর্জোয়া শ্রেণীর প্রতিনিধি কেরেনেস্কি নূতন সরকার গঠন করেন।

লেনিনের নির্দেশে বলশেভিক দল ও শ্রমিকশ্রেণী এই নবগঠিত সরকারকে অস্বীকার করে। কৃষক ও শ্রমিকরা বিপ্লবী লাল বাহিনী গঠন করে এই সরকারকে প্রতিরোধ করে। অবশেষে ৭ই নভেম্বর, ১৯১৭ খ্রীঃ লেনিনের নেতৃত্বে বলশেভিকরা চূড়ান্ত জয়লাভ করলে রুশ বিপ্লব সাফল্যমণ্ডিত হয়।

দ্বিতীয় পাঠঃ ইউরোপ ও বিশ্বের উপর বলশেভিক বিপ্লবের প্রভাব ঃ রুশ বিপ্লব কেবলমাত্র রাশিয়ার অভ্যন্তরীণ ঘটনা ছিল না। রুশ বিপ্লবের ফলে রাশিয়ায় সমাজতন্ত্র স্থাপিত হয়। স্বৈরতন্ত্র, সামন্ততন্ত্র ও ধনতন্ত্রের অবসান ঘটে। মানুষ তার জীবিকার ও কাজের জন্য রাষ্ট্রের প্রতিশ্রুতি পায়। যোগ্যতা অনুসারে কাজের বদলে প্রয়োজন অনুযায়ী মজুরী পায়। ধনীদের উদ্বৃত্ত ধন-সম্পদ ও জমি রাষ্ট্রের স্বার্থে বাজেয়াপ্ত করা হয়। শ্রমিকদের নায্য মজুরী ও সামাজিক মর্যাদা এবং কৃষকদের জমিতে অধিকার দেওয়া হয়। রাশিয়ায় উৎপাদন ও বণ্টন ব্যবস্থাকে রাষ্ট্রের হাতে আনা হয়। মোট কথা রাশিয়ায় এক শ্রেণীর দ্বারা অপর শ্রেণীকে শোষণ করা রদ হয়। ইহার পর নব অর্থনৈতিক পরিকল্পনা অনুযায়ী সম্পদের উৎপাদন আরম্ভ করা হয়। বলশেভিকরা ক্ষমতা দখল করার পর জার্মানীর সহিত শান্তি স্থাপন করে।

রুশ বিপ্লবের ফলে রুশ শ্রমিকদের উন্নতির কাহিনী ইউরোপের অন্যান্য দেশের শ্রমিকদের অনুপ্রাণিত করে। ধনতান্ত্রিক দেশগুলি তাদের শ্রমিক শ্রেণীকে সন্তুষ্ট রাখার জন্য শ্রমিক কল্যাণমূলক আইন পাশ করতে বাধ্য হয়। ফলে এই সকল দেশে শ্রমিকদের মজুরীর হার বাড়ে, কাজের সময় কমে। শ্রমিকদের শিক্ষা, স্বাস্থ্য ও বাসস্থানের উন্নতির দিকে নজর দেওয়া হয়। শ্রমিকদের ভোটাধিকার দেওয়া হয়। জাতিসঙ্ঘের অধীনে আন্তর্জাতিক শ্রমিক সংস্থা (I. L. O.) গঠন করে বিভিন্ন দেশে শ্রমিকদের উন্নতির দিকে নজর দেওয়া হয়।

রুশ বিপ্লবের প্রভাবে বিভিন্ন দেশে সমাজতান্ত্রিক ভাবধারা দ্রুত প্রসার লাভ করে। ইংলণ্ড, ফ্রান্স ও জার্মানীতে সমাজতান্ত্রিক দল গঠিত হয়। এই দলগুলি ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থার বিরুদ্ধে তীব্র সমালোচনা চালায়। শ্রমিক ধর্মঘট প্রভৃতির দ্বারা শ্রমিকের নায্য দাবী আদায়ের চেষ্টা আরম্ভ হয়। মালিক শ্রেণী যেরূপ একতরফা শ্রমিক শোষণ চালাত তার অবসান ঘটে।

ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি ধনতন্ত্রী দেশগুলি বলশেভিক সরকারকে ধ্বংসের জন্য চেষ্টা

করে। ১৯১৭ খ্রীঃ ইংলণ্ড-ফ্রান্স-মার্কিন-জাপান প্রভৃতি দেশের সেনা রুশ সীমান্তে হানা দেয়। কিন্তু দেশপ্রেমিক রুশ বাহিনী ও লাল ফৌজের প্রতিরোধে তারা হঠে যেতে বাধ্য হয়। শেষ পর্যন্ত বিপ্লবী রুশ সরকার এই দেশগুলির নিকট স্বীকৃতি পায়।

ইউরোপের বাহিরে ভারত, চীন ও অন্যান্য ঔপনিবেশিক দেশে রুশ বিপ্লব দারুণ অনুপ্রেরণা সৃষ্টি করে। রুশ কমিউনিষ্ট দল সাম্রাজ্যবাদের বিরুদ্ধে প্রচার করলে ভারতীয় স্বাধীনতা সংগ্রাম মনোবল পায়। ভারতের বহু বিপ্লবী মার্কসবাদী আদর্শে দীক্ষিত হন। ভারতীয় নেতারা বুঝতে পারেন যে, কেবলমাত্র ইংরাজদের হাত থেকে দেশকে মুক্ত করলে কাজ শেষ হবে না। দেশ হতে জমিদারতন্ত্র, মালিকতন্ত্র, ধনতন্ত্র লোপ করে কৃষক, শ্রমিক ও মধ্যবিত্তকে সামাজিক ও অর্থনৈতিক অধিকার দিতে হবে। চীনেও রুশ বিপ্লবের বিশেষ প্রভাব পড়ে। চীনে মাও-সে-তুং[১] প্রভৃতি নেতার দ্বারা চীনা কমিউনিষ্ট দল গঠিত হয়।

কালপঞ্জী ঃ রুশ বিপ্লব—১৯১৭ খ্রীঃ।

চতুর্দশ অধ্যায়

প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তী ইউরোপ ঃ হিটলার ও মুসোলিনী (১৯১৯—১৯৩৯ খ্রীঃ)

প্রথম পাঠ ঃ প্যারিসের শান্তি সম্মেলন ঃ ভার্সাই সন্ধি (১৯১৯ খ্রীঃ) ঃ ইউরোপের পুনর্গঠন ঃ প্রথম বিশ্বযুদ্ধের পর পরাজিত জার্মানী ও তার মিত্ররা আত্মসমর্পণ করলে বিজয়ী শক্তিগুলি ফ্রান্সের রাজধানী প্যারিসে এক শান্তি সম্মেলন আহ্বান করে। বিশ্বের অধিকাংশ শক্তিগুলি এই সম্মেলনে প্রতিনিধি পাঠায়। কেবলমাত্র সোভিয়েত রাশিয়া ও নিরপেক্ষ দেশগুলি এই সম্মেলনে আহূত হয় নাই। এই সম্মেলনে তিন প্রধান, যথা, ব্রিটিশ মন্ত্রী লয়েড জর্জ, ফরাসী মন্ত্রী ক্লেমাসুঁ ও মার্কিন রাষ্ট্রপতি উইলসন প্রধান স্তম্ভের কাজ করেন।

জার্মানীর পতনের পর ইউরোপে শান্তি স্থাপনের জন্য মার্কিন প্রেসিডেন্ট উইলসন তাঁর বিখ্যাত 'চতুর্দশ নীতি' ঘোষণা করেন। এই 'চতুর্দশ নীতির' প্রধান সূত্র ছিল 'এক জাতি, এক রাষ্ট্র' এই নীতির ভিত্তিতে ইউরোপের পুনর্গঠন করা।

প্যারিসের শান্তি সম্মেলনে বিজয়ী মিত্রশক্তি ও পরাজিত জার্মানীর মধ্যে

১. মতান্তরে মাও-জে-দং।

ভার্সাইয়ের সন্ধির (১৯১৯ খ্রীঃ) দ্বারা শান্তি স্থাপিত হয়। ভার্সাই সন্ধি অনুসারে জার্মানী—(১) ফ্রান্সকে আলসাস ও লোরেন প্রদেশ দুটি ফিরিয়ে দেয়। (২) বেলজিয়ামকে ইউপেন, ম্যালমেডি ও মরিসনেট নামে তিনটি জেলা ছেড়ে দেয়। (৩) জার্মানী ডেনমার্ককে স্লেজভিগ্ প্রদেশ ছেড়ে দেয়। (৪) জার্মানীর পূর্ব সীমায় পোল্যান্ড একটি স্বাধীন রাষ্ট্ররূপে গঠিত হয়। ফলে পোল্যান্ডের যে অংশ জার্মান অধিকারে ছিল তাহা জার্মানীকে ছেড়ে দিতে হয়। (৫) পশ্চিম প্রাশিয়া অঞ্চল ও পোজেন পোল্যান্ডের সহিত সংযুক্ত হয়। (৬) জার্মানীর ডানজিগ্ বন্দর রাষ্ট্রসঙ্ঘের অছিদারীতে পোল্যান্ডকে দেওয়া হয়। (৭) জার্মানীর সাইলেশিয়া প্রদেশের একাংশ চেকোশ্লোভাকিয়া ও অপর কিছু অংশ পোল্যান্ডকে দেওয়া হয়। (৮) জার্মানীর পশ্চিম সীমান্তে সার জেলা ১৫ বছরের জন্য ফ্রান্সকে দেওয়া হয়। (৯) জার্মান উপনিবেশগুলিকে লীগের হাতে দেওয়া হয়। লীগের অধীনে ম্যান্ডেট হিসাবে ইংলন্ড ও ফ্রান্স এই উপনিবেশগুলি পায়। (১০) জার্মানীর সামরিক সংগঠনগুলিকে ভেঙ্গে দেওয়া হয়। ভবিষ্যতে জার্মানীর সামরিক সংগঠন করা নিষিদ্ধ করা হয়। জার্মানীতে বাধ্যতামূলক সামরিক শিক্ষা নিষিদ্ধ করা হয়। (১১) জার্মানীকে যুদ্ধের জন্য দায়ী করে এক বিরাট অঙ্কের ক্ষতিপূরণ দিতে বলা হয়। (১২) লীগ অফ নেশনস বা জাতি সংঘ স্থাপন করে আন্তর্জাতিক বিরোধ শান্তিপূর্ণভাবে নিষ্পত্তির ব্যবস্থা করা হয়।

জার্মান জাতীয়তাবাদীদের মতে, ভার্সাই সন্ধি ছিল অন্যায় ও জবরদস্তির উপর স্থাপিত। অন্যান্য রাষ্ট্রও সমানভাবে যুদ্ধের জন্য দায়ী হলেও, জার্মানীকে একমাত্র যুদ্ধের জন্য দায়ী করে এক বিরাট অঙ্কের অর্থ ক্ষতিপূরণ হিসাবে জার্মানীকে দিতে বলা হয়। এক জাতি, এক রাষ্ট্র নীতি অনুসারে ইউরোপের অন্যান্য রাষ্ট্র গঠিত হলেও, জার্মানীর রাজ্যের অংশ কেটে প্রতিবেশী দেশের সঙ্গে যোগ করা হয়। অন্যান্য দেশ সামরিক শক্তি অক্ষুণ্ণ রাখলেও, জার্মানীর সামরিক শক্তি ধ্বংস করা হয়। এই সকল কারণে জার্মান জাতি ভার্সাই সন্ধিকে 'রক্তাক্ত, অত্যাচারী, জবরদস্তি' সন্ধি বলে মনে করত। যদিও এই সন্ধির বিরুদ্ধে জার্মানীর সকল বক্তব্য যথার্থ নয় তবুও জার্মানী আগাগোড়া ভার্সাই সন্ধির বিরোধিতা করে। শেষ পর্যন্ত হিটলারের আমলে ভার্সাই সন্ধি ভেঙ্গে জার্মানী পোল্যান্ড আক্রমণ করলে দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরম্ভ হয়। কোন কোন লেখক মনে করেন যে, যদি ভার্সাই সন্ধি রচনার সময় জার্মানীর প্রতিবাদকে মূল্য দেওয়া হত, তবে হয়ত ইউরোপে এত শীঘ্র যুদ্ধ বাধত না। ভার্সাই সন্ধি সম্পর্কে জার্মানীর অসন্তোষ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পটভূমি রচনা করে।

জার্মানীর সহিত তার মিত্র রাষ্ট্রগুলিও যুদ্ধে পরাজিত হয়। জার্মানীর মিত্র রাষ্ট্রগুলির সঙ্গে প্যারিসের শান্তি সম্মেলনে বিভিন্ন শান্তি চুক্তি স্বাক্ষর করা হয়।

(১) সেণ্ট জার্মেন এন লাই চুক্তির দ্বারা হ্যাপসবার্গ সাম্রাজ্য ব্যবচ্ছেদ করা হয়। এই সাম্রাজ্যের অংশবিশেষ দ্বারা অস্ট্রিয়া, হাঙ্গেরী, চেকোশ্লোভাকিয়া, যুগোশ্লাভিয়া প্রভৃতি স্বাধীন রাষ্ট্র গঠন করা হয়। (২) নিউলির সন্ধির দ্বারা বুলগেরিয়ার সহিত শান্তি স্থাপন করা হয়। (৩) টিয়াননের সন্ধির দ্বারা তুরস্কের সহিত শান্তি স্থাপন করা হয়। (৪) সেভরের সন্ধির দ্বারা তুরস্কের সহিত শান্তি স্থাপন করা হয়। তুরস্কের জাতীয়তাবাদী নেতা কামাল আতাতুর্ক এই সন্ধি অগ্রাহ্য করলে ল্যসেনের সন্ধির দ্বারা তুরস্কের সহিত শান্তি স্থাপিত হয়। এভাবে প্রথম বিশ্বযুদ্ধের পর প্যারিসের শান্তি সম্মেলনে বিভিন্ন শান্তি চুক্তির দ্বারা ইউরোপের পুনর্গঠন করা হয়।

দ্বিতীয় পাঠঃ ফ্যাসিবাদের উদ্ভবঃ প্যারিসের শান্তি বৈঠকে ইটালীর দাবীর প্রতি মিত্রশক্তি সমর্থন না করায় ইটালী হতাশ হয়ে শান্তি বৈঠক ত্যাগ করে। বৈদেশিক নীতির বিফলতার জন্য ইটালীর উদারপন্থী সরকার জনসাধারণের নিকট নিন্দিত হয়। এদিকে যুদ্ধের পর ইটালীর অর্থনীতিতে সংকট দেখা দেয়। প্রয়োজনীয় জিনিষপত্রের দাম বাড়লে দরিদ্র লোকেদের দুঃখ-কষ্ট বাড়ে। ইটালীর শ্রমিক ও কৃষকেরা সমাজতন্ত্রের প্রতি আকৃষ্ট হয়। কল-কারখানায় ধর্মঘট আরম্ভ হয়। ক্ষেতে-খামারে কৃষকেরা জমিদারদের প্রতিরোধ আরম্ভ করে।

ইটালীতে সমাজতন্ত্রের বিস্তারের ফলে ধনপতি ও মালিকশ্রেণী আতঙ্কিত হয়। এই শ্রেণীর সমর্থনে বেনিটো মুসোলিনী নামে এক ব্যক্তি ফ্যাসিস্ট দল গঠন করেন। তিনি ধনপতিদের আশ্বাস দেন যে, তিনি ক্ষমতা পেলে সমাজতন্ত্রীদের দমিয়ে দিবেন। মুসোলিনী ফ্যাসিস্ট কর্মীদের সামরিক কায়দায় সংগঠিত করেন। ফ্যাসিস্টরা মারপিঠ ও গুণ্ডামির দ্বারা সমাজতন্ত্রীদলকে কোণঠাসা করে ফেলে। ফ্যাসিস্ট স্বেচ্ছাসেবকরা কালো রং-এর পোষাক পরে এবং অস্ত্র ধারণ করে আধা সামরিক শক্তিতে পরিণত হয়। ১৯২১ খ্রীঃ মুসোলিনী ফ্যাসিস্ট বাহিনীসহ রোম অভিযান করলে ইটালীর রাজা তাঁকে প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত করতে বাধ্য হন। এভাবে বল প্রয়োগের দ্বারা মুসোলিনী শাসন ক্ষমতা অধিকার করেন।



মুসোলিনী

সরকারী ক্ষমতা অধিকার করার পর মুসোলিনী ফ্যাসিস্ট নীতি অনুযায়ী ইটালীর সমাজ, শিক্ষা, শাসন-ব্যবস্থাকে ঢেলে সাজান। বিরোধী দল, সংবাদপত্রের স্বাধীনতা, অবাধ মতামত প্রকাশের অধিকার কঠোরভাবে দমন করা হয়। ব্যক্তি স্বাধীনতা বিলুপ্ত হয়। ফ্যাসিস্ট দল এবং ফ্যাসিস্ট নেতা মুসোলিনী সর্বময় ক্ষমতার আধারে পরিণত হন। দেশে কঠোর শৃঙ্খলা স্থাপন করা হয়। যুব শক্তিকে উৎপাদন ও সামরিক কাজে নিয়োগ করা হয়। প্রতি নাগরিককে রাষ্ট্রের জন্য কাজ করতে নির্দেশ দেওয়া হয়। ফ্যাসিবাদের অর্থই ছিল ব্যক্তি ও নাগরিক স্বাধীনতার বিলোপ। দেশের সকল মানুষকে মুসোলিনী ও তাঁর দলের নির্দেশে যন্ত্রের মত চলতে বাধ্য করা হয়।

বৈদেশিক ক্ষেত্রে ইটালীর ফ্যাসিস্ট সরকার উগ্র জাতীয়তাবাদী নীতি অনুসরণ করে। উপনিবেশ দখল এবং সাম্রাজ্য বিস্তার ইটালীর ফ্যাসিস্ট সরকারের প্রধান লক্ষ্যে পরিণত হয়। প্রতিবেশী যুগোশ্লাভিয়ার কিছু স্থান দখল করার পর, ১৯৩৫ খ্রীঃ ইটালী আফ্রিকায় আবিসিনিয়া আক্রমণ করে। ইটালীর এই আগ্রাসী নীতির জন্য জাতিসংঘ ইটালীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিলে ইটালী জাতিসংঘের সদস্য পদ ত্যাগ করে। আবিসিনিয়া ইটালীর উপনিবেশে পরিণত হয়।

ইটালী নাৎসী জার্মানীর সহিত রোম-বার্লিন অক্ষ চুক্তিতে আবদ্ধ হয়। ১৯৪০ খ্রীঃ ইটালী অক্ষ চুক্তির শরিক হিসাবে ফ্রান্সের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধে যোগ দেয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধে ইটালীর পরাজয়ের ফলে ফ্যাসিবাদের পতন ঘটে।

তৃতীয় পাঠ ঃ নাৎসী জার্মানীর উত্থান ঃ প্রথম বিশ্বযুদ্ধে কাইজারের শাসিত জার্মানীর পরাজয়ের ফলে জার্মানীতে কাইজারতন্ত্রের পতন ঘটে। জার্মানীতে একটি প্রজাতান্ত্রিক সরকার স্থাপিত হয়। জার্মানীর ভাইমার নগরে এই প্রজাতন্ত্রের রাজধানী স্থাপিত হয়। এজন্য এই সরকারের নাম হয় ভাইমার প্রজাতন্ত্র। এই সরকার ভার্সাই সন্ধি স্বাক্ষর করায় উগ্র জাতীয়তাবাদী নাৎসী দল প্রজাতন্ত্রী সরকারের তীব্র নিন্দা জানায়। জনমত এই প্রচারের ফলে বিভ্রান্ত হয়। যুদ্ধের পর জার্মানীতে প্রচণ্ড মুদ্রাস্ফীতি ও দ্রব্যমূল্য বাড়ে। ভাইমার সরকার এই দ্রব্যমূল্য বৃদ্ধি বন্ধ করতে ব্যর্থ হয়। তাছাড়া স্পার্টাকিস্ট নামে একটি দল জার্মানীতে কমিউনিস্ট সরকার গঠনের জন্য বিদ্রোহ ঘোষণা করে।



হিটলার

ভাইমার প্রজাতন্ত্র এই সকল সমস্যার মোকাবিলায় ব্যর্থ হয়। জার্মানীর ধনী শিল্পপতি ও বুর্জোয়ারা আশঙ্কা করে যে, জার্মানীতে কমিউনিষ্ট বিপ্লব ঘটতে পারে। বুর্জোয়া শ্রেণীর অর্থ সাহায্যে নাৎসী দলের প্রচার যন্ত্র জার্মানীতে তীব্র প্রচার চালিয়ে জনমত বিভ্রান্ত করে। ১৯৩২ খ্রীঃ নির্বাচনে নাৎসী দল সংখ্যাগরিষ্ঠতা পেলে নাৎসী নেতা হিটলার প্রধানমন্ত্রীর পদ পান। তিনি জরুরী অবস্থা জারী করে সকল ক্ষমতা নিজ হাতে নেন। তিনি একাধারে প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর ক্ষমতা গ্রহণ করে ফ্যুয়েরার উপাধি নেন। এভাবে হিটলারের নেতৃত্বে জার্মানীতে একনায়কতন্ত্র স্থাপিত হয়।

নাৎসী আদর্শ অনুসারে সকল প্রকার বিরোধী দল ও সংস্থাকে ধ্বংস করা হয়। বিশ্ববিদ্যালয়, শিক্ষা বিভাগ, সংবাদপত্রকে কঠোর নিয়ন্ত্রণে এনে স্বাধীন মতামত প্রকাশকে রুদ্ধ করা হয়। হিটলারের পুলিশ বা গেষ্টাপো বাহিনী সমালোচকদের হয় হত্যা, নয় কারারুদ্ধ করে। জার্মানী হতে ব্যাপক ইহুদী বিতাড়ন করা হয়। জার্মান জাতিকে আর্য জাতির বংশধর বলে প্রচার করা হয়। স্বস্তিকা চিহ্নকে আর্য জাতির প্রতীকে হিসাবে নাৎসী পতাকা ও পোষাকে ব্যবহার করা হয়। জার্মান জাতিই হল পৃথিবীর শ্রেষ্ঠ জাতি এবং ফ্যুয়েরার হলেন অতি-মানব এই তত্ত্ব জার্মান যুবশক্তিকে বোঝান হয়। হিটলার জার্মানীর খাদ্য ও শিল্পদ্রব্যের উৎপাদন বাড়িয়ে জিনিষের দাম কমিয়ে ফেলেন। শ্রমিকদের ধর্মঘট ও ট্রেড ইউনিয়ন গঠনের অধিকার হরণ করা হয়। জার্মানীকে আপাদমস্তক অস্ত্রের দ্বারা সাজান হয়। বিমানবহর, ট্যাঙ্ক, সাঁজোয়া গাড়ী প্রভৃতির দ্বারা জার্মান বাহিনীকে দুর্ধর্ষ করা হয়।

হিটলার জার্মান জাতিকে বোঝান যে, ভার্সাই ও অন্যান্য সন্ধির দ্বারা জার্মানীকে দুর্বল করা হয়েছে। তিনি জার্মানীর পূর্বগৌরব ফিরিয়ে আনবেন। তিনি ফ্যাসিষ্ট ইটালীর সঙ্গে রোম-বার্লিন অক্ষ চুক্তি সম্পাদন করে ইউরোপে ফ্যাসিবাদী জোট গড়েন। ১৯৩৬ খ্রীঃ তিনি লোকার্ণো চুক্তি ভেঙে রাইনল্যান্ড দখল করেন। ১৯৩৮ খ্রীঃ তিনি সেন্ট জার্মেইন চুক্তি ভেঙে অষ্ট্রিয়াকে জার্মানীর সঙ্গে যুক্ত করেন। একই বছরে তিনি মিউনিক চুক্তির দ্বারা চেকোশ্লোভাকিয়াকে সুদেতেন জেলা ছেড়ে দিতে বাধ্য করেন। হিটলারের আক্রমণের ভয়ে ফ্রান্স ও ইংলন্ড তাঁকে তোষণ করতে আরম্ভ করে। অবশেষে তিনি চেকোশ্লোভাকিয়া গ্রাস করেন। অতঃপর নাৎসী জার্মানী পোল্যান্ডের দিকে হাত বাড়ালে ইংলন্ড, ফ্রান্স দৃঢ় প্রতিবাদ জানায়। যাতে জার্মানীর বিরুদ্ধে জোট তৈরী না হয় এজন্য হিটলার রুশ-জার্মান চুক্তি করলে রাশিয়া নিরপেক্ষ থাকে। ১৯৩৯ খ্রীঃ পোল্যান্ড আক্রমণ করলে সন্ধিভঙ্গের জন্য ইংলন্ড ও ফ্রান্স জার্মানীর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এভাবে নাৎসী জার্মানী দ্বিতীয় বিশ্বযুদ্ধে জড়িয়ে পড়ে।

চতুর্থ পাঠঃ জাতিসঙ্ঘ বা লীগ অফ নেশনস ঃ ইহার কৃতিত্ব ও বিফলতার কারণ ঃ প্রথম বিশ্বযুদ্ধে অসংখ্য মানুষের জীবন হানি ও সম্পত্তির বিরাট ক্ষয়ক্ষতি হয়। এজন্য চিন্তাশীল লোকেদের মনে আধুনিক সর্বাত্মক যুদ্ধের ভয়াবহ পরিণাম স্পষ্ট হয়ে উঠে। যাতে আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ উপায়ে নিষ্পত্তি হয় এবং যুদ্ধে শান্তি নষ্ট না হয় এর জন্য জাতিসংঘ বা লীগ অফ্ নেশনস স্থাপন করা হয়। বিশ্বের বিভিন্ন স্বাধীন রাষ্ট্রগুলিকে জাতিসংঘের আদর্শ পালন করার প্রতিশ্রুতি সাপেক্ষে সদস্য হিসাবে গ্রহণ করা হয়। জাতিসংঘের সদর কার্যালয় সুইজারল্যাণ্ডের জেনেভা নগরে স্থাপিত হয়।



জাতিসঙ্ঘের অধিবেশন

জাতিসংঘের কার্য পরিচালনার জন্য ইহার সংবিধান বা চুক্তিপত্র রচনা করা হয়। চুক্তিপত্রে যুদ্ধকে বেআইনী বলা হয়। আক্রমণকারী রাষ্ট্রকে অর্থনৈতিক অবরোধ

করার ব্যবস্থার কথা বলা হয়। জাতিসঙ্ঘের সদস্যদের দ্বারা সাধারণ সভা গঠন করা হয়। জাতিসঙ্ঘের কার্যাবলী পরিচালনার জন্য জাতিসঙ্ঘ পরিষদ নামে একটি স্থায়ী পরিষদ গঠন করা হয়। ইহাতে ইংলণ্ড, ফ্রান্স, জাপান, ইটালী ছিল স্থায়ী সদস্য। মার্কিন যুক্তরাষ্ট্র লীগের সদস্য পদে যোগ দিতে রাজী না হওয়ায় পঞ্চম স্থায়ী সদস্যের পদ খালি থাকে।

১৯১৯—১৯৩০ খ্রীঃ পর্যন্ত জাতিসঙ্ঘ মোটামুটিভাবে বিভিন্ন আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ নিষ্পত্তি করে। কিন্তু ১৯৩১ খ্রীঃ জাপান জাতিসঙ্ঘের আদর্শ অগ্রাহ্য করে চীনের রাজ্য মাঞ্চুরিয়া আক্রমণ করলে জাতিসঙ্ঘের পতনের সূচনা হয়। জাতিসঙ্ঘ জাপানকে এই আক্রমণের জন্য শাস্তিদানে ব্যর্থ হয়। জাপানের পর ইটালী ১৯৩৫ খ্রীঃ আবিসিনিয়া আক্রমণ করে। জাতিসঙ্ঘ ইটালীর বিরুদ্ধে অর্থনৈতিক বয়কট ঘোষণা করলেও কোন ফল হয় নাই। আবিসিনিয়ার ঘটনার পর জাতিসঙ্ঘের মর্যাদা কমতে থাকে। অবশেষে ১৯৩৯ খ্রীঃ নাৎসী জার্মানী পোল্যাণ্ড আক্রমণ করলে দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরম্ভ হয়। জাতিসঙ্ঘের পতন ঘটে।

জাতিসঙ্ঘের পতনের কয়েকটি কারণ ছিল। প্রথমতঃ, মার্কিন যুক্তরাষ্ট্র যোগ না দেওয়ায় জাতিসঙ্ঘ দুর্বল হয়ে পড়ে। দ্বিতীয়তঃ, ইংলণ্ড ও ফ্রান্স জাতিসঙ্ঘের আদর্শ ও মর্যাদা রক্ষার জন্য উপযুক্ত চেষ্টা করে নাই। ইংলণ্ড, ইটালী ও জার্মানীকে তোষণ করায় জাতিসঙ্ঘ ধ্বংস হয়। তৃতীয়তঃ, হিটলারের জার্মানী, মুসোলিনীর ইটালী ও জাপান জাতিসঙ্ঘের আদর্শকে অগ্রাহ্য করে আক্রমণ নীতি নেয়। চতুর্থতঃ, জাতিসঙ্ঘের সদস্যদের স্বার্থগত বিরোধ এই সংস্থার পতন ডেকে আনে।

কালপঞ্জীঃ (১) ভার্সাই সন্ধি—১৯১৯ খ্রীঃ। (২) নাৎসী সরকারের স্থাপন—১৯৩২ খ্রীঃ। (৩) ইটালীর আবিসিনিয়া আক্রমণ—১৯৩৫ খ্রীঃ।

পঞ্চদশ অধ্যায়

দ্বিতীয় বিশ্বযুদ্ধ

প্রথম পাঠঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারণঃ প্রথম বিশ্বযুদ্ধ শেষ হলে এর ২০ বৎসরের মধ্যে দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরম্ভ হয়। এত কম সময়ের মধ্যে পুনরায় একটি বিশ্বযুদ্ধ ঘটবার অনেক কারণ ছিল। জার্মানী ভার্সাই সন্ধিকে তার উপর জোর করে চাপিয়ে দেওয়া এক অন্যায় সন্ধি বলে মনে করত। ফলে জার্মান জাতীয়তাবাদীদের মনে ঘোর অসন্তোষ দেখা দেয়। শেষ পর্যন্ত নাৎসী সরকার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ভার্সাই সন্ধি অগ্রাহ্য করে। ভার্সাই সন্ধির মধ্যেই দ্বিতীয় বিশ্বযুদ্ধের বীজ লুকান ছিল।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের জন্য হিটলার শাসিত নাৎসী জার্মানীর দায়িত্ব কম ছিল না। হিটলার আন্তর্জাতিক আইন ও সন্ধিগুলিকে অগ্রাহ্য করে বল প্রয়োগ দ্বারা জার্মানীর আধিপত্য বিস্তারের চেষ্টা করেন। ইহার ফলে প্রতিবেশী দেশগুলিতে আশঙ্কা দেখা দেয়। তিনি অষ্ট্রিয়া ও চেকোশ্লোভাকিয়া অধিকারের পর পোল্যাণ্ড আক্রমণ করেন। তিনি পশ্চিমী গণতন্ত্র ও রুশ সাম্যবাদী সরকার উভয়কে ধ্বংস করে ইউরোপ তথা বিশ্বে জার্মান প্রাধান্য স্থাপনের চেষ্টা করেন। মোট কথা, নাৎসী জার্মানীর আগ্রাসন নীতি দ্বিতীয় বিশ্বযুদ্ধের একটি বড় কারণ ছিল এতে সন্দেহ নাই।


বৃটিশ প্রধানমন্ত্রী নেভিল চেম্বারলেইনের জার্মান তোষণ নীতি দ্বিতীয় বিশ্বযুদ্ধকে ত্বরান্বিত করে। এই রক্ষণশীল নেতা মনে করতেন যে, রুশ সাম্যবাদের বিরুদ্ধে জার্মান জঙ্গী-নাৎসীবাদকে ব্যবহার করা যাবে। এজন্য তিনি জার্মানীকে তোষণ করেন। হিটলার একের পর এক সন্ধি ভাঙলে তিনি রাশিয়ার সঙ্গে জোট গড়ে জার্মানীকে বাধা না দিয়ে জার্মানীকেই উৎসাহ দেন। এর ফলে হিটলারের এই বিশ্বাস জন্মায় যে, ইংলণ্ড, ফ্রান্স জার্মানীর বিরুদ্ধে রাশিয়ার সঙ্গে একজোট হতে পারবে না।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের অন্যতম মূল কারণ ছিল সাম্রাজ্যবাদী প্রতিদ্বন্দ্বিতা। প্রথম বিশ্বযুদ্ধের পর বিশ্বের অধিকাংশ উপনিবেশগুলি ইঙ্গ-ফরাসী শক্তির অধিকারে চলে যায়। এই সঙ্গে উপনিবেশের বাজারগুলিও এই শক্তিগুলির দখলে চলে যায়। মার্কিন যুক্তরাষ্ট্র ইঙ্গ-ফরাসী শক্তির সমর্থন করায় উপনিবেশের বাজারে মার্কিন পণ্য বিক্রয়ের সুযোগ দেওয়া হয়। এদিকে জার্মানী, ইটালী ও জাপান নূতনভাবে শিল্প-বাণিজ্য গঠন করে উপনিবেশ ও বাজার দখলের চেষ্টা করে। ইঙ্গ-ফরাসী শক্তি এদের অনুপ্রবেশে বাধা দিলে যুদ্ধের সূচনা হয়।

এইভাবে যখন যুদ্ধের পরিস্থিতি সৃষ্টি হয় সেই সময় ইঙ্গ-ফরাসী শক্তির সতর্কবাণী অগ্রাহ্য করে জার্মানী পোল্যাণ্ড আক্রমণ করলে দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরম্ভ হয়।

দ্বিতীয় পাঠ ঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধের গতি ঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধ (১৯৩৯ খ্রীঃ) আরম্ভ হলে জার্মানী প্রথমে পোল্যাণ্ড জয় করার পর ফ্রান্স ও বেলজিয়াম আক্রমণ করে। জার্মানীর সহিত যোগ দিয়ে ইটালীও ফ্রান্স আক্রমণ করে। ইঙ্গ-ফরাসী সেনা যুদ্ধে পরাস্ত হয়। জার্মানী ফ্রান্সের বৃহদংশ, বেলজিয়াম, হল্যাণ্ড, ডেনমার্ক, নরওয়ে অধিকার করে। ইটালী উত্তর আফ্রিকায় ফরাসী উপনিবেশ আক্রমণ করে। এই সময় মার্কিন যুক্তরাষ্ট্র ইঙ্গ-ফরাসী মিত্রশক্তির পক্ষে যুদ্ধে যোগ দেয়। এদিকে জাপান দূর প্রাচ্যে মার্কিন নৌ-বন্দর পার্ল হারবার আক্রমণ করলে বিশ্বযুদ্ধ দূর প্রাচ্যে ছড়িয়ে পড়ে। জার্মানী ১৯৪১ খ্রীঃ পূর্ব ইউরোপে সোভিয়েত রাশিয়া আক্রমণ করে। জাপান চীনের বৃহদংশ, ইন্দোচীন, মালয়, সিঙ্গাপুর, ব্রহ্ম অধিকার করে ভারতের

পূর্ব সীমান্তে এসে দাঁড়ায়। জার্মানী সোভিয়েত রাশিয়ার ভিতর ঢুকে স্ট্যালিনগ্রাড নগরী অবরোধ করে।



স্ট্যালিনগ্রাডের প্রতিরোধ

ক্রমে যুদ্ধের গতি মিত্রশক্তির অনুকূলে আসে। স্ট্যালিনগ্রাডের যুদ্ধে রাশিয়ার ঐতিহাসিক প্রতিরোধে জার্মানীর শক্তি ক্ষয় পায়। ইতিমধ্যে ইঙ্গ-মার্কিন বাহিনী আফ্রিকার যুদ্ধে ইটালীকে পরাস্ত করে। ইঙ্গ-মার্কিন বাহিনী ইটালী ও গ্রীস অধিকার করে। মুসোলিনীর পতন ঘটে। ইংলণ্ড হতে ইঙ্গ-মার্কিন বাহিনী ফ্রান্সে নেমে পড়ে। রুশ লাল ফৌজ জার্মান সেনাদের হঠিয়ে জার্মানীর রাজধানী বার্লিন দখল করে। শেষ পর্যন্ত নাৎসী বাহিনীর পতন ঘটে। মার্কিন সরকার জাপানে হিরোসিমা ও নাগাসাকি নগরে আণবিক বোমা বর্ষণ করলে জাপানও আত্মসমর্পণ করে। মিত্রশক্তি যুদ্ধে জয়লাভ করে।

তৃতীয় পাঠঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলাফলঃ বিজয়ী মিত্রশক্তি অর্থাৎ মার্কিন প্রেসিডেন্ট রুজভেল্ট, রুশ রাষ্ট্রপ্রধান স্ট্যালিন ও বৃটিশ প্রধানমন্ত্রী চার্চিল ইয়ালটা সম্মেলনে ইউরোপের পুনর্গঠন ও দূর প্রাচ্যের নয়া ব্যবস্থা স্থির করেন। মিত্রশক্তি আপাততঃ জার্মানীকে অধিকার করে। শেষ পর্যন্ত ইঙ্গ-ফরাসী-মার্কিন শক্তির সমর্থন পশ্চিম জার্মানী নিয়ে জার্মান প্রজাতন্ত্র এবং রাশিয়ার সমর্থনে পূর্ব জার্মানী নিয়ে জার্মান গণ-প্রজাতন্ত্র নামে দুই স্বতন্ত্র জার্মান রাজ্য গঠিত হয়। পূর্ব ইউরোপের অধিকাংশ দেশে যথা পোল্যান্ড, চেকোশ্লোভাকিয়া প্রভৃতি স্থানে সমাজতান্ত্রিক শাসন-ব্যবস্থা স্থাপিত হয়। রাশিয়ার সেনাদল এই সকল স্থান ত্যাগ করলেও, এই দেশগুলিতে রুশ প্রভাব স্থাপিত হয়। গ্রীসে বৃটিশ প্রভাব থেকে যায়।

দূর প্রাচ্যে জাপানের পরাজয়ের ফলে কোরিয়ার উত্তরাংশ রুশ প্রভাবে ও দক্ষিণাংশ মার্কিন প্রভাবে থাকে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলে ইঙ্গ-ফরাসী উপনিবেশগুলিতে জাতীয়তাবাদী আন্দোলন তীব্র হয়ে উঠে। ফলে ভারতবর্ষ, ব্রহ্ম, মালয় প্রভৃতি স্থান হতে বৃটিশ সাম্রাজ্য লোপ পায়। ফ্রান্সও ইন্দোচীন ত্যাগ করে। হল্যান্ড ইন্দোনেশিয়া ত্যাগ করে। ক্রমে আফ্রিকার উপনিবেশগুলিও সাম্রাজ্যবাদী শক্তিগুলির হাতছাড়া হয়। বিশ্বে সাম্রাজ্যবাদের মৃত্যুর ঘণ্টা বেজে উঠে। এশিয়া ও আফ্রিকার পদানত দেশগুলিতে জাতীয় সরকার স্থাপিত হয়।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে সোভিয়েত রাশিয়ার অভূতপূর্ব জয়লাভ রাশিয়াকে বিরাট মর্যাদা দেয়। রুশ সাম্যবাদ ঔপনিবেশিক দেশগুলিতে প্রেরণা সঞ্চার করে। সোভিয়েত সরকার নিপীড়িত দেশগুলির মুক্তি যুদ্ধে নৈতিক ও অন্যান্য সমর্থন জানায়। ফলে বিশ্বে সমাজতন্ত্রবাদের প্রভাব বাড়ে। সর্বশেষে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইঙ্গ-মার্কিন শক্তির সঙ্গে সোভিয়েত রাশিয়ার ঘোর মতবিরোধ দেখা দেয়। এর ফলে ঠাণ্ডা লড়াই আরম্ভ হয়। আজও বিশ্বের নানা স্থানে এই ঠাণ্ডা লড়াইয়ের প্রভাব দেখা দেয়।

কালপঞ্জী ঃ (১) দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরম্ভ—১৯৩৯ খ্রীঃ। (২) দ্বিতীয় বিশ্বযুদ্ধের অবসান—১৯৪৫ খ্রীঃ।

ষোড়শ অধ্যায়

ভারতের স্বাধীনতা আন্দোলন ও ভারতের স্বাধীনতা লাভ

প্রথম পাঠ ঃ ভারতের স্বাধীনতা আন্দোলনের বিভিন্ন পর্যায় ঃ তোমরা একাদশ অধ্যায়ে ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার কথা পড়েছ। জাতীয় কংগ্রেসের নেতৃত্বে ভারতের স্বাধীনতা আন্দোলন দীর্ঘকাল ধরে পরিচালিত হয়। ভারতের স্বাধীনতা আন্দোলনের কয়েকটি পর্যায়ের কথা তোমাদের জানা দরকার। ১৮৮৫—১৯১৯ খ্রীঃ পর্যন্ত জাতীয় কংগ্রেসে নরমপন্থী বা মডারেটদের প্রাধান্য ছিল। এই সময় কংগ্রেসের নেতৃত্ব ছিল উচ্চ শ্রেণীর মধ্যবিত্তদের হাতে। ১৯১৯ খ্রীঃ পর মহাত্মা গান্ধীর প্রভাবে কৃষক, শ্রমিক ও সাধারণ লোক কংগ্রেস আন্দোলনের সামিল হয়। এই সময় জাতীয় কংগ্রেস প্রকৃতপক্ষে সমগ্র জাতির মুখপাত্রে পরিণত হয়।

(১) ১৯২০-২২ খ্রীঃ মহাত্মা গান্ধীর নেতৃত্বে জাতীয় কংগ্রেস অহিংস অসহযোগ আন্দোলন পরিচালনা করে। ইহাকে আধুনিক ভারতের গণ আন্দোলন বলা যায়। (২) পুনরায় ১৯৩০ খ্রীঃ হতে ১৯৩৪ খ্রীঃ পর্যন্ত মহাত্মার নেতৃত্বে জাতীয় কংগ্রেস আইন অমান্য আন্দোলন করে। উহাকে দ্বিতীয় গণ আন্দোলন বলা হয়। (৩) দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরম্ভ হলে মহাত্মার নেতৃত্বে জাতীয় কংগ্রেস ১৯৪২ খ্রীঃ ভারত ছাড় আন্দোলন আরম্ভ করে। ভারত ছাড় আন্দোলন ছিল কংগ্রেসের নেতৃত্বে তৃতীয় ও শেষ গণ-আন্দোলন। কংগ্রেস আন্দোলনের পাশাপাশি সমান্তরালভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ভারতের মুক্তির জন্য আজাদ হিন্দ সরকারের নেতৃত্বে সশস্ত্র যুদ্ধ চলে।

এইভাবে ভারতের স্বাধীনতা আন্দোলন অহিংস ও সশস্ত্র উভয় খাতেই পরিচালিত হয়।

দ্বিতীয় পাঠ : অহিংস অসহযোগ আন্দোলন (১৯২০-২২ খ্রীঃ) : প্রথম বিশ্বযুদ্ধে ভারতবাসী ইংরাজ সরকারকে সেনা ও অর্থ দ্বারা বিশেষ সাহায্য করে। এজন্য ভারতবাসী আশা করে যে, বৃটিশ সরকার প্রতিদানে ভারতবাসীকে স্বায়ত্ব শাসনের অধিকার দিবে। কিন্তু ১৯১৯ খ্রীঃ-এর মণ্টেগু-চেমসফোর্ড আইন দ্বারা ভারতবাসীকে এই অধিকার হতে বঞ্চিত করা হয়। ভারতীয় জাতীয় কংগ্রেস এজন্য বৃটিশ সরকারের সদিচ্ছা সম্পর্কে আস্থা হারায়। কংগ্রেসের চরমপন্থীরা বুঝতে পারেন যে, গণ আন্দোলন ছাড়া বৃটিশ সরকার ভারতবাসীর ন্যায় দাবীকে আমল দিবে না। জাতীয় কংগ্রেস এজন্য একটি সর্বভারতীয় আন্দোলন গঠনের প্রয়োজনীয়তা অনুভব করে।

এছাড়া মণ্টফোর্ড আইন দ্বারা মুসলিম সম্প্রদায়ের জন্য স্বতন্ত্র ভোটাধিকার চালু করে হিন্দু ও মুসলিমদের মধ্যে বৃটিশ সরকার ভেদনীতি খাটায়। জাতীয় কংগ্রেস বৃটিশ সরকারের এই ভেদ নীতিকে ব্যর্থ করার জন্য জাতীয় আন্দোলন গঠন করতে বাধ্য হয়।

এই সময় খিলাফৎ সমস্যা দেখা দিলে জাতীয় কংগ্রেসের সম্মুখে বৃটিশের চক্রান্ত ব্যর্থ করার সুযোগ আসে। তুরস্কের সুলতান বা খলিফা ছিলেন বিশ্বের মুসলিমদের ধর্মগুরু। প্রথম বিশ্বযুদ্ধে পরাজিত তুরস্কের সাম্রাজ্যকে বৃটিশ সরকার ভাগ করবার চেষ্টা করলে খলিফা বা সুলতানের ক্ষমতা বিনষ্ট হওয়ার উপক্রম হয়। এজন্য ভারতীয় মুসলিম নেতা মহম্মদ আলি প্রভৃতি খলিফার রাজ্য রক্ষার জন্য ইংরাজ সরকারের উপর চাপ সৃষ্টি করেন। মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারতীয় জাতীয় কংগ্রেস খিলাফৎ প্রশ্নে তুরস্কের দাবী সমর্থন করলে মুসলিম সম্প্রদায় কংগ্রেসের নেতৃত্বে পরিচালিত আন্দোলনে যোগ দেয়। ইংরাজের ভেদ নীতি বিফল হয়।

এই সময় মহাত্মা গান্ধী জাতীয় আন্দোলনের নেতৃত্ব দেন। মহাত্মা এর আগে দক্ষিণ আফ্রিকায় ভারতীয়দের উপর শ্বেতাঙ্গ সরকারের বর্বর অত্যাচারের বিরুদ্ধে সত্যাগ্রহ আন্দোলন করেন। মহাত্মা ভারতে আসার পর লক্ষ্য করেন যে, জাতীয় কংগ্রেসের আন্দোলনে ভারতের কৃষক, শ্রমিকরা সামিল হয় নাই। কংগ্রেসের সদস্যপদ কেবলমাত্র শহুরে মধ্যবিত্তদের হাতেই আছে। মহাত্মা স্থির করেন যে, কংগ্রেসের আসন্ন আন্দোলনকে গণ আন্দোলনে পরিণত করতে হবে। এজন্য কৃষক, শ্রমিক ও সাধারণ লোকেদের কংগ্রেসের ভিতর আনতে হবে।


মহাত্মা গান্ধী

মহাত্মা গান্ধী চম্পারণ, খয়রা ও আমেদাবাদে নীলকর ও মিল মালিকদের বিরুদ্ধে কৃষক ও শ্রমিকের পক্ষ নিয়ে অহিংস পন্থায় সত্যাগ্রহ আন্দোলন করেন। এই আন্দোলনে তিনি সফল হন। ফলে কংগ্রেসের নেতৃত্বে আসন্ন আন্দোলনকে তিনি অহিংস সত্যাগ্রহের পথে চালাতে স্থির করেন। দেশের কৃষক, শ্রমিক ও সাধারণ লোকের উপর মহাত্মার বিরাট প্রভাব দেখে জাতীয় কংগ্রেস এই আন্দোলন পরিচালনার সকল ভার তাঁরই হাতে ছেড়ে দেয়।

এই সময় ভারতে ইংরাজ শাসনের বিরুদ্ধে সাধারণ লোকের মধ্যে দারুণ বিক্ষোভ ছিল। প্রথম বিশ্বযুদ্ধের ফলে খাদ্যদ্রব্য ও নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের দাম বেড়ে যায়। ফলে দরিদ্র কৃষক ও শ্রমিকের দুর্দশার একশেষ হয়। যুদ্ধের পর শিল্পে মন্দা দেখা দিলে কল-কারখানায় শ্রমিকদের ছাঁটাই আরম্ভ হয়। এজন্য কৃষক, শ্রমিক ও সাধারণ লোকের মনে ঘোর অসন্তোষ দেখা দেয়। জাতীয় কংগ্রেস জনসাধারণের এই অসন্তোষকে কাজে লাগায়।

ইতিমধ্যে পাঞ্জাবে রাউলাট আইন নামে এক দমনমূলক আইন সরকার চালু করে। রাউলাট আইনের প্রতিবাদে পাঞ্জাবের জনতা জালিয়ানওয়ালাবাগে একটি শান্তিপূর্ণ সভা করে। কিন্তু অত্যাচারী ইংরাজ সেনাপতি মাইকেল ডায়ার এই নিরস্ত্র জনতার উপর গুলিবর্ষণ করে এক হাজার লোক নিহত করে। জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের ফলে সমগ্র ভারত প্রতিবাদে মুখরিত হয়। কবিগুরু রবীন্দ্রনাথ এই নৃশংস হত্যাকাণ্ডের প্রতিবাদে ইংরাজ সরকারের দেওয়া "নাইট" উপাধি ত্যাগ করেন। জাতীয় কংগ্রেস জালিওয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের প্রতিবাদে সক্রিয় আন্দোলনের সিদ্ধান্ত নেয়।

গান্ধীজীর নির্দেশে জাতীয় কংগ্রেস কলিকাতা অধিবেশনে স্বরাজ অর্জন ও

খিলাফৎ সমস্যা সমাধানের জন্য অহিংস অসহযোগ আন্দোলন আরম্ভ করে। গান্ধীজীর ডাকে দলে দলে ভারতের কৃষক ও শ্রমিকেরা অহিংস পন্থায় আন্দোলনে যোগ দেয়। সাধারণ লোকে বিলাতী কাপড় ও বিলাতী দ্রব্য বর্জন করে। ছাত্ররা স্কুল, কলেজ বয়কট করে। সরকারী পুলিশ ও সেনার বর্বর নির্যাতন অগ্রাহ্য করে জনতা "বন্দেমাতরম" ধ্বনি দিয়ে গ্রেপ্তার বরণ করে। সুভাষচন্দ্র বসু আই. সি. এস. চাকুরী ছেড়ে অসহযোগ আন্দোলনে যোগ দেন। বহু লোক আদালতে ওকালতি ও সরকারী অন্যান্য কাজ ছেড়ে দেয়। কোন কোন স্থানে কৃষকেরা খাজনা বন্ধ করে সরকারকে অচল করার চেষ্টা করে। অহিংস পন্থায় পিকেটিং ও বয়কটের মাধ্যমে সরকারী প্রশাসনকে অচল করার চেষ্টা করা হয়।

ইতিমধ্যে ১৯২২ খ্রীঃ উত্তরপ্রদেশের চৌরীচৌরা গ্রামের লোকেরা পুলিশের অত্যাচারে অতিষ্ঠ হয়ে ২২ জন পুলিশেকে পুড়িয়ে মারে। মহাত্মা গান্ধী একথা জানতে পেরে ঘোষণা করেন যে, আন্দোলনে হিংসা দেখা দিয়েছে। আন্দোলন লক্ষ্যভ্রষ্ট হচ্ছে। তিনি এই কারণে অসহযোগ আন্দোলন রদ করেন। এইভাবে স্বাধীনতা আন্দোলনের প্রথম পর্ব সমাপ্ত হয়। যদিও এই আন্দোলনের দ্বারা স্বরাজ লাভ করা সম্ভব হয় নাই, তবুও কংগ্রেসের নেতৃত্বে ভারতে এটাই ছিল প্রথম গণ আন্দোলন। কৃষক ও শ্রমিক শ্রেণী স্বতঃস্ফূর্তভাবে এই আন্দোলনের শরিক হয়। এর পর তারা স্বাধীনতা আন্দোলনের পুরোভাগে থাকে। দ্বিতীয়তঃ, কংগ্রেস ভারতের প্রধান জাতীয়তাবাদী দল হিসাবে আত্মপ্রকাশ করে। মহাত্মা গান্ধী জাতির অবিসংবাদী নেতায় পরিণত হন।

তৃতীয় পাঠঃ আইন অমান্য আন্দোলন (১৯৩০-৩৪ খ্রীঃ): অহিংস অসহযোগ আন্দোলন রদ হওয়ার পর দেশবন্ধু চিত্তরঞ্জন ও পণ্ডিত মোতিলাল নেহেরুর নেতৃত্বে স্বরাজ্য দল গঠিত হয়। ভগৎ সিং, বটুকেশ্বর দত্ত ও চন্দ্রশেখর আজাদ প্রভৃতি বিপ্লবী সশস্ত্র বিপ্লবের চেষ্টা করেন। ১৯২৫ খ্রীঃ ভারতীয় কমিউনিষ্ট পার্টি স্থাপিত হয়। এই দল ভারতের মুক্তি ও সমাজতন্ত্র স্থাপনের লক্ষ্য গ্রহণ করে।

ভারতের জনগণের মধ্যে এই রাজনৈতিক অস্থিরতা লক্ষ্য করে বৃটিশ সরকার মনে করে যে, শাসন সংস্কার দ্বারা ভারতবাসীকে সামান্য কিছু অধিকার দিলে তারা শান্ত হবে। এ বিষয়ে পরামর্শ দেওয়ার জন্য স্যার জন সাইমনের নেতৃত্বে ১৯২৭ খ্রীঃ একটি কমিশন গঠিত হয়। সাইমন কমিশনে কোন ভারতবাসীকে সদস্য হিসাবে নিয়োগ না করায় জাতীয় কংগ্রেস সাইমন কমিশন বয়কট করে। এই বয়কট উপলক্ষে জাতীয় আন্দোলন পুনরায় বলবতী হয়।

এই অবস্থায় কলিকাতা কংগ্রেসে ১৯২৮ খ্রীঃ প্রস্তাব নেওয়া হয় যে, যদি একবছরের মধ্যে বৃটিশ সরকার ভারতকে ডোমিনিয়ন ষ্টেটাস দান করে তবে কংগ্রেস তাহা গ্রহণ

করবে। নতুবা পূর্ণ স্বরাজ লাভের জন্য কংগ্রেস আইন অমান্য আন্দোলন আরম্ভ করবে। জাতীয় কংগ্রেসের এই দাবী বৃটিশ সরকার অগ্রাহ্য করলে ১৯২৫ খ্রীঃ লাহোর কংগ্রেসে ডোমিনিয়ন ষ্টেটাসের দাবী নাকচ করে পূর্ণ স্বরাজের দাবী গ্রহণ করা হয়। এই লক্ষ্যলাভের জন্য মহাত্মা গান্ধীর নেতৃত্বে বৃটিশ সরকারের সকল প্রকার আইন অহিংসভাবে অমান্য করার সিদ্ধান্ত নেওয়া হয়। প্রতি বছরের ২৬শে জানুয়ারী দিনটিকে স্বাধীনতা দিবস হিসাবে পালন করার সিদ্ধান্ত নেওয়া হয়। এই দিন স্বাধীনতার শপথবাক্য পাঠ করার ব্যবস্থা করা হয়।

মহাত্মা স্থির করেন যে, সর্বপ্রথম লবণ আইন ভঙ্গ করা হবে। ইংরাজের আইনে ভারতবাসী নিজ দেশের মাটি ও জল হতে লবণ তৈরী করতে পারত না। তাদের ট্যাক্স দিয়ে লবণ কিনে খেতে হত। মহাত্মা জানতেন যে, লবণ আইন ভাঙলে দরিদ্র কৃষক ও শ্রমিকেরা সানন্দে তাতে যোগ দিবে। ১৯৩০ খ্রীঃ মহাত্মা গুজরাটের সমুদ্রতীরে ডাণ্ডিতে লবণ আইন ভাঙেন। সঙ্গে সঙ্গে দেশের সর্বত্র লবণ আইন ভঙ্গ ও সত্যাগ্রহ, বিলাতী কাপড়ের দোকানে পিকেটিং আরম্ভ হয়। কৃষক, শ্রমিক, ছাত্র, মধ্যবিত্ত সকল লোক এই আন্দোলনের সামিল হয়। বংলার মেদিনীপুর জেলার কাঁথি ও তমলুক মহকুমায় ব্যাপক লবণ আইন অমান্য করা হয়। ইংরাজের পুলিশ ও সেনা নৃশংস অত্যাচার করেও এই আন্দোলন দমাতে ব্যর্থ হয়। সীমান্ত প্রদেশে খান আবদুল গফফর খানের নেতৃত্বে নিরস্ত্র পাঠানরাও অহিংসভাবে আইন অমান্য করে। সরকারী জেলাগুলি রাজবন্দীতে ভরে যায়।

এই সময় বৃটিশ সরকার বিলাতে শাসন সংস্কারের আলোচনার জন্য গোলটেবিল বৈঠক ডাকে। মহাত্মা গান্ধী কংগ্রেসের তরফে এই বৈঠকে (১৯৩১ খ্রীঃ) যোগ দেন। গোলটেবিল বৈঠকের প্রাক্কালে গান্ধী-আরউইন চুক্তি (১৯৩১ খ্রীঃ) অনুসারে রাজবন্দীদের মুক্তি দেওয়া হয় ও দমন-মূলক আইন রদ করা হয়।

কিন্তু গোলটেবিল বৈঠক ব্যর্থ হয়। ইংরাজের কুট চক্রান্তে মুসলিন লীগ এমন সব দাবী জানায় যে, মহাত্মা তা স্বীকার করতে অসমর্থ হন। তিনি খালি হাতে স্বদেশে ফিরে আসেন। ইতিমধ্যে কংগ্রেস পুনরায় আইন অমান্য আন্দোলনের ডাক দিলেও সরকারী দমন নীতির প্রকোপে তা দমে যায়। অবশেষে কংগ্রেসের নির্দেশে ১৯৩৪ খ্রীঃ আইন অমান্য আন্দোলন রদ করা হয়। এই আন্দোলনের ফলে জনসাধারণের রাজনৈতিক চেতনা বাড়ে।

চতুর্থ পাঠঃ ভারত ছাড় আন্দোলন (১৯৪২ খ্রীঃ) ঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধে অক্ষশক্তি অর্থাৎ জার্মানী ও জাপানের হাতে বৃটিশ শক্তির বিশেষ ক্ষয়ক্ষতি হয়। এশিয়ায় জাপানী সেনাদল ইংরাজ সেনাদের বিতাড়িত করে মালয়, সিঙ্গাপুর ও ব্রহ্মদেশ

অধিকার করে। এমতাবস্থায় বৃটিশ সরকার বুঝতে পারে যে, ভারতবাসীর সহযোগিতা ছাড়া ভারতে বৃটিশ সাম্রাজ্য রক্ষা করা যাবে না। এজন্য বৃটিশ সরকার স্যার স্ট্যাফোর্ড ক্রীপসের মারফৎ প্রস্তাব দেন যে, যদি ভারতবাসী যুদ্ধে সহযোগিতা করে তবে যুদ্ধের পর ভারতকে ডোমিনিয়ন ষ্টেটাস দেওয়া হবে। জাতীয় কংগ্রেস ক্রীপস প্রস্তাব প্রত্যাখ্যান করে। কারণ বৃটিশ সরকার ভারতকে পূর্ণ স্বাধীনতা দিতে রাজী ছিল না।

ক্রীপস প্রস্তাব ব্যর্থ হলে জাতীয় কংগ্রেস পূর্ণ স্বাধীনতার দাবী পূরণের জন্য আন্দোলনের সংকল্প নেয়। বোম্বাইয়ের কংগ্রেস অধিবেশনে ৮ই আগস্ট, ১৯৪২ খ্রীঃ ভারত ছাড় প্রস্তাব গ্রহণ করা হয়। এই প্রস্তাবে বলা হয় যে, আজ থেকে ভারতবাসী নিজেদের স্বাধীন বলে মনে করবে। যদি ইংরাজ ভারত না ছাড়ে তবে ভারতবাসী সর্বশক্তি দিয়ে আন্দোলন করবে। গান্ধীজী জাতিকে স্মরণ করিয়ে দেন যে, "এটাই ভারতবাসীর শেষ স্বাধীনতার লড়াই। করেঙ্গে ইয়ে মরেঙ্গে।"

জাতীয় কংগ্রেস ভারত ছাড় প্রস্তাব নিলে বৃটিশ সরকার অকস্মাৎ কংগ্রেসের সকল নেতাকে গ্রেপ্তার করে। নেতাদের গ্রেপ্তার করে বৃটিশ সরকার আন্দোলনকে দমিয়ে দেওয়ার চেষ্টা করে। নেতাদের বন্দী করায় ভারতীয় জনতা ক্রোধে অস্থির হয়। তারা বন্দেমাতরম ধ্বনি দিয়ে থানা পুড়িয়ে, রেল লাইন উপড়িয়ে, আদালত জ্বালিয়ে, খাজনা বন্ধ করে বৃটিশ শাসনকে গুঁড়িয়ে দেওয়ার চেষ্টা করে।

মেদিনীপুরের তমলুক মহকুমায় এই আন্দোলন তীব্র আকার ধারণ করে। সেখানে বৃটিশ সরকারের প্রতিদ্বন্দ্বী একটি জাতীয় সরকার স্থাপিত হয়। তমলুকের জনতা আদালত ও থানা দখলের চেষ্টা করলে পুলিশের গুলিতে মহীয়সী মাতঙ্গিনী হাজরা জাতীয় পতাকা হাতে নিয়ে প্রাণ দেন। মহিষাদলে জনতা থানা দখলের চেষ্টায় প্রাণ দেয়। সুতাহাটায় বিমান হতে বোমা নিক্ষেপ অগ্রাহ্য করে জনতা থানা দখল করে। ফরিদপুর, ঢাকা ও উত্তর প্রদেশের বালিয়া জেলায় আন্দোলন তীব্রভাবে দেখা দেয়।


মাতঙ্গিনী হাজরা

পঞ্চাশের মন্বন্তরে বহু লোক মারা পড়লে এবং মেদিনীপুরে সামুদ্রিক জলপ্লাবন হলে লোকের মনোবল ভেঙে যায়। বৃটিশ সেনাদলের প্রচণ্ড দমন ও অত্যাচারের

ফলে শেষ পর্যন্ত ভারত ছাড় আন্দোলন বিফল হয়। যাই হোক সিপাহী বিদ্রোহের পর ভারত ছাড় আন্দোলনের মত গণবিপ্লব আর ভারতে ঘটে নাই। ইংরাজ সরকারের মনোবল এই আন্দোলনের ফলে ফেঙে পড়ে।

পঞ্চম পাঠঃ **আজাদ হিন্দ আন্দোলন ও অন্যান্য বিক্ষোভঃ** ভারতের স্বাধীনতা আন্দোলন কেবলমাত্র কংগ্রেসের নেতৃত্বে অহিংস পন্থায় পরিচালিত হয় নাই। ভারতীয় বিপ্লবীরা সশস্ত্র যুদ্ধের দ্বারা ভারতের স্বাধীনতা ছিনিয়ে নেওয়ার জন্য বহু চেষ্টা করেন। ভারতের স্বাধীনতা আন্দোলনের এই অধ্যায়কে সশস্ত্র আন্দোলন বলা হয়। সশস্ত্র সংগ্রামের শেষ ধাপে নেতাজী সুভাষচন্দ্রের নেতৃত্বে আজাদ হিন্দ আন্দোলন পরিচালিত হয়। তোমরা সকলেই ভারতীয় বিপ্লবী ও বীর দেশপ্রেমিক সুভাষচন্দ্র বসুর নাম জান। তিনি ১৯২০ খ্রীঃ জাতীয় কংগ্রেসে যোগ দেন এবং ১৯৩৮ খ্রীঃ জাতীয় কংগ্রেসের সভাপতি নির্বাচিত হন। সুভাষচন্দ্রের সঙ্গে কংগ্রেসের প্রবীণ নেতাদের মতবিরোধ হলে তিনি জাতীয় কংগ্রেসের সদস্য পদ ত্যাগ করেন।


সুভাষচন্দ্র বসু

ভারতের মুক্তির চিন্তা সুভাষের মনে সর্বদা জাগরুক ছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধে ইংরাজের পরাজয় ঘটতে আরম্ভ হলে সুভাষচন্দ্র স্থির করেন যে, এই সুযোগে তিনি সশস্ত্র যুদ্ধের দ্বারা ভারতের স্বাধীনতা ছিনিয়ে নেবেন। বহিঃশক্তির সাহায্য নিয়ে ইংরাজকে ভারত হতে বহিষ্কার করার পরিকল্পনা তিনি নেন।

১৯৪১ খ্রীঃ গৃহে অন্তরীণ থাকা অবস্থায় পুলিশের চোখে ধুলো দিয়ে তিনি ভারতের উত্তর-পশ্চিম সীমান্ত দিয়ে ছদ্মবেশে রাশিয়ায় চলে যান। সুভাষচন্দ্রের আশা ছিল তিনি রাশিয়ার সাহায্য পাবেন। এই সময় রাশিয়া জার্মানীর দ্বারা আক্রান্ত হবার সম্ভাবনা দেখা দেয়। সুতরাং রাশিয়া সুভাষকে সাহায্য করতে বিরত থাকে। সুভাষচন্দ্র বাধ্য হয়ে নাৎসী জার্মানীতে চলে যান। এখানে তিনি আজাদ হিন্দ সংঘ স্থাপন করে ভারতের স্বাধীনতার জন্য প্রচার চালান।

ইতিমধ্যে জাপান ইংরাজের বিরুদ্ধ যুদ্ধ ঘোষণা করলে সুভাষচন্দ্র জার্মানী হতে সাবমেরিনে জাপানে চলে আসেন। ভারতের স্বাধীনতা অর্জনে জাপানের সহযোগিতা পাওয়ার জন্য তিনি জাপান সরকারের সঙ্গে এক চুক্তি করেন। তিনি জাপানের হাতে

বন্দী ভারতীয় ইংরাজ সেনাদের নিয়ে আজাদ হিন্দ বাহিনী গড়েন। তিনি সিঙ্গাপুরে ১৯৪৩ খ্রীঃ আজাদ হিন্দ বা স্বাধীন ভারত সরকার স্থাপন করেন। এই সময়ে জনসাধারণ সুভাষচন্দ্রকে 'নেতাজী' নাম দেয়।

আজাদ হিন্দ বাহিনী 'জয়হিন্দ' ও 'দিল্লী চলো' ধ্বনি তুলে ভারত সীমান্তে মণিপুরে ইংরাজ ও মার্কিন সেনাদের আক্রমণ করে। পালেল, টামু প্রভৃতি স্থান দখল করে এই বাহিনী ইম্ফলের দিকে এগিয়ে চলে। ইতিমধ্যে যুদ্ধে জাপানের পরাজয় হয়। সাহায্যের অভাবে আজাদ হিন্দ সেনারা আত্মসমর্পণ করে। নেতাজী সুভাষচন্দ্র ভগ্ন হৃদয়ে বিমানে রাশিয়ার দিকে যাত্রা করেন। ফরমোজার তাইহোকু বিমানক্ষেত্রে দুর্ঘটনায় তাঁর মৃত্যু হয় বলে ঘোষণা করা হয়। কেউ কেউ মনে করেন যে এই দুর্ঘটনার কথা মিথ্যা।

আজাদ হিন্দ আন্দোলন ভারতে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি করে। বন্দী আজাদ হিন্দ সেনাপতিদের দিল্লীর লাল-কেল্লায় বৃটিশ সরকার বিচারের ব্যবস্থা করলে সারা ভারতে এই দেশপ্রেমিকদের সমর্থনে বৃটিশ সরকারকে তীব্র ধিক্কার জানান হয়। ইতিমধ্যে বোম্বাইয়ে অবস্থিত ভারতীয় নৌসেনারা তলোয়ার জাহাজে (১৯৪৬ খ্রীঃ) বন্দেমাতরম ধ্বনি দিয়ে বৃটিশ পতাকা ইউনিয়ন জ্যাকের স্থলে ভারতের ত্রিবর্ণ পতাকা উড়িয়ে দেয়। তলোয়ার জাহাজ হতে এই বিদ্রোহ অন্যান্য যুদ্ধ জাহাজে ছড়িয়ে পড়ে। ক্রমে করাচী, মাদ্রাজ ও কলিকাতায় অবস্থিত নৌসেনাদের মধ্যে এই বিদ্রোহ ছড়ায়। বিদ্রোহী সেনাদের সমর্থনে জনতা পুলিশের দাঙ্গা-হাঙ্গামায় লিপ্ত হয়।

আজাদ হিন্দ আন্দোলন ও নৌবিদ্রোহ প্রমাণ করে যে, ভারতীয় সেনারা আর ইংরাজের অনুগত থাকবে না। ফলে ইংরাজের পক্ষে ভারতে শাসন চালান অসম্ভব হয়।

ষষ্ঠ পাঠ ঃ ক্ষমতা হস্তান্তর ও ভারতের স্বাধীনতা লাভ (১৯৪৭ খ্রীঃ) ঃ 'ভারত ছাড়' আন্দোলনে জনতার রুদ্র রূপ, আজাদ হিন্দ বাহিনীর মুক্তি যুদ্ধ ও নৌবিদ্রোহ বৃটিশ সরকারকে বুঝিয়ে দেয় যে, ভারতবাসী আর ইংরাজ শাসন মেনে নিবে না। ইংরাজকে ভারতে থাকতে হলে সর্বদা বল প্রয়োগ করতে হবে। এদিকে দ্বিতীয় বিশ্বযুদ্ধে ইংরাজ সরকার খুবই দুর্বল হয়ে পড়ে। ফলে ভারতে ফৌজী শাসন চালান সম্ভবপর ছিল না।

এমতাবস্থায় বৃটিশ সরকার মন্ত্রীসভার কিছু সদস্যকে ভারতে পাঠিয়ে কংগ্রেস ও মুসলিম লীগের সঙ্গে ক্ষমতা হস্তান্তর সম্পর্কে আলোচনা করে। মুসলিম লীগ মুসলিম সংখ্যাগুরু প্রদেশগুলি নিয়ে পাকিস্তান নামে আলাদা রাষ্ট্র দাবী করে। এই দাবীর সমর্থনে লীগের নির্দেশে 'প্রত্যক্ষ সংগ্রাম' আরম্ভ হয়। কলিকাতায় ও পূর্ব

বাংলা বা অধুনা বাংলাদেশে ভয়াবহ সাম্প্রদায়িক দাঙ্গা ও হত্যাকাণ্ড চলে। এর প্রতিক্রিয়া হিসাবে হিন্দু-প্রধান অঞ্চল এবং পাঞ্জাবে দাঙ্গা ও হত্যা আরম্ভ হয়। শেষ পর্যন্ত জাতীয় কংগ্রেস পাকিস্তান দাবী স্বীকার করে। ১৯৪৬ খ্রীঃ মন্ত্রী মিশনের প্রস্তাবে প্রকারান্তরে ভারত ব্যবচ্ছেদ স্বীকার করা হয়। লর্ড মাউণ্টব্যাটেন ভারতের বড়লাট হিসাবে নিযুক্ত হন। তিনি কংগ্রেস ও মুসলিম লীগ নেতাদের সঙ্গে আলোচনা করে ভারতবর্ষকে ব্যবচ্ছেদের এক খসড়া রচনা করেন। জাতীয় কংগ্রেস 'অখণ্ড ভারত' দাবী ছেড়ে এই খসড়া মেনে নেয়।

১৯৪৭ খ্রীঃ ১৮ই জুলাই বৃটিশ পার্লামেণ্টে ভারতীয় স্বাধীনতা আইন পাশ হয়। ১৯৪৭ খ্রীঃ ১৫ই আগষ্ট বৃটিশ ভারতবর্ষের শাসনভার ত্যাগ করে। সিন্ধু, বালুচিস্তান, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ, পশ্চিম পাঞ্জাব ও পূর্ব বাংলা নিয়ে পাকিস্তান রাষ্ট্র গঠিত হয়। গণভোটের ফলে শ্রীহট্ট জেলার বৃহদংশ পাকিস্তানের সঙ্গে যুক্ত হয়। অবশিষ্ট ভারত, পশ্চিমবঙ্গ ও পূর্ব পাঞ্জাব নিয়ে ভারত ডোমিনিয়ন গঠিত হয়। স্বাধীন ভারতের রাষ্ট্রপতি হিসাবে রাজেন্দ্রপ্রসাদ ও প্রধানমন্ত্রী হিসাবে জওহরলাল নেহরু শপথ নেন। স্বরাষ্ট্রমন্ত্রী সর্দার বল্লবভাই প্যাটেলের চেষ্টায় দেশীয় রাজ্যগুলির অধিকাংশ ভারতের সহিত সংযুক্ত হয়। ১৯৫০ খ্রীঃ ভারতের যুক্তরাষ্ট্রীয় সংবিধান রচিত হয়। ভারত একটি প্রজাতন্ত্রে পরিণত হয়। ২৬শে জানুয়ারী দিনটি যা 'স্বাধীনতা দিবস' রূপে পালিত হত, এখন থেকে তা প্রজাতন্ত্র দিবস হিসাবে পালিত হওয়ার ব্যবস্থা হয়। চক্র-শোভিত ত্রিবর্ণ পতাকা ভারতের জাতীয় পতাকা হিসাবে গৃহীত হয়। অশোকস্তম্ভ ভারতের জাতীয় প্রতীক হিসাবে গৃহীত হয়। 'জনগণমন' সঙ্গীতটি ভারতের জাতীয় সঙ্গীত হিসাবে গৃহীত হয়। এইভাবে দীর্ঘ সংগ্রামের পর ভারতের স্বাধীনতা অর্জিত হয়।

কালপঞ্জী : (১) অহিংস অসহযোগ আন্দোলন—১৯২০-২২ খ্রীঃ। (২) খিলাফৎ আন্দোলন—১৯২০-২২ খ্রীঃ। (৩) ভারতীয় কমিউনিষ্ট পার্টির প্রতিষ্ঠা—১৯২৫ খ্রীঃ। (৪) স্বাধীনতা দিবস—২৬শে জানুয়ারী। (৫) প্রজাতন্ত্র দিবস—২৬শে জানুয়ারী। (৬) ডান্ডি অভিযান—১৯৩০ খ্রীঃ। (৭) আগষ্ট প্রস্তাব—৮ই আগষ্ট, ১৯৪২ খ্রীঃ। (৮) আজাদ হিন্দ সরকার স্থাপন—১৯৪৩ খ্রীঃ। (৯) ভারতীয় নৌ-বিদ্রোহ—১৯৪৬ খ্রীঃ। (১০) ভারতের স্বাধীনতা লাভ—১৫ই আগষ্ট, ১৯৪৭ খ্রীঃ। (১১) ভারতীয় প্রজাতন্ত্র ঘোষণা—২৬শে জানুয়ারী, ১৯৫০ খ্রীঃ।

কমিউনিষ্টরা গেরিলা যুদ্ধ চালিয়ে কুয়ো-মিন-তাং আক্রমণ প্রতিহত করে। সেন্সি প্রদেশে ভূমি সংস্কার দ্বারা কৃষকের হাতে জমি পেঁাছে দিলে কমিউনিষ্টরা ব্যাপক গণ সমর্থন পায়। সেন্সি প্রদেশে কমিউনিষ্টদের সুশাসনের কথা অবশিষ্ট চীনে ছড়িয়ে পড়ে। ফলে অন্যান্য প্রদেশেও কমিউনিষ্টদের গণসমর্থন বাড়ে। মাও-সে-তুং বিপ্লবী কৃষকদের নিয়ে যে জাতীয় বাহিনী গড়েন তা একটি শক্তিশালী সেনাদলে পরিণত হয়। এদিকে কুয়ো-মিন-তাং সরকারের দুর্নীতিপূর্ণ শাসনের ফলে এই সরকারের প্রতি লোকের আস্থা নষ্ট হয়। চিয়াং-কাইশেক দেশে বেকারদের কাজ দেওয়ার ব্যবস্থা, কলকারখানা স্থাপন না করে শুধু সেনাদল বাড়াতে থাকেন। ফলে চীনে বিদেশী মার্কিন মাল অবাধে বিক্রয় হতে থাকে।

তৃতীয় পাঠ : জাপানের মাঞ্চুরিয়া আক্রমণ : চীনে কমিউনিষ্ট বিপ্লব : ইতিমধ্যে ১৯৩১ খ্রীঃ সাম্রাজ্যবাদী জাপান, চীনের পূর্বাংশে মাঞ্চুরিয়া প্রদেশ আক্রমণ করে। জাতিসঙ্ঘ বা লীগ অফ নেশনস জাপানের এই আক্রমণের প্রতিবিধান করতে অক্ষম হয়। মাঞ্চুরিয়া অধিকারের পর জাপান উত্তর চীনে ঢুকে পড়ে। চীনের রাষ্ট্রপতি মার্শাল চিয়াং-কাইশেক আক্রমণকারী জাপানকে বাধা দান অপেক্ষা চীনা কমিউনিষ্টদের দমনের কাজে বেশী আগ্রহ দেখান। মার্কিন সরকার জাপানের বিরুদ্ধে যুদ্ধের জন্য মার্শাল চিয়াংকে অস্ত্র সাহায্য দেয়। কিন্তু মার্শাল চিয়াং সেই অস্ত্র কমিউনিষ্টদের বিরুদ্ধে ব্যবহার করেন। এমতাবস্থায় জাপানের আক্রমণে চীনের স্বাধীনতা বিপন্ন হয়ে পড়ে। জাপানের আক্রমণের বিরুদ্ধে যৌথভাবে কুয়ো-মিন-তাং ও কমিউনিষ্ট প্রতিরোধের জন্য চিয়াং-এর সহিত কমিউনিষ্টরা আলোচনায় আগ্রহ দেখায়। এই আলোচনার ছলে চীনা কমিউনিষ্টরা মার্শাল চিয়াংকে রাজধানী হতে সরিয়ে আনে। ১৯৩৬ খ্রীঃ চীনা কমিউনিষ্টরা রাষ্ট্রপতি চিয়াং-কাইশেককে সিয়ানে কৌশলে আটক করে। কমিউনিষ্ট নেতারা মার্শাল চিয়াংকে সমগ্র পরিস্থিতি বুঝিয়ে বলেন। ফলে এই স্থানে কুয়ো-মিন-তাং ও কমিউনিষ্টদের মধ্যে (১৯৩৬ খ্রীঃ) সিয়ান চুক্তি স্বাক্ষরিত হয়। উভয় গোষ্ঠী যৌথভাবে জাপানকে বাধা দিতে অঙ্গীকার করে।

ইতিমধ্যে দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরম্ভ হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপান মিত্র শক্তির বিরুদ্ধে নাৎসী জার্মানী ও ফ্যাসিষ্ট ইটালীর সহিত যোগ দেয়। ১৯৪১ খ্রীঃ জাপান পূর্ব এশিয়ায় মার্কিন ও বৃটিশ উপনিবেশের উপর আক্রমণ আরম্ভ করে। এদিকে কুয়ো-মিন-তাং চীন দ্বিতীয় বিশ্বযুদ্ধে মিত্রপক্ষের সহিত যোগ দেয়। ফলে চীন-জাপান যুদ্ধ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সহিত মিলিত হয়ে যায়। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের পরাজয় ঘটলে চীন জাপানের আক্রমণ হতে মুক্ত হয়। কিন্তু কুয়ো-মিন-তাং সরকারের সঙ্গে চীনে কমিউনিষ্টদের তীব্র গৃহযুদ্ধ চলতে থাকে। কুয়ো-মিন-তাং

সরকার ছিল বুর্জোয়া ও সামন্তদের সমর্থন-পুষ্ট। চীনা জনসাধারণ থেকে এই সরকার বিচ্ছিন্ন হয়ে পড়ে। মার্কিন অস্ত্রে সজ্জিত কুয়ো-মিন-তাং বাহিনী ছিল নৈতিক শক্তিহীন। অপর দিকে কমিউনিষ্ট বাহিনী ছিল আদর্শে উদ্দীপিত এবং গণ সমর্থন-পুষ্ট। ফলে চীনে কুয়ো-মিন-তাং সেনাদল ক্রমে ক্রমে উত্তর চীন হতে দক্ষিণ চীনে পিছু হটে যায়। শেষ পর্যন্ত তারা চীনা মূল ভূখণ্ড হতে বিতাড়িত হয়।

১৯৪৯ খ্রীঃ অক্টোবর মাসে চিয়াং-কাইশেক চীনের মূল ভূখণ্ড হতে চলে গিয়ে চীনের দক্ষিণে ফরমোজা বা তাইওয়ান দ্বীপে আশ্রয় নেন। তিনি এই দ্বীপে তাঁর সরকার স্থাপন করেন। এদিকে চীনের মূল ভূখণ্ডে মাও-সে-তুং-এর নেতৃত্বে লাল চীন সরকার গঠিত হয়। চীনা সমাজতান্ত্রিক সরকার ভূমি-সংস্কার ও সম্পত্তির জাতীয়করণ করে জনপ্রিয়তা পায়। চীনের বিপ্লবে ভূমিহীন দরিদ্র কৃষকের ভূমিকা ছিল খুব বেশী। মাওয়ের নেতৃত্বে তারা সংঘবদ্ধ হয়। সামন্ত ও জমিদার শ্রেণীকে কুয়ো-মিন-তাং সরকার সমর্থন করে। মাও ও কমিউনিস্ট দলের নেতৃত্বে ভূমিহীন কৃষকেরা কুয়ো-মিন-তাং সেনা ও সামন্ত শক্তিকে হঠিয়ে দেয়। চীনে বহু প্রগতিশীল সংস্কার চালু করা হয়। বিদেশীদের ব্যাঙ্ক, মূলধন ও কারখানার জাতীয়করণ করা হয়। শিক্ষা ব্যবস্থার সংস্কার করা হয়। এভাবে চীনের নূতন জাগরণ ঘটে। চীনে কমিউনিস্ট বিপ্লবের পশ্চাতে মাও-সে-তুং-এর নেতৃত্ব বিশেষভাবে কার্যকরী হয়। মাও-এর জন্ম হয় ১৮৯৩ খ্রীঃ হুনানের এক সম্পন্ন কৃষক পরিবারে। তিনি ছিলেন মেধাবী ছাত্র, কবি ও দার্শনিক প্রকৃতির মানুষ। ১৯২০ খ্রীঃ হতে তিনি কার্ল মার্কসের মতবাদে দীক্ষিত হন। তবে তিনি মার্কসের সঙ্গে চীনের অবস্থার সামঞ্জস্য স্থাপন করে তাঁর নীতি গঠন করেন। সেজন্য তাঁর নীতিকে মাওবাদ বলা হয়। তিনিই হলেন সমাজতান্ত্রিক চীনের জনক।



মাও-সে-তুং

কালপঞ্জী ঃ (১) চীনের কমিউনিস্ট বিপ্লব—১৯৪৯ খ্রীঃ।

অষ্টাদশ অধ্যায়

দক্ষিণ-পূর্ব এশিয়ায় বিপ্লব (১৯৪৫ খ্রীঃ)

প্রথম পাঠ : ইন্দোচীন বিপ্লব : ভারত ও চীনের মত দক্ষিণ-পূর্ব এশিয়ায় জাতীয়তাবাদী আন্দোলন আরম্ভ হয়। চীনের দক্ষিণে অবস্থিত ইন্দোচীনে বা ভিয়েতনামেও এই আন্দোলন দেখা দেয়। তোমরা জান যে, ঊনবিংশ শতকে ফরাসী সাম্রাজ্যবাদীরা ইন্দোচীন দখল করে। লিয়া চৌ নামে এক ব্যক্তি ভিয়েতনামে প্রাচীন ইতিহাস রচনা করলে দেশের প্রাচীন গৌরব সম্পর্কে লোকে সচেতন হয়। ফলে ভিয়েতনামী জাতীয়তাবাদ জোরদার হয়। ১৯০৫ খ্রীঃ রুশ-জাপান যুদ্ধে জাপানের জয় এবং ১৯১১ খ্রীঃ চীনে প্রজাতন্ত্রী বিপ্লব ভিয়েতনামীদের আত্মবিশ্বাস বাড়ায়। তারা বুঝতে পারে, চেষ্টা করলে ফরাসী অধীনতা হতে মুক্ত হওয়া সম্ভব হবে।



হো-চি-মিন

প্রথম বিশ্বযুদ্ধের পর ভিয়েতনামী জাতীয়তাবাদী দল গঠিত হয়। ডাঃ হো-চি-মিন্ নামে এক দেশপ্রেমিক কমিউনিষ্ট ভিয়েতনামে জাতীয় আন্দোলনের নেতৃত্ব দেন। ১৯৩১ খ্রীঃ ডাঃ হোর নেতৃত্বে জাতীয়তাবাদী দল ফরাসী শাসনের বিরুদ্ধে সশস্ত্র বিদ্রোহ ঘোষণা করে। ডাঃ হো-চি-মিন্ কৃষক, শ্রমিক, মধ্যবিত্তদের ঐক্যবদ্ধ করে ভিয়েতনামের মুক্তির জন্য সংগ্রাম চালান।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপানী সেনা ইন্দোচীন বা ভিয়েতনাম অধিকার করে। এ সময় ডাঃ হো-চি-মিনের নেতৃত্বে ভিয়েতনামীরা জাপানকে বাধা দেয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের পরাজয়ের ফলে ভিয়েতনাম হতে জাপানীরা চলে যায়। ফরাসীরা পুনরায় ভিয়েতনামে ফিরে আসে। তারা ভিয়েতনামী জাতীয়তাবাদের দাবী অগ্রাহ্য করে বাওদাই নামে ভিয়েতনামের রাজবংশের এক ব্যক্তিকে সিংহাসনে বসায়। বাওদাইকে নামেমাত্র ক্ষমতায় রেখে ফরাসীরা আসল ক্ষমতা অধিকার করে।

ভিয়েতনামী জনগণ ফরাসী সাম্রাজ্যবাদকে আর সহ্য করতে প্রস্তুত ছিল না। ১৯৪৭—১৯৫৪ খ্রীঃ পর্যন্ত ফরাসী ও ভিয়েতমিন সেনাদল অবিরাম সংঘর্ষে লিপ্ত হয়। ১৯৫৪ খ্রীঃ দিয়েন-বিয়েন ফু্র যুদ্ধে ভিয়েতনামী সেনাপতি গিয়াপ সুশিক্ষিত ফরাসী সেনাদের শোচনীয়ভাবে পরাস্ত করেন। দিয়েন-বিয়েন ফুর যুদ্ধে পরাজয়ের ফলে ফরাসী সরকার ভিয়েতনাম ত্যাগ করে। ১৯৫৪ খ্রীঃ জেনিভা চুক্তির দ্বারা স্থির হয় যে—

(১) আপাততঃ ভিয়েতনামকে ১৭শ অক্ষাংশ রেখায় দুই ভাগ করা হবে। উত্তর ভাগে ড়াঃ হো-চি-মিনের পরিচালিত ভিয়েতনামী কমিউনিষ্ট শাসন চলবে। দক্ষিণ ভাগে বাওদাই-এর শাসন চলবে। (২) ভারতের সভাপতিত্বে গঠিত একটি কমিশন সারা ভিয়েতনামে গণভোট গ্রহণ করবে। এই ভোটে যে দল জিতবে তারাই সংযুক্ত ভিয়েতনামে কেন্দ্রীয় সরকার গড়বে। (৩) ফরাসী সেনাদল ভিয়েতনাম ত্যাগ করবে।

ফরাসী ভিয়েতনাম ত্যাগ করার পর মার্কিন যুক্তরাষ্ট্রের প্রভাবে ভিয়েতনামে গণভোট রদ করা হয়। মার্কিন যুক্তরাষ্ট্র দক্ষিণ ভিয়েতনামে নিজ হাতে পুতুল সরকার স্থাপন করে উত্তর ভিয়েতনামের জনপ্রিয় সমাজতন্ত্রী সরকারকে কোণঠাসা করার চেষ্টা করে। মার্কিন সেনা, বিমান বহর দক্ষিণ ভিয়েতনামে নেমে পড়ে এবং ১৭ অক্ষাংশ সীমা ভেঙ্গে আক্রমণ চালায়। এর ফলে উত্তর ভিয়েতনামের সেনাদের সঙ্গে দীর্ঘকাল রক্তক্ষয়ী যুদ্ধ চলে। রাশিয়া ও চীন উত্তর ভিয়েতনামী সরকারকে অস্ত্র সাহায্য দেয়। শেষ পর্যন্ত ভিয়েতনামী বাহিনী মার্কিন সেনাদের যুদ্ধে পরাস্ত করে। দক্ষিণ ভিয়েতনামের শহরগুলি একের পর এক তাদের হাতে চলে যায়। অবশেষে মার্কিন সেনা ভিয়েতনাম ত্যাগ করে। সমগ্র ভিয়েতনামে স্বাধীন সমাজতন্ত্রী শাসন স্থাপিত হয়।

দ্বিতীয় পাঠঃ ব্রহ্মদেশের স্বাধীনতা লাভঃ ১৮৮৬ খ্রীঃ বৃটিশ সরকার ব্রহ্মদেশকে ভারতের সঙ্গে যুক্ত করে। ব্রহ্মের জাতীয়তাবাদীরা লক্ষ্য করেন যে, তাদের দেশে বৃটিশ সাম্রাজ্যবাদীরা বিরাট শোষণ চালায়। ব্রহ্মের জাতীয়তাবাদী ছাত্ররা Y.M.B.A. নামে এক জাতীয় সমিতি স্থাপন করে ব্রহ্মের স্বরাজ দাবী করে। এভাবে ব্রহ্মে জাতীয়তাবাদী আন্দোলন আরম্ভ হয়। ১৯৩৭ খ্রীঃ ব্রহ্মদেশকে ভারত হতে পৃথক করা হয়। ব্রহ্মের ছাত্রনেতা উ নু, উ আউংসান প্রভৃতি জাতীয় আন্দোলনের পুরোভাগে থাকেন।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানী সেনারা ব্রহ্মদেশ অধিকার করলে এই দেশে বৃটিশ সাম্রাজ্যবাদ দুর্বল হয়ে পড়ে। উ আউংসান এই সময় ফ্যাসিস্ট ও সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলন পরিচালনা করে ব্রহ্মের জাতীয়তাবাদকে জোরদার করেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইংরাজ ভারত ত্যাগ করতে উদ্যত হলে স্বভাবতঃই ব্রহ্মের নেতারা নিজ দেশের স্বাধীনতার দাবীকে তুলে ধরেন। ইতিমধ্যে উ আউংসান আততায়ীর হাতে নিহত হন। পরবর্তী নেতা উ-নুর নেতৃত্বে ১৯৪৮ খ্রীঃ ব্রহ্ম পূর্ণ স্বাধীনতা লাভ করে।

তৃতীয় পাঠঃ মালয়ের স্বাধীনতা লাভঃ ভারত ও ব্রহ্মের স্বাধীনতা লাভের ফলে বৃটেনের পক্ষে মালয়কে বৃটিশ সাম্রাজ্যের অধিকারে রাখা দুষ্কর হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় মালয় জাপানীদের দ্বারা অধিকৃত হয়েছিল। ফলে মালয়ে

বৃটিশ শাসন দুর্বল হয়ে পড়ে। ইতিমধ্যে ১৯৪৮ খ্রীঃ মালয়ে কমিউনিষ্ট দল ক্ষমতা লাভের জন্য গেরিলা যুদ্ধ চালায়। বৃটিশ বাহিনী শেষ পর্যন্ত তা দমিয়ে ফেলে। ইতিমধ্যে মালয়ে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হলে মালয় জাতীয় কংগ্রেস টেঙ্কু আবদুল রহমানের নেতৃত্বে জয়লাভ করে। বৃটিশ সরকার এই দলের হাতে ক্ষমতা (১৯৫৭ খ্রীঃ) অর্পণ করে। সিঙ্গাপুরে একটি স্বতন্ত্র স্বাধীন রাষ্ট্র গঠিত হয়।

চতুর্থ পাঠঃ **ইন্দোনেশিয়ার স্বাধীনতা লাভঃ** তোমরা হয়ত কবিগুরু রবীন্দ্রনাথের কবিতা "সাগর জলে সিনান করি শিথিল এলোচুলে" পড়েছ। সুমাত্রা, জাভা, বালি দ্বীপে প্রাচীন ভারতীয় সভ্যতাকে উদ্দেশ্য করে কবিগুরু এই কবিতা রচনা করেন। একদা ভারতীয় সভ্যতা এই দ্বীপময় অঞ্চলে বিস্তৃত হয়। এখনও এই অঞ্চলের জীবনযাত্রায় সেই সভ্যতার ছাপ দেখা যায়। সুমাত্রা, জাভা প্রভৃতি দ্বীপগুলি যার এখন নাম হল ইন্দোনেশিয়া তা ডাচ সাম্রাজ্যবাদীদের অধিকারে ঊনবিংশ শতকে চলে যায়।



সুকর্ণ

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপান ডাচদের বিতাড়িত করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের পরাজয় হলে ডাচ সাম্রাজ্যবাদীরা পুনরায় ১৯৪৫ খ্রীঃ ইন্দোনেশিয়া অধিকার করে। কিন্তু ইন্দোনেশিয় জাতীয়তাবাদীরা এই দেশের এক অংশ দখল করে প্রজাতন্ত্র স্থাপন করে। এর পর জাতীয়তাবাদীরা ডাচদের বিরুদ্ধে মুক্তিযুদ্ধ চালাতে থাকে। এক সময় ডাচ সেনাদল ইন্দোনেশিয়ার জাতীয়তাবাদী নেতা সুকর্ণ, ডাঃ মহম্মদ হাত্তা প্রভৃতিকে বন্দী করতে সমর্থ হয়। বহু জাতীয়তাবাদীকে নিহত করা হয়।

এই অত্যাচারের প্রতিবাদে ভারত, চীন প্রভৃতি এশিয় দেশগুলি ডাচ সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে কঠোর সতর্কবাণী জানায়। মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েত রাশিয়া ইন্দোনেশিয়ার স্বাধীনতা দাবীকে সমর্থন জানায়। ইন্দোনেশিয় গেরিলারা ডাচ সেনাদের বিব্রত করে। ফলে ১৯৪৯ খ্রীঃ ডাচ সরকার ইন্দোনেশিয়ায় প্রজাতন্ত্র স্বীকার করে। সুকর্ণ রাষ্ট্রপতি পদে নিযুক্ত হয়ে স্বাধীন ইন্দোনেশিয়ার স্বধীনতা স্থাপন করেন। ইন্দোনেশিয়ার স্বাধীনতালাভের ফলে দক্ষিণ-পূর্ব এশিয়া হতে সাম্রাজ্যবাদ লোপ পায়।

কালপঞ্জী: (১) ভিয়েতনামের বিপ্লব—১৯৪৩ খ্রীঃ।

ঊনবিংশ অধ্যায়

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জাতীয়তাবাদ ও সমাজতন্ত্রের অগ্রগতি

দ্বিতীয় বিশ্বযুদ্ধে ইঙ্গ-ফরাসী সাম্রাজ্যবাদী শক্তিগুলি জয়লাভ করলেও এই শক্তিগুলির জনবল ও অর্থবলের এমন ক্ষয় হয় যে, তাদের পক্ষে আর সাম্রাজ্য ধরে রাখা সম্ভব হয় নাই। এদিকে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ঔপনিবেশিক দেশগুলিতে জাতীয়তাবাদী ভাবধারা তীব্র হয়ে উঠে।

বিশ্বযুদ্ধের এই সংকটজনক অবস্থায় মার্কিন যুক্তরাষ্ট্র মিত্র শক্তির পক্ষে যুদ্ধে যোগ দেয়। মার্কিন রাষ্ট্রপতি রুজভেল্ট অনুভব করেন যে, ফ্যাসিস্ট শক্তির বিরুদ্ধে বিশ্বজনমতকে অনুকূলে আনতে হলে এই যুদ্ধের লক্ষ্য ঘোষণা করা দরকার। ফলে মার্কিন দেশের তরফে রুজভেল্ট ও বৃটেনের তরফে চার্চিল ১৯৪১ খ্রীঃ ১২ই আগস্ট আটলান্টিক সনদ ঘোষণা করেন। এই সনদে বলা হয় যে, আগ্রাসী ফ্যাসিস্ট শক্তির চূড়ান্ত পতন না ঘটা পর্যন্ত যুদ্ধ চালান হবে। কোন দেশের জনসাধারণের ইচ্ছার বিরুদ্ধে সেই দেশের ভূমি অধিকার করা হবে না। আটলান্টিক সনদ ইউরোপ ও আমেরিকার ১৫টি দেশ সমর্থন করে এবং আগ্রাসী ফ্যাসিস্ট শক্তির পতন ঘটাতে পণ করে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষ দিকে বিশ্বশান্তি রক্ষা এবং আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ নিষ্পত্তির জন্য একটি আন্তর্জাতিক সংস্থা গঠনের প্রয়োজনীয়তা দেখা দেয়। ১৯৪৫ খ্রীঃ সানফ্রান্সিসকো বৈঠকে জাতিপুঞ্জ বা U. N. O. স্থাপনের কর্মসূচী গ্রহণ করা হয়। শান্তিপূর্ণ উপায়ে আন্তর্জাতিক বিরোধের নিষ্পত্তি, আন্তর্জাতিক অর্থনৈতিক ও সাংস্কৃতিক যোগাযোগ বৃদ্ধি এবং যুদ্ধকে নিরোধ করার লক্ষ্য লইয়া জাতিপুঞ্জ স্থাপিত হয়। জাতিপুঞ্জের সদস্য রাষ্ট্রগুলির স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা এবং আক্রমণ হইতে রক্ষার জন্য জাতিপুঞ্জের সনদে বিভিন্ন ধারা গ্রহণ করা হয়। আগ্রাসী শক্তিকে শায়েস্তা করার দায়িত্বও জাতিপুঞ্জ নেয়। নিউইয়র্ক নগরীতে জাতিপুঞ্জের সদর স্থাপিত হয়। জাতিপুঞ্জকে কার্যকরী করার জন্য ইহাকে কয়েকটি সংস্থায় ভাগ করা হয় ; যথা নিরাপত্তা পরিষদ, সাধারণ সভা, আন্তর্জাতিক অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংস্থা, অছি পরিষদ, আন্তর্জাতিক আদালত প্রভৃতি।

জাতিপুঞ্জের সদস্য পদে ভারত প্রভৃতি সদ্য স্বাধীনতা-প্রাপ্ত দেশগুলি যোগদান করলে পাশ্চাত্য সাম্রাজ্যবাদী শক্তিগুলি কোণঠাসা হয়ে পড়ে। ভারত, ইন্দোনেশিয়া, সিংহল, মিশর, যুগোশ্লাভিয়া প্রভৃতি জোট-নিরপেক্ষ গোষ্ঠী গঠন করে সাম্রাজ্যবাদী চক্রান্তকে প্রতিহত করে। স্বাধীনতাকামী ঔপনিবেশিক দেশগুলির স্বাধীনতা লাভের

সমর্থনে জোটনিরপেক্ষ গোষ্ঠী এগিয়ে আসে। রাশিয়া প্রভৃতি সমাজতান্ত্রিক দেশগুলিও সাম্রাজ্যবাদ-বিরোধী আন্দোলনে সমর্থন জানায়। ফলে বিশ্বে সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলন তীব্রতর হয়। এশিয়া ও আফ্রিকার ঔপনিবেশিক দেশগুলির একে একে স্বাধীনতা লাভ ঘটে। আফ্রিকায় পশ্চিমী সাম্রাজ্যবাদীরা পিছু হটতে বাধ্য হয়। বিশ্বে নিপীড়িত জাতিগুলি সমাজতন্ত্র ও গণতন্ত্রের প্রতি আনুগত্য জানায়। এশিয়া, আফ্রিকার স্বাধীনতা-প্রাপ্ত দেশগুলি মোটামুটি এই আদর্শগুলিকে অনুসরণ করে। বান্দুং-এর (১৯৫৬ খ্রীঃ) আফ্রো-এশিয় সম্মেলনে গণতান্ত্রিক সমাজতন্ত্রের আদর্শ গৃহীত হয়। এইভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষে জাতীয়তাবাদ ও সমাজতন্ত্রের ভাবধারা দ্রুত শক্তি লাভ করে।

কালপঞ্জী: (১) আটলান্টিক সনদ—১৯৪১ খ্রীঃ। (২) জাতিপুঞ্জ ঘোষণা —১৯৪৫ খ্রীঃ।

আদর্শ প্রশ্নাবলী
(Model Questions)
প্রথম অধ্যায়

অবজেক্টিভ প্রশ্ন (১ নম্বরের মত) ঃ এক কথায় উত্তর দাও ঃ—(i) ইতিহাস কার জয়যাত্রার কাহিনী ? (ii) কিসের পরিবর্তন হলে সমাজ ব্যবস্থার পরিবর্তন ঘটে ? (iii) মধ্যযুগের অর্থনীতি প্রধানতঃ কিসের উপর নির্ভরশীল ছিল ? (iv) কারা কায়িক শ্রমের কাজকে ঘৃণা করত ? (v) গ্রাম থেকে বহু ভূমিদাস ও কৃষক শহরে এসেছিল কেন ? (vi) মধ্যযুগের কৃষি ব্যবস্থার পরিবর্তন ঘটে কেন ? (vii) কোথায় সমুদ্রকে বাঁধ দিয়ে চাষের জমি বের করা হয় ? (viii) কারা স্বাধীনভাবে চিন্তা করতে পারত ?

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন (৫ নম্বরের মত) ঃ—(i) মানুষের জয়যাত্রার কাহিনী যে ইতিহাস তার বিবরণ লিপিবদ্ধ কর। (ii) মধ্যযুগের উৎপাদন ব্যবস্থায় সামন্তশ্রেণীর ভূমিকা কি ছিল সংক্ষেপে লিখ। (iii) যে যে কারণে প্রধানতঃ সামন্তবাদের পতন ঘটে তা বিবৃত কর। (iv) মধ্যযুগের সমাজে সামন্তদের প্রধান প্রতিদ্বন্দ্বী হয়ে ওঠে কারা ? (v) নতুন নতুন নগর গড়ে ওঠার সঙ্গে ভূমিদাসদের উপর শোষণ করার কি সম্পর্ক ব্যাখ্যা কর।

প্রবন্ধমূলক প্রশ্ন (৯ নম্বরের মত) ঃ—(i) সামন্ত প্রথার অবক্ষয় বলতে কি বোঝায় ? কিরূপে তা ঘটল বুঝিয়ে বল। (ii) মধ্যযুগের শেষে কৃষি উৎপাদন প্রণালীতে কি উন্নয়ন ঘটেছিল ? তার ফল কি হয়েছিল ? (iii) মধ্যযুগের শেষে ইউরোপের উপর পরিবর্তনশীল অর্থনীতির কি প্রভাব পড়েছিল তা দেখাও।

মৌখিক প্রশ্ন ঃ—(i) আধুনিক যুগের অগ্রদূত কারা ছিল ? (ii) গ্রামে স্বাধীন কৃষক শ্রেণী ও শহরে বণিক শ্রেণীর উদ্ভব কিভাবে ঘটে ?

দ্বিতীয় অধ্যায়

অবজেক্টিভ প্রশ্ন ঃ—নীচের বাক্যগুলির মধ্যে যেটি ঠিক তার পাশে √ চিহ্ন এবং যেটি ভুল তার পাশে × চিহ্ন দিয়ে লিখে দেখাও ঃ—(i) রেনেসাঁস কথাটির অর্থ হল নবজাগরণ বা জাগৃতি। (ii) পঞ্চদশ শতক হতে প্রাচীন গ্রীক ও ল্যাটিন সাহিত্য দর্শনের চর্চা পুনরায় আরম্ভ হলে লোকেরা বুঝতে পারে যে প্রাচীন যুগে গ্রীস ও রোমের লোকেরা স্বাধীন জীবন যাপন করতে পারত না। (iii) গ্রীক ও ল্যাটিন সাহিত্য চর্চার ফলে ষোড়শ শতক হতে ইউরোপে ধর্ম-নিরপেক্ষ যুক্তিবাদী ধারার উদ্ভব হয়। (iv) ইউরোপে এই রেনেসাঁসের সূচনা ধরা হয় দ্বাদশ শতাব্দী থেকে। (v) ইউরোপের নবজাগরণ হঠাৎ একদিনেই ঘটেছিল। (vi) ইটালীর লোকেদের

কথ্য ভাষা ছিল ল্যাটিন। (vii) ইটালীতে ভেনিস নগর রেনেসাঁস আন্দোলনের কেন্দ্র হয়ে উঠে। (viii) ফ্রান্সের রাজা পঞ্চম চার্লস গ্রীক পণ্ডিতদের ফ্রান্সে আমন্ত্রণ করে আনেন। (ix) ইউরোপের পণ্ডিতেরা গ্রীক ও ল্যাটিন সাহিত্যের জীবনমুখী ভাবধারা গ্রহণ করেছিলেন। (x) ইটালীর রেনেসাঁস আন্দোলনের পথিকৃৎ ছিলেন দান্তে। (xi) পেত্রার্ক ডিভাইন কমেডি লিখে বিখ্যাত হন। (xii) পেত্রার্কের শিষ্য বোকাচ্চিও ছিলেন কবি ও লেখক। (xiii) ম্যাকিয়েভেলী ঘোষণা করেন যে রাজনীতির সঙ্গে ধর্ম ও ন্যায়নীতির ঘনিষ্ঠ সম্বন্ধ আছে। (xiv) চসারের লেখা ক্যান্টারবেরী টেলসকে লোকসাহিত্যও বলা যায়। (xv) সেক্সপীয়ারের রচনায় মানবতাবাদ ও জাতীয়তাবাদের অভাব দেখা যায়। (xvi) মাইকেল এঞ্জেলো জগদ্বিখ্যাত মোনালিসা ছবিটি আঁকেন। (xvii) গ্যালিলিও পোপের আদেশে শেষজীবন কারাগারে বন্দী ছিলেন।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) ইউরোপে রেনেসাঁসের প্রকৃতি কিরূপ ছিল সে বিষয়ে একটি সংক্ষিপ্ত প্রবন্ধ লিখ। (ii) যুক্তিবাদী মনোভাব কিভাবে ইউরোপে ছড়িয়ে পড়ে তার বিষয় যা জান লিখ। (iii) ইউরোপে কখন থেকে রেনেসাঁসের সূচনা ধরা হয় ও কেন? (iv) ফ্লোরেন্স শহরকে দ্বিতীয় এথেন্স কেন বলা হত? (v) কিভাবে আল্পস্-পারের দেশে নবজাগরণের প্রভাব বিস্তৃত হয়? (vi) হিউম্যানিষ্ট বা মানবতাবাদীরা কি বিষয়বস্তু নিয়ে সাহিত্য রচনা করতেন? (vii) টীকা লিখ— বোকাচ্চিও, ম্যাকিয়েভেলী, উইলিয়াম সেক্সপীয়ার, জিওফ্রে চসার, ফ্রান্সিস বেকন, ইরাসমাস।

প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) "একেই বলা হয় রেনেসাঁসের ভাবধারা"—উদাহরণ সহকারে উক্তিটির ব্যাখ্যা কর। (ii) ইউরোপের নবজাগরণ কখন ঘটে? তার পূর্বে যখন হতে এর ক্ষেত্র প্রস্তুত হচ্ছিল তার পরিচয় প্রদান কর। (iii) ইটালীতে রেনেসাঁসের বিস্তৃতির একটি সহজ সুন্দর ইতিহাস রচনা কর। এতে বিভিন্ন শহরের ভূমিকাগুলির উল্লেখ কর। (iv) চিন্তার ক্ষেত্রে নবজাগরণের স্বরূপ কি? সে বিষয়ে যা জান লিখ। বর্ণনা প্রসঙ্গে পেত্রার্ক ও বোকাচ্চিওর ভূমিকা বিশ্লেষণ কর। (v) রেনেসাঁস শিল্পকলা সম্বন্ধে বিভিন্ন নায়কের ভূমিকা দিয়ে একটি সুখপাঠ্য সংক্ষিপ্ত নিবন্ধ রচনা কর। (vi) নবজাগরণের যুগে বিজ্ঞানের কি অগ্রগতি ঘটেছিল? সেই প্রসঙ্গে বিজ্ঞানীদের উপর ধর্মযাজকদের অত্যাচারের উল্লেখ কর।

মৌখিক প্রশ্ন :—(i) যুক্তিবাদের অর্থ বলতে পারো? যুক্তিবাদের জাগরণের ফলে সমাজের কি লাভ হয়েছিল? (ii) আচ্ছা, রেনেসাঁস তো একদিনের ঘটনা নয়। তবে মধ্যযুগের কোন্ সময় থেকে এর আভাস পাওয়া যায়? আর সে যুগের বিশ্ব-বিদ্যালয়গুলির ভূমিকা এতে কতটুকু ছিল? (iii) সে যুগের প্রধান প্রধান কয়টি বিশ্ববিদ্যালয়ের নাম কর। (iv) রেনেসাঁস যুগে ফ্লোরেন্সের এত নাম হয় কেন তার কারণ বলতে পারো? তখনকার ফ্লোরেন্সকে কি বলা হত? (v) তোমরা তো ষষ্ঠ শ্রেণীতে পড়েছ পেরিক্লিসের কথা। বলতে পারো পেরিক্লিসের যুগের এথেন্সের এত

নাম কেন? (vi) ইটালীর রেনেসাঁস যুগের পথিকৃৎ পেত্রার্কের কাব্য রচনার রীতি আমাদের দেশের এক মহাকবিকে প্রেরণা দিয়েছিল। তাঁর নাম বলতে পারো? তিনি সেই প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে কি রচনা করেন?

তৃতীয় অধ্যায় (ক ও খ)

অবজেকটিভ প্রশ্ন :—নিম্নলিখিত বাক্যগুলির শূন্যস্থান পাশের ব্র্যাকেটের মধ্যের শুদ্ধ শব্দ দ্বারা পূরণ কর :—(i) তেরশ শতকে—(মার্কো পোলো/ইবন বতুতা) চীন, সিংহল ভ্রমণ করেন। (ii) পৃথিবী যে—(গোল/চ্যাপ্টা) এই তথ্য জানলে সমুদ্রযাত্রা সহজ হয়। (ii) —(ইটালীর/আরবের) বণিকরা ভারত থেকে বহুমূল্য দ্রব্য এনে আলেকজান্দ্রিয়া বন্দরে জমা করত। (iv) এর পর—(প্রিন্স হেনরী/বার্থোলমিউ দিয়াজ) আফ্রিকার দক্ষিণ সীমা আবিষ্কার করেন। (v) (পেড্রোকেব্রাল/কলম্বাস)—ব্রেজিলে উপনিবেশ স্থাপন করেন। (vi) প্রশান্ত মহাসাগর নাম দেন —(ম্যাগেলান/দিয়াজ)। (vii) মধ্যযুগে খ্রীষ্টীয় দেশগুলি (সম্রাটের/পোপের) নেতৃত্ব মেনে চলত। (viii) মধ্যযুগের শেষ দিকে — (জাতীয় রাষ্ট্রের/পবিত্র রোমান সাম্রাজ্যের) আদর্শ জেগে উঠে।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) ভারত যে সোনার খনির দেশ তাহা ইউরোপের লোক কিভাবে জানতে পারে? সংক্ষেপে তা লিখ। (ii) সমুদ্র পাড়ি দিয়ে অজানা দেশকে জানার কাজ কিভাবে সহজ হয়েছিল তার বিবরণ লিপিবদ্ধ কর। (iii) কনস্টান্টিনোপলের পতনের আগে পর্যন্ত ইটালীয়রা কিভাবে বাণিজ্য করত তার বিবরণ দাও। (iv) নতুন দেশ আবিষ্কারের প্রেরণা আসে কিসে? (v) কলম্বাসকে কে সাহায্য করেন এবং কেন? (vi) পৃথিবী যে গোলাকার তা কি করে প্রমাণ হয়? (vii) স্পেন কোন্ কোন্ প্রাচীন সভ্যতার দেশ লুণ্ঠন করে সোনারূপা দেশে নিয়ে যেত? (viii) কোন্ সময় জাতীয় রাষ্ট্রের আদর্শ জাগে? (ix) কোন্ আন্দোলনের ফলে জাতীয় রাষ্ট্রের আদর্শ জোরদার হয়?

প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) ভৌগোলিক আবিষ্কারের পিছনে বৈজ্ঞানিক আবিষ্কারের কারণগুলি বিশ্লেষণ করে নবজাগরণের যুগে দুঃসাহসী অভিযাত্রীদের দু একজনের বিষয় উল্লেখ কর। (ii) ভৌগোলিক আবিষ্কারের পেছনে অর্থনৈতিক কারণগুলি ব্যাখ্যা কর। (iii) আমেরিকা আবিষ্কারের কাহিনী বিস্তৃতভাবে বিবৃত কর। মহাদেশটির এই নামকরণ কেন হয়? (iv) ভৌগোলিক আবিষ্কারের ফলাফল বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা কর। (v) ভৌগোলিক আবিষ্কারের সঙ্গে ইউরোপের বিস্তার সম্পর্ক আলোচনা কর। (vi) মধ্যযুগে ইউরোপে জাতীয় রাষ্ট্রের উদ্ভব সম্পর্কে কি জান?

মৌখিক প্রশ্ন :—(i) এ্যাস্ট্রোল্যাবের কথা মনে আছে? এটি দিয়ে কি করা হয় বলতে পারো? (ii) আরব বণিকদের হাতে ছিল ভারতের যত বাণিজ্য। সে সব বাণিজ্য দ্রব্য কি করে ইউরোপের ভেতরে চালান হত বল তো? (iii) পর্তুগালের

দুঃসাহসী যুবরাজের নাম বলতে পারো ? (iv) 'ঝড়ের অন্তরীপ' নামটি কাকে দেওয়া হয় ? কে দেন এই নাম ? (v) পর্তুগীজ নাবিক আলবুকার্ক কে ছিলেন ? (vi) মধ্য ও দক্ষিণ আমেরিকার দুটি উন্নত সভ্যতার নাম কর। (vii) মধ্যযুগে ইউরোপের কয়েকটি বিখ্যাত রাজবংশের নাম কর।

চতুর্থ অধ্যায়

অবজেকটিভ প্রশ্ন ঃ নীচে পাশাপাশি দুই সারির বাক্যাংশগুলিকে অর্থপূর্ণ সঠিক ভাবে সাজাইয়া নূতন করিয়া লিখ ঃ—

(i) ১৬শ শতকে গীর্জার অধিকাংশ ইরাসমাস প্রভৃতি মানবতাবাদী	আদিতে হিব্রুভাষায় লেখা ছিল।
(ii) খ্রীষ্টানদের ধর্মগ্রন্থ বাইবেল	মঠগুলিরও বহু ভূসম্পত্তি ছিল।
(iii) গীর্জার অধীন	ধর্মপ্রচারক জন হাস প্রভাবিত হন।
(iv) ক্যাথলিক গীর্জার বিরুদ্ধে ধর্মবিপ্লবের	সর্বপ্রথম ধর্ম আন্দোলনের সূচনা করেন।
(v) ট্রেন্টের ধর্ম সভায় ক্যাথলিক ধর্মের	গীর্জার সংস্কার দাবী করেন।
(vi) ওয়াইক্লিফ সর্বপ্রথম ইংলণ্ডে	আর্মাডার খুব ক্ষতি হয়।
(vii) লুথারের ধর্মমতে জার্মানি	স্রষ্টা হিসাবে লুথারের নাম চিরস্মরণীয়।
(viii) জন ওয়াইক্লিফের ভাবধারায় বোহিমিয়ায়	যাজকরা ছিল নীতিহীন ও অর্থলোভী।
(ix) ইংলিশ চ্যানেলের প্রথম যুদ্ধে	কয়েকটি মূলনীতি স্থির করা হয়।
(x) হল্যাণ্ডের প্রোটেস্ট্যাণ্টরা ফিলিপের	বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন ঃ—(i) জাগৃতি আন্দোলনের ফলে কি হয়েছিল সংক্ষেপে লিখ। (ii) ইটালীতে স্যাভানারোলার বিষয় কি জান ? (iii) মধ্যযুগের পোপ ও তার তরফের বিশপরা কি দাবী করতেন ? (iv) গরীব লোকেরা ধর্মবিপ্লবে কেন সমর্থন জানায় ? (v) লোলার্ডরা ছড়া দ্বারা কি প্রচার করতেন ? (vi) ব্যক্তিগত সম্পত্তি সম্বন্ধে ওয়াইক্লিফ, জন হাস এবং লুথারের কি বক্তব্য ছিল ? (vii) জার্মান কৃষকরা কার প্রভাবে কেন বিদ্রোহ করেন ? (viii) লুথারের প্রভাবে জার্মানীতে কি গড়ে ওঠে ? (ix) ইংলণ্ডে ধর্ম বিপ্লবের ক্ষেত্র কি ভাবে তৈয়ারী হয়। (x) পোপ দশম লিওকে কে কি বুঝিয়েছিলেন ? তার ফলে কি হয় ? (xi) ইনকুইজিশন প্রথার মূলে কি ছিল ? (xii) ইনকুইজিশন আদালতে অভিযুক্তদের কি বলা হত ? (xiii) জেসুইট সন্ন্যাসী কাদের বলে ? কে সেই সম্প্রদায় সৃষ্টি করেন ? (xiv) ট্রেণ্টের কাউন্সিল বিষয় সংক্ষেপে বিবৃত কর। (xv) অগাস্‌বার্গের সন্ধির দ্বারা কিসের সমাপ্তি সূচিত হয় ? (xvi) নেদারল্যাণ্ডে ধর্মবিপ্লব কার

প্রভাবে অনুষ্ঠিত হয় এবং কেন? (xvii) ইংলণ্ডের সঙ্গে স্পেনীশ আর্মাডার বিরোধের বিবরণ লিপিবদ্ধ কর। (xviii) টীকা লিখঃ ওয়াইক্লিফ, জন হাস, কলভিন, ইণ্ডালজেন, লোলার্ড।

প্রবন্ধমূলক প্রশ্নঃ (i) ইউরোপে ধর্মবিপ্লবের পটভূমি বিবৃত করে তার গতি ও পরিণতি সংক্ষেপে বিবৃত কর। (ii) মার্টিন লুথার কিভাবে পোপের বিরুদ্ধতা করেছিলেন এবং পোপ তার বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছিলেন তাহা লিখ। (iii) "ক্যাথলিক গীর্জার দুর্নীতির বিরুদ্ধে ওয়াইক্লিফ ও জন হাস যে প্রতিবাদ আরম্ভ করেন জার্মানীতে মার্টিন লুথার তাকে পূর্ণতা দেন"—উদ্ধৃতিটির সত্যতার সমর্থনে তোমার যুক্তিজাল বিস্তার কর। (iv) জার্মানীতে জাতীয় গীর্জা গড়ে উঠবার কারণ সবিস্তারে বর্ণনা কর। (v) ইংলণ্ডে ধর্মবিপ্লবের রূপ ও বিস্তারের বিবরণ লিপিবদ্ধ কর। (vi) ক্যাথলিক গীর্জার সংস্কার আন্দোলন কোন্ কোন্ ধারায় প্রবাহিত হয়? ইহার অভ্যন্তরীণ সংস্কার আন্দোলন সম্বন্ধে যাহা জান লিখ। (vii) মধ্যযুগের জ্ঞান-বিজ্ঞান চর্চা এবং ব্যক্তি স্বাধীনতার বিপক্ষে সর্বপ্রধান প্রতিক্রিয়াশীল ছিল—ইনকুইজিশন প্রথা। উদাহরণসহ তাহা প্রমাণিত কর। (viii) ধর্ম সংস্কার উপলক্ষে ইউরোপের ধর্মযুদ্ধের বিবরণ লিখ। (ix) ডাচ বিদ্রোহের পটভূমি বিবৃত করে বিদ্রোহের প্রসার ও ফলাফল বিবৃত কর। ডাচদের পক্ষে কে নেতৃত্ব দেন? (x) ইংলণ্ডে ক্যাথলিক বিরোধী মতবাদ ধ্বংস করতে কে কি ব্যবস্থা গ্রহণ করে এবং তার কি পরিণতি ঘটে লিখ।

মৌখিক প্রশ্নঃ—(i) খ্রীষ্টানদের ধর্মগ্রন্থ বাইবেল কোন্ ভাষায় রচিত? ধর্ম বিপ্লবের অন্যতম উদ্দেশ্য কি ছিল? (ii) জন ওয়াইক্লিফ কোথায় তাঁর মতবাদ প্রচার করেন? (iii) জন হাসকে শেষ পর্যন্ত কি ভাবে মৃত্যুবরণ করতে হয়? (iv) "বিশ্বাসে ভগবানের আশীর্বাদ পাওয়া যায়"—কথাটি কার? (v) লুথারের খোলা পত্রে উল্লিখিত দু-একটি তথ্যের উল্লেখ করতে পার? (vi) পোপ লুথারকে কি শাস্তি দিতে চেয়েছিলেন? (vii) ক্যাথলিক গীর্জার অভ্যন্তরীণ সংস্কার আন্দোলনে কোন্ সংঘ বিশেষ খ্যাতিলাভ করেছিল? (viii) ইনকুইজিশন আদালতে শাস্তির স্বরূপ সম্বন্ধে কিছু বলতে পারো? (ix) সোসাইটি অব নেশন কে প্রতিষ্ঠা করেন এবং তার প্রতিষ্ঠানের সভ্যদের কি বলে? (x) পবিত্র রোমান সাম্রাজ্য কোথায়? ধর্মযুদ্ধের সময় সম্রাট কে ছিলেন? (xi) স্পেনের স্বৈরাচারী সম্রাটের নাম কি?

পঞ্চম অধ্যায়

অবজেক্টিভ প্রশ্নঃ নিম্নলিখিত বাক্যগুলিতে লিখিত বাক্যাংশগুলির মধ্যে শুদ্ধটি বাছিয়া নূতন করিয়া লিখ:—(i) রাণী এলিজাবেথের মৃত্যু হলে টিউডর/স্টুয়ার্ট বংশের রাজা প্রথম জেমস সিংহাসনে বসেন। (ii) এদিকে ম্যাগনা কার্টার/পিটিশন অব রাইটের আমল থেকে রাজাকে কর আদায় করতে হলে পার্লামেণ্টের অনুমোদন প্রয়োজন হত। (iii) প্রথম চার্লস এগারো বছর পার্লামেণ্টের অধিবেশন

ডেকে/না ডেকে দেশ শাসন করতেন। (iv) লং পার্লামেন্ট গ্রেট রেমন্সট্রান্স/হাম্বল পিটিশন দ্বারা রাজাকে ধর্মীয় ব্যাপারে হস্তক্ষেপ করতে নিষেধ করে। (v) ইংলণ্ডের রাজা প্রথম চার্লস/দ্বিতীয় জেমসের প্রাণদণ্ড হয়।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) ইংলণ্ডের সপ্তদশ শতকের বিপ্লব কাকে বলে? (ii) প্রথম জেমস এবং প্রথম চার্লস পার্লামেন্ট সম্বন্ধে কি ভাবতেন? (iii) পিউরিট্যান কাদের বলে? (iv) লং পার্লামেন্টে ঢুকে রাজা প্রথম চার্লস কি করেন? (v) দ্বিতীয় স্টুয়ার্ট বংশের পুনঃ প্রতিষ্ঠার বিবরণ সংক্ষেপে লিখ। (vi) সাংবিধানিক শাসক হিসেবে ক্রমওয়েল কতটা সার্থক ছিলেন লিখ। (vii) ইংলণ্ডের কোন্ বিপ্লব বিনা রক্তপাতে সম্পন্ন হয়? (viii) টীকা লিখ :— নিউ মডেল আর্মি, রাম্প পার্লামেন্ট, হেবিয়াস কর্পাস আইন, টলারেশন এ্যাক্ট।

প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) প্রথম চার্লসের সময় পার্লামেন্টের সহিত রাজার বিরোধের বর্ণনা কর। কোন্ কারণ থেকে প্রথম যুদ্ধ আরম্ভ হয়? (ii) ক্রমওয়েল-এর শাসনকাল ও গণতান্ত্রিকতার প্রতি তার দৃষ্টিভঙ্গী বিবৃত কর। (iii) গৌরবজনক বিপ্লব কাকে বলে? তার পারম্পরিক ঘটনাবলী লিপিবদ্ধ কর। (iv) গৌরবজনক বিপ্লবের পরে যে-সব আইন পাশ হয় তাদের বিষয় সংক্ষেপে বর্ণনা কর।

মৌখিক প্রশ্ন :—(i) রাণী এলিজাবেথ কোন্ বংশের ছিলেন? (ii) স্টুয়ার্ট রাজবংশের সহিত এলিজাবেথের বংশের দৃষ্টিভঙ্গীর কি পার্থক্য ছিল? (iii) পিউরিট্যান কাদের বলে? (iv) ক্রমওয়েলকে কি উপাধি দেওয়া হয়েছিল? (v) পার্লামেন্ট কার পদ শূন্য বলে ঘোষণা করে?

ষষ্ঠ অধ্যায়

অবজেক্টিভ প্রশ্ন : ব্র্যাকেটের মধ্যের প্রদত্ত শুদ্ধ শব্দ বা বাক্যাংশ দ্বারা নিম্নলিখিত বাক্যগুলির শূন্যস্থান পূর্ণ কর :—(i) মুঘল সাম্রাজ্যের স্থাপয়িতা— (বাবরের/শের শাহের) নাম শুনিয়াছ। (ii) (১৫২৬/১৫২৭ খ্রীঃ)-এ পাণিপথের প্রথম যুদ্ধে জয়ী হয়ে বাবর ভারতে মুঘল শাসন প্রতিষ্ঠা করেন। (iii) (শের শাহ/হিমু) দিল্লী আক্রমণ করলে হুমায়ুন পারস্যে আশ্রয় নেন। (iv) মেবারের রাণা (প্রতাপসিংহ/মানসিংহ) আকবরের বিরুদ্ধে অস্ত্র ধারণ করেন। (v)—(শাজাহানের/জাহাঙ্গীরের) রাজত্বকালকে মুঘল সাম্রাজ্যের স্বর্ণ যুগ বলে। (vi) মুঘল যুগে সমাজ ছিল—(ধনতান্ত্রিক/সামন্তবাদী)। (vii)—(টেমাস রো/বার্ণিয়ের) ঔরঙ্গজেবের সময় ভারতে এসেছিলেন। (viii) ভারতে সকলের আগে আসে—(পর্তুগীজ/ওলন্দাজ) বণিকরা। (ix) কর্ণাটকে ইংরাজ পক্ষের নেতা ছিলেন—(ডুপ্লে/ক্লাইভ)। (x) শিবাজী—(সুরাট/কলিঙ্গ) বন্দর লুণ্ঠন করেন। (xi) শিবাজীর গুরু ছিলেন—(রামদাস সমর্থ/গুরু গোবিন্দ)। (xii) (নানক/গুরু গোবিন্দ সিং) ছিলেন শিখ ধর্মের প্রতিষ্ঠাতা। (xiii) রণজিৎ সিংহের রাজধানীর নাম ছিল—(অমৃতসর/লাহোর)।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) বাবর কর্তৃক ভারতে মুঘল সাম্রাজ্য প্রতিষ্ঠার কাহিনী বিবৃত কর। (ii) দিল্লীর কোন্ মুঘল সম্রাট দুবার সিংহাসন লাভ করেন? কেন তাঁকে দুবার সিংহাসন লাভ করতে হয়েছিল—তা লিখ। (ii) আকবরের দিগ্বিজয়ের বিবরণ লিপিবদ্ধ কর। (iv) শাজাহানের রাজত্বকালকে মুঘলদের স্বর্ণ যুগ কেন বলা হয়? (v) ঔরঙ্গজেবের ধর্মান্ধ নীতির ফলে কি প্রতিক্রিয়া ঘটেছিল? (vi) মুঘল যুগের সমাজের বিবরণ দাও। (vii) মুঘল যুগের কোনও এক পর্যটকের বিবরণ হতে দেশের বিবরণ দাও। (viii) ডুপ্লে কে ছিলেন? তাঁর নাম স্মরণীয় কেন? (ix) কোন্ পেশবার শাসনকালে ভারতে মারাঠা রাজত্ব সর্বাপেক্ষা বিস্তৃতি লাভ করে? তার পরিণতিতে কি ঘটে? (x) গুরু গোবিন্দ সিং শিখদের কিভাবে সংগঠিত করেন তার পরিচয় দাও।

প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) ভারতের ইতিহাসে শের শাহের কৃতিত্ব বিচার কর। (ii) মুঘল সাম্রাজ্যের বিস্তৃতিতে আকবরের অবদান আলোচনা কর। (iii) মুঘল সাম্রাজ্যের পতনে ঔরঙ্গজেবের দায়িত্ব কতখানি বলে মনে কর। যুক্তিসহ তোমার বক্তব্য সমর্থন কর। (iv) মুঘল যুগের সমাজের অর্থনৈতিক অবস্থার বিবরণ দাও। বিদেশী পর্যটকদের বিবরণ হতে তার কতটা সমর্থন পাওয়া যায়? (v) মুঘল সাম্রাজ্যের পতনের কারণগুলির বিস্তৃত আলোচনা কর। (vi) কর্ণাট প্রদেশে ইঙ্গ-ফরাসী প্রতিদ্বন্দ্বিতার ইতিহাস বিবৃত কর। (vii) কোন্ যুদ্ধে ইংরাজদের আত্মরক্ষার সংগ্রামের অবসান ঘটে? সে যুদ্ধের কারণ ও ফলাফলগুলি বিবৃত কর। (viii) সাম্রাজ্য সংগঠক ও শাসকরূপে শিবাজীর কৃতিত্ব বিচার কর। (ix) প্রথম তিনজন পেশবার আমলে ভারতে মারাঠাশক্তির বিকাশের ইতিহাস বর্ণনা কর। (x) শিখ শক্তির উত্থানে রণজিৎ সিংহের ভূমিকা বর্ণনা কর।

মৌখিক প্রশ্ন :—(i) মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতার নাম বলতে পার? তাঁর নামের অর্থ কি জানো? (ii) পাণিপথের দ্বিতীয় যুদ্ধে আকবরের সহিত কার যুদ্ধ হয়েছিল? সে যুদ্ধ কবে ঘটেছিল? (iii) রাণা প্রতাপের সহিত আকবরের কোথায় যুদ্ধ হয় এবং কবে? (iv) কোন্ রাজপুত রাণার সহিত যুদ্ধে ঔরঙ্গজেব পরাজয় বরণ করেন? (v) মনসবদার প্রথা কি? কে তাহা প্রবর্তন করেন? (vi) মুঘল যুগের সমাজের চিত্র কিরূপ ছিল? (vii) ঔরঙ্গজেবের মৃত্যু কবে ঘটে? (viii) ইংরাজগণ কার নিকট হতে দেওয়ানী লাভ করেন এবং কত সালে? (ix) ইস্ট ইণ্ডিয়া কোম্পানী কবে কলিকাতা নগর পত্তন করে? (x) শিবাজীর পতাকার রং কেমন ছিল ও তার নাম কি ছিল? (xi) কোন্ শিখগুরু "শির দেন তবু সার দেন নি।" তখন কোন্ মুঘল সম্রাটের রাজত্ব চলছিল? (xii) অমৃতসরের সন্ধি কাদের মধ্যে সমাপ্ত হয় ও কবে?

সপ্তম অধ্যায়

অবজেকৃটিভ প্রশ্ন : নিম্নলিখিত বাক্যগুলির মধ্যের সঠিকগুলি লিখিয়া, ভুল বাক্যগুলির ভুল সংশোধন কর :—(i) কোম্পানী ১৭১৭ খ্রীঃ সম্রাট শাহ আলমের কাছ

থেকে বিনা শুল্কে বাণিজ্যের ফর্মাণ যোগাড় করে। (ii) তিনি আলিনগরের সন্ধি দ্বারা কোম্পানীর সাথে শান্তি স্থাপন করেন। (iii) পলাশীর যুদ্ধে মীরকাশিম, সম্রাট শাহ আলম এবং অযোধ্যার নবাবের সৈন্যদল ইংরাজের কাছে পরাজিত হয়। (iv) বিলাতের কর্তৃপক্ষ পুরন্দরের সন্ধি নাকচ করলে পুনরায় ইঙ্গ-মারাঠা যুদ্ধ বাধে। (v) ওয়ারেন হেস্টিংস তৃতীয় মহীশূর যুদ্ধে টিপুকে পরাস্ত করেন। (vi) আসাই ও প্রতাপগঞ্জের যুদ্ধে ভোঁসলে ও সিন্ধিয়া পরাজিত হন। (vii) ১৮৪৯ সালে অমৃতসরের সন্ধি স্বাক্ষরিত হয়। (viii) ডালহৌসী স্বত্ববিলোপ নীতি প্রচার করেন। (ix) ১৮৫৭ সালের বিদ্রোহকে ইংরাজ ঐতিহাসিকেরা মহাবিদ্রোহ বলে। (x) শিক্ষিত ভারত-বাসীরা বুঝতে পারে যে ভারতে দারিদ্র্যের জন্য ইংরাজের শোষণই দায়ী।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) সিরাজউদ্দৌলার সঙ্গে ইংরাজ কোম্পানীর বিরোধের কারণ উল্লেখ কর। (ii) পলাশীর যুদ্ধ ও বক্সার যুদ্ধের ফলাফল তুলনা কর। (iii) সলবাই-এর সন্ধি কবে হয় ও কাদের মধ্যে কেন হয়? (iv) "বশ্যতামূলক নীতি" কি? কে এটা প্রবর্তন করেন? (v) ওয়েলেসলীর সঙ্গে মারাঠাদের যুদ্ধ সম্বন্ধে যা জান লিখ। (vi) ডালহৌসী যুদ্ধ ব্যতীত অন্য কি কি উপায়ে ভারতের রাজ্য গ্রাস করেন? (vii) সিপাহী বিদ্রোহের পিছনে সামরিক কারণ কি ছিল? (viii) সিপাহী বিদ্রোহকে জাতীয় বিদ্রোহ বলা যায় কিনা আলোচনা কর।

প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) ভারতে ইংরাজ শাসন বিস্তারে কোন্ কোন্ গভর্ণর জেনারেল প্রধান ভূমিকা গ্রহণ করেন? তাঁরা কোন্ নীতি অনুসরণ করে তাঁদের উদ্দেশ্য সফল করেন? (ii) হায়দর আলি ও টিপু সুলতানের সঙ্গে কোন্ কোন্ ইংরাজ গভর্ণর জেনারেলের যুদ্ধ হয়? সে যুদ্ধের বিবরণ লিপিবদ্ধ কর। (iii) ইঙ্গ-মারাঠা যুদ্ধের বিবরণ দিয়ে দেখাও কিভাবে নিজেদের মধ্যের অনৈক্য তাদের পতন ত্বরান্বিত করেছে। (iv) ভারতে সিপাহী বিদ্রোহের কারণ বিবৃত কর। (v) সিপাহী বিদ্রোহের ব্যর্থতার কারণগুলি লিপিবদ্ধ কর। (vi) বিদ্রোহ দমনের পর ভারতের রাজনৈতিক ও অর্থনৈতিক অসন্তোষের বিবরণ দাও।

মৌখিক প্রশ্ন :—(i) বলতে পারো কে কবে কলকাতায় ইংরাজদের বাণিজ্য কুঠি পত্তন করেন? (ii) আলিনগরের সন্ধি কাদের মধ্যে ও কেন হয়েছিল জানো? (iii) বক্সারের যুদ্ধের পর সম্রাট শাহ আলমের সঙ্গে ক্লাইভের কি চুক্তি হয়েছিল? (iv) আচ্ছা, ক্লাইভ কোন্ সালে সম্রাটের কাছ থেকে দেওয়ানী লাভ করেন? দেওয়ানী ব্যাপারটা কি? (v) কোন্ সন্ধির দ্বারা দ্বিতীয় মহীশূর যুদ্ধের শেষ হয় এবং কবে? (vi) বাদশা শাহ আলম কখন মারাঠাদের কাছ থেকে ইংরাজদের আশ্রয়ে আসেন? (vii) কোন্ যুদ্ধে শিখ সৈন্যগণ ইংরাজ সৈন্যদের কাছে পরাজিত হয়? (viii) কালাপানি কাকে বলে? তা নিয়ে সিপাহীরা কেন অসন্তুষ্ট ছিল? (ix) কোম্পানী কি অজুহাতে অযোধ্যা গ্রাস করে? (x) আগ্রার ম্যাজিষ্ট্রেট কি অর্ডার দিয়েছিলেন? তাতে আমাদের দেশবাসীর মনে কি প্রতিক্রিয়া হয়েছিল? (xi) ইংলণ্ডে রাজার পক্ষে ভারত শাসনের অধিকার যিনি পান তাঁর উপাধি কি?

অষ্টম অধ্যায়

অবজেক্টিভ প্রশ্ন :—এক কথায় উত্তর দাও :—(i) "ত্রয়োদশ উপনিবেশ" কাদের বলে? (ii) কার রচনা পড়ে আমেরিকার লোকেরা বুঝতে পারে যে, তাদের স্বাধীনভাবে রাষ্ট্র গড়ার অধিকার আছে? (iii) স্ট্যাম্প আইন কে প্রবর্তন করেন? (iv) "বোষ্টন চায়ের মজলিশ" কি ব্যাপার? (v) কোন্ সন্ধির দ্বারা ইংরাজেরা আমেরিকার স্বাধীনতা স্বীকার করে? (vi) ফ্রান্সের রাজার রাজকোষ শূন্য হয় কেন? (vii) শিল্প-বিপ্লবের মূল কথা কি? (viii) বাষ্পীয় ইঞ্জিন কে আবিষ্কার করেন? (ix) অষ্টাদশ শতকে ফ্রান্সে কোন্ রাজবংশ রাজত্ব করেন? (x) মন্তেস্কুর কোন্ গ্রন্থে রাজাদের সমালোচনা করা হয়? (xi) রুশোর যুগান্তকারী বই-এর নাম কি? (xii) ফ্রান্সের সংবিধান সভা কি ঘোষণা করে? (xiii) ষোড়শ লুই কে ছিলেন? তাঁর কি পরিণতি ঘটে? (xiv) সন্ত্রাসের রাজত্বে প্রধান শক্তিশালী নেতা কে ছিলেন? (xv) স্পেনের ক্ষত কাকে বলে?

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) জ্ঞানদীপ্তির যুগ কাকে বলে? তার ফলে পৃথিবীতে কটি বিপ্লব ঘটে? (ii) আমেরিকানদের উপর টম পেইন-এর রচনার প্রভাব বিবৃত কর। (iii) গ্রেনভিল মন্ত্রীসভা আমেরিকাকে কিভাবে শোষণ করত? (iv) আমেরিকার স্বাধীনতার যুদ্ধের বিবরণ দাও। (v) শিল্প-বিপ্লব কাকে বলে? (vi বয়ন শিল্পে কি বিপ্লব হয়েছিল? (vii) জন স্টিফেনসনের নাম স্মরণীয় কেন? (viii) শ্রমিকদের ট্রেড ইউনিয়ন গঠিত হওয়ার কারণ কি? (ix) ভলতেয়ারের শিক্ষার স্বরূপ কি ছিল? (x) কার মতবাদ থেকে আধুনিক গণতন্ত্রের জন্ম হয়? ফরাসী বিপ্লবে তাঁর দান উল্লেখ কর। (xi) ফ্রান্সের বিপ্লবের প্রথম স্তরের সংবিধানের কয়েকটি অধিকারের বিবরণ দাও। (xii) বিপ্লবের সময় সন্ত্রাসের রাজত্ব সম্বন্ধে যা জান লিখ। (xiii) নেপোলিয়নের রুশ আক্রমণের বিবরণ ও ফলাফল বিবৃত কর।

প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) আমেরিকার জনগণের দাবী ইংলণ্ডে কে কে সমর্থন করতেন? (ii) আমেরিকার স্বাধীনতা ঘোষণার কারণগুলি বিবৃত কর। (iii) স্বাধীনতার যুদ্ধে আমেরিকার সাফল্যের কারণ কি? (iv) সমসাময়িক ইতিহাসের উপর আমেরিকার স্বাধীনতার যুদ্ধের ফলাফল কি হয়েছিল? (v) ইংলণ্ডে প্রথম শিল্প বিপ্লব ঘটল কেন? (vi) বল কেন শিল্প-বিপ্লবের জন্য কৃষি বিপ্লবের প্রয়োজন? (vii) শিল্প-বিপ্লব উপলক্ষে কি কি নূতন আবিষ্কার ঘটে? (viii) শিল্প-বিপ্লবে কি শুধু ভাল ফলই হয়েছিল? ভাল মন্দ দুই ফল হলে তা বিশদভাবে বিবৃত কর। (ix) ফরাসী বিপ্লবের ক্ষেত্র কি দার্শনিকদের রচনায় প্রস্তুত হয়েছিল? সে বিষয়ে তোমার মতামত লিপিবদ্ধ কর। (x) ফরাসী বিপ্লবের বিভিন্ন কারণ বিশ্লেষণ করে দেখাও। (xi) ফরাসী বিপ্লবের অগ্রগতি বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা কর। (xii) নেপোলিয়নের নেতৃত্বে ফ্রান্সে যে সকল সংস্কার ঘটে তার সংক্ষিপ্ত পরিচয় দাও। (xiii) নেপোলিয়নের পতনের কারণগুলি বিশ্লেষণ করে দেখাও যে তিনি বিপ্লবের

আদর্শ বর্জন করার জন্যেই তাঁর পতন ত্বরান্বিত হয়েছিল। (xiv) ফরাসী বিপ্লবের স্থায়ী ফলাফলের বিবরণ দাও।

মৌখিক প্রশ্ন :—(i) বৃটিশ সরকারের নেভিগেশন আইনের উদ্দেশ্য কি ছিল ? (ii) আমেরিকার স্বাধীনতার যুদ্ধে ইউরোপের কোন্ কোন্ শক্তি সাহায্য করে ? (iii) আমেরিকার জনসাধারণ কাদের বাণীতে জাতীয়তাবাদ ও স্বাধীনতায় উদ্বুদ্ধ হয়েছিলেন ? (iv) শিল্প-বিপ্লবের কোন্ দুটি প্রধান বিভাগ আধুনিক বৃহৎ শিল্প প্রতিষ্ঠার জন্য দায়ী ? (v) বাষ্পীয় ইঞ্জিন আবিষ্কারের ফল কি হয়েছিল ? (vi) শিল্প-বিপ্লবের ফলে সমাজে কিভাবে শ্রেণী বিভেদ ঘটে ? (vii) দার্শনিকদের মধ্যে সব থেকে বিপ্লবী মত প্রকাশ করেন কে ? তাঁর পুর্ণ নাম কি ? (viii) ফ্রান্সের লোকেরা কি বলে ঠাট্টা করত বলতে পারো ? (ix) জ্যাকোবিন দল কাদের বলে ? (x) ফ্রান্সে প্রাণদন্ড কিভাবে দেওয়া হত ? রোবসপীয়ার, ষোড়শ লুই প্রভৃতির মৃত্যু কিভাবে হয়েছিল ? (xi) 'কোড নেপোলিয়ন' কাকে বলে ? তার একটা প্রধান আইনের উল্লেখ কর। (xii) নেপোলিয়নকে শেষবারে কোন্ দ্বীপে নির্বাসিত করা হয় ?

নবম অধ্যায়

অবজেকটিভ প্রশ্ন : নিম্নলিখিত বাক্যাংশগুলি শুদ্ধ করিয়া সাজাইয়া নূতন করিয়া লিখ :

(i) ওয়াটার্লুর যুদ্ধে নেপোলিয়নের পতন ঘটলেও	প্রতিক্রিয়াশীল চুক্তি।
(ii) এছাড়া শক্তিসাম্য নীতির দ্বারা	বংশানুক্রমিক রাজতন্ত্রের অবসান ঘটে।
(iii) ভিয়েনা চুক্তি ছিল	ও হর্লাষ্টন নামে দুটি প্রদেশ ছিল।
(iv) ইউরোপের রক্ষণশীলতার প্রধান	ফ্রান্সকে চারদিক দিয়ে বেষ্টন করা হয়।
(v) জুলাই বিপ্লবের ফলে ফ্রান্সে	ফরাসী বিপ্লবের আদর্শ নষ্ট হয় নাই।
(vi) সম্পত্তি বিহীন লোকদের ভোটের	ফ্রান্সের পরাজয় ঘটে।
(vii) ফেব্রুয়ারী বিপ্লব ক্রমে ফ্রান্স থেকে	মূলধন নিয়ে বড় বড় কলকারখানা স্থাপন করেন।
(viii) জার্মানীর পূর্ব সীমায় শ্লেজভিগ	নাম হল কমিউনিষ্ট ম্যানিফেস্টো।
(xi) সেডানের যুদ্ধে ১৮৭০ খ্রীঃ	পুরোহিত ছিলেন প্রিন্স মেটারনিক।
(x) মার্কিন দেশের রাষ্ট্রপতি লিঙ্কন	জার্মানী, অষ্ট্রিয়া, বেলজিয়াম, হাঙ্গেরী, ইটালীতে ছড়াইয়া পড়ে।
(xi) ক্রুদ্ধ দক্ষিণের অধিবাসীরা গ্র্যাণ্টকে রাষ্ট্রপতি করে	অধিকার তখন ফ্রান্সে ছিল না।
(xii) রাশিয়ার জার ফ্রান্সের ব্যাঙ্ক থেকে	দেশের মধ্যে প্রতিযোগিতা আরম্ভ হয়।
(xiii) উপনিবেশ দখলের জন্য বিভিন্ন	আদর্শে সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠিত হয়েছে।
(xiv) মার্ক্সের প্রধান গ্রন্থের	আলাদা রাষ্ট্র গড়লে গৃহযুদ্ধ আরম্ভ হয়।
(xv) রাশিয়া, চীন প্রভৃতি দেশে মার্কসীয়	ছিলেন দাস প্রথার ঘোর বিরোধী।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন : - (i) ১৮১৫ সালে ভিয়েনা চুক্তির মূল নীতি কি ছিল? (ii) ভিয়েনা চুক্তিতে ইউরোপ কিভাবে পুনর্গঠিত হয়েছিল তা লিখ। (iii) ইউরোপের শক্তি সমবায় বলতে কি বোঝায়? কতদিন তার অস্তিত্ব ছিল? (iv) মেটারনিকতন্ত্র বলতে কি বোঝায়? অস্ট্রিয়ার মেটারনিকতন্ত্রের স্বরূপ বিবৃত কর। (v) ইউরোপে ফেব্রুয়ারী বিপ্লবের ফল বর্ণনা কর। (vi) ভিয়েনা চুক্তিতে ইটালী কিভাবে ভাগাভাগি হয়েছিল? আর নেপোলিয়নের শাসনের সঙ্গে তার কি পার্থক্য? (vii) ম্যাৎসিনীর রচনাবলীর কোন্ নীতিগুলি ইটালীর যুব শক্তিকে অনুপ্রাণিত করে। (viii) ইটালীর ঐক্য সাধনে গ্যারিবল্ডীর ভূমিকা বিবৃত কর। (ix) বিসমার্ক কি কৌশলে ফ্রান্সকে জব্দ করেছিলেন তা লিপিবদ্ধ কর। (x) দাসদের অত্যাচারের বিরুদ্ধে কোন্ মহিলা কিভাবে আমেরিকার জনমত গঠন করেন? (xi) মার্ক্সের সমাজতন্ত্রবাদের মূল কথাগুলি সংক্ষেপে বিবৃত কর।

প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) ভিয়েনা চুক্তির দ্বারা ইউরোপ পুনর্গঠনের চেষ্টায় ফ্রান্স সম্বন্ধে বিশেষ কি ব্যবস্থা গ্রহণ করা হয়? নায্য অধিকার নীতি কি? জার দ্বিতীয় আলেকজাণ্ডার পবিত্র চুক্তি গঠনের পরামর্শ দেন কেন? (ii) ১৮৩০ সালের ফ্রান্সের জুলাই বিপ্লব ও তার ফলাফল বিবৃত কর। (iii) ১৮৪৮ সালের ফরাসী বিপ্লবের কারণ, অগ্রগতি ও ফলাফল বিবৃত কর। (iv) ইটালীর ঐক্য সাধনে ম্যাৎসিনী ও ইয়ং ইটালী দলের ভূমিকা লিপিবদ্ধ কর। (v) কাভুর কিভাবে কূটনৈতিক কৌশলে ইটালীর ঐক্য সাধনে সাফল্য অর্জন করেন তার বিবরণ দাও। (vi) "জার্মানীর জাতীয়তাবাদের জয় হয়।"—কিভাবে তাহা সম্ভব হয় সংক্ষেপে বিবৃত কর। সেই উপলক্ষে ইটালীর সহিত জার্মানীর ঐক্য সাধনের নীতির সাধারণ পার্থক্য সম্বন্ধে মন্তব্য কর। (vii) আমেরিকার গৃহযুদ্ধের পরোক্ষ ও প্রত্যক্ষ কারণগুলি বিবৃত কর। (viii) আমেরিকার গৃহযুদ্ধে আব্রাহাম লিঙ্কনের ভূমিকা কি ছিল? (xi ইউরোপে শিল্প বিস্তারের ফলে যে সামাজিক সমস্যার সৃষ্টি হয় তাহাতে কার্ল মার্কস ও ফ্রেডারিক এঙ্গেলসের ভূমিকা বিবৃত কর।

মৌখিক প্রশ্ন :—(i) ভিয়েনা চুক্তির দ্বারা ইউরোপের জাতিগুলির কিসের অধিকার হরণ করা হয়েছিল বলে মনে কর। (ii) মেটারনিকের পতন ঘটে কিভাবে জানো কি? (iii) আচ্ছা জুলাই বিপ্লব ও ফেব্রুয়ারী বিপ্লব কোন্ দেশে কবে ঘটে; তার ফলে কে কে সংশ্লিষ্ট দেশের শাসনভার লাভ করেন? (iv) ম্যাৎসিনী রোমে প্রজাতন্ত্র প্রতিষ্ঠা করেন। কে তাহা ধ্বংস করেন? (v) বিসমার্ক কি ভাবে জার্মানীর ঐক্য প্রতিষ্ঠার কথা বলেন? (vi) আমেরিকার গৃহযুদ্ধে আব্রাহাম লিঙ্কনের ব্যক্তিগত কি ক্ষতি হয়েছিল? (vii) দক্ষিণের লোকেরা কাকে রাষ্ট্রপতি নির্বাচিত করেন? (viii) মার্ক্সের আদর্শ কোন্ কোন্ দেশে রূপায়িত হয়েছে বলতে পারো? কারা তা রূপায়িত করেন?

দশম অধ্যায়

এক কথায় উত্তর দাওঃ—(i) কোন্ সম্রাটদের অধীনে চীনে বিদেশীদের প্রবেশ নিষিদ্ধ হয়? (ii) অহিফেন যুদ্ধ কবে আরম্ভ হয়? (iii) খোলাদ্বার নীতির প্রবর্তক কে? (iv) তাই-পিং কথাটির অর্থ কি? (v) ১৯১২ সালে চীনের প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি কে? (vi) জাপানে মেইজি যুগ কবে থেকে শুরু হয়? (vii) চীন-জাপান যুদ্ধ করে আরম্ভ হয়? (viii) জাপান কোরিয়াকে কবে নিজ সাম্রাজ্যভুক্ত করে?

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন ঃ—(i) অহিফেন যুদ্ধ আরম্ভের কারণগুলি সংক্ষেপে বিবৃত কর। (ii) "খোলা দ্বার" নীতি বলতে কি বোঝায়? (iii) চীনের আধুনিক সংস্কার প্রবর্তনের বিবরণ দাও। (iv) সান ইয়াৎ-সেনের তিন নীতির ব্যাখ্যা কর। (v) জাপান কি ভাবে কোরিয়া দখল করে তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

প্রবন্ধমূলক প্রশ্ন ঃ—(i) চীন ব্যবচ্ছেদের চেষ্টা বিবৃত করে দেখাও কি ভাবে তাহা প্রতিহত হয়। (ii) বিদেশী আক্রমণের বিরুদ্ধে চীনে প্রতিক্রিয়া স্বরূপ দুইটি বিদ্রোহের বিবরণ বল। (iii) চীনে সম্রাট কোয়াং-সুর একশত দিনের সংস্কার প্রচেষ্টার একটি লিপিবদ্ধ বিবরণ দাও। (iv) চীনের আধুনিক সংস্কার প্রবর্তন বিষয়ে যা জান লিখ। (v) চীনে জাতীয়তাবাদী বিপ্লবের সংক্ষিপ্ত বিবরণ দাও। (vi) জাপানে মেইজি যুগের বিপ্লবের বিবরণ লিখ। (vii) মেইজি যুগে জাপানের অগ্রগতির বিবরণ দাও। (viii) সাম্রাজ্যবাদী যুগে চীন-জাপান সম্পর্কের বিবরণ দাও। (ix) রুশ-জাপান যুদ্ধ কেন ঘটে ও তার কি ফলাফল হয়?

মৌখিক প্রশ্ন ঃ—(i) বিদেশী সরকারের দূতদের মাঞ্চু সম্রাটদের কি করতে বলা হয়েছিল? (ii) হংকং দ্বীপ কিভাবে ইংরাজ লাভ করে? (iii) মাঞ্চু সরকার কাদের সাহায্যে তাইপিং বিদ্রোহ দমন করে? (iv) মাঞ্চু সম্রাট কোয়াংসু কার আদর্শে প্রভাবিত হন? (v) বিদেশী সাম্রাজ্যবাদের বিরুদ্ধে চীনের প্রতিবাদ কিসে প্রকাশ পায়? (vi) আধুনিক চীনের জনক বলা হয় কাকে? (vii) জাপানের সম্রাটদের উপাধি কি? (viii) কোন্ আমেরিকান প্রথমে জাপানে যান? তিনি জাপানে কি করেন? (ix) জাপানীদের চরিত্রের একটি বিশেষ গুণ কি? (x) জাপান কোন্ যুদ্ধের পর ইউরোপীয়দের মত বৃহৎ শক্তির মর্যাদা লাভ করে?

একাদশ অধ্যায়

অবজেকটিভ প্রশ্ন ঃ—ব্র্যাকেটের ভিতরে শুদ্ধ তথ্য দিয়ে শূন্যস্থান পূর্ণ কর ঃ —
(i) ভারত সচিব — (বৃটিশ পার্লামেণ্ট/গভর্ণর জেনারেল)-এর নিকট দায়ী।
(ii) লর্ড অকল্যান্ড — (দোস্ত মহম্মদ/শের আলি)-কে আমীর বলে স্বীকার করেন।
(iii) আধুনিক ভারতের রূপকার ছিলেন — (রাজা রামমোহন/বিদ্যাসাগর)
(iv) — (বঙ্কিমচন্দ্রের/রবীন্দ্রনাথের) বন্দেমাতরম সঙ্গীত জাতীয় মন্ত্রে পরিণত হয়। (v) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় — (ইন্ডিয়ান এসোসিয়েশন/বৃটিশ ইন্ডিয়ান সমিতি) প্রতিষ্ঠা করেন।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) ১৮৫৮ সালের পরে ভারত শাসনের ব্যবস্থা বিবৃত কর। (ii) ব্রহ্মের সঙ্গে ভারতের সম্পর্ক সম্বন্ধে সংক্ষিপ্ত প্রবন্ধ লিখ। (iii) তিব্বত সম্পর্কে ভারতের দৃষ্টিভঙ্গী ও সম্পর্ক বিচার কর। (iv) সমাজ সংস্কারে দেবেন্দ্রনাথের ভূমিকা লিখ। (v) বিদ্যাসাগরের সমাজ সংস্কারক ভূমিকা বিবৃত কর। (iv) জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা বিষয়ে যাহা জান লিখ। (vii) কংগ্রেসে চরমপন্থী মতের বিকাশের পটভূমি ও বিস্তার বিবৃত কর।

প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) ভারতের সাম্রাজ্য বিস্তারের নীতিতে আফগানিস্থানের সহিত সম্পর্কের ইতিহাস বিবৃত কর। (ii) উনবিংশ শতকের নবজাগরণ বিষয়ে যাহা জান লিখ। সেই প্রসঙ্গে প্রধান প্রধান নেতার বিষয়েও উল্লেখ কর। (iii) ভারতের জাতীয়তাবাদের উন্মেষে পাশ্চাত্য শিক্ষা ও বিবেকানন্দের ভূমিকা এবং দেশীয় সংবাদ-পত্রের অবদান বিবৃত কর। (vi) ভারতের জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা হতে ১৯১৪ সাল পর্যন্ত তার কার্যকলাপের সংক্ষিপ্ত বিবরণ লিপিবদ্ধ কর।

মৌখিক প্রশ্ন :—(i) ১৮৫৮ সালে কার ঘোষণায় ভারতের শাসন ব্যবস্থার রূপান্তর ঘটে ? (ii) এই শাসন ব্যবস্থায় ভারতের সর্বোচ্চ শাসক কে ? (iii) কলিকাতার কোন্ বিখ্যাত শিক্ষা প্রতিষ্ঠানের সহিত রাজা রামমোহন-এর নাম জড়িত ? (iv) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোন্ বালিকা বিদ্যালয়ের সহিত জড়িত ছিলেন ? (v) মুসলিম সমাজের বিখ্যাত সমাজ সংস্কারক কে ? (vi) বঙ্কিমচন্দ্রের কোন্ উপন্যাসে বন্দেমাতরম্ ছাপা হয়। (vii) ভারতের জাতীয় কংগ্রেসের অধিবেশন কবে এবং কোথায় ডাকা হয় ? (viii) চরমপন্থী মতের সমর্থক প্রধানতঃ কারা ছিলেন ?

দ্বাদশ অধ্যায়

অবজেক্টিভ প্রশ্ন :—নিম্নলিখিত বাক্যগুলির মধ্যে সঠিকগুলিকে পৃথক করিয়া লিখিয়া ভুলগুলির কারণ বিচার কর :—(i) বুয়ারদের প্রেসিডেন্ট ক্রুগারকে কাইজার সমর্থন জানিয়ে টেলিগ্রাম করেন। (ii) সেডানের যুদ্ধে পরাজয়ের পর বিসমার্কের নিকট হতে ফ্রান্স আলসাস ও লোরেন প্রদেশ লাভ করে। (iii) বার্লিন-বাগদাদ রেলপথ জার্মানীর সঙ্গে ইংলন্ডের বিবাদের অন্যতম কারণ। (iv) অষ্ট্রিয়া সার্বিয়া আক্রমণ করলে রাশিয়া অষ্ট্রিয়ার পক্ষে যোগ দেয়। (v) আকাশপথে জার্মানী জেপেলিন ব্যবহার করে। (vi) প্রথম বিশ্বযুদ্ধের সময় ভারত সচিব ছিলেন এডউইন মন্টেগু। (vii) কিংসফোর্ড হত্যার মামলায় প্রফুল্ল চাকীর ফাঁসী হয়। (viii) বাঘা যতীন রাইটার্স বিল্ডিং অভিযান করেন। (ix) বাল গঙ্গাধর তিলক ও এ্যানি বেশান্তের নেতৃত্বে হোমরুল আন্দোলন হয়।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) জার্মানীর সঙ্গে ফ্রান্সের বিরোধের কারণ কি ? (ii) বালকান সমস্যা লইয়া কি ভাবে অষ্ট্রিয়ার সহিত রাশিয়ার বিবাদ ঘটে ? (iii) ১৯১৪ সালে ইউরোপে পরস্পর-বিরোধী জোট দুইটি কি কি ? কাহারা তাহাদের

সভ্য ? (iv) প্রথম বিশ্বযুদ্ধ আরম্ভের প্রত্যক্ষ কারণ বিবৃত কর। (v) কাহার নেতৃত্বে বুড়িবালামের যুদ্ধ হয় এবং তার ফল কি হয় ? (vi) গদর পার্টি কি ? (vii) রাসবিহারী বসু কে ? তিনি কি করেন ?

প্রবন্ধমূলক প্রশ্ন ঃ প্রথম বিশ্বযুদ্ধের কারণগুলি সংক্ষেপে বিবৃত কর। (ii) প্রথম বিশ্বযুদ্ধের ব্যাপ্তি বিষয়ে যাহা জান লিখ। (iii) প্রথম বিশ্বযুদ্ধের ফলাফল বিবৃত কর। (iv) কোমাগাতা মারু ঘটনা সম্বন্ধে কি জান? (v) জালিয়ানওয়ালা বাগ হত্যাকাণ্ড সম্বন্ধে যাহা জান লিখ। (vi) খিলাফৎ সমস্যা কি ? ইহার সঙ্গে মহাত্মা গান্ধীর কি সম্পর্ক ছিল ?

মৌখিক প্রশ্ন ঃ—(i) কাইজার ফ্রান্সের কোন্ উপনিবেশ দখলের চেষ্টা করেন ? (ii) ইংলণ্ড জার্মানীর বিরুদ্ধে কোন্ মিত্র জোটে যোগ দেয় ? (iii) জালিয়ানওয়ালাবাগ কেন বিখ্যাত ? (iv) হোমরুল আন্দোলনের নেতা কে ? (v) গদর পার্টির প্রতিষ্ঠাতা কে ?

ত্রয়োদশ অধ্যায়

অবজেক্টিভ প্রশ্ন ঃ বন্ধনীর ভেতরের ঠিক তারিখটি নিয়ে শুদ্ধ করে বাক্যগুলি লিখ ঃ (i) বলশেভিক বিপ্লব ঘটে (১৭৮৯/১৯১৭) সালে। (ii) জর্জ গ্যেথানভের নেতৃত্বে ভূমি ও স্বাধীনতা আন্দোলন আরম্ভ হয় (১৯০৫/১৯১৪) সালে। (iii) পেট্রোগ্রাড শ্রমিকেরা ধর্মঘট করেন (২৩শে জানুয়ারী, ১৯১৭/২২শে নভেম্বর, ১৯১১)।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন ঃ—(i) জার সরকারের স্বৈরতন্ত্রী অত্যাচারের সংক্ষিপ্ত নিদর্শন বিবৃত কর। (ii) প্রথম বিশ্বযুদ্ধে যোগ দেওয়ায় জারের কি অসুবিধা হয় ? (iii) রুশ জনগণ কেন যুদ্ধ বন্ধের দাবী জানান ? (iv) ১৯১৭ সালের ফেব্রুয়ারী মাসে পেট্রোগ্রাড শ্রমিক ধর্মঘটের ফল কি হয় ? (v) জারতন্ত্রের পতন ঘটে কি প্রকারে ও কবে ? (iv) বলশেভিক বিপ্লব কবে ঘটে ও কিভাবে ? (vii) রুশ বিপ্লবের প্রভাব জার্মানী ও ফ্রান্সে কিভাবে অনুভূত হয় ?

প্রবন্ধমূলক প্রশ্ন ঃ—(i) বলশেভিক বিপ্লবের পিছনে জারের দায়িত্ব কতখানি তাহা বিবৃত কর। (ii) বলশেভিকরা কিভাবে ক্ষমতা লাভ করে তাহ র বিবরণ লিখ। (iii) বলশেভিক বিপ্লবে লেনিনের ভূমিকা বিবৃত কর। (iv) ইউরোপ ও বিশ্বের উপর বলশেভিক বিপ্লবের প্রভাব বিস্তারিতভাবে বিবৃত কর।

মৌখিক প্রশ্ন ঃ—(i) ১৯০৫ সালে কার নেতৃত্বে রাশিয়ায় "ভূমি ও স্বাধীনতা আন্দোলন" আরম্ভ হয় ? ii) কোন্ বিপ্লবকে বলশেভিক বিপ্লবের মহড়া বলে ? (iii) এপ্রিল থিসিস কথাটির তাৎপর্য কি ? এটি কার রচনা ? (iv) ডুমা কাকে বলে ? ডুমার অধিবেশনে কি ঘটে ? (v) কখন জার্মানীর সহিত রাশিয়ার শান্তি স্থাপিত হয় ?

চতুর্দশ অধ্যায়

অবজেকটিভ প্রশ্ন :—দুইটি পাশাপাশি বাক্যাংশ গুছিয়ে শুদ্ধ করে লিখ এবং ভুলগুলির সংশোধন কর :—

(i)	ইউরোপে শান্তি স্থাপনের জন্য উইলসন	ফলে ফ্যাসিবাদের পতন ঘটে।
(ii)	নিউলির সন্ধির দ্বারা	এই প্রজাতন্ত্রের রাজধানী স্থাপিত হয়।
(iii)	মুসোলিনী ফ্যাসিষ্ট	চুক্তি ভেঙ্গে রাইনল্যাণ্ড দখল করেন।
(iv)	দ্বিতীয় বিশ্বযুদ্ধে পরাজয়ের	করার ব্যবস্থার কথা বলা হয়।
(v)	জার্মানীকে আপাদ-মস্তক	সুইজারল্যাণ্ডের জেনিভা নগরে স্থাপিত হয়।
(vi)	১৯৩৬ সালে তিনি লোকার্ণো	জাতিসংঘ দুর্বল হইয়া পড়ে।
(vii)	জাতিসংঘের সদর কার্যালয়	অস্ত্রের দ্বারা সজ্জিত করা হয়।
(iii)	আক্রমণকারী রাষ্ট্রকে অর্থনৈতিক অবরোধ	কর্মীদের সামরিক কায়দায় সংগঠিত করেন।
(ix)	মার্কিন যুক্তরাষ্ট্র যোগ না দেওয়ায়	তাঁর বিখ্যাত চতুর্দশ নীতি ঘোষণা করেন।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) প্যারিসের শান্তি সম্মেলনে কাহারা আসিয়াছিলেন এবং কাহাদের ডাকা হয় নাই? (ii) জার্মানীর মিত্র শক্তিদের সহিত শান্তি চুক্তির বিবরণ দাও। (iii) প্রথম বিশ্বযুদ্ধের পরে ইটালীতে সমাজতান্ত্রিক ভাবধারা বিস্তারের পটভূমি বিবৃত কর। (iv) ইটালীর ফ্যাসিষ্ট সরকারের বৈদেশিক নীতির বিবরণ লিপিবদ্ধ কর। (v) প্রথম বিশ্বযুদ্ধের পর ভাইমার প্রজাতন্ত্রের অবস্থার বিবরণ লিখ। (vi) হিটলারের আগ্রাসী নীতির কাহারা শিকার হইয়াছিল? (vii) জাতিসংঘের গঠন বিবৃত কর।

প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) ফরাসী শান্তি সম্মেলনে জার্মানীর সহিত চুক্তির বিবরণ দিয়া ঐ চুক্তির বিরুদ্ধে জার্মানীর জাতীয়তাবাদী প্রতিক্রিয়া বিবৃত কর। (ii) ইটালীতে ফ্যাসিবাদের উদ্ভবের অর্থনৈতিক ও সামাজিক কারণগুলি বিবৃত কর। (iii) জার্মানীতে কেন নাৎসীবাদের বিকাশ ঘটে? তাহার পরিণতি কি হয়? (iv) জাতিসংঘ গঠনের পিছনে কাহার আদর্শ মূলতঃ কার্যকরী ছিল? ইহার সাফল্যের বিবরণ লিখ। (v) জাতিসংঘের অসাফল্যের বিবরণ দিয়া দেখাও কিভাবে জাতিসংঘের ব্যর্থতার জন্য দ্বিতীয় বিশ্বযুদ্ধ ঘটে।

মৌখিক প্রশ্ন :—(i) প্যারিস সম্মেলনে তিন প্রধান কে কে? (ii) চতুর্দশ নীতি কে ঘোষণা করেন? এই নীতিগুলি দ্বারা কি পরিচালিত হয়? (iii) ভার্সাই চুক্তিকে কাহারা "রক্তাক্ত, অত্যাচারী ও জবরদস্তি" বলে ও কেন? (iv) আবিসিনিয়ার

অন্য নাম কি ? ইহা কবে কাহার অধীন হয় ? (v) ভাইমার সরকার বলিতে কি বুঝায় ? ঐ নামের কারণ কি ? (vi) জাতিসংঘের কার্য পরিচালনার জন্য কোন সংবিধান ছিল কি ? তাহাতে ঐ যুদ্ধকে কি বলা হয় ?

পঞ্চদশ অধ্যায়

এক কথায় উত্তর দাওঃ—(i) প্রথম বিশ্বযুদ্ধের কতদিন পরে দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরম্ভ হয় ? (ii) দ্বিতীয় বিশ্বযুদ্ধের জন্য হিটলার শাসিত জার্মানীর দায়িত্ব কতটুকু ? (iii) স্ট্যালিনগ্রাডের যুদ্ধে জার্মানীর কি হয় ? (iv) দূর প্রাচ্যে জাপানের পরাজয়ে কোরিয়ায় কি হয় ? (v) ইন্দোনেশিয়া কি ত্যাগ করে ?

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্নঃ—(i) দ্বিতীয় বিশ্বযুদ্ধে জার্মানীর দায়িত্ব সংক্ষেপে বর্ণনা কর। (ii) ইউরোপে যুদ্ধের গতি মিত্রপক্ষের দিকে কি ভাবে ফেরে তাহা লিখ।

প্রবন্ধমূলক প্রশ্নঃ—(i) দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারণগুলি বিবৃত কর। (ii) দ্বিতীয় বিশ্বযুদ্ধের গতি ও প্রকৃতি সহজভাবে লিপিবদ্ধ কর। (ii) দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলাফল বিষয়ে যাহা জান লিখ।

মৌখিক প্রশ্নঃ—(i) ভার্সাই সন্ধিকে জার্মানরা কেন অপমানকর মনে করিত ? (ii) দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরম্ভের প্রত্যক্ষ কারণ কি ? (iii) দ্বিতীয় বিশ্বযুদ্ধে পূর্ব ইউরোপে জার্মানী কতদূর পর্যন্ত অগ্রসর হয় ? তাহা ম্যাপে দেখাইতে পারো ? (iv) ইয়াল্টা সম্মেলনে কি স্থির হইয়াছিল ? কাহাদের মধ্যে এই সম্মেলন হয় ?

ষোড়শ অধ্যায়

অবজেকটিভ প্রশ্নঃ—নিম্নলিখিত ব্র্যাকেটে লিখিত তারিখগুলির মধ্যে সঠিকটি লইয়া শুদ্ধ বাক্য রচনা করঃ (i) মহাত্মাজীর নেতৃত্বে—(৯৯১৯/১৯২২) সালে অসহযোগ আন্দোলন আরম্ভ হয়। (ii) চৌরিচোরা গ্রামের লোকেরা—(১৯২১/১৯২২) সালে থানা পুড়াইলে আন্দোলন প্রত্যাহৃত হয়। (iii) ভারতীয় কমিউনিষ্ট পার্টি গঠিত হয় — (১৯২৫/১৮২৩) সালে। (iv) স্বাধীনতা দিবস রূপে — (২৬শে জানুয়ারী/৯ই আগষ্ট) পালিত হয়। (v) গান্ধী আরউইন চুক্তি হয় — (১৯৩১/১৯৩০) খ্রীষ্টাব্দে। (vi) সুভাষচন্দ্র অন্তরীন থাকা অবস্থায় — (১৯৪১/১৯৩৮) সালে অন্তর্হিত হন। (vii) ভারতের স্বাধীনতা আইন পার্লামেণ্টে — (১০ই জুলাই (১৯৪৭/১৫ই আগষ্ট ১৯৪৭) গৃহীত হয়।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্নঃ—(i) ভারতের স্বাধীনতা আন্দোলনের বিভিন্ন পর্যায় বিষয়ে যাহা জান লিখ। (ii) কংগ্রেসের সহিত খিলাফৎ আন্দোলন কেন যুক্ত হয় ? (iii) জালিয়ানওয়ালাবাগ হত্যাকান্ড বিষয়ে সংক্ষিপ্ত নিবন্ধ রচনা কর। (iv) অসহযোগ আন্দোলন প্রত্যাহৃত হয় কেন ? (v) ১৯২৮ সালে কলিকাতা কংগ্রেসে প্রধান কি প্রস্তাব লওয়া হয় ? (vi) আজাদ হিন্দ বাহিনীর ভারতে প্রবেশ

সম্বন্ধে কি জান লিখ। (vii) প্রত্যক্ষ সংগ্রাম কি? দেশ বিভাগের জন্য ইহার দায়িত্ব কতটুকু?

প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) ভারতের স্বাধীনতা আন্দোলনে মহাত্মাজী পরিচালিত আইন অমান্য আন্দোলনের গুরুত্ব বিবৃত কর। (ii) রাওলাট আইন সম্বন্ধে কি জান? ইহার উপলক্ষে যে বৃহত্তর আন্দোলন পরিচালিত হয়, তাহার বিবরণ দাও। (iii) ভারত ছাড় আন্দোলনের বিস্তৃত বিবরণ লিপিবদ্ধ কর। (iv) আজাদ হিন্দ আন্দোলন কি ভাবে জাতীয় মুক্তি ত্বরান্বিত করে তাহার বিষয়ে সংক্ষিপ্ত প্রবন্ধ রচনা কর।

মৌখিক প্রশ্ন :—(i) খিলাফৎ আন্দোলনের নেতাদের দু-একজনের নাম কর। (ii) ভারতে কংগ্রেসের নেতৃত্বে প্রথম ব্যাপক গণ-আন্দোলন কোনটি? (iii) ভারত ছাড় আন্দোলন কবে শুরু হয়? (iv) কোথায় জাতীয় সরকার প্রতিষ্ঠিত হয়েছিল? (v) আজাদ হিন্দ সরকার কবে স্থাপিত হয় এবং কোথায়?

সপ্তদশ অধ্যায়

পাশের ব্র্যাকেটের শুদ্ধ শব্দ লইয়া শূন্যস্থান পূর্ণ কর :—(i) সান-মিন-চু-আই—(সান ইয়াৎ-সেন/য়ুয়ান-সি কাই)-এর নীতি। (ii) চীনা ছাত্র হিসাবে—(মাও-সে-তুঙ/চিয়াং কাইশেক) ৪ঠা মে আন্দোলনে যোগ দেন।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) সান ইয়াৎ সেন-এর তিনটি নীতির নাম কর। তাঁহার মৃত্যুর পর কে সেই আদর্শ তুলিয়া ধরেন? (ii) ৪ঠা মে আন্দোলন কেন আরম্ভ হইয়াছিল? ইহাতে প্রধানতঃ কাহারা যোগ দেন? (iii) চিয়াং সরকারের সহিত কমিউনিস্ট সরকারের প্রধান কোন্ বিষয়ে মতভেদ ছিল? (iv) চীনের লং মার্চে কতদূরে যাইতে হয়। এ বিষয়ে যাহা জান লিখ।

প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) চিয়াং সরকার ও কমিউনিস্ট সরকারের সম্পর্ক সম্বন্ধে বিশদ্ বিবরণ লিখ। (ii) চীনে কমিউনিস্ট বিপ্লবের নেতা কে? এ বিপ্লব সম্বন্ধে যাহা জান লিখ।

মৌখিক প্রশ্ন :—(i) কোথায় গেরিলা যুদ্ধ চালিয়ে কমিউনিস্টরা কুয়োমিংটাং বাহিনীকে বিব্রত কা[illegible] (ii) চিয়াং-কে কোথায় কৌশলে আটকানো হয়?

অষ্টাদশ অধ্যায়

পাশের ব্র্যাকেটে[illegible] শব্দ লইয়া শূন্যস্থান পূর্ণ কর :—

(i) ইন্দোচীন [illegible]—(১৭ উঃ অক্ষাংশ/৩৪ উঃ অক্ষাংশ) ভিয়েতনাম ভাগাভাগি হয়। ([illegible] বিশ্বযুদ্ধের পর ব্রহ্মদেশে—(উনু/উ-আউশান) নিহত হন।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষে ভিয়েতনামের রাজনৈতিক অবস্থার বিবরণ লিখ। (ii) ফরাসীরা ভিয়েতনাম ত্যাগ করিলেও ভিয়েতনাম সম্পূর্ণ স্বাধীনতা লাভ করেনি কেন ? (iii) ব্রহ্মের স্বাধীনতা লাভের বিষয় কি জান লিখ।

প্রবন্ধমূলক প্রশ্ন : (i) ইন্দোনেশিয়ার স্বাধীনতা লাভ বিষয়ে নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা কর।

মৌখিক প্রশ্ন :—(i) ফরাসী সেনা কোন স্থান থেকে পরাজিত হয়ে ভিয়েতনাম ছেড়ে যায় ? (ii) কার নেতৃত্বে ব্রহ্মদেশ পূর্ণ স্বাধীনতা লাভ করে ?

ঊনবিংশ অধ্যায়

পাশের ব্র্যাকেটের শুদ্ধ শব্দ লইয়া শূন্যস্থান পূর্ণ কর :—

(i) ইন্দোনেশিয়ার স্বাধীনতা আনেন — (সুহার্ত/সুকর্ণ)।

সংক্ষিপ্ত প্রবন্ধমূলক প্রশ্ন :—(i) মালয়ের স্বাধীনতা লাভ কি ভাবে ঘটে।

(ii) আটলাণ্টিক সনদ কেন রচিত হয় ?

মৌখিক প্রশ্ন :—(i) প্রথম বিশ্বযুদ্ধের শেষে জাতিসংঘ গঠিত হয় দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষে তখন কোন সংগঠন কি গঠিত হইয়াছিল ?
